No. 8
Bahadur
128 Pages
EXERCISE BOOK
Name
School
Class Out of 19 set Khatas (Exercise books)
Sec
Roll No
Subject Khata No — 1
T.P.M. Co. Ltd.
Reg. Trade Mark

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদঃ
প্রথম সর্গ

১। বৃন্দাবনানন্দং ([যিনি] বৃন্দাবনের আনন্দস্বরূপ), শ্রীরাধাসঙ্গনন্দিতং ([যিনি] শ্রীরাধার সঙ্গহেতু স্বয়ং আনন্দ বোধ করেন [এবং যিনি]) ব্রজানন্দসন্দোহানন্দমন্দিরং (ব্রজসম্বন্ধী নিখিল চরাচরবর্গের আনন্দরাশির অত্যুত্তম আধারস্বরূপ; [তাদৃশ]) শ্রীগোবিন্দং (শ্রীগোবিন্দদেবকে) বন্দে (বন্দনা করি)।। ১।।

২। কৃপালুঃ যঃ (যিনি কৃপালু হইয়া) অজ্ঞানমত্তং ভুবনম্ (অজ্ঞানমত্ত জগৎকে) উল্লাঘয়ন্ অপি (নিরাময় করিয়াও) স্বপ্রেমসম্পৎসুধয়া (নিজপ্রেমসম্পত্তিরূপ সুধাদ্বারা) প্রমত্তম্ অকরোৎ (পুনরায় অতিশয় মত্ত করিয়াছিলেন), অমুং (তাদৃশ) অদ্ভুতেহং (বিচিত্রচরিতশালী) শ্রীকৃষ্ণচৈতন্যং (শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুকে) প্রপদ্যে (আশ্রয় করিতেছি)।। ২।।

৩। শ্রীরাধাপ্রাণবন্ধোঃ (শ্রীমান্ রাধারমণের) চরণকমলয়োঃ (পাদপদ্মযুগলের) যা প্রেমসেবা (যে প্রেমসেবা) কেশশেষাদ্যগম্যা (ব্রহ্মা, শঙ্কর ও শেষ প্রভৃতিরও দুর্লভ), ব্রজচরিত-

নরৈঃ সাধ্যা (যাহা একমাত্র তদীয় ব্রজচরিত-
সমূহের প্রতি আসক্ত মহাজনগণেরই অনুষ্ঠেয়,
[আর যাহা]) গাঢ়লৌল্যৈকলভ্যা (প্রগাঢ় ইচ্ছা-
বা-লোভ-মূলক উৎকণ্ঠাদ্বারাই লভ্য হয়), যা
যয়া প্রাপ্তা স্যাৎ (যাহাদ্বারা সেই প্রেম-
সেবা লাভ করা যায়), অধুনা (সম্প্রতি) রাগার্থি-
পান্থৈঃ (রাগমার্গাশ্রিত ভক্তগণের) ভাব্যাং
(স্মরণানুশীলনের যোগ্য), অস্য তাং
(শ্রীরাধারমণের সেই) মানসীং সেবাং (মানসিকী
অর্থাৎ স্মরণময়ী সেবা) প্রথয়িতুং (প্রকাশ করিবার নিমিত্ত)
অস্য (তাঁহার) ব্রজেশ অনু (শ্রীব্রজমধ্যগত)
নৈত্যিকং চরিতং নৌমি (নিত্যলীলাসমূহের
বন্দনা করিতেছি) ॥ ৩॥

৪। যঃ (যিনি) নিশান্তে (রজনীর শেষভাগে)
কুঞ্জাৎ (কুঞ্জ হইতে) গোষ্ঠং (গোষ্ঠে) প্রবিশতি
(প্রবেশ করেন), প্রাতঃ সায়ং চ (প্রাতঃকালে
ও সায়ংকালে) দোহনান্নাশনাদ্যাং (গো-দোহন ও
অন্নভোজনাদি) লীলাং কুরুতে (লীলার অনুষ্ঠান
করেন), সঞ্চরে

(পূর্বাহ্নকালে) সখিভিঃ (সহচরগণের সহিত) গাঃ চারয়ন্ বিহরতি (গোচারণ করিতে করিতে বিহার করেন), অথ চ (এবং) নক্তং (রাত্রিকালে) রাধয়া (শ্রীরাধার সহিত) বিপিনে (বৃন্দাবনে) অক্ষয় বিলসতি (সাগ্রহে ভাবে বিলাস করেন), অপরাহ্নে (অপরাহ্নকালে) গোষ্ঠং যাতি ([বন হইতে] গোষ্ঠে গমন করেন [এবং]) প্রদোষে (প্রদোষকালে) সুহৃদঃ রময়তি (সুহৃদ্গণকে আনন্দ দান করেন), সঃ কৃষ্ণঃ (সেই শ্রীকৃষ্ণ) নঃ অবতাৎ (আমাদিগকে রক্ষা করুন)।। ৪।।

৫। শ্রুতিবাঙ্মনোভিঃ (শ্রবণেন্দ্রিয়, বাগিন্দ্রিয় ও চিত্তদ্বারা) অনিশং (নিরন্তর) যৎ পীতং (যাহা পান করিলেও) তৃষ্ণাপ্রদং (তৃষ্ণাবর্ধন করে), সংসারাময়হারি অপি ([যাহা] ভবরোগের বিনাশক হইয়াও) প্রণয়োন্মাদাক্ষ্য-মোহাদিকৃৎ (প্রেমজনিত প্রবল উন্মাদ ও মোহ প্রভৃতির উৎপাদন করে), লব্ধং চর্বিতং অপি (নিরন্তর যাহার চর্বন অর্থাৎ আস্বাদন করা

হইলেও) অনল্পরসদং (অর্থাৎ প্রচুর রস
বিতরণ করে [এবং]) দেহাদিহৃৎপুষ্টিদং
(যাহা দেহাদির ও হৃদয়ের পুষ্টি বর্ধন করে), তৎ
ইদম্ অমৃতস্পৃহাহরং (সুধারসের প্রতিও বিতৃষ্ণা-
জনক, তাদৃশ এই) অদ্ভুতং (বিচিত্র) গোবিন্দ-
লীলামৃতং (শ্রীগোবিন্দলীলামৃত) জীয়াৎ
(জয়যুক্ত হউন)॥ ৫॥

৬॥ অহং (আমি) অপটুঃ (অপটু) অতিতৃষ্ণঃ
(ও অতিশয় তৃষ্ণ হইয়াও) কৃষ্ণলীলামৃতাব্ধেঃ
তুচ্ছবুদ্ধ্যাস্যপাত্র-পূররসকলনেচ্ছুঃ (স্বীয় তুচ্ছ-
বুদ্ধিরূপ অপক্ক ভাণ্ড দ্বারা শ্রীকৃষ্ণের লীলামৃত-
সমুদ্রের প্রশান্ত রসসংগ্রহের অভিলাষী হওয়ায়),
নিরবধি হি (নিরন্তর) তদন্তঃক্রীড়তাং
(শ্রীকৃষ্ণের লীলামৃতসমুদ্রের অভ্যন্তরে বিহার-
রত) বৈষ্ণবানাং (বৈষ্ণবগণের নিকটে)
গরীয়ান্ হাস্যহেতুঃ (অতিশয় পরিহাসের
পাত্র হলে) ন হি ভবিতা কিমু (পরিগণিত
হইব না কি ?)॥ ৬॥

৭॥ মন্দমতে মে (মন্দবুদ্ধি আমার) বাক্ ([শ্রীকৃষ্ণ-

লীলামৃতপ্রকাশক] বচন), শ্রীরূপসনাতনপ্রকাশিত-
কৃষ্ণলীলালাস্যামৃতাপ্লুতাধিয়াং (শ্রীমদ্রূপ-
গোস্বামিপাদের ন্যায় উত্তম নটকর্তৃক প্রকাশিত
কৃষ্ণলীলারূপ নৃত্যসুধায় অভিষিক্তচিত্ত)
ব্রজবৈষ্ণবানাং (ব্রজবাসী বৈষ্ণববৃন্দের
সম্বন্ধে) উত্তরস্য যদ্বৎ (হাস্য কৌতুককারী
ব্যক্তির অর্থাৎ ভাঁড়ের বাক্যের ন্যায়) হাস-
প্রকাশনকরী (হাস্য প্রকাশক হইয়া) প্রমদ-
প্রদা ভবতু (হর্ষ প্রদান করুক)॥ ৭॥

৮। 'তদ্বাগ্‌বিসর্গো জনতাঘবিপ্লবো যস্মিন্' প্রতি
ইত্যাদি-সদুক্তি-নোদিতঃ (শ্রীশুকদেবের 'তদ্বাগ্‌-
বিসর্গঃ' ইত্যাদি সুশোভন উক্তি দ্বারা প্রেরিত হইয়া)
মন্দঃ অপি (এই মূঢ় ব্যক্তিও) গোবিন্দবিলাসবর্ণনৈঃ
(শ্রীগোবিন্দের বিলাসবর্ণনদ্বারা) স্বাং (স্বীয়)
সদ্যাং গিরং (নির্গুণ বাক্যকে) সদাদৃতাং
বিদধে (সজ্জনগণের আদরযোগ্য করিতেছে)॥ ৮॥

স্নিগ্ধাঃ (স্নিগ্ধস্বভাব) সন্তঃ (সজ্জনগণ) সদাস্য-

মরুসঞ্চারখিন্নাং (আমার দুঃখরূপ মরুভূমিতে বিচরণ-
হেতু খেদযুক্ত), গোকুলোন্মুখীং (অথচ সম্প্রতি
গোকুলের অভিমুখে ধাবিত), ইমাং মাং (এই
বাক্যকে) কর্ণকাসারসন্নিধৌ (স্বীয় কর্ণরূপ সরো-
বরের নিকটে) পুষ্ণন্তু (পরিপালন করুন)।। ৯।।

১০। [illegible] রাত্র্যন্তে ত্রস্তবৃন্দেরিতবহুবিরবৈঃ (রজনীর
শেষভাগে ত্রাসব্যগ্রা বৃন্দাদেবীকর্তৃক নিয়োজিত
নানাবিধ পক্ষিগণের শব্দশ্রবণে) বোধিতৌ
(জাগ্রত হইয়া), হৃদ্যৈঃ অহৃদ্যৈঃ অপি
কীরশারীপদ্যৈঃ (সুললিত, অথচ বিচ্ছেদ-
কালের সূচনা হেতু চিত্তের অসুখকর, শুক-
শারীর পদ্য শ্রবণপূর্বক) সুখশয়নাৎ উত্থিতৌ
(সুখশয্যা হইতে উত্থিত হইলে), সখীভিঃ
দৃষ্টৌ (সখীগণ তাঁহাদিগকে নিরীক্ষণ করায়)
হৃষ্টৌ (হর্ষ প্রকাশ করেন [এবং]) তদাত্বোদিত-
রতিললিতৌ (তৎকাল জাত রতিবিলাসবশতঃ
মনোরম শোভা ধারণ করিয়া), কক্খটী-গীঃ
সশঙ্কৌ (অকস্মাৎ বৃদ্ধা বানরীর শব্দশ্রবণে শঙ্কা-
কুল হন, [এবং]) X সতৃষ্ণৌ অপি

(পরস্পর অনুরাগাবদ্ধ হইয়াই) নিজ-নিজ-ধাম্নি
আপ্ততল্পৌ (নিজ-নিজ-গৃহে যাইয়া শয্যা আশ্রয়
করেন, [আমি]) তৌ (সেই) রাধাকৃষ্ণৌ
(শ্রীরাধাকৃষ্ণকে) স্মরামি (স্মরণ করি) ॥ ১০॥

১১। বৃন্দা (বৃন্দাদেবী) নিশাবসানং সমবেক্ষ্য
(রজনীর অবসান দর্শন করিয়া), সরাধিকস্য
মধুসূদনস্য (শ্রীরাধার ও শ্রীকৃষ্ণের) প্রবোধনার্থং
(নিদ্রাভঙ্গের নিমিত্ত) নিজশাসনস্থং (স্বীয়
আজ্ঞাপালনরত) দ্বিজানাং বৃন্দং (পক্ষিগণকে)
নিযোজয়ামাস (নিযুক্ত করিয়াছিলেন) ॥ ১১॥

১২। দ্বিজেন্দ্রাঃ (বৃন্দাবনের শ্রেষ্ঠ বিহঙ্গগণ) সেবা-
সমুৎকণ্ঠধিয়ঃ অপি (শ্রীরাধাকৃষ্ণের সেবাবিষয়ে
উৎকণ্ঠিতচিত্ত হইয়াও) যদর্থং (যাহার অপেক্ষায়)
প্রথমং (প্রথমতঃ) মূকাঃ আসন (মৌনভাবে
অবস্থান করিতেছিল), তং (~~পশ্চাৎ~~ বৃন্দানিদেশং
([পশ্চাৎ] বৃন্দাদেবীর সেই আদেশ) অবাপ্য
(লাভ করিয়া) হর্ষাৎ (হর্ষবশতঃ) ক্রীড়ানিকুঞ্জং
পরিতঃ (ক্রীড়াকুঞ্জের চতুর্দিকে) ~~চুকূজুঃ~~ চুকূজুঃ
(শব্দ করিতে আরম্ভ করিল) ॥ ১২॥

১৩। [তৎকালে] দ্রাক্ষাসু (দ্রাক্ষালতাসমূহে) শার্যঃ (সারিকাগণ), কোরকেষু (দাড়িম্ব বৃক্ষসমূহে) কীরাঃ (শুকপক্ষিগণ); রসালে (আম্র বৃক্ষসমূহে) পিকীভিঃ পিকাঃ চ (কোকিলা ও কোকিলগণ), পীলৌ (পীলু বৃক্ষে) কপোতাঃ (কপোতগণ), প্রিয়কে (কদম্ব বৃক্ষে) ময়ূরাঃ (ময়ূরগণ), লতাসু (লতারাজির মধ্যে) ভৃঙ্গাঃ (ভ্রমরগণ [এবং]) ভুবি (ভূতলে) তাম্রচূড়াঃ (কুক্কুটগণ) জগুঃ (অব্যক্ত ধ্বনি প্রকাশ করিতে লাগিল) ॥১৩॥

১৪। অথ (অতঃপর) তল্পীকৃত কল্পপুঞ্জে (পল্লবপুঞ্জ-রাজিদ্বারা বিরচিত শয্যাযুক্ত) প্রফুল্ল বল্লীচয়-মঞ্জুকুঞ্জে (মনোজ্ঞ লতাকুঞ্জে) মকরন্দলুব্ধং (মধুলুব্ধ) অলিবৃন্দং (ভ্রমরগণ) রতীশিতুঃ (কন্দর্প-রাজের) মঙ্গলকম্বুতুল্যং (মঙ্গল শঙ্খের ন্যায়) জুগুঞ্জ (ধ্বনি বিস্তার করিয়াছিল) ॥১৪॥

১৫। মধুমত্তা (মধুপান-মত্তা) মধুপী-ততিঃ (ভ্রমরী-গণ) উদ্ভটানন্দা (আনন্দে বিহ্বল হইয়া) গোবিন্দং বোধয়িতুং (শ্রীকৃষ্ণের নিদ্রাভঙ্গের নিমিত্ত) রতিমঙ্গলবল্লরী ইব (রতিদেবীর

মাঙ্গলিক ঝল্লরী অর্থাৎ ঝাঁঝর নামক বাদ্য বিশেষের ন্যায়) ঝঙ্কৃতিং (ঝঙ্কার) অঙ্গীকুরুতে (আরম্ভ করিয়াছিল) ।। ১৫ ।।

১৬। পিকশ্রেণী (কোকিলবৃন্দ) মনোজন্য বীণা ইব (কন্দর্পের বীণার ন্যায়) ব্যক্তপঞ্চমং (সুস্পষ্ট পঞ্চম স্বরে) মুহুঃ মুহুঃ (বারম্বার) কুহূঃ ইতি ('কুহূ কুহূ' এইরূপ) তারং স্বরং (উচ্চকণ্ঠে) আললাপ (আলাপ করিয়াছিল) ।। ১৬ ।।

১৭। সহকারে (আম্রতরুসমূহে), মৃদুলমুকুলাস্বাদ-বিস্পষ্টকণ্ঠী (কোমল মুকুলরাশির আস্বাদন-হেতু সুস্পষ্টস্বরা) কোকিলালী (কোকিলবধূগণ) মদনমদাবিকূজৎকান্তপার্শ্বে নিষণ্ণা (কন্দর্পমদভরে কূজনরত নিজ-নিজ-প্রিয়তমের পার্শ্বে উপবেশন করিয়া), রতি-মধুরবিপঞ্চী-নাদভঙ্গীং দধানা (রতিদেবীর সুমধুর বীণাধ্বনির অনুকরণে) কাকলীং কলয়তি (অব্যক্ত ও সুমধুর সূক্ষ্ম ধ্বনি প্রকাশ করিতে লাগিল) ।। ১৭ ।।

১৮। অয়ং (এই) কামতরুরাজঃ (কাম-রূপ তরু-

শত্রু অর্থাৎ [হইতে] নেকড়ে বাঘ) গোপীধৃতি-ধর্মচর্যা-লজ্জা-
মৃগীঃ বিদ্রাব্য (গোপীগণের ধৈর্য, ধর্মাচরণ ও
লজ্জারূপা মৃগীগণকে বিতাড়িত করিয়া), মানবৃকেন্দ্র
অমর্ষী ([তাঁহাদের] মানরূপ বৃক, ~~অর্থাৎ ব্যাঘ্র-~~
~~সদৃশ ভীষণ কুক্কু~~রগণের প্রতি ক্রুদ্ধ হইয়া),
কপোতহুংকারমিষেণ গর্জতি স্ম (যেন
কপোতগণের হুংকারধ্বনির ছলেই গর্জন
করিতেছিল)॥ ১৮॥

১৯। কৃষ্ণং বিনা (শ্রীকৃষ্ণব্যতীত) অন্যে কে (অপর
কাহারাই বা) রাধাধৈর্যধরাধরোদ্ধৃতিবিধৌ
(শ্রীরাধার ধৈর্যরূপ পর্বত উত্তোলন করিতে)
সমর্থাঃ (সমর্থ হয়? [আর]) ইহ (এ জগতে)
~~অতীব~~ ধন্যাং (অতিধন্যা) বৃষভানুজাং বিনা (শ্রীরাধা-
ব্যতীত) অন্যাঃ কাঃ (অন্য কোন ললনাগণই বা)
কৃষ্ণোন্মত্তকুঞ্জরবশীকারে অপি (শ্রীকৃষ্ণরূপ
মত্তহস্তীর বশীকরণব্যাপারে), ~~অলম্ আদৃতাঃ~~
~~(অতিশয় আদরণীয়) শৃঙ্খলাঃ (শৃঙ্খলরূপ~~
~~হইতে পারে?) অলং~~
~~(সমর্থ হইতে পারে?) শ্রীহরিঃ (মধুবন)~~

অলংশৃঙ্খলাঃ (সমর্থ শৃঙ্খল হইতে পারে?), শিখিনঃ (ময়ূরগণ) প্রগে (প্রভাতকালে) আদৃতাঃ (আদরের সহিত) তৌ বোধয়ন্তঃ (শ্রীরাধাকৃষ্ণের নিদ্রাভঙ্গব্যাপারে) ইতি ইব (পূর্বোক্তরূপ অভিমত-প্রকাশের ন্যায়ই) কেকাঃ মুহুদীরয়ন্তি কিং (কেকাধ্বনি প্রকাশ করিতেছে কি? [প্রথম পাদে 'কে অলং' এইস্থলে 'কে' ও তৃতীয় পাদে 'কেকাঃ' এইস্থলে 'কাঃ' — এই বর্ণদ্বয়যুক্ত 'কেকা'-শব্দটির সংকেত দ্রষ্টব্য]) ॥ ১৯ ॥

২০। [এইরূপ] প্রাতঃ (প্রাতঃকালে) কুক্কুটঃ অপি (কুক্কুটপক্ষীও) বেদাভ্যাসী (বেদাভ্যাসরত) বটুঃ যথা (ব্রহ্মচারীর ন্যায়) হ্রস্ব-দীর্ঘ-প্লুতৈঃ যুক্তং (হ্রস্ব, দীর্ঘ ও প্লুতভাবযুক্ত) কু কূ কূ৩ (কু, কূ ও কূ৩) ইতি স্বরং (এইরূপ স্বর) অপঠৎ (উচ্চারণ করিয়াছিল) ॥ ২০ ॥

২১। অথ (অনন্তর) তৌ (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) পক্ষিণাং কলকলৈঃ (পক্ষিগণের কলকলশব্দে) প্রবোধিতৌ অপি (জাগ্রত হইয়াও) মিথঃ অবিদিতজাগরৌ (একে অন্যের জাগরণ জানিতে না পারিয়া) তদা (তৎকালে) নিবিড়োপগূহনবিভঙ্গকাতরৌ (দৃঢ়রূপে আবদ্ধ আলিঙ্গনের বিচ্ছেদবিষয়ে কাতর হইয়া)

কপটেন মীলিত দৃশৌ (কপটভাবে নয়নযুগল মুদ্রিত করিয়া) অতিষ্ঠতাং (অবস্থান করিয়াছিলেন)॥ ২১॥

২২। অথ (অনন্তর) উষসি (প্রভাতকালে) স্ফুরৎকনকপিঞ্জর-স্থিতা (উজ্জ্বল সুবর্ণপিঞ্জরে অবস্থিতা), ~~নিখি~~ নিলা-নিখিল কেলিসাক্ষিণী (শ্রীরাধাকৃষ্ণের সর্বপ্রকার কেলি ক্রীড়ার প্রত্যক্ষকারিণী), বৃষভানুজাতি-দায়িতা (শ্রীরাধার অতিপ্রিয়া), সুপণ্ডিতা (সুনিপুণা), মঞ্জুভাষিণী (মধুর-ভাষিণী) গৃহসারিকা আলি (গৃহপালিতা সারী) তৌ (উভয়কে) অবদৎ (এরূপ বলিতে লাগিল)॥ ২২॥

২৩। রসসিন্ধো! গোকুলবন্ধো! (হে রসসাগর গোকুলবান্ধব!) জয় (আপনি জয়যুক্ত হউন); জাগৃহি (আপনি জাগ্রত হইয়া) শশিকল্পং তল্পং ত্যজ (চন্দ্রের ন্যায় শুভ্র ও সুকোমল শয্যা ত্যাগ করুন [এবং]) প্রীত্যনুকূলাং (প্রীতিবশত: অনুকূলস্বভাবা), শ্রিতভুজমূলাং (নিজ স্কন্ধদেশে মস্তক অর্পণপূর্বক ~~অবস্থিতা~~ নিদ্রিতা), রতিভর-তান্তাং (অতিশয় রতিহেতু অবসন্না) কান্তাং (প্রিয়তমাকে) বোধয় (নিদ্রাভঙ্গ করুন)॥ ২৩॥

~~বোধিয় (প্রিয়তমায় নিদ্রাভঙ্গ করুন) ॥ ২৩॥~~

২৪। নাথ (হে প্রভো!) তরুণী-নিচয়ে (তরুণীগণের প্রতি) সহজাকরুণঃ (স্বভাবতঃই নির্দয়) অরুণঃ (সূর্যদেব) প্রকটোদয়ং (অতিসত্বর) উদয়ম্ এতি (উদিত হইতেছেন)! ~~অতএব~~ ততঃ (সেই হেতু) নিভৃতং (গোপনে) নিলয়ং ব্রজ (নিজ-গৃহে গমন করুন [এবং]) ত্বরিতঃ (সত্বর) কালিন্দসুতা-তটতঃ (যমুনার তীর হইতে) অট (প্রস্থান করুন) ॥ ২৪॥

২৫। কমলমুখি সখি (হে চন্দ্রমুখি সখি [শ্রীরাধে!]). নিশান্তে (রজনীর শেষভাগে) বিলাসায়াসগাঢ়ালসাঙ্গী (বিলাসজনিত আয়াসহেতু অতিশয় অলস দেহে) যৎ স্বপিষি ([আপনি] যে নিদ্রা যাইতেছেন), তৎ অয়ং (ইহাতে) তব (আপনার) দোষঃ ন (কোন দোষ নাই); কিন্তু সাধ্বি পশ্য (কিন্তু হে সাধ্বি! ঐ দেখুন), তব (আপনার) সুখম্ অসহিষ্ণুঃ (সুখে অসহিষ্ণু হইয়া) চন্দ্রা-সখী ইব (চন্দ্রাবলীর সখী পদ্মার ন্যায়) অরুণিতা (রক্তবর্ণা) ইয়ম্ ঐন্দ্রী দিক্

(এই পূর্বদিক্ বধূ) আবিরাসীৎ (এখানে আত্ম-প্রকাশ করিয়াছে)॥ ২৫॥

২৬। পঙ্কজনয়নে স্বামি! (হে কমললোচনে স্বামি!) রজনী যাতা (রজনীর অবসান হইয়াছে); প্রাতঃ (প্রাতঃকাল) জাতম্ (উপস্থিত হইয়াছে); সৌরং মণ্ডলং (সূর্য-মণ্ডল) উদয়ং প্রাপ্তম্ (উদিত হইয়াছে); সম্প্রতি (সম্প্রতি) শীতলপল্লবশয়নে (সুশীতল পল্লবশয্যায় শয়নের) রুচিম্ অপনয় (অভিলাষ ত্যাগ করুন)॥ ২৬॥

২৭। অথ (অতঃপর) কৃষ্ণানুরাগগরিমা (শ্রীকৃষ্ণের অনুরাগহেতু গৌরবান্বিত), উদ্ভটবাগ্‌বরিষ্ঠঃ (অতি-বিচিত্র বাক্যপ্রয়োগে সুনিপুণ), অতিধীরমতিঃ (অতিশয় ধীরবুদ্ধি), বিচক্ষণাখ্যঃ (বিচক্ষণ-নামক) দীপ্তঃ কীরঃ (উজ্জ্বল শুকপক্ষীটি) সার্থবুবোধদক্ষাং (শ্রীকৃষ্ণের নিদ্রাভঙ্গ বিষয়ে সমর্থ, [অথচ]) প্রসন্ন-মধুরাক্ষরশুদ্ধপদ্যাং (বিশুদ্ধ ও সুমধুর অক্ষর-সমূহের সমাবেশহেতু মনোজ্ঞ) পদ্যাবলীং (পদ্যসমূহ) পঠতি (পাঠ করিতে লাগিল)॥ ২৭॥

২৮। গোকুলমঙ্গলকন্দ! (হে ব্রজমঙ্গলকারণ!), শ্রীগোবিন্দ (হে শ্রীগোবিন্দ!) অচ্যুত (হে অচ্যুত!) নতশন্দ

(হে প্রনত(গনের) সুখদায়ক! [আপনি]) ব্রজযুবতীততি-ভৃঙ্গারবিন্দ (ব্রজসুন্দরীবৃন্দরূপ ভ্রমরীগনের নিকটে পদ্মরূপে বিরাজ করিতেছেন [এবং]) প্রতি-পদবর্দ্ধিত-নন্দানন্দ (সর্বদা শ্রীনন্দমহারাজের আনন্দ-বর্দ্ধন করিতেছেন)॥ ২৮॥

২৯। গরিষ্ঠ! (হে মহাগৌরবান্বিত! [আপনি]) অশেষ-ঘোষ-তৃষ্ণার্ত-নেত্র-ভ্রমরাম্বুরবিন্দ (নিখিলব্রজমণ্ডলের তৃষ্ণাকুল নয়নরাজিরূপ ভ্রমরগনের সম্বন্ধে পদ্ম-স্বরূপ); প্রভাতম্ আযাতং ([সম্প্রতি] প্রভাতকাল সমাগত হইয়াছে; [অতএব]) ভূয়িষ্ঠ বিশিষ্ট-নিষ্ঠং (প্রভূত বৈশিষ্ট্যশালী), দবিষ্ঠং (দূরবর্ত্তী), ইষ্টং গোষ্ঠং (নিজ অভীষ্ট গোষ্ঠে) প্রতিষ্ঠস্ব (গমন করুন)॥ ২৯॥

৩০। সরসিজনয়ন কৃষ্ণ! (হে কমলনয়ন শ্রীকৃষ্ণ!) পশ্য (ঐ দেখুন), ইয়ং (এই) ঐন্দ্রী দিক্ (পূর্ব-দিগ্ বধূ) ব্যক্তরাগাতিরক্তং (প্রভূত সুস্পষ্ট-রক্তিমাযুক্ত) ইনং (দেব দিবাকরকে) উদয়ম্ আরুরুক্ষুং (উদয়পর্বতে আরোহনে অভিলাষী) বীক্ষ্য (দেখিয়া) ঘনঘুসৃণবিলিপ্তা ইব (প্রগাঢ় কুঙ্কুমরাগে রঞ্জিত

হইয়াই যেন) উচ্চৈঃ রক্তাম্বরা আসীৎ (রক্তবর্ণ
অম্বর [অর্থাৎ আকাশ, অর্থান্তরে রক্তবর্ণ বসন]
ধারণ করিয়াছে), তৎ (সেই হেতু) ইহ (এই)
নিভৃত কুঞ্জে (নির্জন কুঞ্জ মধ্যে) নিদ্রাং জহীহি
(নিদ্রা পরিহার করুন)॥ ৩০॥

৩১। বিধুনা সহিতা (চন্দ্রের সহিত) রজনী বনিতা (রজনী-
রূপা বধূ) সবিতুঃ চকিতা (সূর্যোদয়ে চকিত হইয়া)
ত্বরিতা চলিতা (সত্বর দূরে চলিয়া যাইতেছে); অতঃ
(সেই হেতু [আপনিও এসময়ে]) অনয়া প্রিয়য়া
সময়া (প্রিয়তমা এই শ্রীরাধার সহিত) ত্বরয়া সহিতঃ
(সত্বর) সরিতঃ তটতঃ (যমুনাতীর হইতে)
অট (প্রস্থান করুন)॥ ৩১॥

৩২। কৃষ্ণ (হে শ্রীকৃষ্ণ!) চক্রবাকী ([সম্প্রতি] চক্রবাক-
বধূ) একং চক্ষুঃ (একটি চক্ষু) অরুণকিরণা-
পাটলায়াং (সূর্যকিরণ-সম্পর্কে রক্তবর্ণযুক্ত) প্রাচ্যাং
(পূর্ব দিকে [এবং]) অপরং (অপর চক্ষু) দূরগে
কান্তে (দূরবর্তী প্রিয় চক্রবাকের দিকে) ত্বরিতং
বিধত্তে (ব্যগ্রভাবে প্রেরণ করিতেছে ; [আর])
মূকাঃ (সেচকগণ) পঙ্ক্তাক্রান্তাঃ তরুকুহরগাঃ

(শঙ্কাকুল চিত্তে বৃক্ষকোটরে আশ্রয় লইয়া) মূকতাং
যাতি (মৌনভাব ধারণ করিয়াছে; [অতএব])
লক্ষে (মনে হয়), ভাস্বান (সূর্যদেব) উদয়ং
উদগাৎ (উদয়াচলে আরোহন করিয়াছেন; [সুতরাং
আপনি]) নিদ্রাং জহীহি (নিদ্রা ত্যাগ করুন)।। ৩২।।

৩৩/৩৪।। ততঃ (অনন্তর) বৃন্দাবক্ত্রাৎ অধিগতবিদ্যা
(বৃন্দাদেবীর মুখ হইতে শিক্ষালাভ করিয়া)
হারীকৃতবহুপদ্যা (হারের ন্যায় অনেক পদ্য-রচনাবলী
কণ্ঠে ধারণপূর্বক), রাধাস্নেহোচ্চয়সর্ব-
স্বভূতা (শ্রীরাধার স্নেহরূপ সর্বস্বপদে স্থিতা [3])
তস্যাঃ নিদ্রাপনয়নযত্তা (তাঁহারই নিদ্রাভঙ্গে
যত্নপরায়ণা), সূক্ষ্মধী-নাম্নী (সূক্ষ্মধী-নাম্নী)
কলবাক্ (মধুর ভাষিণী) সারী (সারিকা)
প্রেমোৎফুল্লতনূরুহা (প্রেমভরে রোমাঞ্চিতা
হইয়া) স্ব-রসভা-রঙ্গভূমৌ (নিজ- বিলাসরূপ
রঙ্গস্থলে) বাণীং অনর্তয়ৎ (বাণীকে নৃত্য
করাইয়াছিল, অর্থাৎ এইরূপ বলিয়াছিল)।।৩৩, ৩৪।।

৩৫। ব্রজেন্দ্রনন্দনপ্রিয়ে (অয়ি শ্রীকৃষ্ণদয়িতে!) যাবৎ
(যে পর্যন্ত) ব্রজে সর্বতঃ অর্ধ্বানি (ব্রজপুরীর

~~চতু~~ চতুর্দিকে
সকল লোকে) যাবৎ ন প্রযান্তি (জনগণ বিচরণ
করিতে আরম্ভ না করেন), তাবৎ (উষার পূর্বেই
[আপনি]) আশু (সত্বর) আলয়ং ব্রজ (স্বীয়
গৃহে যাত্রা করুন)॥ ৩৫॥

৩৬। সুমুখি (অয়ি সুমুখি !) অতঃ (সেই হেতু [আপনি])
ত্বরিতং (সত্বরই) ইতঃ (এস্থানে) শয়নং ত্যজ
(শয্যা ত্যাগ করিয়া) ভবনং ব্রজ (গৃহে গমন
করুন); দিবসপতিঃ ([সম্প্রতি] দিবাকর)
অবং ত্বরিতগতিঃ (অতিশয় দ্রুত গতিতে) উদয়-
ধরং সরতি (উদয়গিরির আশ্রয়ের নিমিত্ত ~~দিকে অগ্রসর হইতেছেন~~
উদ্যোগ করিতেছেন অর্থাৎ উদয়াচলের দিকে অগ্রসর হইতেছেন)॥ ৩৬॥

৩৭। সখি (হে সখি ! [আপনি]) নিদ্রাং জহীহি
(নিদ্রা ত্যাগ করুন), নিকুঞ্জশয্যাং (কুঞ্জ-
গৃহের শয্যা) বিজহীহি (পরিত্যাগ করিয়া)
বাসং প্রযাহি (গৃহে গমন করুন ; [এবিষয়ে])
অলসতাং ন প্রযাহি (আলস্য অবলম্বন করিবেন না),
কান্তং চ বোধয় (প্রিয়তমকেও জাগ্রত করুন);
লোকলজ্জাং ন বোধয় (আর, লোকলজ্জা বোধ
~~অব~~ অবতারণ করিবেন না); হি (যেহেতু)

কৃতিনঃ (বিচক্ষণ ব্যক্তিগণ) কালোচিতাং কৃতিং
(সময়োচিত রূপেই সকল ক্রিয়ার) উন্নয়ন্তি
(সম্পাদন করেন)॥ ৩৭॥

৩৮। [তৎকালে যদিও] প্রিয়য়া উপগূঢ়ঃ (প্রিয়াকর্তৃক
আলিঙ্গিত হইয়া) কৃষ্ণঃ অপি (শ্রীকৃষ্ণও)
অনিদ্রঃ (জাগ্রদবস্থায়ই বিরাজ করিতেছিলেন,
[আর]) অমুনা অপি উপগূঢ়া (শ্রীকৃষ্ণকর্তৃক
আলিঙ্গিতা হইয়া) কান্তা অপি অনিদ্রা
(শ্রীরাধাও নিদ্রাহীনা হইয়াই অবস্থান করিয়া-
ছিলেন; [তথাপি]) এতৎ মিথুনং (এই
যুগল বিগ্রহ) প্রভাতাকুলম্ অপি (রজনীর
অবসান হেতু আকুল হইলেও) অনল্পাৎ তল্পাৎ
(সেই সুবিস্তৃত অথবা উত্তম শয্যা হইতে) উত্থাতুং
ন শশাক (উঠিতে সমর্থ হইলেন না)॥ ৩৮॥

৩৯। কৃষ্ণস্য জানু পরিযন্ত্রিত সান্দ্রিতম্বা (শ্রীকৃষ্ণ
জানু দ্বারা [প্রিয়তমার] নিতম্ব দেশ অবরুদ্ধ
করিয়া) বক্ষঃস্থলে ধৃত কুচা (তদীয় বক্ষঃস্থলে
কুচযুগল ধারণপূর্বক) বদনে অর্পিতাস্যা
(নিজ মুখে তাঁহার মুখ সংলগ্ন করিলে),

কান্তা (প্রিয়তমা শ্রীরাধা) লব্ধবোধা (জাগরণদশা লাভ করিয়াও) অস্য (শ্রীকৃষ্ণের) কণ্ঠে নিবেশিতভুজা ভুজোপধানা (কণ্ঠদেশে নিজ-বাহু অর্পণপূর্বক তদীয় বাহুকে উপধান-রূপে আশ্রয় করিয়া) মনাক্ অপি (কিঞ্চিন্মাত্রও) ন ইঙ্গতি হি (গাত্রস্পন্দন প্রকাশ করেন নাই অর্থাৎ নিশ্চলভাবেই অবস্থান করিয়াছিলেন)।। ৩৯।।

৪০। [তৎকালে] প্রিয়ঃ অপি (প্রিয়তম শ্রীকৃষ্ণও) গোষ্ঠায়নত্বরিতধীঃ (গোষ্ঠে গমনের নিমিত্ত ব্যগ্রচিত্ত হইয়া) শয়নাৎ (শয্যা হইতে) উত্থাতুং (উঠিবার নিমিত্ত) সমুৎকঃ অপি (অতিশয় উৎসুক হইলেও) রাধাঙ্গগাঢ়পরিরম্ভণ-রঙ্গ-ভঙ্গ-শঙ্কাবিশৃঙ্খলমনাঃ (শ্রীরাধার অঙ্গ-সঙ্গের দৃঢ় আলিঙ্গনরূপ বিলাসের বিচ্ছেদা-শঙ্কায় চিত্তের ধৈর্যচ্যুতিহেতু) স্বম্ একম্ অপি অঙ্গং (নিজের একটি অঙ্গকেও) মনাক্ ন রিঙ্গয়তি (কিঞ্চিন্মাত্রও সঞ্চালিত করিলেন না)।। ৪০।।

৪১। [অনন্তর] শ্রিতকুঞ্জকক্ষঃ (কুঞ্জের প্রকোষ্ঠগত), শ্রীকৃষ্ণলীলারচনা-সুদক্ষঃ (শ্রীকৃষ্ণের লীলা-

বর্তন্তে সুচতুর [ও]) সমধ্যাসিত কীর লক্ষ:
(অসংখ্য শুকপক্ষীর শিক্ষকস্বরূপ), দক্ষাখ্যঃ:
শুক: ("দক্ষ" নামক কোন এক শুকপক্ষী)
তৎপ্রেমজানন্দবিফুল্লপক্ষ: (কৃষ্ণপ্রেম-জনিত
আনন্দবশতঃ পক্ষযুগলের উৎফুল্ল ভাব ধারন
করিয়া) আহ (এরূপ বলিতে লাগিল) ॥ ৪১॥

৪২। কৃষ্ণ! (হে শ্রীকৃষ্ণ!) যাবৎ (যে পর্যন্ত) গৃহস্থ
অপি (গৃহস্থ) তে (আপনার) জননী (মাতা) উত্থিতা
(নিদ্রা হইতে উঠিয়া), দাসিকা:! (হে দাসীগন!)
বৎস: (বৎস শ্রীকৃষ্ণ) অরণ্যভ্রমনভরতঃ
(অতিশয় ভ্রমনে) শ্রান্ত: (শ্রান্ত হইয়া)
সুষুপ্তি নিদ্রাতি (গাঢ় নিদ্রার আশ্রয় গ্রহন করিয়াছে);
তস্মাৎ (সেই হেতু [তোমরা]) উচ্চৈ: দধিমন্থনং
(উচ্চৈঃশব্দে দধিমন্থন) ন সাধয়িষ্যথ? (করিও না)
ইত্থং ন আলপন্তী (এরূপ বাক্যালাপ না করেন),
তাবৎ (তৎপূর্বেই [আপনি]) তূর্নং (সত্বর)
নিভৃতং (গোপনে) শয্যানিকেতং (শয়নগৃহে)
প্রবিশ (প্রবেশ করুন) ॥ ৪২॥

৪৩। তব (আপনার) কালিন্দ্যাদ্যা: (কালিন্দী প্রভৃতি)

সুরভয়ঃ (ধেনুগণ) উষসি (প্রভাতকালে) স্তব্ধ-
কর্ণোর্দ্ধ্ববক্ত্রাঃ (কর্ণযুগল স্তব্ধ ও মুখ উন্নত করিয়া)
হম্বারাবৈঃ (হম্বা শব্দে) তৃষিতান্ স্ববৎসান্
(তৃষ্ণাতুর নিজ-বৎসগণকে) আহ্বয়ন্ত্যঃ (আহ্বান
করিতে করিতে) মুখমার্গে (আপনার পথের
দিকে) নিহিতনয়নাঃ (দৃষ্টি নিক্ষেপ পূর্বক)
ত্বন্মুখালোকনোৎকাঃ (আপনার মুখ দর্শনের
নিমিত্ত ~~বশ~~ উৎসুক হইয়া) ঊধোভরজনিতয়া পীড়য়া
(ঊধঃ অর্থাৎ পালানের ভার-জনিত পীড়ায়) সীদন্তি
(অবসাদ প্রকাশ করিতেছে), ইতি প্রতীহি
(ইহা অবগত হউন)।। ৪৩।।

৪৪। যাবৎ (যে পর্যন্ত) সা পৌর্ণমাসী (পৌর্ণমাসী-
দেবী) প্রাভাতিক কৃত্যং (প্রাতঃকৃত্য) সমাপ্য
(সমাপনপূর্বক) উৎকা (উৎসুকচিত্ত ~~চিত্তা~~) তে
(আপনার) জনন্যা সহ (মাতার সহিত), ভবন্তং
দ্রষ্টুং (আপনার দর্শনাভিলাষে) ~~শয্যাগৃহং ন~~
শয্যালয়ং ন প্রবিশেৎ (শয্যাগৃহে প্রবেশ না
করেন), তাবৎ (তৎপূর্বেই [আপনি]) তূর্ণং (শীঘ্র)
উপেহি (তথায় গমন করুন)।। ৪৪।।

৪৫। অথ (অতঃপর) হরিঃ (শ্রীকৃষ্ণ) কীরগিরা (শুকের বাক্যানুসারে) গোষ্ঠগমনে (গোষ্ঠে গমনের নিমিত্ত) সত্বরঃ (ত্বরান্বিত হইয়া) নিভৃতং (নিভৃতে) প্রিয়াঙ্গতঃ (প্রিয়তমার অঙ্গসমূহ হইতে) স্বাঙ্গানি (স্বীয় অঙ্গ সমূহের) অপকৃষ্য উত্তস্থৌ (বিশ্লেষ পূর্বক গাত্রোত্থাপন করিলেন)॥ ৪৫॥

৪৬। অথ (অতঃপর) বৃন্দাসমেতাঃ (বৃন্দাদেবীর সহিত) তদ্বয়স্যাঃ (শ্রীরাধাকৃষ্ণের সখীগণ) পূর্বং প্রবুদ্ধাঃ (পূর্বেই নিদ্রাত্যাগ করিয়া) নিকুঞ্জজালাক্ষ-সমর্পিতাস্যাঃ (নিকুঞ্জের গবাক্ষমার্গে মুখ বিন্যাস-পূর্বক) তয়োঃ (উভয় যুগলমূর্তির) মৃদূনি প্রভাতো-দগম চেষ্টিতানি (প্রভাতকালীন মৃদু ভাবাপন্ন বিলাস-সমূহ) দদৃশুঃ (দর্শন করিয়াছিলেন)॥ ৪৬॥

৪৭। অথ (অতঃপর) তর্হি (তৎকালে) রাধিকারতি-ভরৈঃ (শ্রীরাধার পরম প্রীতি বশতঃ) উদ্ধতা (গর্বিত চিত্তা) সুন্দরীতি-বিদিতা (‘সুন্দরী’ নামে সুপ্রসিদ্ধা) কলাপিনী (ময়ূরী) স্বপ্রিয়ং (নিজ-প্রিয়তম ময়ূরকে) বিমুচ্য (পরিত্যাগ পূর্বক) প্রিয়কতঃ (কদম্ব বৃক্ষ হইতে) রতিমন্দিরাঙ্গনং (রতিকুঞ্জের প্রাঙ্গনে) আলগাম (উপস্থিত হইলেন)॥৪৭॥

(রতিকুঞ্জের প্রাঙ্গনে) আজগাম (উপস্থিত হইল)॥৪৭॥

৪৮। ততঃ (অনন্তর) নাম্না তাণ্ডবিকঃ ("তাণ্ডবিক"-নামে সুপ্রসিদ্ধ) হরেঃ কলাপী (শ্রীকৃষ্ণের ময়ূরটি) তূর্ণং (সত্বর) কদম্বাৎ (কদম্ববৃক্ষ হইতে) অবরুহ্য (ভূতলে অবতরণপূর্বক) কলাপবৃন্দম্ উন্মণ্ডলীকৃত্য (নিজ-পুচ্ছরাজি মণ্ডলাকারে বিন্যস্ত করিয়া) মুদা পরীতঃ (হর্ষভরে) মুহুঃ (মধুর ভাবে) নরীনর্তি (বিচিত্র ভাবে নৃত্য করিতে আরম্ভ করিল)॥৪৮॥

৪৯। তদা (তৎকালে) সপদি (শীঘ্রই) রঙ্গিনাম্ন্যা (রঙ্গিনী-নাম্নী) হরিণী (হরিণীটি) নিজপ্রিয়ং বিহায় (নিজ-প্রিয়তম (হরিণ)কে পরিত্যাগ করিয়া) মুদিত হৃদয়া (হৃষ্টচিত্তে) দ্রুততরগতিঃ (অতিবেগে) রসালতলাৎ (আম্রতরুর মূলদেশ হইতে) কুঞ্জদ্বারং গত্বা (কুঞ্জদ্বারে উপস্থিত হইয়া) প্রেম্না (প্রেমবশতঃ) বিলোল-বিলোচনং (চঞ্চল নয়নযুগলকে) স্বজীবিতনাথয়োঃ (নিজ-প্রাণেশ্বরী ও প্রাণেশ্বরের) বক্ত্রাম্ভোজে (মুখ-পদ্মের প্রতি) বিনিহিতবতী (বিন্যস্ত করিয়াছিল)॥৪৯॥

৫০। তদা (তৎকালেই) কৃতকৃষ্ণরঙ্গঃ (শ্রীকৃষ্ণের আনন্দবর্দ্ধক) নাম্না সুরঙ্গঃ (সুরঙ্গ নামক) হরেঃ স্বঃ কুরঙ্গঃ (তদীয় সুপ্রসিদ্ধ হরিনটি) কৃষ্ণাননে প্রেরিতদৃক্তরঙ্গঃ (তাঁহারই মুখের দিকে দৃষ্টিভঙ্গী বিস্তার করিয়া) অলসাবশাঙ্গঃ (আলস্য-জড়িত-দেহে) আম্রমূলাৎ (আম্রবৃক্ষের মূলদেশ হইতে) নিকুঞ্জং মধ্যে (নিকুঞ্জভবনে আগমন করিয়াছিল)॥ ৫০॥

৫১। অথ (অনন্তর) ঈশঃ (শ্রীকৃষ্ণ) উত্থায় (নিদ্রা হইতে উত্থিত হইয়া) তল্পে সন্নিবিষ্টঃ (শয্যাতলে উপবেশন-পূর্ব্বক), ব্যাজাৎ নিদ্রাশালিনীং (কপটনিদ্রাশ্রিতা), মীলিতাক্ষীং (নিমীলিতনয়না), তান্তাং (অবসাদ-প্রস্তা) কান্তাং (প্রিয়তমাকে) দোর্ভ্যাং (নিজ হস্ত-যুগলদ্বারা) অঙ্কং আনীয় (স্বীয় ক্রোড়দেশে আরোহণ করাইয়া) সাধুরীতি (সুন্দরভাবে) অস্যাঃ (তাঁহার) মাধুরীং (মাধুর্য্য) পশ্যতি (দর্শন করিতে লাগিলেন)॥ ৫১॥

৫২। [তৎকালে] অসৌ অচ্যুতঃ (সেই শ্রীকৃষ্ণ) দৃশা (স্বীয় নেত্রদ্বারা), ঘূর্ণায়মানেক্ষণ-খঞ্জরীটং

(অঞ্জনমুকুলসদৃশ ঘূর্ণায়মান নেত্রদ্বয় শোভিত ও)
ললাটলোলালক-ভৃঙ্গজালং (ললাটদেশে ভ্রমরপুঞ্জের
ন্যায় চঞ্চল অলকরাজি শোভিত), প্রভাতাব্জনিভং (প্রভাত-
কালীন পদ্মপুষ্পসদৃশ), প্রিয়ায়াঃ (প্রিয়তমার)
ঈষৎস্মিতং মুখং (ঈষৎ হাস্যযুক্ত আস্য-মুখ) পপৌ
(পান করিয়াছিলেন)॥ ৫২॥

৫৩। সংশ্লিষ্টসর্বাঙ্গুলি-বাহুযুগ্মং (অঙ্গুলীযুক্ত বাহুযুগল
একত্র সংলগ্ন) উন্মথ্য
(মর্দনপূর্বক) দেহং পারিমোটয়ন্তীং ([যিনি] গাত্র-
ভঙ্গ প্রকাশ করিতেছেন, [এবং]) উদ্রুক্তজৃম্ভাস্ফুট-দন্ত-
কান্তিং (জৃম্ভার উদয়হেতু দন্তরাজির অপূর্ব
কান্তির বিকাশ লক্ষিত) কান্তাং
(প্রিয়তমাকে) আলোক্য (দর্শন করিয়া) মুকুন্দঃ
(শ্রীকৃষ্ণ) মুমুদে (হর্ষ লাভ করিয়াছিলেন)॥ ৫৩॥

৫৪। উদস্য ([যিনি] প্রত্যূষে) স্বীয়াঙ্কোত্তানসুপ্তাং
(নিজ-ক্রোড়দেশে উত্তানাবস্থায় শয়ন করিয়া)
মৃদু-মৃষা-রোদনেষৎস্মিতাস্যাং (কপট জনিত অল্প
অল্প রোদনের সহিত মুখে ঈষৎ হাস্য প্রকাশ করিতে-
ছিলেন), অর্ধোন্মুক্তাত্রকেশাং (যাঁহার বেণী-বদ্ধ

কেশপাশির অগ্রভাগ অর্থ উন্মুক্ত হইয়াছে), বিমৃদিত-
~~কুসুমস্রজাং (ঐ যাঁহার ঘনদেশের ধূসরতাকে~~
~~বিমর্দিত~~ (কুসুমস্রজাং (যিনি বিমর্দিত পুষ্পমাল্য
ধারণ করিতেছেন), ছিন্নহারাং (যাঁহার হার
ছিন্ন হইয়া পড়িয়াছে [এবং যিনি]) ঘূর্ণালস-
নয়নযুগং (ঘূর্ণিত অলস নয়নযুগলকে)
উন্মীল্য উন্মীল্য (বারম্বার উন্মীলনপূর্বক) স্বাননা-
লোকনোৎকাং (নিজের অর্থাৎ শ্রীকৃষ্ণের মুখদর্শনে
ঔৎসুক্য প্রকাশ করিতেছেন), তাং (সেই) কেলি-
ক্লান্তাং (ক্রীড়াশ্রান্তা) কান্তাং (প্রিয়তমাকে) পশ্যন.
(দর্শন করিয়া) ব্রজেন্দু: (শ্রীকৃষ্ণচন্দ্র) অতুলতমাং
মুদম্ আপ (অতুলনীয় প্রীতি অনুভব করিয়া-
ছিলেন)॥ ৫৪॥

৫৫। চেৎ (যদি) অকম্পা (নিশ্চলভাবাপন্না) শম্পা
(বিদ্যুৎ) নবজলধরে (নবীন মেঘে) স্বাস্থ্যং
অধাস্যৎ (স্থিতিশীল হইত), তদা (তাহা হইলেই
[উহা]), ইহ (ইহাতে) স্নিগ্ধতাপিঞ্জকান্তে:
(স্নিগ্ধ তমালের ন্যায় কান্তিশালী) কান্তস্য অঙ্কে
(শ্রীকৃষ্ণের ক্রোড়দেশে) নিহিত-বপুষ: ~~ইহ~~

(বিলসদেহা [ও]) প্রবলসুরতায়াস-শ্রান্তান্তরায়াঃ
(রতিলীলার গুরুতর পরিশ্রম-হেতু আলস্যযুক্তা)
শ্রীরাধায়াঃ (শ্রীরাধার) স্ফুটং সাম্যকক্ষাং (সুস্পষ্ট
সমকক্ষতা) অবাপ্যং (লাভ করিত)॥ ৫৫॥

৫৬। [তৎকালে] কমলেক্ষণা (কমললোচনা শ্রীরাধা)
স্ফুরন্মকরকুণ্ডলং (সমুজ্জ্বল-মকরকুণ্ডলশোভিত),
মধুরমন্দহাসোদয়ং (মৃদুমধুর হাস্যযুক্ত), মদালস-
বিলোচনং (মদমন্থর-নেত্রযুগলশালী), কমল-
পক্ষি (পদ্মের ন্যায় সৌরভসম্পন্ন), লোলালকং
(চঞ্চল-অলকমণ্ডিত [এবং]) স্বদশনক্ষতাঞ্জন-
মলীমসৌষ্ঠং (স্বীয় দন্তক্ষত ও অঞ্জন যোগে ওষ্ঠ-
দেশে মালিন্য প্রাপ্ত), হরেঃ মুখং (শ্রীকৃষ্ণের মুখ-
মণ্ডল) সমীক্ষ্য (দর্শন করিয়া) পুনঃ (পুনরায়)
বিলাসোৎসুকা অভূৎ (বিলাসের নিমিত্ত ঔৎসুক্যযুক্তা
হইয়াছিলেন)॥ ৫৬॥

৫৭। কৃষ্ণঃ ([এইরূপ] শ্রীকৃষ্ণও), পরস্পরালোকনজাত-
লজ্জা-নিবৃত্ত-চঞ্চদ্দৃক্কুঞ্চিতাক্ষং (পরস্পরের দর্শন-
জনিত লজ্জাহেতু প্রতিনিবৃত্ত ও চাঞ্চল্যযুক্ত ঈষৎ-
কুঞ্চিত নয়নযুগলের শোভাযুক্ত [ও]) ঈষৎস্মিতং

(মৃদুহাস্যরঞ্জিত), প্রিয়ায়াঃ মুখং (প্রিয়তমার মুখমণ্ডল) বীক্ষ্য (দর্শন করিয়া) পুনঃ (পুনরায়) উদ্দীপ্তকৌতুকঃ আস (সম্ভোগলালসার উদ্দীপনা লাভ করিয়াছিলেন)॥ ৫৭॥

৫৮। [অনন্তর] সঃ (শ্রীকৃষ্ণ) বামেন করেণ (বামহস্ত-দ্বারা) তস্যাঃ প্রিয়ায়াঃ (প্রিয়তমা শ্রীরাধার) অধঃ নশিরঃ (অবনত মস্তকটি) উন্নময্য (উন্নত করিয়া) অপরেণ (দক্ষিণ হস্তে) চিবুকং চ ([তাঁহার] চিবুক [উত্তোলনপূর্বক]), বিভুগ্নকণ্ঠ-স্মিতশোভিগণ্ডং (গ্রীবাদেশের বক্রিমা ও মৃদুহাস্য-শোভিত গণ্ডদেশের শোভাযুক্ত), ~~প্রিয়ায়াঃ~~ মুখং ([প্রিয়তমার] মুখমণ্ডলে) মুহুঃ চুচুম্ব (বারম্বার চুম্বন করিয়াছিলেন)॥ ৫৮॥

৫৯। [তৎকালে] সা (শ্রীরাধা) কান্তাধরস্পর্শ-সুখাব্ধি-মগ্না (প্রিয়তমের অধর স্পর্শে সুখসাগরে নিমগ্না হইয়া) দরকুঞ্চিতাক্ষী (নয়নযুগল ঈষৎ কুঞ্চিত করিয়া), করং ধুনানা (হস্ত সঞ্চালন-সহকারে) মা মা ইতি-মন্দাক্ষর-সন্নকণ্ঠী (অতিশয় মৃদুস্বরে 'না, না' এইরূপ

কণ্ঠধ্বনি প্রকাশ করিয়া), সখীদৃশাং (সখী-
বর্গের নয়নসমূহের) মুদম্ আতেনে (হর্ষ বিস্তার
করিয়াছিলেন)॥ ৫৯॥

৬০। অথ (অতঃপর) অস্যাঃ (শ্রীরাধার) বয়স্যাঃ
(সখীগণ) প্রমোদাৎ (হর্ষবশতঃ) স্মিতাস্যাঃ (হাস্য-
মুখে) সখীং (সখী) তাং (শ্রীরাধাকে) হসন্ত্যঃ
মিথঃ প্রেরয়ন্ত্যঃ (উপহাস করিবার নিমিত্ত পরস্পর
প্রেরণা দান করিয়া) দুরন্তাৎ প্রভাতাৎ (দুরন্ত
প্রভাতকালের উপস্থিতিহেতু) সশঙ্কাঃ (শঙ্কিতচিত্তে)
সমন্তাৎ (চতুর্দিক হইতে) অলকালিগুঞ্জং (ভ্রমর-
বৃন্দের গুঞ্জনযুক্ত) নিকুঞ্জং (নিকুঞ্জভবনে)
প্রাবিষ্টাঃ (প্রবেশ করিলেন)॥ ৬০॥

৬১। ইয়ং ([তৎকালে] শ্রীরাধা) বিচলন্নয়না (চঞ্চলনয়না),
বিস্মদ্বদনা (হাস্যমুখী) সখীঃ (সখীগণকে)
সবিধোপগতাঃ (নিকটে সমাগত)
অভিলক্ষ্য (দর্শন করিয়া) দয়িতস্য (প্রিয়তমের)
দ্বিগুণাং মুদং দধতী (দ্বিগুণ হর্ষ বিস্তারপূর্বক)
দয়িতোরুযুগাৎ (তাঁহার উরুযুগলের মধ্যভাগ হইতে)
উদতিষ্ঠৎ (গাত্রোত্থান করিয়াছিলেন)॥ ৬১॥

৬২। স্বরোত্থিতা রাধা ([তৎকালে] শ্রীরাধা শয্যার
শয্যোত্থাপন করিয়া) সপদি সংগৃহীত পীতোত্তরীয়েন
(তৎক্ষণাৎ গৃহীত: প্রিয়তমের পীত উত্তরীয় বস্ত্রদ্বারা)
বপু: পিধায় (গাত্র আচ্ছাদনপূর্বক) সলজ্জং
(~~লজ্জাসহকারে~~ লজ্জিতভাবে) আসাং (সখীগণের) মুখং ঈক্ষমাণা
(মুখের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া) প্রিয়স্য পার্শ্বে
(শ্রীকৃষ্ণের পার্শ্বে) উপবিবেশ (উপবেশন করিয়া-
ছিলেন)॥ ৬২॥

৬৩। তা: (সেই সখীগন) পুর: (~~নিজে~~ আপনাদের সম্মুখভাগে),
মিথো রদন-বিক্ষতাধরপুটৌ (অধর ভাগে
পরস্পরের দন্তক্ষতযুক্ত), শিথিলসালসৌ
(শিথিল সত্ত্বেও আলস্যজড়িত), নখাঙ্কিত কলেবরৌ
(স্ব-স্ব- শরীরে নখচিহ্নে সুশোভিত), গলিতচিত্রলেখ-
শ্রিয়ৌ (গণ্ডস্থলাদির পত্রভঙ্গীর ~~শোভা~~ চিহ্নরহিত),
শ্লথাম্বর-সুকুন্তলৌ (বস্ত্র ও কেশরাশির
শৈথিল্য যুক্ত [এবং]) ত্রুটিতহার-পুষ্পস্রজৌ
(ছিন্ন ও স্খলিত হার ও পুষ্পমালোর ~~বিচ্ছেদ শালী~~ শোভিত), তৌ প্রিয়ৌ
(~~তাঁহা~~ আপনাদের প্রীতিভাজন যুগলমূর্তিকে) সমভিলক্ষ্য (দর্শন
করিয়া) মুহু: (~~বারংবার~~ পুনঃ পুনঃ) মুমুদিরে (~~আনন্দ~~ মহানন্দ উপভোগ
করিয়াছিলেন)॥ ৬৩॥

~~করিয়াছিলেন)॥ ৬৩॥~~

৬৪। তল্পং ([তৎকালে শ্রীরাধাকৃষ্ণের] বিলাসশয্যাটি) মধ্যে (মধ্য ভাগে) অচ্যুতাংশঘনকুঙ্কুমপঙ্কদিগ্ধং (শ্রীকৃষ্ণের অংসস্থিত প্রগাঢ় কুঙ্কুম পঙ্কে লিপ্ত), রাধাঙ্ঘ্রি-যাবক-বিচিত্রিত-পার্শ্বযুগ্মং (উভয় পার্শ্বে শ্রীরাধার পদযুগলের অলক্তকযোগে বিচিত্র [ও]) সিন্দূর-চন্দনকলাঞ্জন বিন্দুচিত্রং (সিন্দূর, চন্দনকলা ও অঞ্জন বিন্দুর মিশ্রনে শোভাযুক্ত হইয়া) আভ্যঃ (সখীগনের নিকটে) তয়োঃ (যুগলমূর্তির) কেলিবিশেষং (বিহার বিশেষ) দিশতি (জ্ঞাপন করিতেছিল)॥ ৬৪॥

৬৫। আল্যঃ ([তৎকালে] সখীগন) স্বসখীমিব (প্রিয়সখী শ্রীরাধার ন্যায়) শয্যাং (সেই শয্যাকেও) প্রাঙ্লিষ্ট-পুষ্পোচ্চয়মল্লিবেশ্যাং (পুষ্পসজ্জা ম্লান), তাম্বূল-রাগাঞ্জন-চিত্রিতাঙ্গীং (অবয়বসমূহ তাম্বূলরাগে ও কজ্জলরাগের মিশ্রনে বিচিত্র [এবং]) কান্তীভবৎকান্ত-বিলাসচিহ্নাং (প্রিয়তমের বিলাসচিহ্নসমূহে সমৃদ্ধ রূপে ~~শোভিত~~) অপশ্যন (দর্শন করিয়াছিলেন)॥ ৬৫॥

৬৬। [এই সময়ে] অমূঃ (সখীগণ), পরিহাসভঙ্গিং
গদিতুং (পরিহাস-বাক্যসমূহ উচ্চারণ করিবার নিমিত্ত) চল-
রদনচ্ছদনং (ওষ্ঠের ও অধরের
চাঞ্চল্যযুক্ত), প্রমিতাক্ষরাঙ্কি (পরিমিত অক্ষর-
শোভিত), হরেঃ (শ্রীকৃষ্ণের) বদনাম্বুজং
(মুখকমলকে [ও]) সুতনোঃ (সুন্দরী শ্রীরাধার)
ত্রপয়া অভিতঃ নম্রং চ (লজ্জাবশতঃ সর্বতোভাবে
অবনত [মুখকমলটিকেও]) স্বদৃশা পপুঃ
(নিজ-নিজ-দৃষ্টিযোগে পান করিতেছিলেন)॥ ৬৬॥

৬৭। হরিঃ ([অনন্তর] শ্রীকৃষ্ণ) স্বপ্রিয়াবক্ত্র ভাব-
শাবল্যমাধুরীং (স্বীয় প্রিয়তমার মুখমণ্ডলে
বিভিন্ন ভাববিকাশজনিত মাধুর্য) দিদৃক্ষুঃ
(দর্শন করিতে ইচ্ছুক হইয়া) তাভ্যঃ (সেই
সখীগণকে) দৃগ্‌ভঙ্গ্যা (নেত্রসঙ্কেত দ্বারা) স্বং
বক্ষঃ দর্শয়ন্ (স্বীয় বক্ষঃস্থল প্রদর্শনপূর্বক)
তাঃ উবাচ (তাঁহাদিগকে এরূপ বলিয়াছিলেন)॥ ৬৭॥

৬৮। আল্যঃ (হে সখীগণ!) পশ্যত (এই দেখ),
উষসি (প্রত্যূষকালে) রাধা (বিশাখা নাম্নী
তারকা, অর্থাৎ শ্রীরাধা) কান্তং বিধুং

(প্রিয়তম চন্দ্রকে, অর্থান্তরে শ্রীকৃষ্ণকে) প্রয়ান্তম্
অবেক্ষ্য (অস্তাচলে, অর্থান্তরে নিজ-ভবনে আশ্রয়
করিতে উদ্যোগী দেখিয়া) বিশ্লেষভীতা
(বিরহ ভয়ে কাতরা হইয়া), দিদৃক্ষয়া ইব
(দর্শনের অভিলাষেই যেন)
অম্বরচিত্রপট্যাং (আকাশরূপ চিত্রপটে,
অর্থান্তরে সুনীল আকাশসদৃশ স্বীয় বক্ষঃস্থলে)
ইন্দুলেখালাতং আলিলেখ (অসংখ্য চন্দ্রের
চিহ্ন, অর্থান্তরে নখচিহ্ন } অঙ্কিত করিয়াছে)॥৬৮॥

৬৯। কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) ইতি নিগদতি (এরূপ বলিলে)
সা (শ্রীরাধা) অগ্রে (সম্মুখভাগে) প্রহসিতবদনাঃ
(হাস্যরতা) তাঃ বয়স্যাঃ (সেই সখীগণকে) বীক্ষ্য
(দর্শন করিয়া) সঙ্কুচল্লোলনেত্রা (চঞ্চল নয়ন-
যুগল সঙ্কুচিত করিয়া) দোলিতারেচিতভ্রূঃ
(বিবর্তিত বা বঙ্কিম ভ্রূযুগলের আন্দোলন সহকারে),
বিকসদমলগণ্ডং (সমুজ্জ্বল সুনির্মল গণ্ডশালী)
প্রিয়ং (প্রিয়তম শ্রীকৃষ্ণকে) অনুভ্রূকটাক্ষৈঃ
(বঙ্কিম কটাক্ষশরসমূহ দ্বারা) ঘ্নতী ইব পশ্যতি স্ম
(যেন আঘাত করিয়াই দর্শন করিতে লাগিলেন)॥৬৯॥

৭০। [তৎকালে] রাধাদৃষ্টিঃ (শ্রীরাধার দৃষ্টি) হেলোল্লাসা (হেলাভরে উল্লাসযুক্ত), দরমুকুলিতা (ঈষৎ নিমীলিত), বাষ্পসান্দ্রা (বাষ্পোদয়ে স্তিমিত), অরুণান্তা (প্রান্তভাগে রক্তবর্ণ), লজ্জা-শঙ্কা-চপল-চকিতা (লজ্জা ও শঙ্কাহেতু চঞ্চলতার সহিত চকিত), ঐশ্বর্যভরেণ ভঙ্গুরা (ঐশ্বর্যাবেশে আক্রান্ত [তুং]), দয়িত-বদনালোকনোৎফুল্লতারা (প্রিয়তমের মুখদর্শনে স্বীয় নয়ন-তারকার বিকসিত উল্লসিত) স্মেরং স্মেরাং (অতিশয় হর্ষান্বিত) দয়িতনয়নানন্দং উচ্চৈঃ ব্যতানীৎ (প্রিয়তম কান্ত শ্রীকৃষ্ণের নয়নযুগলের পরমানন্দ বিস্তার করিয়াছিল)।। ৭০।।

৭১। তদা (তৎকালে) সখ্যঃ (সখীগণ), ইত্থং মিথঃ প্রেম-সুধাব্ধিমগ্নয়োঃ (পূর্বোক্তরূপে পরস্পরের প্রেম-রূপ সুধাসাগরে নিমগ্ন) তয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) প্রগেতনীং (প্রভাতকালীন) বিভ্রমমাধুরীং (বিলাস-মাধুর্য) নিপীয় (আস্বাদন করিয়া) প্রমদোন্মদাঃ (হর্ষভরে উন্মত্ত হইয়া) তদাত্বযোগ্যাচরণং (তাৎকালিক সমুচিত আচরণ) বিসস্মরুঃ (বিস্মৃতা হইয়াছিলেন)।। ৭১।।

৭২। [অনন্তর] বৃন্দা (বৃন্দাদেবী) প্রভাতোদয়কাতরা (প্রভাতকালের সমাগমহেতু শঙ্কাযুক্তা হইয়া), তৌ (শ্রীরাধাকে ও শ্রীকৃষ্ণকে) লীলামৃতসিন্ধুমগ্নৌ (লীলামৃতসাগরে নিমগ্ন [উভয়কে]) তাঃ সখীঃ চ (সেই সখীগণকেও) প্রণয়োন্মদান্ধাঃ (প্রণয়জনিত উন্মাদনায় কিংকর্তব্য-জ্ঞানশূন্য) বিলোক্য (দর্শন করিয়া) ইঙ্গিতজ্ঞাং (সুখিত ইঙ্গিতবিষয়ে অভিজ্ঞা) সারীং (সারিকাকে) নিদিদেশ (কর্তব্য নির্দেশ করিয়াছিলেন)॥ ৭২॥

৭৩। [তৎকালে] গুরুলজ্জা-ভর্তৃভীতি-লোকহাস নিবারিকা (গুরুজন হইতে লজ্জার, পতিভীতির ও লোকের উপহাসের নিবারণকারিণী), শুভাখ্যা ("শুভা" নাম্নী) সারিকা (সারিকা) রাধিকাবোধসাধিকা (শ্রীরাধার প্রবোধ জন্মাইয়া) প্রাহ (এরূপ বলিয়াছিল)॥ ৭৩॥

৭৪। "সখি (হে সখি!) যাবৎ (যে পর্যন্ত) তব (আপনার) ধবাম্বা (পতির মাতা অর্থাৎ শ্বশ্রূ) শয়নাৎ উত্থিতা (শয্যা ত্যাগ করিয়া), রাধে ("হে রাধে!) অধুনা (সম্প্রতি) তব পতিঃ (তোমার পতি) ক্ষীরভারান্ (দুগ্ধের ভারসমূহ) গ্রাহয়িত্বা (লোকদ্বারা বহন

করাইয়া) গোষ্ঠাত্ (গোষ্ঠ হইতে) আনন্তা ([গৃহে] আসিবে), তৎ (সেই হেতু) উত্তিষ্ঠ উত্তিষ্ঠ (শয্যা ত্যাগ করিয়া) ইহ গৃহে (এই গৃহে) মঙ্গলাং বাস্তু-পূজাং কুরু (মাঙ্গলিক বাস্তুপূজা সম্পাদন কর) ইত্থং (এইরূপ) ন হি বাবদন্তী (না বলেন), তাবৎ (তৎপূর্বেই) কঞ্জনেত্রে (হে কমল-লোচনে! [আপনি]) কুঞ্জতঃ (কুঞ্জ হইতে) নিভৃতং (গোপনে) শয়নীনিকেতং ব্রজ (শয়নগৃহে গমন করুন)॥ ৭৪॥

৭৫ সরলে সখি (হে সরলে সখি!) তারা (তারকা) তারাপতিনা সহ (চন্দ্রের সহিত) নিখিলনিশাকৃত-বিবিধবিহারা (সমগ্র রজনী নানারূপে বিহার করিয়া) সম্প্রতি (সম্প্রতি) অম্বরপটলে (গগন-প্রান্তে) লীনা (লয় প্রাপ্তা হইয়াছে); ত্বম্ অপি চ (আপনিও) কুঞ্জাৎ (কুঞ্জ হইতে) গৃহম্ অয় (গৃহে গমন করুন)॥ ৭৫॥

৭৬ সরলে (হে সরলে!) চন্দ্রবর্ণঃ (চন্দ্রের বর্ণ) রবিকিরণৈঃ (সূর্যকিরণের সংস্পর্শে) কপিশঃ (পিঙ্গলবর্ণ হইয়াছে), রাসবর্ত্ম (রাসপথে)

জনানিচয়ৈঃ চলিতং (লোকসমূহ চলিতে আরম্ভ করিয়াছে; [অতএব আপনি]) কুঞ্জবর্ত্ম কুতুকং (কুঞ্জ পথের আগ্রহ) ত্যজ (ত্যাগ করুন); অধুনা (সম্প্রতি) গোপবর্গসদনং হিতম্ ([গোপ-] বর্গের সদনে গমনই হিতকর) ॥৭৬॥

৭৭। কৃষ্ণ (হে শ্রীকৃষ্ণ!) শঙ্কাপঙ্কাঙ্কিতহৃদয়া (সন্দেহপঙ্কে বিলিপ্তচিত্তা), শ্বশ্রূঃ ঈর্ষ্যান্ধা (ইঁহার ~~স্বামীর মাতা~~ শাশুড়ি) শঙ্কতে (নানারূপ সন্দেহ করে); ছিদ্রান্বেষী (দোষানুসন্ধানকারী), শ্বশুরঃ অতিকটুঃ (উগ্রস্বভাব) পতিঃ (পতি) অভিমন্যুঃ (অভিমন্যু) সার্থনাম্না (নামের সার্থকতা প্রকাশ করে); হা (হায়!) মন্দা (মন্দমতি) সা (সেই সুপ্রসিদ্ধা) ননন্দা অপি (ননদিনীও) রুষ্টা (রুষ্টা হইয়া) অভীক্ষ্ণং (সর্বদা) পরিবদতি (নিন্দাবাদ প্রয়োগ করে); প্রাপ্তঃ প্রাতঃ ([এদিকে] প্রাতঃকাল উপস্থিত হইয়াছে); তৎ অপি (তথাপি [আপনি]) এনাং সরলাং (এই সরলাকে) ন ত্যজসি? (পরিত্যাগ করিতেছেন না?) ॥৭৭॥

৭৮ অথ (অতঃপর) সারীবচোমন্দর-শৈলপাত-সংক্ষুব্ধ-হৃদ্দুগ্ধপয়োধিঃ (সারিকার বচনরূপ মন্দর-পর্বতের প্রবেশহেতু যাঁহার হৃদয়রূপ ক্ষীরসমুদ্র আলোড়িত হইয়াছে), উদ্ভ্রমন্নেত্র-নবীনমীনা ([এবং] যাঁহার নয়নযুগলরূপ নবীন মৎস্যযুগল উদ্ভ্রান্ত হইতেছে, —এবম্বিধা) এষা (শ্রীরাধা) বিয়োগ-দীনা (ভাবী বিরহচিন্তায় কাতরা হইয়া) শয়নাৎ (শয্যা হইতে) উদস্থাৎ (উত্থিতা হইলেন)॥ ৭৮॥

৭৯ কৃষ্ণঃ অপি ([এইরূপ] শ্রীকৃষ্ণও) বৃষভানুজায়াঃ (শ্রীরাধার) ভীতিবিলোলনেত্রং (ভয়-চঞ্চল-নয়ন-যুগলশালী) কান্তং (মনোহর) মুখং (মুখমণ্ডল) পশ্যন্ (নিরীক্ষণ করিয়া) নীলং সূচীনং দয়িতা-নিচোলং (প্রিয়তমার নীলবর্ণ সূক্ষ্ম উত্তরীয় বস্ত্রকে) গৃহ্নন্ ([নিজ-গাত্রে] ধারণ পূর্বক) ত্বরয়া (সত্বর) স্বতল্পাৎ (নিজ-শয্যা হইতে) উদাতিষ্ঠৎ (উত্থিত হইলেন)॥ ৭৯॥

৮০ অথ (অতঃপর) মিথঃ পরিবর্তিত সংব্যানৌ (পরস্পর উত্তরীয় বস্ত্রের বিনিময় করিয়া)

তৌ (উভয়ে) শঙ্কিতৌ (শঙ্কাকুলচিত্তে)
পরস্পরধৃতকরালম্বৌ (পরস্পর হস্ত ধারণ পূর্বক)
নিকুঞ্জতঃ (নিকুঞ্জভবন হইতে) নিরগাতাং
(নির্গত হইলেন) ॥ ৮০॥

৮১। কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) সব্যে পাণৌ (বাম হস্তে) রাধাপাণিং
(শ্রীরাধার হস্ত [এবং]) অসব্যে (দক্ষিণ [হস্তে])
বেণুং বিভ্রৎ (বেণু ধারণ করিয়া) কুঞ্জাৎ নির্যন্
(কুঞ্জ হইতে বহির্গত হইয়া) বিদ্যুন্মালা-শ্লিষ্টাম্ভোদঃ
যদ্বৎ (বিদ্যুৎপুঞ্জের সহিত মিলিত মেঘের ন্যায়)
রেজে (শোভা পাইয়াছিলেন) ॥ ৮১॥

৮২। অথ (অনন্তর) একা (কেহ) হৈমং ভৃঙ্গারং
(সুবর্ণময় ভৃঙ্গার), পরা (অপর কেহ) স্বর্ণদণ্ডং
(সুবর্ণময়-দণ্ডযুক্ত) ব্যজনং (ব্যজন), কাপি
(কেহ বা) সুদর্শং (সুরম্য) আদর্শং (আদর্শ),
অন্যা (কেহ বা) বিচিত্রং ঘুসৃণমলয়জামত্রং
(কুঙ্কুম-ও-চন্দনপূর্ণ বিচিত্র পাত্র), কাচিৎ
(কেহ বা) মণিখচিতং (মণিময়) তাম্বূলপাত্রং
(তাম্বূলাধার [এবং]) অপরা (অন্য কেহবা)
পঞ্জরস্থাং সারিকাং (পিঞ্জরাস্থিতা সারিকাকে)

দধানা (ধারণ-রতা হইলেন);— ইত্থং (এইরূপে) কিয়ত্যঃ সখ্যঃ (কতিপয় সখী) প্রমুদিত-হৃদয়াঃ (হৃষ্টচিত্তে) কুঞ্জগেহাৎ (কুঞ্জগৃহ হইতে) নির্যযুঃ (নির্গতা হইয়াছিলেন)॥ ৮২॥

৮৩। আপন্নসত্ত্বা পরা ([তৎকালে] অপর কোন সখী কর্তব্য বিষয়ে সংজ্ঞা লাভ করিয়া), মহেন্দ্রকানু-চ্ছদনং (ইন্দ্রনীলমণিময় মনোহর আবরণযুক্ত), সকাঞ্চনং (সুবর্ণ-খচিত), দান্তং (গজদন্ত-নির্মিত), সসিন্দূর-সমুদ্গকং (সিন্দূর-পূর্ণ সমুদ্গককে অর্থাৎ কৌটাটিকে) কুচকুট্মলোপমং (স্তন কলিকার ন্যায়) গৃহীত্বা (ধারণ করিয়া) মৃদুস্মিতা (মৃদু হাস্য-সহকারে) কুঞ্জাৎ (কুঞ্জ হইতে) নিরগাৎ (বহির্গতা হইলেন)॥ ৮৩॥

৮৪। কাচিৎ (কোন সখী) আশ্লেষ-সংছিন্নগুণাৎ (আলিঙ্গন হেতু ছিন্ন গ্রন্থিসূত্রযুক্ত) হারাৎ (হার হইতে) পরিচ্যুতং (ভূতলে স্খলিত) লসন্মৌক্তিকসঞ্চয়ং (মনোহর মুক্তা-রাজি) মুদা (হর্ষসহকারে) বিচিত্য (সংগ্রহ করিয়া) স্বপটাঞ্চলে (নিজ-বস্ত্রের

অঞ্চলে) দৃঢ়ং নিবধ্নতী (দৃঢ়রূপে বন্ধন করিতে করিতে) কুঞ্জগৃহাৎ (কুঞ্জগৃহ হইতে) বিনির্যযৌ (বহির্গতা হইলেন) ॥ ৮৪ ॥

৮৫। রতিমঞ্জরী (শ্রীরতিমঞ্জরীনাম্নী সখী) কেলিবিভ্রষ্টং (বিহারকালে স্খলিত) তাটঙ্কং (কর্ণভূষণটিকে) তল্পাৎ (শয্যা হইতে) আদায় (তুলিয়া লইয়া) সত্বরা (সত্বর) নির্গত্য (বাহিরে আসিয়া) স্বেশ্বরী-কর্ণে (নিজেশ্বরী শ্রীরাধার কর্ণে) যুযোজ (পরিধান করাইয়া দিলেন) ॥ ৮৫ ॥

৮৬। প্রিয়নর্মসখী (প্রিয় নর্মসহচরী) রূপমঞ্জরী (শ্রীরূপমঞ্জরী) তল্পপ্রান্তাৎ (শয্যার প্রান্তদেশ হইতে) কঞ্চুলীমুপাদায় (কাঁচুলীটি সংগ্রহ করিয়া) নির্গত্য (বাহিরে আসিয়া) নিভৃতং (গোপনে) সখ্যৈ দদৌ (সখী শ্রীরাধার নিকটে অর্পণ করিয়াছিলেন) ॥ ৮৬ ॥

৮৭। দাসিকা গুণমঞ্জরী (গুণমঞ্জরীনাম্নী সেবিকা) পতদ্গ্রাহমুপাদায় (পিক্‌দানীটিকে হাতে লইয়া) তাভ্যঃ (সখীগণকে) তাম্বূলচর্বিতং বিভজন্তী (শ্রীরাধাকৃষ্ণের চর্বিত তাম্বূল বিতরণ করিতে

করিতে) বহিঃ যযৌ (কুঞ্জ হইতে বহির্গত ~~করি~~ হইলেন)॥ ৮৭॥

৮৮। মঞ্জুলা আলী (মঞ্জুলীলানাম্নী সখী) তয়োঃ (যুগলমূর্তির) অঙ্গাৎ (অঙ্গ হইতে) চ্যুতমাল্যানুলেপনং (স্খলিত মাল্য ও অনুলেপন-দ্রব্য রাশিকে) তল্পাৎ আদায় (শয্যা হইতে সংগ্রহ করিয়া) সর্বাভ্যঃ প্রযচ্ছন্তী (সকল সখীগণকে দান করিতে করিতে) বিনির্গতা (কুঞ্জ হইতে বহির্গত হইয়াছিলেন)॥ ৮৮॥

৮৯। প্রতিদিশং সখ্যঃ ([তৎকালে] চতুর্দিক্ হইতে সখীগণ), অগ্রে (সম্মুখভাগে) প্রিয়তমং মেঘাম্বরবৃতশরীরং (শ্রীকৃষ্ণের দেহকে নীলবস্ত্রে আবৃত [এবং]), প্রহ্লাদিতাং তাং বয়স্যাং (সখী কৃষ্ণচিত্তা শ্রীরাধার) পীতাম্বরপরিবৃতাঙ্গীং (দেহকে পীতবস্ত্রে আচ্ছাদিত) বিলোক্য (দেখিয়া), তাঃ (তাঁহারা) করপিহিতমুখ্যঃ হসন্ত্যঃ (হস্তদ্বারা মুখ আবৃত করিয়া হাসিতে হাসিতে) কুটিলচলদৃগন্তৈঃ (কুটিল ~~~~ চঞ্চল-নেত্র-দ্বারা) অন্যোন্যং দিশন্ত্যঃ চ (পরস্পর

একে অন্যকে তাহা দেখাইয়া) মুমুদিরে (পরমানন্দ লাভ করিয়াছিলেন)॥ ৮৯॥

৯০। তৌ ([তৎকালে] শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) তাসাং (সখীগণের) পরিহাসভঙ্গীং (পরিহাস-ভঙ্গী) সমীক্ষ্য (দর্শন করিয়া) অন্যোন্য বক্রালসিত ফুল্ল-নেত্রৌ (পরস্পর একে অন্যের মুখের দিকে উৎফুল্ল দৃষ্টিযুগল নিক্ষেপপূর্বক) সমুচ্ছলৎ-প্রেমসুধাম্বুধিমগ্নৌ (উচ্ছলিত প্রেমানন্দসাগরে নিমগ্ন হইয়া) চিত্রার্পিতাঙ্গৌ ইব অভূতাং (চিত্রাঙ্কিত মূর্তিযুগলের ন্যায় অবস্থান করিয়াছিলেন)॥ ৯০॥

৯১। কম্বৌ পয়ঃ ইব (শঙ্খের অভ্যন্তরে অবস্থিত দুগ্ধকে যেরূপ [পৃথক্ ভাবে জানা যায় না, সেইরূপ তৎকালে]) কান্তা (শ্রীরাধা) অম্বরুচৌ (মেঘের ন্যায় কান্তিবিশিষ্ট) প্রিয়তনৌ (শ্রীকৃষ্ণের দেহে) অভিলীনং (একান্তভাবে সংলগ্ন), ঘনশ্যামং (মেঘেরই ন্যায় শ্যামবর্ণ), স্বং চীনং বসনং অপি (স্বীয় সূক্ষ্ম উত্তরীয় বস্ত্রটিকেও) পরিচেতুং (লক্ষ্য করিতে) ন ক্ষমা আসীৎ (সমর্থা হইলেন না;

[এইরূপ]) হরিঃ অপি (শ্রীকৃষ্ণও) প্রিয়তমা-তনৌ (শ্রীরাধার দেহে) লীনং (সংলগ্ন) কনকরুচি পীতং (সুবর্ণের ন্যায় পীতবর্ণ) স্বং (স্বীয়) ফীতং (সুপ্রশস্ত) চীনং (সূক্ষ্ম উত্তরীয় বস্ত্রটিকে) ন অপশ্যৎ (লক্ষ্য করিতে পারেন নাই) ।। ২১ ।।

২২। অথ (অতঃপর) ললিতা (ললিতা) তয়োঃ (উভ যুগলবিগ্রহের) লীলামৃতাস্বাদন-প্রত্যূহাসহসঙ্কুলা (লীলামৃতের আস্বাদন-ব্যাপারে বাধার উৎপাদনহেতু ক্রুদ্ধা হইয়া) উদ্যন্তম্ (উদয়োন্মুখ) অরুণং (সূর্যকে) নিন্দন্তী (নিন্দা করিতে করিতে) সখীম্ আহ (প্রিয়সখী শ্রীরাধাকে এরূপ বলিয়াছিলেন) ।।২২।।

২৩। রাধে (হে রাধিকে!) পশ্য (ঐ দেখ) অয়ং অরুণঃ (এই অরুণ অর্থাৎ সূর্য-সারথি) উদ্ভাসি (প্রত্যূষে) বরবধূনাং (সুন্দরী ললনাগণের) রমণসহিতলীলাভঙ্গতঃ (প্রিয়তমগণের সহিত অনুষ্ঠিত বিহারলীলার ভঙ্গহেতু) পাপরুগ্‌ভিঃ (পাপরোষে) পাতিত-পদযুগঃ অপি (পদযুগলের দলিতভাব ধারণ করিয়াও) অদ্য অপি (অদ্যাবধি) তং নো জহাতি (ঐরূপ আচরণ ত্যাগ করে নাই);

স্ব-স্বভাব: (নিজ-নিজ-স্বভাব) দুষ্ত্যজ: ([প্রাণি-গণের পক্ষে] দুষ্পরিহার্য্যই) ইতি যৎ বচনং (এইরূপ যে লোকপ্রসিদ্ধ বাক্য [প্রসিদ্ধ রহিয়াছে, তাহা বস্তুতঃই]) ঋতম্ (সত্য) ॥ ৭৩ ॥

৭৪ তত: (অনন্তর) বৃষভানুজা (শ্রীরাধা) ললিতোপহাসজনিত-স্মিতাননা (ললিতার উপহাসছলে মুখে মৃদু হাস্য ধারণ করিয়া), অরুণাঙ্কুরে অম্বরে (অরুণোদয়ে রক্তিম আকাশমার্গে), রতিকেলিভঙ্গকৃতা অরুণাং দৃশং (রতিক্রীড়া-ভঙ্গজনিত ক্রোধবশে রক্তবর্ণ দৃষ্টি) নিদধতী (নিক্ষেপপূর্ব্বক) মৃদু স[illegible] ভাষিণী আহ (মৃদু মধুর স্বরে বলিতে লাগিলেন) ॥ ৭৪ ॥

৭৫ স: অয়ং (এই অরুণ) অনূরু: অপি (উরুযুগল-হীন হইয়াও) অস্তং অয়ন্ (অস্তাচলে যাত্রা করিয়া) ক্ষণার্দ্ধাৎ (অর্দ্ধক্ষণ মধ্যেই) নভ: বিলঙ্ঘ্য (আকাশমণ্ডল অতিক্রমপূর্ব্বক) উদয়ম্ এতি ([পুনরায়] উদিত হয়); চেৎ (যদি) স: বিধি: (বিধাতা) এনং (ইহাকে) সোরুং ব্যধাস্যৎ (উরুযুক্ত করিতেন), তদা (তাহা হইলে)

রমে: বার্তা অলি (রাত্রির প্রসঙ্গসমূহও) ন অভাষিষ্যৎ (সম্ভবপর হইত না)॥ ৭৫॥

৭৬। মুকুন্দ: (শ্রীকৃষ্ণ) মনোরমাং বিভাত-লক্ষ্মীং (প্রভাতকালীন মনোহর শোভা) বীক্ষ্য (দর্শন [করিয়া]) তস্যা: (প্রিয়তমার) বচনামৃতং নিপীয় চ (বাক্যমধু পান করিয়া) মুদা উন্মদ: (হর্ষোন্মত্ত চিত্তে) বিস্মৃত গোষ্ঠে যান: (গোষ্ঠে-যাত্রার কথা বিস্মৃত হইয়া) প্রাণেশ্বরীং তাম্ অবদৎ (প্রাণেশ্বরী শ্রীরাধাকে এরূপ বলিতে লাগিলেন)॥ ৭৬॥

৭৭। [হে প্রিয়তমে!] পশ্য (ঐ দেখ) কান্তা কান্তানুরক্তা কান্তুক ইব (কোন কান্তা যেরূপ অন্য কান্তা কর্তৃক উপভুক্ত নিজ প্রিয়তমকে [দর্শন করিয়া অর্থাৎ অঙ্গে রাঙিমা ধারণ করে, সেইরূপ]) ইয়ং (এই) প্রাচী (পূর্বদিগ্‌বধূ) প্রভাতে আগতং (প্রভাতকালে সমাগত [ও]) অন্যাদিক্‌সঙ্গ কষায়িতাঙ্গং (অপর দিগ্‌বধূর সঙ্গহেতু অঙ্গসমূহে তল্লক্ষণযুক্ত) ইনং সমীক্ষ্য (ঐ সূর্যকে দর্শন করিয়া) অর্ধকুঞ্চিতা ইব

লাগ (শৈবালই যেন অঙ্গে রাখিয়া প্রকাশ
করিতেছে)।। ২৭।।

২৮। উন্নতে (অয়ি উন্নতে [কুমুদিনি!]) পশ্য
(ঐ দেখ) ইতি (তোমার) অমৎকান্তঃ (এই
প্রিয়তম) দ্বিজেশঃ অপি [অখিলজন-তমঃস্তোম-
হন্তা শান্তঃ অপি] (দ্বিজরাজ [চন্দ্রের নামান্তর]
হইয়াও সকল লোকের অন্ধকারনাশক ও
স্নিগ্ধস্বভাব হইয়াও [অর্থান্তরে
দ্বিজরাজ অর্থাৎ ব্রাহ্মণ ও সকল
লোকের অজ্ঞাননাশক, শান্তস্বভাব হইয়াও])
বারুণীং সংনিষেব্য (বারুণী অর্থাৎ বরুণ-
রাজের অধিষ্ঠিতা পশ্চিমদিক্ প্রাপ্ত হইয়া,
অর্থান্তরে মদ্য পান করিয়া) সপদি (সদ্যঃই)
অম্বরাৎ নিপতিতঃ (আকাশের প্রান্তভাগ
হইতে স্খলিত, অর্থান্তরে সর্বতোভাবে
অতিশয় পতিত বা মহাপাতকী হইয়াছেন);
শঙ্কে (মনে হয়), উষসি (প্রভাতকালে)
ইত্থং স্বীয়েন-সংপ্রমুদিত-নলিনীহাস-সঞ্জাত-
লজ্জা (নিজ-কান্ত সূর্যের সংযমে হৃষ্টচিত্ত

শাদ্বিনীর এইরূপ উপহাসবচনে লজ্জিতা হইয়াই)
কুমুদিনী (কুমুদিনী) সঙ্কোচভাজি: (সঙ্কোচ-
প্রাপ্ত) স্বৈ: দলৈ: (নিজ দলসমূহদ্বারা)
বক্ত্রং পিধত্তে হি (মুখ আবরণ করিতেছে)।। ২৮।।
তমশ্চয়নিভা: (অন্ধকার রাশির
ন্যায় কৃষ্ণবর্ণ) অমী অন্যপুষ্টা: (ঐ কোকিল-
গণ) নক্তং (রাত্রিকালে) বিধুনা তমঃক্ষয়ং
দৃষ্ট্বা (চন্দ্রকর্তৃক অন্ধকারের হ্রাস বা অপসারণ দর্শন
করিয়া) প্রভাতে (প্রাতঃকালে) চকিতা:
(ভয়ে চঞ্চল হইয়া অর্থাৎ চন্দ্র ও সূর্য—উভয়-
কর্তৃকই অন্ধকারভ্রমে নিজের বিনাশ হইতে
পারে এইরূপ আশঙ্কাযুক্ত হইয়া),
তদাশ্রয়তয়া (চন্দ্রের আশ্রয় বলিয়া) তমসা
গ্রস্তং (রাহুকর্তৃক গ্রস্ত) মিত্রং চরন্তীং
(সূর্যের সঙ্গ প্রাপ্তা) কুহূং (অমাবস্যা-
তিথিকে) কুহূঃ ইতি স্বগিরা (কুহূ এইরূপ
নিজ-শব্দদ্বারা) আহ্বয়ন্তি
(আহ্বান করিতেছে। [অমাবস্যা-তিথিতে
চন্দ্র সূর্যের অভ্যন্তরে প্রবেশ করে, আর

ঐ অমাবস্যা-বিশেষেই সূর্যগ্রহণ হয় বলিয়া, সূর্য ও চন্দ্র উভয়ের প্রাণের ভয়ে অস্মদের জন্য নিজের বিনাশের আশঙ্কা করেন। এই হেতুই কোকিলগণ যেন 'কুহু'-শব্দে অমাবস্যাকেই আহ্বান করিতেছে])॥ ৯৯॥

১০০। বসন্তকান্ত-সংসর্গজাতানন্দভরা (বসন্তরূপ প্রিয়তমের সংসর্গে অতিশয় আনন্দের উদয়-হেতু) উন্মদা (উন্মাদনবিহ্বলা) সা অটবী (সুপ্রসিদ্ধা বনরাজি) কপোতীঘূৎকারমিষাৎ (কপোতীবৃন্দের ঘূৎকার-ধ্বনিচ্ছলে) শীৎকরোতি ইব (যেন শীৎকার করিতেছে)॥ ১০০॥

১০১। [illegible] (হে চন্দ্রমুখি!) পশ্য (ঐ দেখ), কৈরবিণী-কুলকেলিপিঙ্গঃ চঞ্চলভৃঙ্গঃ (চঞ্চল ভ্রমরটি [রাত্রিকালে] কুমুদিনী-সমূহে বিহার হেতু পিঙ্গলবর্ণ হইয়া [সম্প্রতি]) নলিনীকোষে (পদ্মের অভ্যন্তরে) নিশি কৃত-সঙ্গাং (রাত্রিযাপনকারিণী [ও]) কৃতনতি-ভঙ্গীং (নিজ-প্রণতিযুক্ত প্রার্থনা বাক্যের প্রত্যা-খ্যানকারিণী) ভৃঙ্গীং (ভ্রমরীর) অনুসরতি (অনুসরণ করিতেছে)॥ ১০১॥

১০২। কোকী (চক্রবাকবধূ) আয়ান্তং কান্তম্ আলক্ষ্য (সমীপাগত প্রিয়তমটিকে দেখে) আনন্দ-বিহ্বলা (আনন্দে উৎফুল্লা হইয়া), অরুণাংশুদ্বিগুণারুণং (অরুণকিরণ-যোগে দ্বিগুণ রক্তবর্ণ) কোকনদং (রক্তপদ্মকে) চঞ্চ্বা (চঞ্চুদ্বারা) চুম্বতি (চুম্বন করিতেছে)॥ ১০২॥

১০৩। কলকণ্ঠি (হে মধুরভাষিণি!) কলস্বনাখ্যঃ ('কল-স্বন' নামক) এষঃ (এই) হংসঃ (হংসটি) নৌ সমীক্ষ্য (আমাদিগকে দর্শন করিয়া), সম্মদফুল্লপক্ষঃ (হর্ষভরে পক্ষসমূহের উৎফুল্লতা ধারণপূর্বক), রিরংসুম্ অপি হংসীং (রতিকাঙ্ক্ষী হংসীকেও) বিহায় (পরিত্যাগ করিয়া) পুরতঃ (সম্মুখ ভাগে) তটিন্যাঃ তটং (নদীতীরে) সমেতি (উপস্থিত হইতেছে)॥ ১০৩॥

১০৪। সরসিজমুখি (হে পদ্মমুখি!) পশ্য (ঐ দেখ) মদকলকণ্ঠী (মত্ততাবশতঃ মধুরকণ্ঠস্বর-বিশিষ্টা) নাম্না তুণ্ডিকেরী (তুণ্ডিকেরী-নাম্নী) মরালী (হংসবধূটি) চঞ্চ্বা (স্বীয় চঞ্চুপুটে-

দ্বারা), স্বসহচরনিসৃষ্টং (নিজ-সহচর কর্তৃক
প্রদত্ত) সামিভুক্তং (অর্ধভুক্ত) মৃণালং (মৃণাল-
খণ্ডটি) বিভ্রতী (ধারন করিতে করিতে) ত্বন্মুখাব্জার্পিতাক্ষী
(তোমার মুখের প্রতি দৃষ্টি রাখিয়া) রমণম্ অনু
সরতি (নিজ-প্রিয়তমের অনুসরণ করিয়া এদিকেই
আসিতেছে) ॥ ১০৪॥

১০৫। [এই দেশে] মলয়শিখরচারী (মলয় পর্বতের শিখর-
দেশে বিচরণকারী), পঙ্কজামোদধারী (পদ্মফুলের সৌরভধারী), ব্রততিনটকুমারী-
লাস্যশিক্ষাধিকারী (লতারূপা নটকন্যাগণের
নৃত্যশিক্ষক), জলবিহারী (জলাশয়ে বিহার-
রত [ও]) আয়াসহারী (সকল লোকের
শ্রমনাশক) বায়ুঃ (বায়ু) সরসনর-নারী-
স্বেদজালাপহারী (প্রিয়তমের সহিত মিলিত
বরাঙ্গনাগণের ঘর্মরাশি দূর করিয়া)
বহতি (প্রবাহিত হইতেছে) ॥ ১০৫॥

১০৬। বনেশ্বরী সা (বৃন্দাবনের অধীশ্বরী বৃন্দা-
দেবী) ইতি সুমধুর-বাগবিলাসয়োঃ (পূর্বোক্ত-
রূপ সুমধুর বাক্যবিলাসযুক্ত) শুকয়োঃ

(শ্রীরাধার ও শ্রীকৃষ্ণের) তাং স্বভবনযান-বিস্মৃতিং (নিজ-নিজ-গৃহগমনের বিস্মৃতি [ও]) সিত-রুচিরস: (মনোহর-হাস্যযুক্তা) তা: সখী: চ (সেই সখীগণেরও) মুদা উন্মদা: (হর্ষোন্মত্তা) সমীক্ষ্য (লক্ষ্য করিয়া), দিবসভিয়া (দিবা-ভাগের আগমন-ভয়ে) উন্মনা: আস (চিন্তা-গ্রস্ত হইয়াছিলেন)॥১০৬॥

১০৭॥ অথ (অতঃপর) তরুস্থিতা (বৃক্ষাগ্রে অবস্থিতা), বৃন্দেঙ্গিতাভিজ্ঞা (বৃন্দাদেবীর ইঙ্গিতাভিজ্ঞা), সময়জ্ঞা (কালোচিত কর্তব্যজ্ঞানসম্পন্না) বৃদ্ধমর্কটী (বৃদ্ধা বানরী) কক্খটী (কক্খটী) পদ্যম্ উদ্যোতয়াম্ আস (এইরূপ পদ্য উচ্চারণ করিয়াছিল)॥১০৭॥

১০৮॥ সতাং বন্দ্যা (সজ্জনগণের বন্দনীয়া), রক্তাম্বরা (রক্তবস্ত্রা, অর্থাৎ রক্ত আকাশরূপ বস্ত্র-ধারিণী), ঊর্ধ্বপ্রসর্পদংশুজটিলা ([ও] ঊর্ধ্বভাগে বিস্তৃত সূর্যকিরণ-জটিলা অর্থাৎ সূর্যকিরণরূপ-জটাযুক্তা) ইয়ং (এই) প্রাতঃসন্ধ্যা তপস্বিনী (প্রাতঃকাল-রূপা তপস্বিনী) উপস্থিতা (সমাগত হইয়াছে)॥১০৮॥

(~~নির্গতৌ হইয়াছেন~~) ॥ ১০৮ ॥

১০৯। অথ (অনন্তর) ব্রজপুরসদ্মৌ (ব্রজপুরের প্রাসাদ-ভবন) তৌ (সেই) বরতনু-কৃষ্ণৌ (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) অতিরতিতৃষ্ণৌ অপি (রতিতৃষ্ণায় অতিশয় আকুল হইলেও), অতিকুটিলায়াঃ (অতিশয় কুটিলস্বভাবা) জটিলায়াঃ (জটিলার) প্রথন-স্বনচকিতৌ (নাম-শ্রবণে শঙ্কিত হইয়া) স্তিমিতভয়-লক্ষ্মৌ (ভীতিগ্রস্তচিত্তে) নিরিতঃ ([কুঞ্জ হইতে] বাহির্গত হইলেন) ॥ ১০৯ ॥

১১০। সখ্যঃ (সখীগণ) তৌ (শ্রীরাধাকৃষ্ণকে) জটিলা ইতি নাম্না ('জটিলা' এইরূপ (নাম শ্রবণে) ~~শব্দ শুনিয়া~~) ভীতি-তরলৌ (ভয়ে চঞ্চল হইয়া), স্খলদ্দুকূল-চিকুরস্রজং (স্খলিত বস্ত্র, কেশরাশি ও মাল্যকে) উন্নয়ন্তৌ (উন্নমিত করিয়া), ভীতৌ (ভয়ে ~~ভীতভাবে~~) সদন-বর্ত্মনি পৃথক্ অপসরন্তৌ চ (ভবনপথে পৃথক্ পৃথক্‌রূপে পলায়ন করিতে) বীক্ষ্য (দেখিয়া) চকিতাঃ (চকিতচিত্ত ~~চকিতভাবে~~) ততঃ (তথা হইতে) ইতঃ ততঃ (ইতস্ততঃ) নিরীয়ুঃ (বাহির্গত হইয়াছিলেন) ॥ ১১০ ॥

১১১। কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) বামে (বামভাগে) চন্দ্রাবলী-পরিজনান্ (চন্দ্রাবলীর পরিজনগণকে), পুরস্তাৎ (সম্মুখভাগে) জ্যেষ্ঠবৃদ্ধান্ (প্রাচীন গোপগণকে [ও]) পশ্চাৎ (পশ্চাদ্ভাগে) কুটিল-জটিলাং (ক্রূরস্বভাবা জটিলাকে) আগতাং মন্যমানঃ (আগত মনে করিয়া), দক্ষিণে (দক্ষিণভাগে) যান্তীং (গমনরতা) সভয়চটুলাং (ভীতিচঞ্চলা) কান্তাং (প্রিয়তমাকে) দ্রষ্টুম্ উৎকঃ (দর্শন করিবার নিমিত্ত উৎকণ্ঠিত হইয়া) চঞ্চদ্গ্রীবং (গ্রীবাদেশের চঞ্চলতাসহকারে) দিশি দিশি (চতুর্দিকে) দৃশৌ প্রেরয়ন্ (দৃষ্টি চালনা করিয়া) গোষ্ঠং (গোষ্ঠে) আয়াৎ (আগমন করিয়াছিলেন) ।। ১১১।।

১১২। ঈশ্বরী (শ্রীরাধাও) জটিলা অনুগতা (জটিলা পশ্চাৎ আসিতেছেন) ইতি অভিলাক্ষিনী (এইরূপ লক্ষ্য করিয়া), গুরুনিতম্ব-কুচোদ্বহনাকুলা (গুরুতর নিতম্ব ও স্তনযুগলের বহনকার্য্যে আকুলা হইয়া), করধৃতাম্বর কেশচয়া (হস্তদ্বারা বস্ত্র ও কেশরাশি ধারণ-

পূর্বক) দ্রুতবিলম্বিত বল্গু (দ্রুত-বিলম্বিত গতিতে
অর্থাৎ কদাচিৎ দ্রুত ও কদাচিৎ মন্দ বেগে মনোরম-
ভাবেই) ব্রজং যযৌ (ব্রজে গমন করিলেন)॥১১২॥

১১৩। [তৎকালে] রূপমঞ্জরী (রূপমঞ্জরী) ভয়ানুরাগোচ্চয়-
ধূম্র লোল দৃক্-তিরস্কারিণ্যা (ভয় ও অনুরাগহেতু
ধূম্র অর্থাৎ অস্ফুটদীপ্তিযুক্ত চঞ্চল দৃষ্টিরূপ
যবনিকাদ্বারা) তিরস্কৃতে (আবৃত) নিজে (স্বীয়)
মনোরথে (চিত্তরথে) নিবেশ্য এব (আরোহণ
করাইয়াই যেন) তাং (শ্রীরাধাকে) গৃহং
নিনীষুঃ (গৃহে লইয়া যাইতে ইচ্ছা করিয়া) পশ্চাৎ
(পশ্চাতে) তদনু অয়াৎ (তাঁহার অনুগমন করিলেন)॥১১৩॥

১১৪। তদা ([এইরূপ] তৎকালে) সা (সেই সখী)
রতিমঞ্জরী চ (রতিমঞ্জরীও) অগ্রেসরৈঃ ([যাত্রা-
কারী নৃপ প্রভৃতির] অগ্রগামী) ভটৈঃ ইব
(সৈন্যগণের ন্যায়), ইতস্ততঃ ক্ষিপ্ত চলেক্ষণ-
শুগৈঃ (ইতস্ততঃ বিক্ষিপ্ত চঞ্চল দৃষ্টিরূপ বাণ-
ধারী), ভীদুঃস্থ-হৃদ্‌বৃত্তিচয়ৈঃ (ভয়কাতর
চিত্তবৃত্তিসমূহদ্বারা) অন্যজনান (অপর
জনগণকে) নিবারয়ন্তী (নিবারণ পূর্বক করিতে, অর্থাৎ

সতর্কভাবে অপরের দৃষ্টি পরিহার পূর্বক) তং অনুযাৎ (তাঁহার অনুসরণ করিয়াছিলেন)॥১১৪॥

১১৫। [অনন্তর শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ] চকিত-চকিতং (অতিশয় চকিতভাবে) নিজাঙ্গনে (নিজ-নিজ প্রাঙ্গণে) পদানি বিন্যস্যন্তৌ (পদ বিন্যাসপূর্বক) গুরুজনগৃহ-দ্বারি (গুরুজনবর্গের গৃহের দ্বারের দিকে) ন্যস্তাতি-লোলবিলোচনৌ (অতি চঞ্চল নয়নের দৃষ্টিযুগল নিক্ষেপ করিয়া) নিভৃত-নিভৃতং (অতি সংগোপনে) স্বং স্বং বেশ্ম (নিজ-নিজ-গৃহে যাইয়া) বিসাধ্বসৌ অপি (ভয় পরিত্যাগ করিলেও) অলসাকুলমানসৌ (আলস্যভরে আকুলচিত্তে) স্বে স্বে (নিজ-নিজ) তল্পে (শয্যায়) সুষুপতুঃ (নিদ্রামগ্ন হইয়াছিলেন)॥১১৫॥

১১৬। অচ্যুতে (ভগবান বিষ্ণু) সময়ে (জগতের স্থিতিকালে) বিভ্রমভরং (যথোচিত লীলাসমূহ) নির্বর্ত্য (নিষ্পাদনপূর্বক) প্রতিলয়ং (প্রলয়কালে) ফণিতল্পে (শ্রীঅনন্তদেবের শয্যায়) সুপ্তে (নিদ্রামগ্ন হইলে)

~~যথোচিত বিহার সম্পাদন পূর্বক নিজগৃহে নিদ্রিত হইলে) লীলাবিতাননিপুণা: (লীলাবিস্তার-নিপুণা) সগুণা: (গুণবতী) সখ্য: আমি (সখী-~~

গণও

Run on ~~অলক্ষ্য গতয়: (প্রতি [illegible])~~

লীলাবিতাননিপুণা: (তদীয় লীলাবিস্তারকারিণী) সগুণা: (গুণবতী) শ্রুতয়: (শ্রুতিসমূহ) ঐষং যথা স্বীয়ং: (যেরূপ সেই প্রভু বিষ্ণুকে আশ্রয় করেন, সেইরূপ [অচ্যুত শ্রীকৃষ্ণও সময়ে অর্থাৎ নিশান্তে নিশাজাগে যথোচিত বিহার সম্পাদন পূর্বক আসিয়া নিজগৃহে নিদ্রিত হইলে তদীয় লীলাবিস্তার-নিপুণা গুণবতী]) সখ্য: আমি (সখীগণও) অলক্ষ্যগতয়: (সকলের অলক্ষ্যে) যথাস্বং সদনং (নিজ-নিজ-গৃহে) [প্রবেশ করিয়া-ছিলেন]) ॥ ১.১৬ ॥

১। শ্রীচৈতন্যপদারবিন্দ-মধুপ-শ্রীরূপসেবাফলে (শ্রীমান্ শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ শ্রীল রূপগোস্বামিপাদের সেবার ফলরূপে যাহা প্রকাশিত হইয়াছে) শ্রীরঘুনাথ-দাসকৃতিনা দিষ্টে (পরম ধার্মিক পণ্ডিত শ্রীল

রঘুনাথ দাস গোস্বামিপাদ মহাশয়ের [বিষয়ে] উপদেশ করিয়াছেন), শ্রীজীবসম্মোদনাতে (শ্রীজীব-গোস্বামিপাদের সম্মোদন ফলে যাহার উদ্ভব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরজে (শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরের অর্থাৎ অনুগ্রহের ফলে যাহার রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃত-নামক সেই কাব্যের অন্তর্গত) নিশান্তকেলিবর্ণনং নাম (নিশা-শেষকালীন বিহার-বর্ণন-নামক) আদিঃ সর্গঃ (প্রথম সর্গ) গতঃ (সমাপ্ত হইল)॥ ১॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যের নিশান্ত-লীলা-বর্ণন-নামক প্রথম সর্গের অন্বয়মুখে বঙ্গানুবাদ সমাপ্ত।

শ্রী [illegible]

১৭ই কার্তিক, ১৩৬৪ সাল, রবিবার

3. 11. 57

দ্বিতীয় সর্গ

১। অথ (অনন্তর) প্রগে (প্রভাতকালে [যিনি]) সখীভিঃ (সখীগণের সহিত), ~~ব্রজেশয়া~~ ব্রজেশয়া (ব্রজেশ্বরী-কর্তৃক) তদ্‌গেহে (তদীয় গৃহে) আহূতাং (নিমন্ত্রিতা হইয়া) স্নাত-বিভূষিতাং (স্নান-ও-অলঙ্কার-ক্রিয়া সম্পাদনপূর্বক) বিহিতান্ন-পাকরচনাং ([তথায় যাইয়া] ভোজ্য বস্তুসমূহ পাক করিয়া) কৃষ্ণাব-শেষাশনাং (শ্রীকৃষ্ণের উচ্ছিষ্ট ভোজন করিয়া থাকেন), তাং রাধাং চ (সেই শ্রীরাধা [এবং]) বুদ্ধং ([যিনি] নিদ্রা হইতে উত্থিত হইয়া) অবাপ্ত-ধেনুসদনং (গোশালায় যাইয়া) নির্ব্যূঢ়-গোদোহনং (গো-দোহন সম্পাদনপূর্বক), সুস্নাতং (স্নানান্তে) সহচরৈঃ (সহচরগণের সহিত) কৃতভোজনং (ভোজন করিয়া থাকেন), তং কৃষ্ণং চ (সেই শ্রীকৃষ্ণচন্দ্রকে) আশ্রয়ে (আশ্রয় করিতেছি)।।১।।

২। অথ (অনন্তর) প্রভাতে (প্রাতঃকালে) প্রেমেন্দুপূর্ণা (অতিশয় প্রেমপূর্ণা) পৌর্ণমাসী (পৌর্ণমাসীদেবী) কৃতনিত্যকৃত্যা (নিত্যক্রিয়া সমাপনপূর্বক) অচ্যুতস্য প্রীত্যা (শ্রীকৃষ্ণের প্রতি প্রীতিবশতঃ) অতিবিহস্তচিত্তা (চিত্তের অতিশয় ব্যগ্রতাসহকারে) তূর্ণং (সত্বর)

ব্রজেশালয়ং (শ্রীনন্দমহারাজের গৃহে) আসসাদ কিল (উপস্থিত হইয়াছিলেন)॥২॥

৩। মন্থানোদ্ধৃতগব্যবিন্দুনিকরৈঃ ([শ্বেতদ্বীপপক্ষে] মন্দর পর্বতরূপ মন্থন দণ্ডদ্বারা ~~আলো~~ ক্ষীরসমুদ্রের আলোড়নহেতু দুগ্ধবিন্দুরাশিদ্বারা, [ব্রজপতির আলয়পক্ষে] দধিমন্থনের দণ্ডচালনায় উদ্ধৃত গব্য বস্তুর বিন্দুসমূহদ্বারা), আকীর্ণরম্যাঙ্গনং (যাহার রমণীয় অঙ্গন পরিব্যাপ্ত হইয়াছে); প্রেমাঢ্যাশ্রিতজনান্বিতং (যেস্থানে প্রীতিপরায়ণ স্নিগ্ধহৃদয় জনগণ বাস করেন); বহুবিধৈঃ (বিবিধ) রত্নৈঃ বিচিত্রান্তরং (রত্নরাজিদ্বারা যাহার অন্তর্ভাগ বৈচিত্র্য ধারণ করিতেছে); ক্ষীরোর্মুচ্ছলিতং (যাহা দুগ্ধপ্রবাহে উচ্ছলিত রহিয়াছে [এবং]) সদা অহিবিলসচ্ছয্যা-প্রসুপ্তাচ্যুতং ([শ্বেতদ্বীপপক্ষে] যেস্থানে অচ্যুত অর্থাৎ বিষ্ণু প্রীতিসহকারে অহি অর্থাৎ অনন্ত-নাগরূপ বিলাস-শয্যায় নিদ্রিত হন,

[ব্রজপতির গৃহপক্ষে] সদা হি [illegible]-
~~প্রসুপ্তাচ্যুতং~~ [এইরূপ পাঠে] [illegible] যেস্থানে

অদ্ভুত অর্থাৎ শ্রীকৃষ্ণ প্রীতিমহত্ত্বারে বিলাস-
শয্যায় নিদ্রামগ্ন রহিয়াছেন, এইরূপ])
শ্বেতদ্বীপমিব (শ্বেতদ্বীপের ন্যায়) ব্রজপতেঃ
(শ্রীনন্দমহারাজের) আলয়ং বীক্ষ্য (ভবনটি দর্শন
করিয়া) সা (সেই পৌর্ণমাসী দেবী) আনন্দিতা আস
(আনন্দলাভ করিয়াছিলেন) ।।৩।।

৪। নয়াভিজ্ঞা (পরমনিপুণা) স্থিতিজ্ঞা (মর্যাদা-
জ্ঞানসম্পন্না) ব্রজরাজ্ঞী (ব্রজেশ্বরী) সাক্ষাৎ
তপঃশ্রীরিব (সাক্ষাৎ তপঃসম্পদের ন্যায়)
সমাগতাং তাং (সমাগতা পৌর্ণমাসী দেবীকে)
অভিপ্রেক্ষ্য (দর্শন করিয়া) মুদা (হর্ষভরে)
অভ্যুদযযৌ (তাঁহার প্রত্যুদ্গমন অর্থাৎ অভ্যর্থনা
করিয়াছিলেন) ।।৪।।

৫। মুকুন্দজননীং (শ্রীযশোদা দেবী), ভোঃ
ব্রজবন্দ্যে ভগবতি (হে ব্রজমাননীয় ভগবতি!)
এহি (আসুন), স্বাগতম্ অস্তি (আপনার শুভাগমন
তো ?) ভবতীং প্রণমামি (আপনাকে প্রণাম করি)
ইতি উদীর্য (এই বলিয়া) সন্নিধৌ (নিকটে
যাইয়া) প্রণমন্তীং (প্রণাম করিলে) সা পরিরেভে

(পৌর্ণমাসী দেবী [তাঁহাকে] আলিঙ্গন করিয়া-
ছিলেন)॥ ৫॥

৬॥ [তিনি] গোবিন্দদর্শনোৎসুকা (শ্রীকৃষ্ণের দর্শনাভিমুখে উৎসুক হইয়া) আশীর্ভিঃ (আশীর্বাদ বাক্য দ্বারা) অমূং (শ্রীযশোদাদেবীকে) অভিনন্দ্য (সম্বর্ধনা জ্ঞাপন করিয়া) সর্বাত্মজ-গোততেঃ অস্যাঃ (স্বামী, পুত্র, গো-সমূহের সহিত তাঁহার) কুশলং (কুশল) পপ্রচ্ছ চ (জিজ্ঞাসা করিলেন)॥৬॥

৭॥ [অনন্তর] ব্রজেশ্বরী (ব্রজেশ্বরী) অস্যৈ (পৌর্ণমাসী দেবীকে) কুশলং নিবেদ্য চ ([সকলের] কুশল জ্ঞাপন করিয়া) উৎকণ্ঠয়া তয়া সহ (উৎসুকা সেই দেবীর সহিত), উৎকা (স্বয়ংও উৎকণ্ঠিতা হইয়া) সূনোঃ শয়নগৃহং (পুত্রের শয়নগৃহে) প্রবিবেশ (প্রবেশ করিয়াছিলেন)॥ ৭॥

WEIGHTS AND MEASURES.

INDIAN BAZAAR WEIGHT

4 Sikis = 1 Tola.
5 Sikis = 1 Kancha.
4 Kanchas or 5 Tolas = 1 Chatak.
4 Chataks = 1 Powah.
4 Powahs = 1 Seer.
5 Seers = 1 Pasari.
8 Pasaris or 40 Seers = 1 Maund.

JEWELLER'S WEIGHT

4 Dhans = 1 Rati.
6 Ratis = 1 Anna.
8 Ratis = 1 Masha.
12 Mashas or 16 Annas = 1 Tola or Bhari.

INDIAN TIME

60 Anupal = 1 Vipal.
60 Vipal = 1 Pal.
60 Pal = 1 Dundo.
60 Dundo = 1 Deen.
7 Deen = 1 Hafta.
30 Deen = 1 Mahina.
12 Mahina = 1 Baras.

INDIAN LIQUID MEASURE

4 Chataks = 1 Powah.
4 Powahs = 1 Seer.
40 Seers = 1 Maund.

INDIAN MONEY TABLE

3 Pies = 1 Pice
2 Pice = 1 Half-anna.
6 Pies = 1 Half-anna.
4 Pice = 1 Anna.
12 Pies = 1 Anna.
16 Annas = 1 Rupee.

INDIAN MONEY TO STERLING

1 Anna = 1 Penny.
12 Annas = 1 Shilling.
1 Rupee = 1 Shilling & 6 Pence.
13 Rupees & 5 Annas = 1 Pound.

CEYLON MONEY TABLE

100 Cents = 1 Rupee.

BENGAL BAZAAR WEIGHT

5 Chataks = 1 Kunka.
2 Kunkas = 1 Khunchi.
2 Khunchis = 1 Rek.
2 Reks = 1 Pali.
2 Palis = 1 Done.
2 Dones = 1 Kati.
8 Katis = 1 Arhi.
20 Arhis = 1 Bish.
16 Bishes = 1 Kahan.
16 Palis = 1 Maund.
8 Dones = 1 Maund
20 Dones = 1 Sali.

BENGAL LINEAL MEASURE

3 Jaubs = 1 Anguli.
4 Angulis = 1 Musti.
3 Mustis = 1 Bitasti.
2 Bitastis = 1 Hat.
2 Hats = 1 Gaz.
2 Gazes = 1 Dhanu.
2000 Dhanus = 1 Kosh.
4 Koshes = 1 Yojan

BENGAL GRAIN MEASURE

5 Chataks = 1 Koonkee.
4 Koonkees = 1 Raik.
32 Raiks = 1 Maund.

BENGAL PHYSICIAN'S WEIGHT

4 Dhans = 1 Rati.
10 Ratis = 1 Masha.
12 Mashas = 1 Tola.

BENGAL CLOTH MEASURE

3 Angulis = 1 Girah.
8 Girahs = 1 Hath.
2 Haths = 1 Gaz.

BENGAL MEASURE OF LAND SURFACE

20 Square Cubits (or Gandas) = 1 Chatak.
16 Chataks = 1 Katha.
20 Kathas = 1 Bigha.

BOMBAY BAZAAR MEASURE

36 Tanks = 1 Tipari.
2 Tiparis = 1 Seer.
4 Seers = 1 Payli.
16 Paylis = 1 Phara.
8 Pharas = 1 Kandi.
25 Pharas = 1 Muda.

BOMBAY MEASURE OF LAND SURFACE

39½ Square Cubits = 1 Kathi.
20 Kathis = 1 Pand.
20 Pands = 1 Bigha.
6 Bigahs = 1 Rukeh.
20 Rukehs = 1 Chahur.

BOMBAY CLOTH MEASURE

2 Angulis = 1 Tasu.
24 Tasus = 1 Gaz.

MADRAS LOCAL WEIGHT

180 Grains = 1 Tola.
3 Tolas = 1 Palam.
8 Palams = 1 Seer.
5 Seers = 1 Vis.
8 Vis = 1 Maund.
20 Maunds = 1 Kandi.

MADRAS BAZAAR MEASURE

8 Ollaks = 1 Paddi.
8 Paddis = 1 Markal.
5 Markals = 1 Phara
80 Pharas = 1 Garce.

UNITED PROVINCES MEASURE OF LAND

20 Kachvansi = 1 Bisvansi.
20 Bisvansis = 1 Bisva.
20 Bisvas = 1 Bigha.

PUNJAB MEASURE OF LAND

9 Sarsi = 1 Marla.
20 Marlas = 1 Kanal.
4 Kanals = 1 Bigha.
2 Bighas = 1 Ghuma.

BRITISH AVOIRDUPOIS WEIGHT

16 Drams = 1 Ounce.
16 Ounces = 1 Pound.
14 Pounds = 1 Stone.
2 Stones = 1 Quarter.
4 Quarters = 1 Hundred-weight.
20 Hundred-weights = 1 Ton.

CAPACITY

4 Gills = 1 Pint.
2 Pints = 1 Quart.
4 Quarts = 1 Gallon.
2 Gallons = 1 Peck.
4 Pecks = 1 Bushel.
8 Bushels = 1 Quarter.

BRITISH LINEAL MEASURE

12 Inches = 1 Foot.
3 Feet = 1 Yard.
5½ Yards = 1 Pole.
40 Poles = 1 Furlong.
22 Yards = 1 Chain.
10 Chains = 1 Furlong.
8 Furlongs = 1 Mile.
1760 Yards = 1 Mile.

BRITISH MONEY TABLE

4 Farthings = 1 Penny.
12 Pence = 1 Shilling.
20 Shillings = 1 Pound.
2 Shillings = 1 Florin.
2 Shillings & 6 Pence = 1 Half-crown.

BRITISH MEASURE OF LAND

144 Sq. Ins. = 1 Sq. Foot.
9 Sq. Feet = 1 Sq. Yd.
1210 Sq. Yds. = 1 Rood.
4 Roods = 1 Acre.
640 Acres = 1 Sq. M.

BRITISH TABLE OF TIME

60 Seconds = 1 Minute.
60 Minutes = 1 Hour.
24 Hours = 1 Day.
7 Days = 1 Week.
4 Weeks = 1 Month.
12 Months = 1 Year.
365 Days = 1 Year.
366 Days = 1 Leap Year.
53 Weeks = 1 Year.

Janata

শ্রীগোবিন্দ লীলামৃতের

EXERCISE BOOK

অন্বয় ও অনুবাদ

মোট ১৯ খানা খাতার মধ্যে

No. 8 Pages 128

খাতা নং — ২

Name Out of 19 khatas
SCHOOL Khata NO 2
COLLEGE
CLASS ______ SEC ____ ROLL No ____
Subject ______

[illegible]

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ :
দ্বিতীয় সর্গ (Contd.)

৮ তাবৎ (এই সময়েই) গোভট-ভদ্রসেন-সুবল-স্তোক-কৃষ্ণার্জুন-শ্রীদামোজ্জ্বল-দাম-কিঙ্কিণি-সুদামাদ্যাঃ সখায়ঃ (গোভট, ভদ্রসেন, সুবল, স্তোককৃষ্ণ, অর্জুন, শ্রীদাম, উজ্জ্বল, দাম, কিঙ্কিণি ও সুদামপ্রমুখ সহচরগণ) ত্বরিতাঃ গৃহাৎ আগত্য (সত্বর নিজ-নিজ-গৃহ হইতে আগমনপূর্বক) মুদা (হর্ষভরে) প্রাঙ্গণে (প্রাঙ্গনে) শ্রীসীরিণা (বলদেবের সহিত) অভিমিলিতাঃ (মিলিত হইয়া), 'ভোঃ কৃষ্ণ (হে শ্রীকৃষ্ণ!) উত্তিষ্ঠ (উঠ), নিজেষ্টগোষ্ঠং অয় (নিজ-প্রিয় গোষ্ঠে গমন কর)' ইতি আহ্বয়ন্তঃ (এইরূপ আহ্বান করিয়া) স্থিতাঃ (অপেক্ষা করিতে লাগিলেন)।। ৮।।

৯ 'হী হী ভোঃ বয়স্যাঃ (হী হী বয়স্যগণ!) প্রভাতং কিমু (রাত্রি প্রভাত হইয়াছে কি? [তবে]) নঃ সখা (আমাদের বয়স্য শ্রীকৃষ্ণ) অদ্য অপি (এখনও) কথং নিদ্রাতি (নিদ্রা যাইতেছেন কেন)? তৎ এনং বোধয়ামি (তবে [আমিই] ইঁহাকে জাগ্রত করিতেছি)' ইতি ঐরয়ন্ (এইরূপ বলিতে বলিতে) মধুমঙ্গলঃ অপি (মধুমঙ্গলও) স্বতল্পাৎ (নিজ

শয্যা হইতে) উদস্থাৎ (উত্থান করিলেন)॥ ৯॥

~~[অতঃপর] মধুমঙ্গলঃ 'বয়স্য উত্তিষ্ঠ' (হে বয়স্য! গাত্রোত্থান কর উঠ)~~

১০। [অতঃপর] 'বয়স্য উত্তিষ্ঠ' ('হে বয়স্য! উঠুন'), ইতি জল্পন্ (এইরূপ বলিতে বলিতে) মধুমঙ্গলঃ (মধুমঙ্গল) নিদ্রালস-স্খলদ্‌যানঃ (নিদ্রাজনিত আলস্যহেতু স্খলিতপদে) হরেঃ (শ্রীকৃষ্ণের) তল্পালয়ং (শয্যাগৃহে) প্রাবিশৎ (প্রবেশ করিলেন)॥ ১০॥

১১। অথেশ্বরঃ (শ্রীকৃষ্ণ) তদ্‌বাগ্‌বিগতনিদ্রঃ (তাঁহার বাক্যে জাগ্রত হইয়া) উত্তিষ্ঠাসুঃ অপি (উঠিতে ইচ্ছুক হইলেও) ঘূর্ণদ্‌ঘূর্ণেক্ষণঃ (নয়নে ঘূর্ণন উদয়হেতু) ক্ষণং (ক্ষণকাল পর্যন্ত) উত্থাতুমীশ্বরঃ ন আসীৎ (উঠিতে সমর্থ হইলেন না)॥ ১১॥

১২। মাতা (শ্রীযশোদা) প্রাতিঃ বা (প্রাতির ন্যায়) প্রলয়াবসানে (নিদ্রার অবসানে—কালে, প্রাতি পক্ষে— প্রলয়কালের অবসানে), সুক্ষীর-রত্নাকরশালিবাস্তুঃ (উত্তম দুগ্ধ ও রত্নসমূহে পরিপূর্ণ শ্রীব্রজরাজের পুরীস্থিত গৃহমধ্যে, পক্ষান্তরে— ক্ষীরসমুদ্রের

অন্তর্গত মন্দিরে) অনন্ত রত্নোজ্জ্বল তল্প মধ্যে (প্রভূত
রত্নজালে সমুজ্জ্বল শয্যার উপরে, পক্ষান্তরে —
শেষনাগের রত্নোজ্জ্বল তদীয় দেহরূপ শয্যায়)
সুপ্তং (নিদ্রিত) হরিং (শ্রীকৃষ্ণকে, পক্ষান্তরে —
ভগবান বিষ্ণুকে) বোধয়িতুং প্রবৃত্তা (জাগ্রত
করিতে উদ্যতা হইলেন)।। ১২।।

১৩। অথ (অতঃপর) মাতা (জননী শ্রীযশোদা) পর্যঙ্কে
(খাটের উপরে) সব্যং পাণিং (বাম হস্ত) ন্যস্য
(বিন্যাসপূর্বক) তদুপরি (তাহার উপর) নিহিত-
স্বাঙ্গভারা (নিজ দেহভার অর্পন করিয়া) ঈষদাভুগ্ন-
মধ্যা (দেহের মধ্যভাগের ঈষৎ বক্রভঙ্গি সহকারে)
ইতরকরকমলেন (দক্ষিণ হস্তদ্বারা) কৃষ্ণস্য অঙ্গং
(শ্রীকৃষ্ণের অঙ্গ স্পর্শ করিয়া) আনন্দবাষ্পৈঃ
স্নুতকুচপয়সাং ধারয়া চ (আনন্দ বাষ্পের ও
স্তনযুগলের ক্ষরিত দুগ্ধধারায়) অস্য তল্পং
(তাঁহার শয্যা) সিঞ্চন্তী (সিক্ত করিয়া), বৎস
(হে বৎস!) আশু উত্তিষ্ঠ (শীঘ্র উঠ), নিদ্রাং
ত্যজ (নিদ্রা ত্যাগ কর), মুখকমলং দর্শয়
([সকলকে] নিজ মুখ দেখাও), ইতি আহ (এইরূপ
বলিয়াছিলেন)।। ১৩।।

১৪। 'বৎস (হে বৎস!) যদ্যপি (যদিও) সবয়সা: (বয়স্যদের সহিত অবস্থান করিলেও) তা: সুরভয়: (সুপ্রসিদ্ধা ধেনুগণ) সুচিরম্ অপি (দীর্ঘকাল) ত্বাং অনালোকয়ন্ত্য: (তোমাকে না দেখিলে) ন খলু প্রস্নুবন্তি (দুগ্ধ দান করে না); তৎ অপি (তথাপি) তব (তোমার) স: পিতা (জনক) তে (তোমার) সুখশয়নভয়াৎ (নিদ্রাসুখ ভঙ্গের আশঙ্কায়) ত্বাম্ অসম্বোধ্য (তোমাকে না জাগ্রত করিয়াই) এক: (একাকীই) গোষ্ঠং অগাৎ (গোষ্ঠে চলিয়া গিয়াছেন) ।। ১৪ ।।

১৫। '[হে বৎস!] উত্তিষ্ঠ (উঠ); তে (তোমার) মুখমার্জনং কুর্যাং (মুখ মার্জন করিব); ইহ ত্বদঙ্গে (তোমার এই শরীরে) বলস্য বাস: কিম্ (বলদেবের বস্ত্র কেন)?— ইতি ব্রুবানা যা (এইরূপ বলিতে বলিতে তিনি) তদঙ্গাৎ (তাঁহার অঙ্গ হইতে) নীলং বাস: (নীল উত্তরীয় বস্ত্র) অপনিনায় (অপসারিত করিয়া) আর্যাং অবদৎ চ (পৌর্ণমাসী দেবীকে এইরূপ বলিয়াছিলেন) ।। ১৫ ।।

১৬। 'অয়ি ভগবতি (হে দেবি!) পশ্য (দেখুন), — মল্ললীলাসু খেলৈ: (মল্লক্রীড়ায়

উৎসুক
ঔৎসুক্যযুক্তঃ চপলাশিশুসমূহৈঃ (চঞ্চল বালকগণ)
নয়নশলাকাভিঃ (নখদের তীক্ষ্ণ অগ্রভাগ-
দ্বারা) মে (আমার) অস্য সূনোঃ (এই পুত্রের)
ধাতুরাগাদিচিত্রং (গৈরিক রাগাদিদ্বারা রঞ্জিত),
কমলমৃদুলং অঙ্গং (পদ্মপুষ্পের ন্যায় সুকোমল)
অঙ্গং (অঙ্গসমূহ) আচোটিতং (ক্ষত বিক্ষত করিয়াছে);
হা হন্ত কিং করোমি (হায়! আমি হতভাগিনী
কী করিব)? ॥১৬॥

১৭। মুরারিঃ (শ্রীকৃষ্ণ) স্নেহভরৈঃ স্খলনন্ত্যাঃ (অতিশয়-
স্নেহশীলা নিজ-জননীর) ইতি (এইরূপ) চিত্রপদাং
(বিচিত্র পদযুক্ত) তাং বাণীং (বাক্য) অবধার্য
(অবধারণপূর্বক) হ্রীচকিতেক্ষণঃ আসীৎ (লজ্জায়
নয়নযুগলে চকিতভঙ্গী প্রকাশ করিয়াছিলেন) ॥১৭॥

১৮। পরিহাসপটুঃ (পরিহাসনিপুণ) বটুঃ (বিপ্রবালক)
মধুমঙ্গলঃ (মধুমঙ্গল) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) সলজ্জং
(লজ্জাকুল) আলক্ষ্য (মনে করিয়া), স্নেহার্দ্রান্তরাং
(স্নেহার্দ্রচিত্তা) অম্বাং (মাতাকে) অবদৎ (এইরূপ
বলিয়াছিলেন) ॥১৮॥

১৯। অম্ব (হে মাতঃ!) সত্যং (ইহা সত্যই যে), কোলি-

চঞ্চলা বয়স্যালী (ক্রীড়াচপল বয়স্যগণ, [গূঢ় অর্থে — ক্রীড়াচপলা সখীগণ]) ময়া বারিতা অপি (আমার বারণসত্ত্বেও) অতিলুব্ধেন অনেন (অতিশয় ক্রীড়ালুব্ধ এই শ্রীকৃষ্ণের সহিত) অনিশং (সর্বদাই) কুঞ্জেষু (কুঞ্জসমূহে) রেমে (ক্রীড়া করিয়া থাকে)॥ ১৯ ॥

২০। অথ (অনন্তর) সঃ হরিঃ (শ্রীকৃষ্ণ) প্রকাশীকৃতবাল্যবিভ্রমঃ (বালকোচিত ভঙ্গী প্রকাশপূর্বক) মুহুঃ (পুনরায়) যত্নাৎ (যত্নসহকারে) বিলোচনং সমুন্মীল্য (মনোহর নয়নযুগল উন্মীলন করিয়া) পুরঃ (সম্মুখভাগে) স্বাং জননীং (স্বীয় মাতাকে) পশ্যন্ (দেখিতে পাইয়া) স্মিতবক্ত্রপঙ্কজঃ (মুখকমলে মৃদু হাস্য প্রকাশ করিয়া) পুনঃ (পুনর্বার) ন্যমীলয়ৎ ([নেত্রদ্বয়] নিমীলিত করিলেন)॥ ২০॥

২১। পৌর্ণমাসী (পৌর্ণমাসী) ব্রজরাজপত্ন্যাঃ (শ্রীযশোদার) বচশ্চ আকর্ণ্য (বাক্য শ্রবণ করিয়া [ও]) কৃষ্ণস্য চ (শ্রীকৃষ্ণেরও) জননাঃ ভাবানুরাগাস্পদকরীং (মাতার বাৎসল্যের ভাবের সম্পূরণকারী) বাল্যচেষ্টাং (বালকোচিত ব্যবহার) সমীক্ষ্য

(দর্শন করিয়া) স্মিতপূর্বং (মৃদুহাস্যসহকারে) তং আহ (শ্রীকৃষ্ণকে এরূপ বলিয়াছিলেন) ॥ ২১॥

২২ ভো: সুমতে! (হে সুমতে!) সখীনাং সন্দোহৈ: (সহচরগণের সহিত, গূঢ় অর্থে = সখীগণের সহিত) নিরবধি (নিরন্তর) সখ্যকেলি অতিভি: (অতিশয় কেলিবিলাসে) পরিশ্রান্ত: (পরিশ্রান্ত হইয়া) ত্বং যৎ (তুমি যে) ইহ (এস্থানে) স্বপিষি (নিদ্রা যাইতেছ), তৎ যোগ্যং (তাহা সঙ্গতই বটে); কিন্তু (কিন্তু) তর্ণককুলং (বৎসগণ) তৃষিতম্ অপি (তৃষ্ণার্ত হইয়া) ত্বাম্ অনালোক্য (তোমায় অদর্শন হেতু) ঊধ: নো ধয়তি (নিজ মাতৃস্তন পান করিতেছে না); ব্রজকুলপতে (হে ব্রজকুলপালক!) তত: জাগৃহি (অতএব তুমি জাগ অর্থাৎ নিদ্রাত্যাগ কর) ॥ ২২॥

২৩ গোষ্ঠেশ্বর-নন্দন (হে ব্রজেন্দ্রনন্দন!) উত্তিষ্ঠ (উঠ); পশ্য (ঐ দেখ) তে (তোমার) অগ্রজ: (অগ্রজ) অয়ং (বলদেব) বয়স্যৈ: তর্ণকৈ: চ সহ (বয়স্যগণের ও বৎসগণের সহিত) গোষ্ঠং প্রতিষ্ঠাসু: অপি (গোষ্ঠে যাইতে ইচ্ছা করিয়াও) ত্বাম্ অপেক্ষ্য

(তোমার অপেক্ষায়) আরাৎ অঙ্গনে তিষ্ঠতি (নিকটেই প্রাঙ্গনে অপেক্ষা করিতেছেন) ॥ ২৩॥

২৪। অথ (অনন্তর) তমালনীলঃ (তমালতরুর ন্যায় শ্যামবর্ণ) সঃ (শ্রীকৃষ্ণ) সমুষ্টি (মুষ্টিবদ্ধ) পাণিদ্বয়ং (হস্তদ্বয়) উন্নময্য (উন্নত করিয়া) রসালসাঙ্গং (রসভরে আলস্যগ্রস্ত অঙ্গসমূহ) বিমোটয়ন (বিমোটনপূর্বক অর্থাৎ গাত্রভঙ্গ করিয়া) জৃম্ভাবিসর্পদ্দশনাংশুজালঃ (জৃম্ভাপ্রকাশহেতু দন্তকিরণরাজি বিস্তার করিতে করিতে) শয়নাৎ উদস্থাৎ (শয্যা হইতে উত্থিত হইলেন) ॥ ২৪॥

২৫। অথ (অনন্তর) সঃ তু (তিনি) খট্বৈকদেশে (খট্টার এক অংশে) সন্নিবিষ্টঃ (উপবেশনপূর্বক) পৃথিব্যাং (ভূতলে) বিন্যস্তপাদাব্জযুগঃ (পাদপদ্মযুগল বিন্যাস করিয়া) জৃম্ভোদ্গম-গদ্গদং (জৃম্ভার উদয়হেতু গদ্গদস্বরে), "অয়ি ভগবতি! (হে ভগবতি!) অহং (আমি) ত্বাং (আপনাকে) নমামি (প্রণাম করিতেছি)"— ইতি জগাদ (এইরূপ বলিয়াছিলেন) ॥ ২৫॥

২৬। [অনন্তর] জননী ইয়ং (জননী শ্রীযশোদা) নিজক্রিয়-স্নেহভরাকুলা (অতি প্রবল স্নেহভরে আকুলা হইয়া) অস্য (বালক শ্রীকৃষ্ণের) গলৎপ্রসূনং ([যাহা হইতে] পুষ্পসমূহ স্খলিত হইয়াছে, এইরূপ) বিস্রস্তং (আলুলায়িত), অঞ্জনপুঞ্জমঞ্জু (অঞ্জনরাশির ন্যায় মনোজ্ঞ), মৃদু-কেশপাশং (সুকোমল কেশসমূহ) উদ্যম্য (সংযত করিয়া) চূড়াং ববন্ধ (চূড়া রচনা করিয়াছিলেন)॥ ২৬॥

২৭। মাতা ([অতঃপর] জননী) পুরঃস্থজাম্বুনদঝর্ঝরীতঃ (পুরীমধ্যস্থিত স্বর্ণময় ভৃঙ্গার হইতে) করেণ (নিজ-হস্তে) পানীয়ম্ আনীয় (জল আনয়ন পূর্বক) সূনোঃ (পুত্রের) ঘূর্ণালসাক্ষং (ঘূর্ণযুক্ত অলস দৃষ্টিযুক্ত) আস্যং (মুখমণ্ডল) মুদা (হর্ষভরে) প্রক্ষাল্য (প্রক্ষালন করিয়া) স্বপট্টাঞ্চলেন (নিজ-বস্ত্রাঞ্চল দ্বারা) অমৃজৎ (মার্জন করিয়াছিলেন)॥ ২৭॥

২৮। অথ (অতঃপর) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) মাত্রা আর্যয়া চ (মাতার ও পৌর্ণমাসী দেবীর) অনুগতঃ অগ্রে (অগ্রবর্তিরূপে) সব্যেন (বাম) করেণ (হস্তদ্বারা) মধুমঙ্গলস্য পাণিং (মধুমঙ্গলের হস্ত [ও])

ইতরেণ করেণ (দক্ষিণ হস্তদ্বারা) বংশীং বিভ্রৎ
(বংশী ধারণপূর্বক) শয়নালয়াৎ (শয়নগৃহ হইতে)
প্রাঙ্গণম্ আসসাদ (প্রাঙ্গণে উপস্থিত হইলেন)॥২৮॥
২৯। একে (কেহ কেহ) অস্য (শ্রীকৃষ্ণের) করৌ (হস্তদ্বয়),
পরে (অন্য কেহ কেহ) পটান্তং (বস্ত্রের প্রান্তভাগ),
অন্যে চ (অপর কেহ কেহ) অঙ্গানি (অঙ্গসমূহ) যুগপৎ (একসঙ্গে) স্পৃশন্তঃ (স্পর্শ করিতে রত থাকিয়া),
প্রেম্না সমুৎকাঃ (প্রেমোৎসুক [হইয়া]) প্রোৎফুল্লনেত্রাঃ (উৎফুল্লনয়ন) সখায়ঃ (সহচরগণ) পরিতঃ
(চতুর্দিক হইতে) এনং (তাঁহাকে) পরিবব্রুঃ
(পরিবেষ্টিত করিয়াছিলেন)॥২৯॥
৩০। [তৎকালে] মাতা (জননী) তং (তাঁহাকে),
"ভোঃ বৎস! (হে বৎস!) গোষ্ঠং ব্রজ (গোষ্ঠে
গমন কর), তান্ তর্ণকান্ (নিজ বৎসগণকে)
পায়য়িত্বা (মাতৃস্তন পান করাইয়া [ও])
স্বাঃ সুরভীঃ দুগ্ধ্বা চ (স্বীয় ধেনুগণকে দোহন
করিয়া) ত্বং (তুমি) প্রাতরাশায় (প্রাতর্ভোজনের
নিমিত্ত) পুনঃ (পুনরায়) তূর্ণং (সত্বর) নিকেতং
সমেহি (গৃহে আগমন করিবে)" ইতি আহ
(এইরূপ বলিয়াছিলেন)॥৩০॥

এইরূপ বলিয়াছিলেন)॥ ৩০॥

৩১। অথ (অতঃপর) সঃ (শ্রীকৃষ্ণ) তয়া প্রহিতঃ (মাতার প্রেরণায়) তৈঃ সহিতঃ (সহচরগণের সহিত) ত্বরিতঃ (সত্বর) স্বগবাং সদনং (নিজ-ধেনুগণের বাসগৃহের দিকে) চলিতঃ (যাত্রা করিলেন ; [তৎকালে]) পরিহাসপটুঃ (পরিহাসনিপুণ) সঃ বটুঃ (বিপ্রবালক মধুমঙ্গল) পথি (পথমধ্যে) গগনে (আকাশের দিকে) নয়নে ধটয়ন্ (দৃষ্টিপাত করিয়া) তং (শ্রীকৃষ্ণকে) অবদৎ ([এইরূপ] বলিয়াছিলেন)॥ ৩১॥

৩২। বয়স্য! (হে বয়স্য!) পশ্য (ঐ দেখ), অম্বর-দীর্ঘিকায়াং (আকাশরূপ দীর্ঘিকায়) করজাল-মালাঃ (কিরণরূপ জালসমূহের) প্রসারয়ন্তং (বিস্তারকারী) আদিত্য-কৈবর্তং অবেক্ষ্য (সূর্যরূপ মৎস্যজীবিকে দর্শন করিয়া) তারা সফর্যঃ (তারারূপ শফরী-মৎস্যীগণ) পরিতঃ নিলিল্যুঃ (চতুর্দিকে লুক্কায়িত হইয়াছে)॥ ৩২॥

৩৩। মৃগতৃষ্ণাকরং (মরীচিকা-জনক) প্রোদ্যদর্ক-মৃগাদনং (উদয়শীল সূর্যরূপ তরক্ষুকে) প্রেক্ষ্য

(দর্শন করিয়া) মৃগাঙ্কঃ (চন্দ্র) স্বমৃগং (নিজ মৃগটিকে) ত্রাতুং (রক্ষা করিবার নিমিত্ত) অস্তাগিরেঃ গুহাং (অস্তাচলের গহ্বরে) প্রবিশতি (প্রবেশ করিতেছেন)॥ ৩৩॥

৩৪। পশ্য (ঐ দেখুন), উষসি (প্রভাতকালে) কালক্রমাৎ (সময়ানুসারে) নিঃসরদিন্দুগর্ভা (চন্দ্ররূপ গর্ভ নির্গত হইলে) ইয়ং (এই) দ্যুযোষা (আকাশ-বধূ) বিসৃষ্ট-তারাদি-বিভূষণা (তারকাপ্রভৃতি অলঙ্কার পরিত্যাগ করিয়া) শ্রমেন (পরিশ্রমহেতু) কপোতকূজৎকারমিষেণ (কপোতগণের কূজৎকার-শব্দচ্ছলে) কুন্থতি ইব (যেন কুন্থনধ্বনি করিতেছে)॥ ৩৪॥

৩৫। ভোঃ অব্জমুখ! (হে কমল-বদন!) হা লোকয় (অহো! ঐ দেখুন), অর্দ্ধুনা (সম্প্রতি) ইদং (এই) অব্জং (পদ্ম) স্বকুলং অপি অহিতং (নিজ-স্বকুলাত অর্থাৎ জলজ বলিয়া সহোদরস্বরূপ, অথচ বৈরভাবাপন্ন) অব্জং (চন্দ্রকে) ত্বন্মুখ-সুহৃদা (নিজ-সুহৃৎস্বরূপ ভবদীয় বদনমণ্ডলদ্বারা) পরিভূতং (পরাভূত অবস্থায়)

খাৎ (আকাশ হইতে) অসমানুং (দূর হইতে)
বীক্ষ্য (দেখিয়া) হসতি (হাস্য করিতেছে)॥ ৩৫॥

৩৬। গোপালপালা: (ধেনুগণের প্রতিপালক) তে শুভপাল-
বালা: (সেই গোপবালকগণ) মধুমঙ্গলস্য (মধু-
মঙ্গলের) ইত্থং (এইরূপ) হাস্যকরী: (হাস্যজনক)
তা: গির: (বাক্যসমূহ) নিশম্য (শ্রবণ করিয়া)
হসন্ত: (হাসিতে হাসিতে) স্বমাস্বং (নিজ-নিজ-)
গোশাল-মালা: (গোশালা-সমূহে) বিবিশু:
(প্রবেশ করিয়াছিলেন)॥ ৩৬॥

৩৭। সায়ং (সন্ধ্যাকালে) সকাব্য-গীষ্পতি: (শুক্রের ও
বৃহস্পতির সহিত মিলিত) শশী অম্বরমিব (চন্দ্র
যেরূপ আকাশমণ্ডলে [প্রবেশ করেন, সেইরূপ])
সরামমধুমঙ্গল: (বলদেবের ও মধুমঙ্গলের সহিত)
গোপাল: অপি (শ্রীকৃষ্ণও) স্বগোশালং (নিজ-
গোশালায়) আবিশৎ (প্রবেশ করিলেন)॥ ৩৭॥

৩৮। [তৎকালে] ধবলাবলি-বেষ্টিত: (শুক্লবর্ণা ধেনু-
গণকর্তৃক পরিবেষ্টিত) রাম: (বলদেব) দুগ্ধদাং
কৈলাশ-খণ্ডশৈলালী-মধ্যস্থৈরাবত-ভ্রমং (দেবগণের
চিত্তে কৈলাশ-পর্বতের বিচ্যুত বৃহৎ বৃহৎ শিলা-

শালিসমূহের মধ্যবর্তী ঐরাবত বলিয়া ভ্রান্তি) দধার (উৎপাদন করিয়াছিলেন)॥ ৩৮॥

৩৯। [এইরূপ] সঃ অচ্যুতঃ (শ্রীকৃষ্ণ) পরিতঃ স্থিতানাং (চতুর্দিকে অবস্থিতা), উদাননানাং (ঊর্দ্ধমুখী) ধবলাবলীনাং (শুক্লবর্ণ ধেনুগণের) মধ্যে অঞ্চন (মধ্যভাগে বিরাজমান হইয়া) জনানাং (লোক-সমূহের চিত্তে) স্ফুটপুণ্ডরীক-শ্রেণ্যন্তরঞ্চদ্-ভ্রমর-ভ্রমং (প্রস্ফুটিত শুক্ল পদ্মবৃন্দের মধ্যগত ভ্রমর বলিয়া ভ্রম) দধৌ (জন্মাইয়াছিলেন)॥ ৩৯॥

৪০। অসৌ ব্রজবিধুঃ (গোকুলচন্দ্র শ্রীকৃষ্ণ [তৎকালে]) হি হী গঙ্গে গোদাবরি শবলি কালিন্দি ধবলে (হি হী গঙ্গে, গোদাবরি, শবলি, কালিন্দি, ধবলে), হি হী ধূম্রে তুঙ্গি ভ্রমরি যমুনে হংসি কমলে (হি হী ধূম্রে, তুঙ্গি, ভ্রমরি, যমুনে, হংসি, কমলে), হি হী রঙ্গে চঞ্চে করিণি হরিণি (হি হী রঙ্গে, চঞ্চে, করিণি, হরিণি) মুহুঃ (বারম্বার) ইতি নামগ্রাহং (এইরূপ নাম উচ্চারণপূর্বক) নিখিলসুরভীঃ (ধেনুগণের সকলকেই) আহ্বয়ৎ (আহ্বান করিয়াছিলেন)॥ ৪০॥

৪১। অথ (অনন্তর) নন্দসুতঃ (শ্রীকৃষ্ণ) প্রপদোপরি (পদযুগলের অগ্রভাগে) ন্যস্তাংসঃ (অংসের ভার রক্ষা করিয়া) জানুদ্বয়ে (জানুযুগলের মধ্যভাগে) দোহনীং (দোহনপাত্র) প্রঘট্টয়ন্ (স্থাপনপূর্বক) স্বয়ং (স্বয়ং) কাশ্চিৎ (কতিপয় ধেনুর) পয়ঃ (দুগ্ধ) দোগ্ধি (দোহন করিতে লাগিলেন); উন্মুখীঃ পরাঃ তু (আর কতিপয় উন্মুখী ধেনুকে) স্বৈঃ দোহয়তি (স্বীয় জনগণের দ্বারা দোহন করাইতে লাগিলেন, [এবং]) অন্যাঃ (অন্য কতিপয় ধেনুকে) কণ্ডূয়নৈঃ (গাত্র কণ্ডূয়নদ্বারা) প্রীণয়ন্ (প্রীতি দান করিতে করিতে) স্বতর্ণক-গণান্ পায়য়তি (নিজ বৎসগণের দ্বারা তাহাদের দুগ্ধ পান করাইতে লাগিলেন); ইত্থং (এইরূপে) প্রগে (প্রভাতকালে) স্বসুরভীঃ (নিজ ধেনুগণকে) আনন্দয়ন্ (আনন্দ দান করিয়া) নন্দতি (তিনি স্বয়ংও আনন্দ অনুভব করিয়াছিলেন) ॥৪১॥

৪২। অথ (অনন্তর) অন্যতঃ (অন্য দিকে) জরতী (বৃদ্ধা) মুখরা (মুখরানাম্নী বৃদ্ধা গোপী অর্থাৎ শ্রীরাধার মাতামহী) কল্য-বিভগ্ননিদ্রা (প্রাতঃকালে

নিদ্রাভঙ্গের পর) তল্পাৎ (শয্যা হইতে) উত্থায় (উঠিয়া) বিনিদ্র-বাৎসল্যমুদাৎ প্রবহ্নী (প্রবল বাৎসল্য রসের প্রকট করিয়া) সমুৎকা (উৎসুক্য-সহকারে) স্বনপ্ত্র্যা: (স্বীয় দৌহিত্রীর অর্থাৎ শ্রীরাধার) গৃহং (গৃহে) সমায়াৎ (আগমন করিয়াছিলেন) ॥ ৪২॥

৪৩। অথ (অতঃপর) স্বভাবকুটিলা অপি জটিলা (জটিলা স্বভাবতঃ ক্রূর স্বভাবা হইলেও) আত্ম-সুত সম্পত্তি কাম্যয়া (নিজ পুত্রের সম্পদ বৃদ্ধি-কামনায়) ব্যাকুলা (ব্যগ্রা হইয়া) আযাতাং তাং (সমাগতা সেই) মুখরাং (মুখরাকে) অব্রবীৎ (এরূপ বলিয়াছিলেন) ॥ ৪৩॥

৪৪। "ভো (হে মুখাভিতে!) ত্বয়া (আপনি) সূনো: ([আমার] পুত্রের) প্রজায়ুর্ধন বৃদ্ধয়ে গোকোটি-হেতে: (সন্তান, আয়ু: ও ধনবৃদ্ধি ও কোটি গোধনলাভের নিমিত্ত) তপনার্চনায় (সূর্য-দেবের আরাধনার উদ্দেশ্যে) স্নুষা ([আমার] পুত্রবধূ শ্রীরাধাকে) নিয়তং (নিয়মিতভাবে)

সুমঙ্গল-স্নান-বিভূষণেষু (মাঙ্গলিক স্নান ও অলঙ্কার-ধারণাদি-কার্য্যে) নিযোজ্যা (নিযুক্ত করিবেন)॥ ৪৪॥

৪৫। অর্থাভিজ্ঞা (সর্ববিধ প্রয়োজন-বিষয়ে অভিজ্ঞতা-সম্পন্না) পৌর্ণমাসী কিল (পৌর্ণমাসী দেবী) যে বিজ্ঞাপিতা ([পূর্বোক্ত স্বার্থবিষয়ে] আমার প্রার্থনানুসারে) অন্বহং (সর্বদাই) ইতি (এরূপ) আদিশতি (আদেশ করেন যে) তে (তুমি) নিজ-গোষ্ঠ-রাজ্ঞ্যাঃ (নিজ-গোষ্ঠরাজ্ঞী শ্রীযশোদার) আজ্ঞানবজ্ঞা (আজ্ঞার প্রতি সমাদর) অপি (ও) কার্য্যানভিজ্ঞোক্তিষু (কর্তব্যানভিজ্ঞ ব্যক্তিগণের বাক্যসমূহের প্রতি) অবজ্ঞা কার্য্যা (অবজ্ঞা প্রদর্শন করিবে)॥ ৪৫॥

৪৬। আর্য্যে! (হে মাননীয়ে!) তস্মাৎ (সেই হেতু) যস্যা (যাহাতে) মম (আমার) সূনোঃ (পুত্রের) সর্বসম্প্রাপ্তিঃ ভবেৎ (সকল সম্পদ-লাভ হয় [তন্নিমিত্ত]) ত্বং (আপনি) স্বাং নপ্ত্রীং (স্বীয় দৌহিত্রীকে) সর্বমঙ্গলশালিতাং বিধেহি (সর্বপ্রকার মঙ্গলসম্পদে বিভূষিতা করুন)॥ ৪৬॥

৪৭। অথ (অতঃপর [তিনি]) বধূং (বধূ শ্রীরাধাকে) অভাষত (বলিলেন) "পুত্রি! (হে বৎসে!) ত্বং (তুমি) তল্পাৎ উত্তিষ্ঠ (শয্যা ত্যাগ করিয়া) তূর্ণং (সত্বর) বাস্তুপূজাং কুরু (বাস্তুপূজা সম্পাদন কর); মঙ্গলস্নানবিধিং বিধায় (এবং মাঙ্গলিক স্নানক্রিয়া সমাপন পূর্বক) সবিতুঃ (সূর্যদেবের) পূজোপহারং বিধেহি (পূজার উপহার রচনা কর)"॥ ৪৭॥

৪৮। তদা (তৎকালে) স্নেহদ্রুতাঙ্গী (স্নেহবিগলিত-মূর্তি) মুখরা (মুখরা) "অহো (অহো!) প্রভাতং (প্রভাতকাল) আয়াতং (উপস্থিত হইয়াছে) তথাপি (তথাপি) নপ্ত্রী (নাতিনী) নিদ্রাতি" (নিদ্রা যাইতেছে) ইতি মুহুঃ বদন্তী (বারবার এরূপ বলিতে বলিতে) শয্যালয়ং (শয়নগৃহে) প্রবিশ্য (প্রবেশপূর্বক) তাং (শ্রীরাধাকে) ইদং অবদৎ (এরূপ বলিয়াছিলেন)॥ ৪৮॥

৪৯। "প্রসুপ্তে বৎসে (অয়ি! অতিসুপ্তে বৎসে!) শয়নাৎ উত্তিষ্ঠ (শয্যা হইতে উঠ); ত্বয়া (তুমি) অদ্য রবেঃ বারঃ (অদ্য যে রবিবার,

ইত্থং) ব্যস্মারি কিং (ভুলিয়া গিয়াছ কি). ই=
অঙ্গ (সত্বর) স্নাত্বা (স্নান করিয়া) অর্কে
(সূর্যদেবের উদ্দেশ্যে) প্রভাতার্ঘ্যবিধানং (প্রভাত-
কালীন অর্ঘ্যবিধি) চ (এবং) অস্য (তাঁহার)
পূজোপহারং (পূজার উপহার) রচয় (রচনা
কর)॥ ৪৯॥

(৫০) অথ (অনন্তর) বিশাখা (বিশাখা) তদ্বচঃ:-
প্রতিবুদ্ধা (তাঁহার বাক্যে জাগ্রত হইয়া)
আলস্যা (আলস্য সহকারে) উত্থায় (গাত্রোত্থান-
পূর্বক) সত্বরা (অতিশয় ব্যস্ততা প্রকাশ-
করিয়া), 'সখি! (হে সখি!) তূর্ণং (সত্বর)
সমুত্তিষ্ঠ উত্তিষ্ঠ' ইতি প্রাহ (উঠ, উঠ এইরূপ
বলিয়াছিলেন)॥ ৫০॥

(৫১) অথ (অনন্তর) তড়াগে (সরোবরের জলে) বীচিচয়ৈঃ
(তরঙ্গরাজি দ্বারা) বিচালিতা (~~বিচালিতা~~ আন্দোলিতা) রাজহংসী
ইব (রাজহংসীর ন্যায়) রতালসাঙ্গী (রতিলীলায়
অলসদেহা) মুগ্ধা (মুগ্ধা) সা (শ্রীরাধা) তাসাং (জটিলা-
প্রভৃতির) বচোভিঃ (বাক্যে) মুহুঃ (বারবার)
শয়নে প্রজাগর্য (শয্যাতলে জাগরিত হইয়াও)

পুনঃ (পুনরায়) নিদদ্রৌ (নিদ্রামগ্না হইতে লাগিলেন) ॥ ৫১॥

৫২। তদা এব (এই সময়েই) অবসরাভিজ্ঞা (যথোচিত কর্তব্য বিষয়ে কালাভিজ্ঞা) সখী রতিমঞ্জরী (রতিমঞ্জরীনাম্নী সখী) বৃন্দাবনেশ্বর্যাঃ (শ্রীবৃন্দাবনেশ্বরীর) শ্রীমৎ চরণপঙ্কজং (শ্রীচরণকমল) জগ্রাহ (ধারণ করিয়াছিলেন) ॥ ৫২॥

৫৩। ইত্থং (এইরূপে) বহুভিঃ কৃতবোধা (অনেকের চেষ্টায় জাগ্রদ্দশা লাভ করিয়া) ইয়ং (শ্রীরাধা) স্বাৎ (স্বীয়) অনল্পাৎ (বহুমূল্য) শয়নাৎ (শয্যা হইতে) উদাতিষ্ঠৎ (গাত্রোত্থান করিয়াছিলেন); অথ (অতঃপর) সুস্মরা (সুস্মরা) তাং সুপীতপটাঙ্গীং বীক্ষ্য (তাঁহার অঙ্গে মনোহর পীতবসন দর্শন করিয়া) শঙ্কিতহৃৎ (সংশয়াকুলচিত্তে) ইদং উবাচ (এরূপ বলিয়াছিলেন) ॥ ৫৩॥

৫৪। অয়ি বিশাখে! (অয়ি বিশাখে!) তে (তোমার) সখী (সখী) যৎ বিভর্তি (যাহা ধারণ করিয়াছে), দ্রুতকনক-সবর্ণং (গলিত সুবর্ণের ন্যায় কান্তিযুক্ত) এতৎ (এই) বসনং (বস্ত্রটি) সায়ং (সন্ধ্যাকালে)

মুরারে: (শ্রীকৃষ্ণের) উরসি দৃষ্টং (বক্ষ:স্থলেই দৃষ্ট হইয়াছিল) ইদং কিং (ইহা কীরূপ)? হা প্রমাদ: প্রমাদ: (হায়! ইহা বড়ই সর্বনাশের কথা)। গুঞ্জাস্রয়া: (গুঞ্জমালাতো) অস্যা: (এই শ্রীরাধার) ইদং ব্যবসিতং পশ্য (ইহা কীরূপ আচরণ, তাহা লক্ষ্য কর)॥ ৫৪॥

৫৫। বিলাসা (বিলাসা) তদ্বচশ্চাকিতধী: (মুখরার বাক্যে চিত্তে চমকিতা হইয়া) চলদৃষ্ট্যা (চঞ্চল-নেত্রে) স্বস্যা: (স্বীয়) হৃদি (বক্ষ:স্থলে) পীতবসনং বীক্ষ্য (পীত বস্ত্র নিরীক্ষণপূর্বক) হা এতৎ কিম্? (হায়! ইহা কি?) অহং জরতীং চ ইতি দিশন্তী (বৃদ্ধা মুখরাকেও এই রূপে উহা দেখাইয়া) প্রাক্ উবাচ (প্রথমে এইরূপ বলিলেন)॥ ৫৫॥

~~(ইঙ্গিতে সংকেত করিয়াছিলেন)।। ৫৫।।~~

শ্লো স্বভাবাদ্ধে মুগ্ধে কুরুতি (হে অজ্ঞস্বভাবে মুগ্ধে মুগ্ধে!) বালানুরাগত-প্রভাতোদিত-রবিচ্ছটাজাল-স্ফুলোচ্ছালিত-কনকাঙ্গ-দ্যুতি ভরৈ: (প্রভাতকালীন সূর্যের কিরণরাশি গবাক্ষপথে গৃহে প্রবেশ করিলে তাহা হই স্বর্ণে [সখীর] কাঞ্চনবর্ণ অঙ্গের কান্তিরাশি উজ্জ্বলিত হওয়ায়) বয়স্যায়া: (তাঁহার) ইদং (এই) শ্যামং বসনং অপি (নীল বস্ত্রটিও) পীতীকৃতং (পীত বলিয়া মনে হইতেছে; [অতএব আপনি]) কুত: (কী হেতু) শুদ্ধমতিষু (বিশুদ্ধচিত্ত এই সখীর প্রতি) শঙ্কাং (সন্দেহ) কুরুষে (প্রকাশ করিতেছেন)।। ৫৬।।

শ্লো [অনন্তর] ললিতাপ্রমুখা: তা: সখ্য: (ললিতাপ্রভৃতি সকল সখীগণই) স্বস্বগেহত: (নিজ-নিজ-গৃহ হইতে) ত্বরিতা: (সত্বর) প্রস্খলদ্গতয়: (স্খলিত গতিতে) সখ্যা: (সখী শ্রীরাধার) অন্তিকং তাবৎ (সমীপে) আজগ্মু: (আগমন করিলেন)।। ৫৭।।

শ্লো দাস্য: অপি (দাসী মঞ্জরীগণও) স্নানবেদী-সমীপত: (স্নানের বেদীর নিকটে) স্নানসম্ভারান্ (স্নানীয় দ্রব্যসমূহ) সংস্থাপ্য (সংস্থাপন অর্থাৎ সুসজ্জিত করিয়া)

স্বেশ্বরীং (নিজেদের ঈশ্বরী শ্রীরাধার) প্রতীক্ষমাণা: (অপেক্ষায়) অগ্রত: (সম্মুখে) তস্থু: (অবস্থান করিয়াছিলেন) ॥ ৫৮ ॥

৫৯ অথ (অতঃপর) বরাঙ্গী সা (সুন্দরী শ্রীরাধা) উত্থায় (গাত্রোত্থানপূর্বক), দাস্যা (দাসীকর্তৃক) অগ্রে (সম্মুখদেশে) স্থাপিতং (রক্ষিত), নানামণি-চিত্রং (নানামণিময় বিচিত্র) আসনবর্যং (উত্তম আসনে) অধ্যাস্ত (উপবেশন করিলেন) ॥ ৫৯ ॥

৬০ [তৎকালে] সা ললিতা (সখী ললিতা), কনকব্রততে: (সুবর্ণলতা হইতে) পল্লব-কুসুম-স্তবক-প্রচয়ং ইব (পল্লব ও পুষ্পস্তবকরাজির ন্যায়), স্বসখী-তনুত: (নিজ সখীর দেহ হইতে) সদয়ং সপ্রণয়ং (দয়া- ও প্রণয়ী সহকারে) আভরণনিচয়ং (অলঙ্কার-সমূহ) অবতারয়ৎ (উন্মোচন করিয়াছিলেন) ॥ ৬০ ॥

৬১ তাবৎ (তখনই) মঞ্জিষ্ঠা-রঙ্গবত্যাখ্যে (মঞ্জিষ্ঠা ও রঙ্গবতী-নাম্নী) রজককন্যা কিশোরিকে (রজক-তনয়াদ্বয়) বাসাংসি উপাদায় (বস্ত্র-সমূহ আনয়নপূর্বক) স্বেশ্বরীং উপতস্থতু: (নিজেদের ঈশ্বরীর নিকটে উপস্থিত হইলেন) ॥ ৬১ ॥

৬৩॥ [অনন্তরং] সা (শ্রীরাধা) গন্ধচূর্ণপরিপূর্ণ-বিচূর্ণ-দগ্রয়া (যাহা গন্ধচূর্ণে পরিপূর্ণ ও অগ্রভাগে চূর্ণীকৃত, তাদৃশ ~~এইরূপ~~) আম্রদলস্য পুটিকয়া (আম্রদলের পুটিকাদ্বারা), পদ্মরাগ-খচিত-স্ফটিকাভানিন্দিনঃ (পদ্মরাগমণি-খচিত স্ফটিক-কান্তির তিরস্কারকারী) স্বদশনান্ (~~নিজ~~ স্বীয় দন্তরাজি) পরিমার্জ্য (সম্মার্জন করিয়া), করাভ্যাং (করযুগল-দ্বারা) ~~জিহ্বাং~~ হৈমীং (সুবর্ণময়) জিহ্বাবিশোধনীং (জিহ্বা-শোধনী টিকে অর্থাৎ জিভ্ ছোলাকে) ধৃত্বা (ধারণ-পূর্বক) আদৌ চ (সর্বাগ্রে) রসজ্ঞাং শোধয়িত্বা (জিহ্বা পরিষ্কার করিয়া), দাসীদত্তস্বর্ণভৃঙ্গারবারাং গণ্ডূষৈঃ (দাসীকর্তৃক প্রদত্ত সুবর্ণময় ভৃঙ্গারের জলরাশির গণ্ডূষদ্বারা) বক্ত্রং সংক্ষালয়ামাস (মুখ প্রক্ষালন করিয়াছিলেন)। ৬২, ৬৩॥

৬৪॥ [অনন্তরং] সা (তিনি) পাণী শ্রীমুখেন্দুং চ (করযুগল ও মুখচন্দ্র) প্রোঞ্ছ্য (মার্জনপূর্বক), আভ্যাং দত্তং (রজককন্যাযুগলকর্তৃক প্রদত্ত) স্নান-যোগ্যং (স্নানযোগ্য) বাসঃ (বস্ত্র) পরিধায় (পরিধান করিয়া), অম্বুঃসম্পূর্তৈঃ (জলপূর্ণ)

শাতকুম্ভৈঃ কুম্ভৈঃ (সুবর্ণ কলসসমূহদ্বারা) ব্যাকীর্ণাং
(চতুর্দিকে পরিব্যাপ্ত) স্নানবেদীং (স্নান বেদিতে)
অয়াসীৎ (গমন করিলেন) ॥ ৬৪ ॥

৬৫। [অনন্তর] সেবনে (সেবাকার্যে) নিপুণাঃ (অভিজ্ঞ)
পরিজনাঃ (পরিজনগণ) দ্রাক্ (সত্বর) উপায়ন-
করাঃ (বিবিধ উপকরণ হস্তে লইয়া), তত্র
(সেই স্নান বেদির উপরে) চীনচেলাস্তিহিতে (সূক্ষ্ম-
বস্ত্রাবৃত), কাঞ্চনময়-মৃদুপীঠে (স্বর্ণময়
সুকোমল আসনে) বিনিবিষ্টাং (উপবিষ্টা) তাং
(শ্রীরাধাকে) পরিবব্রুঃ (চতুর্দিক হইতে বেষ্টন
করিলেন) ॥ ৬৫ ॥

৬৬। [অনন্তর] মর্দনোদ্বর্তনালক্ত-কেশসংস্কারকোবিদে
(তৈলমর্দন, উদ্বর্তন ক্রিয়া, অলক্তক-রাগ-সম্পাদন
ও কেশসংস্কারে নিপুণা), সুগন্ধা-নলিনীনাম্ন্যৌ
('সুগন্ধা' ও 'নলিনী'-নাম্নী) নাপিতাত্মজে (নাপিত-
কন্যাদ্বয়) আগতে (তথায় উপস্থিত হইলেন) ॥ ৬৬ ॥

৬৭। এতে (এই নাপিত কন্যাদ্বয়) প্রেমণা (প্রীতির
সহিত) অস্যাঃ (শ্রীরাধার) স্বভাবোজ্জ্বলম্ অঙ্গং
(স্বভাবতঃ উজ্জ্বল অঙ্গসমূহে) নারায়ণতৈল-

পূর্বৈঃ অভ্যঙ্গ (নারায়ণ তৈল মর্দন পূর্বক)
স্নিগ্ধ সুগন্ধি শীতৈঃ (স্নিগ্ধ, সুগন্ধি ও সুশীতল)
উদ্বর্তনৈঃ (উদ্বর্তন দ্রব্যসমূহ দ্বারা) উদ্বর্তয়ামাসতুঃ
(উদ্বর্তন-ক্রিয়া সম্পাদন করিলেন) ॥ ৬৭॥

৬৮ তে (সেই লালিত-কন্যাদ্বয়) গন্ধাঢ্য পিষ্টামলকৈঃ
(পেষিত ও গন্ধামিশ্রিত আমলকী দ্বারা) অস্যাঃ
(শ্রীরাধার) কচান্ সংস্কৃত্য (কেশ-সংস্কার পূর্বক)
অঙ্গ (অঙ্গের)
উজ্জ্বলানি (উজ্জ্বল) অঙ্গানি চ (অঙ্গসমূহকে)
চীনাংশুকৈঃ মার্জন পূর্বং (সূক্ষ্ম বস্ত্র দ্বারা মার্জন
করিয়া) অপাং ধারয়া (জলধারা দ্বারা)
প্রক্ষালয়ামাসতুঃ (ধৌত করিলেন) ॥ ৬৮॥

৬৯ [অনন্তর] এতাঃ সবয়সঃ (সঙ্গিনী সকলে)
গন্ধপঙ্ক-পরিবাসিত-কুসুম স্রোত সংভৃত জলৈঃ
(কুসুমসমূহান্বিত, গন্ধযুক্ত ও সুবাসিত
জলরাশি) শাতকুম্ভ ঘটিকাবিমুক্তৈঃ (সুবর্ণ-
নির্মিত ঘটীসমূহ দ্বারা গ্রহণ পূর্বক তাহার
ধারাদ্বারা) মুদা (প্রীতিসহকারে) তাং

(শ্রীরাধাকে) অপং স্নপয়ান্তি (পর্যায়ক্রমে স্নান করাইলেন)॥ ৬৯॥

৭০। [অনন্তর] স্বসখ্যঃ (তাঁহার সখীগণ) মৃদু-চীন চেলৈঃ (সুকোমল সূক্ষ্ম বস্ত্র দ্বারা) তস্যাঃ অঙ্গানি (তাঁহার অঙ্গসমূহ) সংমার্জ্য (সম্যক্-রূপে মার্জন করিয়া) কেশান্ অপাস্তোয়বিন্দূন্ বিধায় (কেশরাশির জলবিন্দুসমূহ অপসারণ-পূর্বক) সখীং (সখী শ্রীরাধাকে) প্রত্যুদ্-গমনীয়-বাসঃ (ধৌত [illegible] বস্ত্রযুগল) পরিধাপয়ান্তি (পরিধান করাইলেন)॥ ৭০॥

৭১। অথ (অতঃপর), অনঙ্গ চেষ্টাঃ ভাবহাবৈঃ (কাম-চেষ্টাসমূহ হাব ভাব দ্বারা) তারুণ্যলক্ষ্মীম্ ইব (যৌবন-শ্রী কে যেরূপ [অলঙ্কৃত করে, সেইরূপ]) সখ্যঃ (সখীগণও) ভূষণবেদিকায়াং (অলঙ্কার-পরিধানোচিত বেদিকায়) আগতাং (সমাগতা) তাং (শ্রীরাধাকে) প্রভাতোচিত ভূষণৈঃ (প্রভাত-কালের উপযোগী ভূষণসমূহ দ্বারা) বিভূষয়ামাসুঃ (অলঙ্কৃতা করিলেন)॥ ৭১॥

৭২। [অনন্তর] ললিতা (ললিতা) দূর-দূর-পরিশুদ্ধ-

সুগন্ধীন্ (চুলের ধূমযোগে শুষ্ক ও সুগন্ধীকৃত),
অস্যাঃ স্নিগ্ধকুঞ্চিতকচান্ (শ্রীরাধার স্নিগ্ধ, কুঞ্চিত
কেশরাশিকে) স্বাস্থিদাময়-বহুরত্নবিরাজদ্দান্ত-
কঙ্কতিকয়া (বিবিধ রত্নমণ্ডিত ও গজদন্ত-নির্মিত
স্বাস্থিদা-নামক ~~কঙ্কতিকা~~ কঙ্কতিকা অর্থাৎ
চিরুনী দ্বারা) মার্জয়িত্বা (মার্জিত করিয়া),
বিন্যস্তানেকমুক্তাস্রাজি (বিবিধ মুক্তামালায় বিভূষিত)
ধৃতবকুলে ([ও] বকুলপুষ্পে সুশোভিত)
মূর্ধ্নি (মস্তকে) শঙ্খচূড়াৎ (শঙ্খচূড়ের
নিকট হইতে) গৃহীতং (প্রাপ্ত), কৃষ্ণেন দত্তং
[শ্রীবলরামের মাধ্যমে] (শ্রীকৃষ্ণ কর্তৃক দত্ত) অমলং (বিশুদ্ধ) চূড়ামণিবরং
(চূড়ামণিটি) বিন্যস্য (বিন্যাসপূর্বক),
ডোরীসন্নদ্ধমূলাং (মূলদেশে ডোরীবন্ধন
করিয়া), মণিচয়খচিত-স্বর্ণবদ্ধান্তভাগা-
রক্তোদ্যৎপট্টতন্তুচ্চয়-বরচমরীবালবদগ্রাং
(প্রান্তদেশে মণিখচিত স্বর্ণাভরণ ও অগ্র-
ভাগে রক্তবর্ণ উজ্জ্বল পট্টসূত্রযুক্ত উত্তম চমরী-
[illegible]) বেণীং ববন্ধ (বেণীরচনা
করিয়া দিলেন)॥ ৭২-৭৩॥

৭৪। ততঃ (অনন্তর) চিত্রা (চিত্রানাম্নী সখী) মুদা (প্রীতিসহকারে) ইমাং (শ্রীরাধাকে) উদ্যৎকুরুবিন্দ-কন্দলঘটা-শোণান্তরীয়োপরি (নবজাত প্রবালাঙ্কুর-রাজি অপেক্ষাও রক্তবর্ণ অন্তরীয় বস্ত্রের উপরি-ভাগে) স্বর্ণাসাঞ্চিত-রক্তপট্টচমরী-যুগ্মান্তডোরী-দ্বয়াবদ্ধাকুঞ্চিত-মুষ্টিসাম্মিত-লসন্মধ্যং (স্বর্ণখচিত রক্তবর্ণ পট্টরচিত গুচ্ছযুগলদ্বারা প্রান্তভাগে বিভূষিত ডোরীযুগলে আবদ্ধ, কুঞ্চিত ও মধ্য-ভাগে মুষ্টিমেয়), ভৃঙ্গালীরুচি (ভ্রমরের ন্যায় কৃষ্ণবর্ণ), মেঘাম্বরাখ্যং (মেঘাম্বর-নামক) দুকূলং (বসন) পর্য্যধাপয়ৎ (পরিধান করাইলেন)॥ ৭৪॥

৭৫। [অনন্তর তিনি শ্রীরাধার] নিতম্বে (নিতম্বদেশে) অনেকরত্নাচিত-মূল-পক্ষবর্ণাঢ্য-পট্টসুবকোচ্চয়ান্তাং (মূলভাগে বিবিধ রত্নখচিত ও প্রান্তভাগে পক্ষবর্ণ পট্টসুবকাবলিমণ্ডিত [ক্রোড়ং]) সুবর্ণসূত্রা-ঞ্চিত-কিঙ্কিণীকাং (সুবর্ণসূত্রাবদ্ধ কিঙ্কিণীমালা-সংযুক্ত) কাঞ্চীং (চন্দ্রহার) সমুদানয়ৎ চ (বিন্যাস করিলেন)॥ ৭৫॥

৭৬/৭৭ অনন্তর বিশাখা (বিশাখা) অস্যাঃ (তাঁহার) পৃষ্ঠং
(পৃষ্ঠদেশ), বাহূ (বাহুদ্বয়), কুচৌ উরঃ
(স্তনযুগল ও বক্ষঃস্থলে) কর্পূরাগুরু-কাশ্মীর-
পঙ্কামিশ্রিত চন্দনৈঃ (কর্পূর, অগুরু ও কুঙ্কুম পঙ্ক-
মিশ্রিত চন্দন) সমালিপ্য (লেপন করিয়া),
অথ (পরে) সা (তিনি) ভালে (ললাটদেশে),
পার্শ্বয়োঃ আকপোলং (পার্শ্বদ্বয়ে গণ্ডযুগল পর্যন্ত)
কস্তূরী-পত্রবল্লী-সমুদয়খচিতং (কস্তূরীবিরচিত
পত্রবল্লীশ্রেণীদ্বারা শোভিত), অধঃ (অধোভাগে)
অন্তঃকস্তূরিকোদ্যন্মলয়জ-শশভৃল্লেখয়া (কস্তূরী-
গর্ভ চন্দনবিরচিত চন্দ্ররেখাদ্বারা) চিত্রং (পরিব্যাপ্ত
[এবং]) অভিতঃ (সর্বত্র) শ্রীখণ্ডবিন্দূৎকরবৃতং
(চন্দনবিন্দু-সমাবৃত), সীমন্তরেখান্বিতং
(সীমন্তরেখাযুক্ত), কামযন্ত্রাভিধানং (কাম-
যন্ত্রনামে প্রসিদ্ধ), সান্দ্রসিন্দূরপঙ্কৈঃ
তিলকং চক্রে (প্রগাঢ় সিন্দূরপঙ্কময় তিলক
রচনা করিয়া দিলেন)॥ ৭৬-৭৭॥
৭৮ চিত্রা (চিত্রানাম্নী সখী) তৎকুচয়োঃ তটে
(তাঁহার স্তনযুগলের প্রান্তভাগে) কস্তূর্যা

(কস্তূরীদ্বারা) পুষ্পগুচ্ছেন্দুলেখাব্জ-মকরী-চূত-পল্লবং (পুষ্পগুচ্ছ, চন্দ্রলেখা, পদ্ম, মকরীচিহ্ন ও আম্রপল্লব) চিত্রং লিলেখ (চিত্রিত করিয়াছিলেন) ॥ ৭৮॥

৭৯ [তৎকালে তাঁহার স্তনদেশে অঙ্কিত মৎস্যচিহ্ন, পুষ্প, নবপল্লব ও চন্দ্রলেখা দেখিয়া] মন্যে (মনে হয়) কামঃ (কন্দর্প) তদ্‌ভ্রূধনুর্যুগল প্রাপ্ত-নিরস্তকর্মা (তাঁহার ভ্রূযুগলরূপ ধনুকের সঞ্চালনহেতুই ক্রিয়াহীন হইয়া অর্থাৎ শ্রীরাধার ভ্রূযুগলের সঞ্চালনভঙ্গীদ্বারাই নিখিলজীবোন্মাদিহেতু নিজের আর কর্তব্য না থাকায়) নিজ-তৎস্তন-কোষগেহে (তদীয় স্তনযুগলরূপ স্বীয় কোষাগারে) মীনী-প্রসূন-নবপল্লবচন্দ্রলেখাব্যাজাৎ (মৎস্যচিহ্ন, পুষ্প, নবপল্লব ও চন্দ্রলেখাচ্ছলে) স্বচিহ্ন-শর-কুন্ত-ধনূংষি (স্বীয় মৎস্যচিহ্ন, বাণ, কুন্তনামক অস্ত্র ও ধনুঃ) ন্যধত্ত (রাখিয়া দিয়াছেন) ॥ ৭৯॥

৮০ তারালেন্দ্রধনুর্বিচিত্রা (নক্ষত্ররাজি ও ইন্দ্রধনুর সংযোগে বিচিত্রা) সান্ধ্যকান্তিঃ (সান্ধ্যশোভা)

শৈলেন্দ্রৌ ইব (যেরূপ উদয় ও অস্তাচলকে
[আচ্ছাদন করে, সেইরূপ]) চিত্রার্পিতানেক-
বিচিত্র রত্ন-মুক্তাচিতরক্ত দুকূল-চোলী (চিত্রা-
কর্তৃক বিন্যস্ত, বিবিধ বিচিত্র রত্ন-খচিত ও মুক্তা-
বিন্দু-সমন্বিত, রক্তবস্ত্রনির্মিত চোলী অর্থাৎ
স্তনাবরণ [শ্রীরাধার]) কুচৌ (স্তনযুগলকে)
তস্যাঃ (আচ্ছাদন করিয়াছিল)॥ ৮০॥

৮১। অথ (অতঃপর) রঙ্গদেবী (রঙ্গদেবী) শ্রুত্যোঃ
([শ্রীরাধার] কর্ণযুগলে) স্মারলঘুপুষ্পবিরাজদগ্রং
(ইন্দ্রনীলমণিময় ক্ষুদ্র পুষ্পযুগল দ্বারা অগ্রভাগে
সুশোভিত [ও]) সৌবর্ণতালদল-সম্বলনোপ-
পন্নং (সুবর্ণময় তালপত্রদ্বারা পদ্মকলিকাকারে
নির্মিত বলিয়া) ভৃঙ্গাশ্রিতশাতকৌম্ভসরোরুহ-
কোরকাভং (অগ্রভাগে ভ্রমরযুক্ত,
সুবর্ণবিরচিত পদ্মকোরকদ্বয়ের ন্যায় প্রতীয়মান)
তাটঙ্কযুগ্মং (তাড়ঙ্ক-নামক কর্ণভূষণদ্বয়) অদধাৎ (পরিধান
করাইয়াছিলেন)॥ ৮১॥

৮২। চিত্রা ([অতঃপর] সখী চিত্রা) তস্যাঃ সুতনোঃ
(সুন্দরী শ্রীরাধার) শ্রুত্যোঃ (কর্ণদ্বয়ের) উপরি

(উর্দ্ধাংশে) বজ্রারুণমণিচিত-স্থূলনীলাশ্মমধ্যে
(মধ্যভাগে হীরক ও সূর্যকান্ত মণিযুক্ত স্থূল মরকত-
বিশিষ্ট), মৌক্তিকালী স্ফুরদন্তে (প্রান্তভাগে মুক্তা-
রাজি পরিবেষ্টিত), মুক্তাস্যাষ্টাপদ-কলসিকা-
রাজদগ্রে (অগ্রভাগে মুক্তাযুক্ত স্বর্ণকলস-শোভিত),
প্রোদ্যদ্ভানুরুচিরে ([ও] নবোদিত সূর্যের ন্যায়
মনোহর), হৈমে (সুবর্ণরচিত) চারুচক্রী-
শলাকে (সুন্দর চক্রশলাকাদ্বয়) যুযোজ
(আবদ্ধ করিয়াছিলেন) ॥৮২॥

৮৩। দলাগ্রে (পত্ররাজির অগ্রভাগে) সন্নিবিষ্টঃ (অবস্থিত)
ভ্রমরঃ সরোজং ইব (ভ্রমর যেরূপ পদ্মের [শোভা
বিস্তার করে, সেইরূপ]) অস্যাঃ (শ্রীরাধার)
রুচির চিবুক মধ্যে (সুচারু চিবুকদেশে)
রত্নরাজচ্ছলাকা-কলিত-কর-বিশাখা-নির্মিতঃ
(রত্নখচিত শলাকাধারিণী শ্রীবিশাখার হস্ত-
রচিত), নবমৃগমদবিন্দুঃ (নবীন কস্তূরী-বিন্দু)
শ্রীমুখেন্দুং (মুখচন্দ্রের) শোভয়ন্ চকাস্তি
(শোভা বিস্তার পূর্বক বিরাজ করিতে-
ছিল) ॥৮৩॥

৮৪। অস্যাঃ (সুলোচনা শ্রীরাধার) হেমাঙ্গুলিকা-নিবদ্ধং নাসাগ্রমুক্তাফলং (নাসাগ্রে অঙ্গুলাকার স্বর্ণসূত্রে আবদ্ধ মুক্তাফলটি) ললাস (অতিশয় শোভা ধারণ করিয়াছিল) যৎ (আর উহা [তৎকালে]) শুকাস্যদষ্টং (শুকপক্ষীর চঞ্চুদ্বারা দষ্ট [ও]) তনুবৃন্তলগ্নং (সূক্ষ্ম বৃন্তসংলগ্ন) পক্বং (পক্ব) লবলীফলং (লবলীকে অর্থাৎ নোয়াড়ু-ফলকে) নিনিন্দ (তিরস্কার করিয়াছিল)॥ ৮৪॥

৮৫। অথ (অতঃপর) সা (বিশাখা) তদ্‌দৃক্‌চকোরীং (শ্রীরাধার দৃষ্টিরূপা চকোরীকে) কৃষ্ণানন-পূর্ণ-নির্মলাসিতেন্দু-কান্ত্যাচমনাতিলালসাং বীক্ষ্য (শ্রীকৃষ্ণের মুখরূপ কৃষ্ণবর্ণ সুনির্মল পূর্ণচন্দ্রের কান্তিরাশি পান করিবার নিমিত্ত অতিশয় লালসা-যুক্ত দর্শন করিয়া) তদ্‌বপুঃ-শ্রীযুঙ্‌-মঞ্জ্বঞ্জন-রেখয়া (শ্রীকৃষ্ণের বিগ্রহের ন্যায় শোভাযুক্ত মনোহর অঞ্জনের রেখাদ্বারা) আবৃতাং বিদধে ([উহার] শোভাবর্ধন করিয়াছিলেন)॥ ৮৫॥

৮৬। [অনন্তর] বিশাখা (বিশাখা) পুষ্করাক্ষ্যাঃ অস্যাঃ (কমললোচনা শ্রীরাধার) হারি-কর-দরাচিহ্ন-

শ্রীহরং (শ্রীহরির হস্তাঙ্কিত নখচিহ্নের শোভা-
হরণকারী) কণ্ঠং (কণ্ঠদেশকে) হরিভিয়া ইব
(শ্রীহরির ভয়েই যেন) সপদি (তৎক্ষণাৎ)
উপরি খচিত-নানারত্নজালৈঃ স্ফুরন্ত্যা (উপরি-
ভাগে নিবদ্ধ বিবিধ রত্নরাজির দীপ্তিযোগে
সমুজ্জ্বল), বিমলস্বর্ণপট্ট্যা (সুনির্মল স্বর্ণপট্টী-
দ্বারা) মধ্যে (মধ্যভাগে) ছাদয়ামাস (আচ্ছাদিত
করিয়াছিলেন) ॥ ৮৬॥

৮৭। [তৎকালে] তস্যাঃ (শ্রীরাধার) উপকণ্ঠকূপং
(কণ্ঠকূপের সমীপে) তয়া দত্তঃ (শ্রীবিশাখা-
কর্তৃক বিন্যস্ত), বজ্রাচিতাখণ্ডলরত্নচিত্র-
স্থূলমধ্যঃ (হীরকযুক্ত ইন্দ্রনীলমণি-ময়
খচিত ও মধ্যভাগে অতিশয় স্থূল), গুণবদ্ধ-
চঞ্চুঃ ([ ] গুণদ্বারা মুখভাগে আবদ্ধ)
হাটকচিত্রহংসঃ (সুবর্ণময় বিচিত্র হংস)
ললাস (শোভা পাইয়াছিল) ॥ ৮৭॥

৮৮। [অনন্তর] তয়া (বিশাখা) হৃদি ([শ্রীরাধার]
বক্ষঃস্থলে) অন্তরা অন্তরা (মধ্যে মধ্যে) সুবর্ণ-
গোলীযুগমধ্যগোলস্মরসার-গোলী-লিখিতঃ

(সুবর্ণগুটিকাদ্বয়ের অন্তরালে উজ্জ্বল ইন্দ্রনীলমণি-
ময় গুটিকার সন্নিবেশযুক্ত [ও]) সুসূক্ষ্ম মুক্তা-
বলিগুম্ফিতঃ (অতিসূক্ষ্ম মুক্তারাজিদ্বারা গ্রথিত)
গোস্তনাভিধঃ (গোস্তন-নামক) হারঃ (হার)
ন্যযোজি (বিন্যস্ত করিয়াছিলেন) ॥ ৮৮ ॥

৮৯। [এইরূপ] যা (তিনি) তদ্ধৃদয়ে (শ্রীরাধার বক্ষঃ-
স্থলে) মসার-চন্দ্রোপল-পদ্মরাগ-সুবর্ণগোলী-
গ্রথিতান্তরালৈঃ (মধ্যে মধ্যে ইন্দ্রনীলমণির, চন্দ্রকান্ত-
মণির, পদ্মরাগমণির ও সুবর্ণের গুটিকাসমূহের
সহিত গ্রথিত) মুক্তাপ্রবালৈঃ (মুক্তা ও প্রবাল-
রাজি দ্বারা নির্মিত) রত্নস্রজং (রত্নমাল্য)
ন্যযোজ (পরিধারণ করাইয়াছিলেন) ॥ ৮৯ ॥

৯০। [অন্বয়] তয়া (বিশাখাকর্তৃক) আর্পিতঃ
(প্রদত্ত), অন্তরা অন্তরা বৈদূর্যযুগ্মাচিত-হেমধাত্রিকা-বীজাভ-
গোলী-মিলিতঃ (মধ্যে মধ্যে বৈদূর্যমণিযুগলের
সহিত সুবর্ণনির্মিত আমলকীবীজতুল্য গুটিকা-
সমূহ দ্বারা সংযুক্ত), বিচিত্র মুক্তাবলী-চিত্র-
গুচ্ছকঃ (বিচিত্র মুক্তারাজির মনোহর গুচ্ছ)
তস্যাঃ (শ্রীরাধার) হৃদয়ে (বক্ষঃস্থলে) ররাজ
(শোভা পাইয়াছিল) ॥ ৯০ ॥

৯১। সা (শ্রীবিশাখা), রাসে নিশীথে (রাস-রজনীতে) সহনৃত্যগানতুষ্টেন (একসঙ্গে নৃত্য গীতের অনুষ্ঠানে সন্তুষ্ট হইয়া) হরিনা (শ্রীকৃষ্ণ) স্বকণ্ঠাৎ দত্তাং (স্বীয় কণ্ঠ হইতে মালা দান করিয়াছিলেন, [এবং মালা]) তস্য এব (শ্রীকৃষ্ণেরই) সাক্ষাৎ রাজলক্ষ্মীঃ ইব (রাজলক্ষ্মীর ন্যায় [মনে হইয়াছিল, এইরূপ]) গুঞ্জাবলীং (গুঞ্জামালা) তদ্হৃদি (শ্রীরাধার হৃদয়ে) নু যোজ (স্থাপন করিয়াছিলেন)।। ৯১।।

৯২। স্থূলতারাবলী-রম্যা (নক্ষত্রনিচয়ের ন্যায় স্থূল মুক্তারাজি দ্বারা রমণীয় [এবং]) মন্নায়ক-বিভূষিতা (চন্দ্রের ন্যায় মধ্যমণি দ্বারা অলঙ্কৃত), একাবলী-জ্যোৎস্নী (জ্যোৎস্নাময়ী রজনীর ন্যায় একাবলীনামক হার) তস্যাঃ (শ্রীরাধার) হৃদম্বরং (হৃদয়াকাশকে) অলঙ্কৃত (অলঙ্কৃত করিয়াছিল)।। ৯২।।

৯৩। [অনন্তর] অস্যাঃ (শ্রীরাধার) হৃদি (বক্ষঃস্থলে) বিশাখা-যোজিতা (বিশাখাকর্তৃক বিন্যস্ত), কনকখচিত বজ্রৈঃ (সুবর্ণখচিত হীরকরাজি দ্বারা)

বেষ্টিতৈ: (বেষ্টিত) পদ্মরাগৈ: চিত্রহরিমণিপূর্ণা-
ভ্যন্তরা (পদ্মরাগমণিসমূহের সহিত মিলিত ইন্দ্রনীল-
মণিরাজিদ্বারা অভ্যন্তরে পরিপূর্ণ [এবং]) প্রতনু-
সূরট্ রাজচ্ছৃঙ্খলা লম্বমানা (অতিসূক্ষ্ম স্বর্ণশৃঙ্খল-
যোগে লম্বমান) ~~চতুষ্কী (…~~ লসত কৌমুদী
চতুষ্কী (সুবর্ণপদক) লসতি (শোভা পাইতে-
ছিল)॥ ৭৩॥

৭৪ তদা (তৎকালে) অস্যা: (শ্রীরাধার) পৃষ্ঠানু:-
ক্রমলম্বমানং (পৃষ্ঠমধ্যে ক্রমশ: লম্বমান হইয়া)
অমলং শ্রীমদনুহারাবলী-বীটীবন্ধন-পট্টসূত্র-
চমরীজালং (গ্রীবাদেশের প্রান্তভাগে হারসমূহের
গ্রন্থিবন্ধনহেতু পট্টসূত্রবিরচিত নির্মল চমরীজাল
অর্থাৎ থোপনাসমূহ) বভৌ (অতিশয় শোভা
পাইতেছিল); মন্যে ([তদ্দর্শনে] ~~…~~ মনে
হয় যে), বেণীভুজঙ্গ্যা: (বেণীরূপা ভুজঙ্গী~~…~~)
চারুনিতম্বশৈলকটকাৎ ([শ্রীরাধার] মনোহর
নিতম্বরূপ ~~পর্বতের~~ গিরিকটক অর্থাৎ পর্বতের
মধ্যভাগ হইতে) মূর্ধাধিরোহার্থকং (যাহাতে
শিরোদেশে আরোহণ করিতে পারে, তজ্জন্য)

বিধিনা (বিধাতা) স্ফুটং (নিশ্চয়ই) করুণয়া
(হে দয়াপরবশ হইয়া) সোপানং কৃতং (সোপান-
শ্রেণি রচনা করিয়া রাখিয়াছেন)॥ ৭৪॥

৭৫ অথ (অতঃপর) বিলাসয়া (বিলাসা) ভুজয়োঃ
([শ্রীরাধার] বাহুদ্বয়ে) প্রলম্ব গুচ্ছান্বিত পট্ট-
ডোরিকা-পর্যুপ্ত-রাজন্নবরত্নমালয়া স্ফুরৎ
(সুদীর্ঘ-গুচ্ছযুক্ত কৃষ্ণবর্ণ পট্টডোরিকার সহিত
সম্বন্ধ দীপ্তিশালী নবরত্নমালাদ্বারা গ্রথিত)
হৈমে (সুবর্ণনির্মিত), হরিরম্যদাঙ্গদে ([ও]
শ্রীকৃষ্ণের প্রীতিদায়ক কেয়ূরযুগল) ন্যধায়ি-
ষাতাং (পরিধান করাইয়াছিলেন)॥ ৭৫॥

৭৬ তদা (তৎকালে) ললিতয়া (ললিতাকর্তৃক) তস্যাঃ
(শ্রীরাধার) কলাচিযুগেন (মণিবন্ধের অধো-
দেশে) খচিতানি (বিন্যস্ত) কান্তেন্দ্রনীলবলয়ানি
(মনোহর ইন্দ্রনীলমণিময় বলয়গুলি)
ফুল্লারুণাব্জ বিগলন্মধুলিপ্তনাল-সংবিষ্ট-ভৃঙ্গ-
পটলী-দ্যুতিতস্করাণি (প্রস্ফুটিত রক্তপদ্মযুগল
হইতে ক্ষরিত মধুধারায় বিলিপ্ত মৃণালদ্বয়ের
উপরিভাগে নিবিষ্ট ভ্রমরবৃন্দের কান্তিহরণ
করিয়া) রেজুঃ (শোভা পাইতেছিল)॥ ৭৬॥

~~করিয়া) রেজু: (শোভা পাইতেছিল)॥ ৭৬॥~~

৭৭॥ তস্যা: (শ্রীরাধার) স: (সেই) বলয়াবালি-সন্নিবেশ: (বলয়রাজি) মুক্তাবলীখচিত-হাটক-কঙ্কনাভ্যাং (মুক্তাখচিত সুবর্ণকঙ্কন-যুগলদ্বারা) সংবেষ্টিত: (পরিবেষ্টিত হইয়া), স্নিগ্ধৈ: বিম্বৈ: (চন্দ্রবিম্ব সমূহের ~~...~~ সহিত) মিলিত-ভাস্করযুগলাভ্যাং (মিলিত সূর্যমণ্ডলদ্বয়ের সাহচর্য প্রাপ্ত) সৈংহিকেয়: ইব (রাহুর ন্যায়) নিতরাং চকাস্তি (অতিশয় শোভা ধারণ করিয়াছিল)॥ ৭৭॥

৭৮॥ তস্যা: ([এইরূপ] তাঁহার) মণিবন্ধ-বন্ধনী (মণিবন্ধের বন্ধনী) হেমস্ফুরন্মর্দলিকালিমণ্ডিতা (সুবর্ণ-নির্মিত উজ্জ্বল মাদুলি-সমূহ দ্বারা অলঙ্কৃত), প্রলম্ব-পট্টস্তবকাবলম্বিনী (লম্বমান পট্টগুচ্ছের সহিত মিলিত [ও]) অনেকরত্নাবলি-লালিতান্তরা (মধ্যভাগে বিবিধ রত্নরাজির সমাবেশে সমৃদ্ধ হইয়া) ললাস (শোভা পাইয়াছিল)॥ ৭৮॥

~~অস্যা: ([তৎকালে] শ্রীরাধার) অঙ্গুলি ...~~
~~(অঙ্গুলীযক ...) ...~~ নিজনামাঙ্কিতা (নিজনাম ~~...~~

৯৯। [তৎকালে] অস্যাঃ (শ্রীরাধার) নিজনামাঙ্কিতা (স্বনামাঙ্কিত), নানারত্নদ্যুতিকরান্বিতা ([ও] বিবিধ রত্নসমূহের দীপ্তিসমন্বিত) অঙ্গুলি-মুদ্রা (অঙ্গুরীয় কটি) বিপক্ষ-মদমর্দনী বভৌ (বিপক্ষের গর্ব দলনকারিরূপে শোভা পাইয়াছিল)॥ ৯৯॥

১০০। [অনন্তর] বিলাস্য (বিলাসা) তৎপাদপদ্মোপরিষ্ঠাৎ (তদীয় পাদপদ্মযুগলের উপরিভাগে), চটুল-চটক-নাদৌ (চঞ্চল চটকপক্ষীর ন্যায় শব্দযুক্ত), কংস-শত্রোঃ শ্রুতিধৃতি-মতিহংসী-হারিনাদৌ (স্বীয় ঝঙ্কারদ্বারা শ্রীকৃষ্ণের কর্ণযুগল, ধৈর্য ও বুদ্ধিরূপ হংসীগণের আকর্ষণকারী), কনক-খচিত-নানারত্নমালাংশুচিত্রৌ ([এবং] সুবর্ণখচিত বিবিধ-রত্নরাজির কিরণসংস্পর্শে বিচিত্র ভাবাপন্ন) হংসকৌ (পাদবলয় অর্থাৎ একজোড়া মল) লঘু লঘু (ধীরে ধীরে) নিদধে (পরিধান করাইয়াছিলেন)॥ ১০০॥

১০১। [অনন্তর] তয়া (বিলাসা) তৎপদয়োঃ (শ্রীরাধার পদযুগলে) কালিন্দী-কলহংসালী-স্বাধ্যায়াধ্যাপকৌ (যমুনাতীরে বিচরণকারিনী কলহংসগণের মধুর স্বরপাঠ-শিক্ষার অধ্যাপকস্বরূপ), রত্নগোপুরৌ নূপুরৌ

(রত্নসোপুর-নামক নূপুরদ্বয় ঘুঙুর) নর্মেণ (পরিহাস করাইলে ~~বিলাস করিলে~~ উভয়) ভাতঃ (অতিশয় দীপ্তিশালী হইয়াছিল)।।১০১।।

১০২। [এইরূপ] তস্যাঃ (শ্রীরাধার) পদাঙ্গুলীষু (পদাঙ্গুলী-সমূহে) সুদেবী-খচিতানি (সুদেবী নাম্নী সখী কর্তৃক বিন্যস্ত), রত্নাবলী-কান্তি-করম্বিতানি (বিবিধ রত্ন কান্তি ~~শোভিত~~ খচিত [~~শোভিত~~]) বিধাতৃবিস্মাপকশিল্প-ভাঞ্জি (শিল্প কৌশলে বিধাতার ও বিস্ময়কারী), পাদাঙ্গুলীয়ানি রেজুঃ (পাদাঙ্গুরীয়ক সমূহ ~~গুলি~~ শোভা পাইয়াছিল)।।১০২।।

১০৩। অথ (অতঃপর) স্মেরারবিন্দবদনা (প্রফুল্ল কমল-মুখী) বিশাখা (বিশাখা) অরবিন্দবিলোচনায়াঃ (কমললোচনা) অস্যাঃ স্বসখ্যাঃ (নিজ সখী শ্রীরাধার) করারবিন্দে (করকমলে), মালাকৃতঃ তনুজয়া (মালাকার-নন্দিনী) নর্মদয়া (নর্মদা কর্তৃক) উষসি (প্রাতঃকালে) উপহৃতং (উপহার রূপে প্রদত্ত) লীলারবিন্দং (লীলাকমলটি) ন্যধাৎ (অর্পণ করিলেন)।।১০৩।।

১০৪। তদা এব (তৎকালেই) সময়াভিজ্ঞা (সময়োচিত-কর্তব্যরতা), নাপিতাত্মজা (নাপিত-নন্দিনী)

সুপক্ষ্মা (সুপক্ষ্মা) সুরক্তাং ([শ্রীরাধার] সম্মুখ-ভাগে) মণিবন্ধনং (মণি নির্মিত নিবদ্ধ শ্রী মণিবন্ধন-যমক) আদর্শং (দর্পণটি) দর্শয়ামাস (দর্শন করাইয়াছিলেন)॥১০৪॥

যা ([অনন্তর] শ্রীরাধা) মুকুরে (দর্পণের অভ্যন্তরে) প্রতিবিম্বিতং (প্রতিবিম্বিত) স্বং বপুঃ (নিজ-দেহকে) কৃষ্ণনেত্র কুতুকোচিত রূপ বেশং (শ্রীকৃষ্ণের নয়ন-যুগলের উৎসবজনক রূপ ও বেশযুক্ত) অবলোক্য (দর্শন করিয়া) কৃষ্ণোপসত্তিতরলা আস (শ্রীকৃষ্ণের সান্নিধ্য লাভের নিমিত্ত চঞ্চলা হইয়াছিলেন); হি (যেহেতু) বরাঙ্গনানাং (সুন্দরী ললনাগণের) বিশেষ বেশঃ (বেশভূষা) কান্তাবলোকনফলঃ (প্রিয়তমের দৃষ্টিগোচর হইলেই সার্থক হয়)॥১০৫॥

শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে (শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ শ্রীমদ্ রূপ গোস্বামীপাদের সেবার ফলরূপে যাহা প্রকাশিত হইয়াছে), শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে (পরম কীর্তিমান পণ্ডিত শ্রীমদ্ রঘুনাথ দাস গোস্বামিপাদ যাহার [বিষয়ে] উপদেশ করিয়াছেন), শ্রীজীবসঙ্গোদ্গতে (শ্রী জীব গোস্বামীপাদের সঙ্গ হইতে যাহার উদ্ভব

হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরেণ (শ্রীমদ্‌
রঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরের বা অনুগ্রহের ফলে যাহা
রচিত হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে
(শ্রীগোবিন্দলীলামৃত নামক সেই কাব্যের অনুগত)
কল্যবিলাসবর্ণনময়: (প্রাতর্বিলাসবর্ণনময়) ঃ
স: অয়ং (এই সুপ্রসিদ্ধ) দ্বিতীয়: সর্গ:
(দ্বিতীয় সর্গ) গত: (সমাপ্ত হইল) ॥ ২॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যের প্রাতর্বিলাস-বর্ণনময়
দ্বিতীয় সর্গের অন্বয়মুখ বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয় সর্গ

১। গোকুলনন্দনে (গোকুলানন্দ~~দায়ক~~ শ্রীকৃষ্ণ) গোষ্ঠং গতে অথ (গোষ্ঠে গমন করিলে) গোষ্ঠেশ্বরী (গোষ্ঠ-রাজ্ঞী শ্রীযশোদা) তদ্‌ভোজ্যোৎপাদনাকুলা (তাঁহার ভোজ্য দ্রব্য নির্মাণে ব্যাকুলা হইয়া) সর্বান্ গৃহজনান্ (গৃহস্থিত সকল লোককে) আহ (এরূপ বলিয়াছিলেন)॥ ১॥

২। যৎ অপি (যদিও) তে (সেই) গৃহজনাঃ (গৃহস্থিত ব্যক্তিগণ) তৎপ্রেমজালাকুলাঃ (শ্রীকৃষ্ণবিষয়ক প্রীতিবশতঃ আকুল হইয়া) নিজ-নিজ-করণীয়ে কর্মণি (নিজ-নিজ-কর্তব্য কার্যে) ব্যগ্রচিত্তাঃ ([স্বভাবতঃই] ব্যগ্রচিত্ত ছিলেন), তৎ অপি (তথাপি) সুতমধুদ্যৎস্নেহ-পীযূষ-পূর-স্নাপিত-ধাতিঃ (পুত্র বাৎসল্যরূপ অমৃত প্রবাহে চিত্তের অভিষেক হেতু) অধীশা (ব্রজেশ্বরী) তান্ (তাঁহাদিগকে) প্রমাদোদিশতীতি (বার বার আদেশ করিয়াছিলেন)॥ ২॥

৩। রাজ্ঞী ([অনন্তর] ব্রজেশ্বরী) দাসীঃ (শ্রীকৃষ্ণের নবীনা দাসীগণকে) সমাহূয় (আহ্বানপূর্বক) জগাদ (বলিলেন), —
'বৎসাঃ (হে বৎসাগণ! [তোমরা])

দ্রুত পাক কৃত্যে (শীঘ্র পাকক্রিয়ায়) ত্বরস্ব (ত্বরান্বিতা হও); সরামঃ (বলরামের সহিত) মে (আমার) বৎসঃ (বৎস) সঃ (শ্রীকৃষ্ণ) ক্ষুধিতঃ কৃশীয়ান্ (ক্ষুধায় অতিকৃশ হইয়া) অধুনা (এখনই) স্বগোষ্ঠাৎ (নিজ-গোষ্ঠ হইতে) সমেষ্যতি (প্রত্যাবর্তন করিবে)॥৩॥

৪॥ [তোমরা] শাকায় (শাকের নিমিত্ত) শাকাঃ (বিবিধ শাক), মূলানি (মূল), পুষ্প-দ্বিদল-ফল-দলানি (পুষ্প, দাইল, ফল, পত্র), আর্দ্রকং (আদা), পিষ্টমাষঃ (পেষিত মাষকলায়), চুক্রং (অম্ল দ্রব্য), শুণ্ঠী-হরিদ্রা-মরিচ-শালি-সিতা-জীরকং (শুণ্ঠী, হরিদ্রা, মরিচ, কর্পূর, শর্করা, জীরা), ক্ষীরসারঃ (ঘন ক্ষীর), চিঞ্চা-হিঙ্গু-ত্রিজাতং (তিন্তিড়ী, হিং, ত্রিজাত অর্থাৎ দারুচিনি, এলাচ ও তেজপত্র), সুমসৃণ বটিকাঃ (অতি কোমল বটিকা অর্থাৎ বড়ীসমূহ), সৈন্ধবং (সৈন্ধব লবণ); নারিকেলং (নারিকেলের শাঁস), তৈলং (তৈল), গোধূমচূর্ণং (গোধূম চূর্ণ), ঘৃত-দধি-তুলসী-ধান্য-সক্তু-গুলাঃ চ (ঘৃত, দধি,

নায়ক
[ক্রমশঃ] তুনসী মানেন্দ্র উত্তম তণ্ডুল [এবং]) প্রাত:
(প্রাত: কালে) ব্রজেন্দ্রেন (ব্রজরাজ) পায়সায়
নির্মাণের নিমিত্ত
(পায়স প্রস্তুতের /জন্য) যৎ বষ্কয়নী পয়:
(চির প্রসূতা ধেনুর যে দুগ্ধ) প্রহিতং (প্রেরণ
করিয়াছেন) , তৎ এতৎ চ সর্বং (তৎসহ
এই সমুদয় দ্রব্য) নীয়তাং (লইয়া যাও) ॥ ৪-৫॥
এইরূপ করিলে
তস্যা ইতি দিষ্টা: (শ্রীব্রজেশ্বরীর আদেশানু-
তদনুসারে
সারে) তা: (দাসীগন) তত্তৎকার্যেষু (পূর্বোক্ত
কার্য সমূহে) সত্বরা: আসন্ (সত্বর প্রবৃত্ত
হইয়াছিলেন ; [অত:পর]) স্নেহব্যাকুলমানসা
(স্নেহবিহ্বল চিত্তা) সা (ব্রজেশ্বরী) রোহিনীং
(শ্রীরোহিনীদেবীকে) আহূয় আহ (আহ্বানপূর্বক
বলিলেন) ॥ ৬॥
সখি রোহিনি (অয়ি সখি রোহিনি!) অতিচঞ্চলৈ:
(অতি-চঞ্চল) সবলৈ: (বলবান্) বালৈ: (বালক-
গন) বাহুযুদ্ধে (বাহুযুদ্ধে) মৃদুলৌ (অতি-
কোমল) তনূ (ক্ষুদ্রকায়), অস্মদ্ বালকৌ
আমাদের দুটি
তৌ (আমাদের বালক রাম ও কৃষ্ণকে) পীড্যেতে
(অতিশয় পীড়াদান করে) ॥ ৭॥

৮/ মে (আমার) গেহে (গৃহে) কতি গোপাঃ দাসাঃ (গোপালনকারী কত দাসই) ন সন্তি (না রহিয়াছে)? তথাপি (তথাপি) তৌ অমূ (উহারা দুইজন) বারিতৌ অপি (নিবারণ সত্ত্বেও) গোরক্ষার্থং যাতঃ (গোচারণে গমন করে, [আমি]) কিং করোমি (কী করিব)? ॥ ৮ ॥

৯/ তৌ বৎসৌ (বৎস বলদেব ও কৃষ্ণ) দুর্গারণ্য-ভ্রমণনটনায়াসতঃ (দুর্গম অরণ্যে বিচরণ ও নৃত্যজনিত পরিশ্রমহেতু) ভোজনেষদ্রুচী (ভোজনে অত্যধিক রুচির অভাবে) সায়ং (সন্ধ্যাকালে) তথা (সেরূপ) উচ্চৈঃ (অধিক) অশনম্ অপি (ভোজনও) ন চক্রাতে (করেনা)। তৎ (সেই হেতু [তাহারা উভয়েই]) ইহ (এখানে) নিতরাং (অতিশয়) দুর্বলৌ ক্ষীণ-মূর্তী জাতৌ (দুর্বল ও ক্ষীণকায় হইয়া পড়িয়াছে)। হন্ত (অহো!) প্রভাতে (প্রাতঃকালে) তয়োঃ (তাহাদের) উদরম্ অপি (উদরও) পৃষ্ঠেলগ্নং দৃষ্টং ([ন্যূন হইয়া] পৃষ্ঠের সহিত লগ্ন হইতে দেখা গিয়াছে) ॥ ৯ ॥

১০/ সুমুখি (হে সুমুখি! [তুমি]) দ্রুতং (সত্বর) রসবত্যাং (পাকশালায়) অয় (গমন কর [এবং]) যস্যাং (যাহাতে) ইমৌ (ইহারা উভয়ে) প্রাজ্য-তৃষ্ণৌ (ভোজনব্যাপারে অতিশয় আগ্রহশালী হইয়া) প্রচুর-রুচি (একান্ত রুচির সহিত) প্রাশ্নুতঃ (ভোজন করে), তথা তৎ অন্নং (সেইরূপেই সেই ভোজ্য-বস্তু) সাধয় (প্রস্তুত কর; [আর]) যত্র যত্র (যে যে ব্যঞ্জনের প্রতি) ইষ্টা (আমাদের অভিলাষানুসারে) তদতিরুচিঃ অপি (ইহাদের অতিশয় রুচি) দৃষ্টা (দেখা গিয়াছে, [তুমি]) অতিযত্নাৎ (অতিশয় যত্ন-সহকারে) তৎ এতৎ (সেই সকল) তেমনং চ কুরু (ব্যঞ্জনও প্রস্তুত করিবে)॥ ১০॥

১১/ ইতি দিষ্টা (ব্রজরাজ্ঞীর এরূপ নির্দেশানুসারে) রামস্য মাতা (শ্রীরোহিণীদেবী [তৎকালে]) প্রীত্যা (প্রীতির সহিত), দাসীগণসুসংস্কৃতাং (দাসীগণকর্তৃক পরিষ্কৃত [ও]) সমূহতাশেষ-সম্ভারাং (সর্বপ্রকার পাক-দ্রব্যের সংগ্রহযুক্ত) রসবতীং যযৌ (পাকগৃহে গমন করিয়াছিলেন)॥ ১১॥

১২। [এদিকে] গোকুলেশ্বরী (ব্রজেশ্বরী শ্রীযশোদা) সুতেষ্বল্পরুচিতা ব্যগ্রা (পুত্রের অল্প রুচিহেতু ব্যগ্রা হইয়া) মিষ্টান্নোৎপাদনোৎসুকা (মিষ্টান্ন পাকের নিমিত্ত উৎসুক্য বশতঃ) শ্রীরাধানয়নায় (শ্রীরাধাকে আনয়নের নিমিত্ত) ব্যাকুলা আসীৎ (চিত্তের অস্থিরতা প্রকাশ করিতে লাগিলেন)॥ ১২॥

১৩। অথ (অতঃপর) উপনন্দেঃ (উপনন্দের পুত্র) সুভদ্রস্য (সুভদ্রের) পত্নীং (পত্নী) কুন্দলতাভিধাং (কুন্দলতা) যদৃচ্ছয়া (স্বেচ্ছাক্রমে) অগ্রে আগতাং (সম্মুখে আসিয়া) প্রণমন্তীং (প্রণাম করিলে) সা (ব্রজেশ্বরী) আহ ([তাঁহাকে এরূপ] বলিলেন)॥ ১৩॥

১৪। ত্বয়া ([হে রাধে!] তুমি) যৎ অন্নং (যে ভোজ্যবস্তু) সংস্কৃতং (পাক করিবে, [তাহা]) অমৃতমধুরম্ আস্তাং (অমৃত অপেক্ষাও মধুর হইবে, [আর]) যঃ (যিনি) তদন্নস্য (সেই ভোজ্য বস্তু) ভোক্তা (ভক্ষণ করিবেন), সঃ তু (তিনিও) চিরায়ুঃ ভবতু (চিরজীবী হইবেন) রাধাং (শ্রীরাধা) দুর্বাসসঃ (দুর্বাসা-মুনির নিকট হইতে)

ইতি কলিতবরাং বিদিত্বা (এরূপ বর লাভ করিয়া-
ছেন জানিয়া [আমি]) তাং (তাঁহাকে) রক্ষনায়
(রক্ষা করিবার নিমিত্ত) স্বসদনং অনু (আমার নিজ-গৃহে) আহ্বয়ামি
(আমন্ত্রণ করিতেছি) ॥১৪॥

১৫) যে (আমার) সুতঃ (পুত্র) মিতভুক্ অপি
(স্বল্প ভোজী হইয়াও) স্বাদুবৈশিষ্ট্যলোভাৎ (অতিশয়
মাধুর্যের উপলব্ধিবশতঃ) যৎ (যেহেতু) তৎ-
কৃতান্নং (তাহার প্রস্তুত ভোজ্য বস্তু) বহুকং
প্রচুর রুচি (অতিশয় রুচি ও আগ্রহ-সহকারে)
অত্তি (ভোজন করে), তৎ (সেইহেতু [তুমি])
মম বচোভিঃ (আমার কথা বলিয়া) তস্যাঃ ধবাম্বাং
(তাহার শাশুড়ী বৃদ্ধার নিকটে) প্রার্থ্য (প্রার্থনা করিয়া)
পরিজনসহিতাং (পরিজনবর্গের (সখী কিঙ্করী) সহিত) তাং
রাধিকাং (সেই শ্রীরাধাকে) আশু (সত্বর)
ইহ (এখানে) আনয় (লইয়া আসিবে) ॥১৫॥

১৬) সা ইয়ং (সেই ব্রজেশ্বরী) তয়া এব (কুন্দলতার দ্বারাই)
মুহুঃ (সর্বদা) রাধাং (শ্রীরাধাকে) ইহ (নিজ-গৃহে)
আনয়ন্তী (আনয়ন করিলেও) যৎ (সম্প্রতি যে)
এতাং (কুন্দলতাকে) প্রশ্রয়ং ইব যাচতে (নূতনের

ন্যায় প্রার্থনা করিয়াছিলেন), তৎ (তাহা) দোষঃ ন (দোষের বিষয় নহে); যৎ (যেহেতু) কৃষ্ণ-রাগোন্মদানাং (কৃষ্ণানুরাগে উন্মত্ত) ব্রজভুবি বসতাং (ব্রজবাসিগনের) সর্বং (সকল কার্যই) নবনবমু ইব (নিত্য নূতনের ন্যায় উপলব্ধ হয়; [শরন্তু]) অনুসন্ধানং ন অস্তি (কোন কার্যই পুরাতন বলিয়া মনে হয়না)॥ ১৬॥

১৭। অথ (অতঃপর) কুন্দবল্লী (কুন্দলতা) তদ্ বচঃ-শশিশিরোৎফুল্লা (ব্রজেশ্বরীর বচনরূপ শীত অতুর অর্থাৎ শীতলতার প্রভাবে উৎফুল্লা হইয়া) রাধিকাং ভ্রমরীং (শ্রীরাধা রূপা ভ্রমরীকে) মধুসূদন-সাঙ্গিনীং কর্তুং (শ্রীকৃষ্ণরূপ ভ্রমরের সঙ্গলাভ করাইবার নিমিত্ত) উৎকা আসীৎ (উৎসুকযুক্তা হইলেন)॥ ১৭॥

১৮। ততঃ (অতঃপর) বিচক্ষণা (বুদ্ধিমতী) সা (সেই কুন্দলতা) স্নুষায়াং (বধূর প্রতি) কুটিলাশয়া অপি জটিলাং (কুটিল ভাবাপন্না) (জটিলার নিকটে) আসাদ্য (গমন করিয়া) ব্রজেশ্বর্যাঃ (ব্রজেশ্বরীর) সন্দেশং (প্রেরিত বার্তা) শ্রাবয়ামাস (শ্রবণ করাইলেন)॥ ১৮॥

১৯। অথ (অতঃপর) সা (জটিলা) ব্রজরাজরাজ্ঞ্যাঃ
(ব্রজেশ্বরীর) আজ্ঞাম্ আকর্ণ্য (আদেশ শ্রবণ
করিয়া), কৃষ্ণাৎ স্নুষায়াঃ (শ্রীকৃষ্ণ হইতে পুত্রবধূর
অর্থাৎ শ্রীরাধার সম্বন্ধে) শঙ্কমানা অপি (শঙ্কিতা হইলেও),
পৌর্ণমাস্যাঃ (পৌর্ণমাসীর) শিক্ষাং (উপদেশ)
বিচিন্ত্য (বিচার করিয়া) তাং কুন্দবল্লীং
(সেই কুন্দলতাকে) প্রণয়াৎ (প্রীতির সহিতই)
অবাদীৎ (এরূপ বলিয়াছিলেন)॥ ১৯॥

২০। বৎসে (হে বৎসে কুন্দলতে!) গুণগরিম-মাধ্বীক-
মধুরা (গুণগৌরবরূপ মধুরিমসে সুমধুরস্বভাবা)
মে ইয়ং স্নুষা (আমার এই পুত্রবধূ) সাধ্বী
(পতিব্রতা), জনঃ ছিদ্রান্বেষী ([তথাপি]
লোকসমূহ ছিদ্রান্বেষী অর্থাৎ পরদোষানুসন্ধান-
কারী, [আবার]) নন্দতনয়ঃ সঃ (নন্দনন্দন
শ্রীকৃষ্ণও) চপলঃ খলু (চঞ্চলপ্রকৃতি বলিয়াই
সুপ্রসিদ্ধ); ব্রজপতিগৃহিণ্যাঃ (শ্রীমতী
ব্রজেশ্বরী যশোদাদেবীর) আজ্ঞা (আদেশ) অবহেয়া ন চ
(কখনও লঙ্ঘন করিবে না), ভগবত্যা বচঃ
(ভগবতী পৌর্ণমাসীদেবীর এইরূপ নির্দেশ বাক্যও)

পাল্যং (অবশ্যই পালনীয় ; [এমতাবস্থায়]) হৃদয়ং নটতি ([আমার] চিত্ত অতিশয় চঞ্চল হইয়াছে); কিং নু করবৈ? ([এখন আমি] কী করি) ॥ ২০॥

২১ [তদুত্তরে কুন্দলতা বলিলেন] মাতঃ! (হে মাতঃ!) ভবতী (আপনি) সত্যং বদতি (সত্য কথাই বলিতেছেন); কিন্তু (অধিকন্তু অপরঞ্চ), অয়ং (এই) গোপেন্দ্রসূনুঃ (ব্রজেন্দ্রনন্দনের সম্বন্ধে) খলসমুদয়ৈঃ (খল ব্যক্তিগণ) যাদৃশঃ শ্রাবিতঃ অসি ([আপনাকে] যেরূপ শুনাইয়াছে, [সেরূপ]) ন জ্ঞেয়ঃ (মনে করিবেন না); কিন্তু (বস্তুতঃ) অয়ং (ইনি) সদ্ধর্মপদ্মে (সদ্ধর্মরূপ পদ্মসমূহের বিকাশনে) খলালী-ঘূকে (খলজনরূপ পেচকসমূহের পরাভব-সম্পাদনে), বৃজিন-তিমিরে (পাপরূপ অন্ধকার-রাশির দূরীকরণে [ও]) ঘোষসন্তোষকোকে (গোপ-পল্লীরূপ প্রফুল্ল চক্রবাকবর্গের প্রীতিদান-বিষয়ে) প্রোদ্যদ্ভানুঃ ইব (নবোদিত সূর্যের ন্যায় [বিরাজ করিতেছেন]) ॥ ২১॥

২২। তু (পরন্তু) তস্য (তাঁহার) মাধুর্য্যং (মাধুর্য্য)
জগদ্‌ যৌবতং (নিখিল জগতের যুবতীগণকে)
উন্মদয়তি (উন্মত্ত করিয়া থাকে); তস্মাৎ
(সেই হেতু) তব (আপনার) ভীতিরীতিঃ (এইরূপ
ভয়) নববধূপালনং চ অপি (ও নববধূর
রক্ষার ব্যবস্থা) যুক্তং (সঙ্গতই বটে; [কিন্তু])
তৎ (তথাপি) মা শঙ্কিষ্ঠাঃ ([আপনি] যেন
আশঙ্কা করিবেন না); অস্যাঃ (এই) সাধ্ব্যাঃ
(পতিব্রতা শ্রীরাধার) ছায়া অপি (ছায়াও)
যথা (যাহাতে) অস্য (শ্রীকৃষ্ণের) দৃক্‌পথং
ন অয়াতি (দৃষ্টিপথে পতিত না হয়), তথা
(সেরূপ ভাবেই) অহং স্বয়ং (আমি স্বয়ংই)
ইমাং (ইঁহাকে [আনিয়া]) দ্রাক্‌ (শীঘ্রই)
তে অর্পয়ামি (আপনার নিকট অর্পণ করিব)॥ ২২॥
২৩। [তখন জটিলা কুন্দলতাকে বলিলেন—] পুত্রি!
(হে বৎসে!) ত্বং (তুমি) গোষ্ঠে (গোষ্ঠমধ্যে)
সাধ্বী প্রথিতা অসি (পতিব্রতা রূপে সুপ্রসিদ্ধা);
তৎ (সেই হেতুই) ইয়ং (এই) সরলা (সরল-
চিত্তা) বধূঃ (বধূকে) ত্বয়ি (তোমার নিকট)

অর্পিতা (অর্পণ করিলাম); লোলদৃষ্টিঃ (চঞ্চল-
নয়ন) সঃ নন্দসূনুঃ কিল (সেই ব্রজেন্দ্রনন্দন)
যস্যা (যাহাতে) এনাং ন পশ্যতি (ইঁহাকে দেখিতে
না পারেন, [তুমি]) তৎ বিধেয়ং (সেইরূপই
ব্যবস্থা করিবে) ॥ ২৩॥

২৪। অথ (অতঃপর [তিনি]) বধূং (বধূ শ্রীরাধাকে)
আহূয় (সম্বোধনপূর্বক) জগাদ (বলিলেন) —
হে বৎসে (হে বৎসে! [সম্প্রতি তুমি]) আলয়াৎ
(নিজ-গৃহ হইতে) নন্দবধূসমীপং (শ্রীব্রজেশ্বরীর
(৫৬) 'ময়া (আমি) ভূরি ভুক্তং (অনেক আহার
করিয়াছি) ; বুভুক্ষা গতা (সম্প্রতি ক্ষুধা দূর
হইয়াছে)' ইতি উক্ত্বা (এই বলিয়া) উচ্ছলিতং
বিকারং (উচ্ছলিত চিত্তবিকার) নিযম্য
(নিবারণপূর্বক) পুনঃ অপি (পুনরায়) মন্দম্
অদন্তং (অল্প অল্প আহার করিতে আরম্ভ
করিলে) তং নন্দসুতং (তদবস্থায় শ্রীকৃষ্ণকে)
বীক্ষ্য (দর্শন করিয়া) জননৌ (মাতৃযুগল)
ননন্দতুঃ (আনন্দলাভ করিয়াছিলেন) ॥ ৫৬ ॥

(৫৭) অথ (অনন্তর) অশ্রুপ্লুতাক্ষী (অশ্রুপ্লুত নয়না)
সা মাতা (জননী শ্রীযশোদা) সকলং অন্নং (সকল
ভোজ্য বস্তুই) তদুদরগতং কর্তুং (শ্রীকৃষ্ণের
উদরস্থ করিতে) অভিলষন্তী (অভিলাষ করিয়া)
সশপথং (শপথসহকারে) অঙ্গুলীভিঃ
(অঙ্গুলী সমূহ দ্বারা) যৎ তৎ দর্শয়ন্তী (সমুদয়
ভোজ্য বস্তু দেখাইয়া),

আম্বাং (পুত্রের প্রতি), বৎস! (হে বৎস!)
ইদম্ ইদম্ (এই এই [ভোজ্য বস্তু]) অতিমিষ্টম্
(অতিশয় মধুর, [ইহা]) ভুঙ্ক্ষ্ব (ভোজন কর)
ইতি বাবদীতি (বারবারই এরূপ বলিতে লাগিলেন) ॥৫৭॥

অথ (অনন্তর) নেত্রস্তনজপয়সা (স্নেহবিগলিত
নেত্রজল [অশ্রু] ও স্তনদুগ্ধ দ্বারা) ক্লিন্নাসিচয়া (সিক্ত-
বসনা) ইয়ং (শ্রীযশোদা) অতৃপ্তা (চিত্তের
অতৃপ্তিহেতু) কৃতাম্রেড়া (বারম্বার অনুরোধ
বাক্য প্রয়োগ করিয়া) তৃপ্তম্ অপি তং সুতং
(ভোজনে তৃপ্ত হইলেও পুত্র শ্রীকৃষ্ণকে) মুহুঃ (পুনঃপুনঃ
বা বারম্বার) রসালা-পক্বাম্রদ্রব-শিখরিণী-
খাড়ব-পয়ঃ-করম্ভামিক্ষা-ব্যঞ্জন-দধি-ফলাপূপ-
বটকান্ (রসালা, পক্ব আম্ররস, শিখরিণী,
খাড়ব, দুগ্ধ, দধিমিশ্রিত ছাতু, আমিক্ষা বা
ছানা, নানারূপ ব্যঞ্জন, দধি, ফল, পিষ্টক ও
[বড়া] বটকসমূহ) প্রাশয়ৎ (আহার করাইয়া-
ছিলেন) ॥৫৮॥

সর্বে তে ([অনন্তর] সেই বালকগণ সকলে)
মৃদু (কোমল), মধুরং (মধুর [ও]) ইষ্টং

(মনোরম), বহুতরং (নানাবিধ) ভক্ষ্যং ভোজ্যং
(ভক্ষ্য, ভোজ্য), লেহ্যং পেয়ং (লেহ্য ও
পেয় বস্তু) ভুক্ত্বা পীত্বা (ভোজন ও পান করিয়া)
রসভরতৃপ্তাঃ (অতিশয় সুস্বাদহেতু তৃপ্ত হইয়া)
বনগমনোৎকাঃ অভূবন্ (বনগমনের নিমিত্ত
উৎসুক হইয়াছিলেন)॥ ৫৯॥

৬০| অথ (অনন্তর) তে সর্বে (তাঁহারা সকলে)
সুবাসিতমৃদা (সুগন্ধি মৃত্তিকাদ্বারা) মুখপাণি-
পদ্মানি (মুখ ও করকমল [সমূহ]) মৃদুলেখিকয়া
(কোমল দন্তকাষ্ঠদ্বারা) দন্তান্ চ (দন্তরাজিকে)
সাধু (উত্তমরূপে) আমৃজ্য (মার্জন করিয়া)
দাসৈঃ প্রনীত-কনকাদিক-কুণ্ডিকাসু (দাসগণ-
কর্তৃক আনীত স্বর্ণ প্রভৃতি ধাতু-নির্মিত কুণ্ডিকার অর্থাৎ গভীর
পাত্রবিশেষের মধ্যে), তৈঃ দত্তবারিভিঃ
(তাঁহাদের প্রদত্ত জলদ্বারা) আচমনং ব্যধুঃ
(আচমন করিয়াছিলেন)॥ ৬০॥

৬১| [অনন্তর] তে (তাঁহারা) এলা-লবঙ্গ-ঘনসার-
বিমিশ্রিতাভিঃ (এলাচ, লবঙ্গ ও কর্পূর মিশ্রিত),
শীতোজ্জ্বলাভিঃ তাম্বূলদণ্ড-বরখাদির-গোলিকাভিঃ

(মধুলীনামক ভৃত্য কর্তৃক প্রদত্ত, শীতল ও উজ্জ্বল উত্তম মদিরের চূর্ণ দ্বারা) মুদা (হর্ষসহকারে) মুখশুদ্ধি বিধায় (মুখ শুদ্ধি করিয়া) শয়োন করেন (বামহস্ত দ্বারা) পূর্ণম্ উদরং (পরিপূর্ণ উদর) মমৃজুঃ (মার্জন করিয়াছিলেন)॥ ৬১॥

৬২ ততঃ (অনন্তর) অমী (তাঁহারা) উৎসুকাঃ (ঔৎসুক্যসহকারে), রসাল করসংস্কৃতোপহৃত-নাগবল্লী-স্ফুরৎসুপক্ক দলবীটিকাঃ সুখং অদন্তঃ এবং (রসালনামক ভৃত্যকর্তৃক স্বহস্তে প্রস্তুত ও প্রদত্ত সুপক্ক তাম্বুল দল [দিয়া] বিরচিত বীটিকা [খিলি] সমূহ ~~সুখে~~ আনন্দের সহিত ~~আস্বাদন~~ চর্বণ করিতে করিতেই) অথ (~~অতঃপর~~ পশ্চাৎ) শতপদ্মাতুরালয়-বিশাল-পল্যঙ্কিকাকুলেষু (শতপদ্মীর বাটীতে অবস্থিত পুষ্পশয্যাবর্তী বিশাল খট্টাসমূহে) পরিজনৈঃ বীজিতাঃ (পরিজনগণের ব্যজন-সেবা লাভ করিয়া) বিশশ্রমুঃ (বিশ্রাম করিয়াছিলেন)॥ ৬২॥

৬৩ অথ (অনন্তর) পরিচারিকাঃ (পরিচারিকগণ) ইহ (শয়নমন্দিরে) বিশ্রামিতং (বিশ্রামরত)

ব্রজেশ্বরীর এইরূপ ধারণা হওয়ায়) তাং
রাধাং (সেই শ্রীরাধাকে) সা (ব্রজেশ্বরী)
প্রযত্নাৎ (যত্নসহকারে) ভোক্তুং উপবেশ্য
(ভোজনের নিমিত্ত উপবেশন করাইয়া) মুদা
(প্রীতির সহিত) বলাম্বয়া (শ্রীরোহিনীদ্বারা)
গৃহাৎ (গৃহ হইতে) অন্নানি (ভোজ্যদ্রব্যসমূহ)
অদাপয়ৎ (পরিবেশন করাইয়াছিলেন) ॥ ৬৪-৬৫॥

৬৬। তয়া (শ্রীযশোদা) ঘৃতসংস্কৃত অন্নং (ঘৃতপক্ক
অন্ন) দাতুং (পরিবেশন করিতে) নিদিষ্টা (আদেশ
করিলে) ধনিষ্ঠা (ধনিষ্ঠা) হরিভুক্তশেষৈঃ
(শ্রীকৃষ্ণের ভুক্তাবশিষ্ট) ঘৃতসংস্কৃতান্নৈঃ
(ঘৃতপক্ক অন্নসমূহের সহিত) গূঢ়ং (গোপনে)
তৎ (তাহা) সংমিশ্র্য (মিশ্রিত করিয়া) গৃহাৎ
আনীয় (গৃহ হইতে আনিয়া) অস্মৈ: (শ্রীরাধা-
প্রভৃতিকে) দদৌ (দান করিয়াছিলেন।) ॥ ৬৬॥

৬৭। বাৎসল্যবিক্লবা (স্নেহার্দ্রচিত্তা) কৃষ্ণমাতা
(শ্রীযশোদা) রাধিকাং (শ্রীরাধাকে) হ্রিয়া
(লজ্জাবশতঃ) বস্ত্রাবৃতনতাননাং অনশ্নতীং
~~বীক্ষ্য (বস্ত্রদ্বারা মুখ আচ্ছাদনপূর্বক অবনত~~

হ্রীণাং(?) (সুশুক্ল(?) বস্ত্রদ্বারা আবৃত ও অবনত করিয়া
কিঞ্চিন্মাত্রও আহার করিতে না দেখিয়া)
অবদৎ (এইরূপ বলিয়াছিলেন)।। ৬৭।।

অয়ি জননি (হে মাতঃ!) জননীং মাম্ (জননী-
তুল্যা আমার নিকটে) ঈদৃশী ইয়ং লজ্জা
কিং নু (এরূপ লজ্জার কারণ কি)? মম
(আমার) চেতঃ (চিত্ত) সুতে ইব (পুত্র শ্রীকৃষ্ণের
ন্যায়) ত্বয়ি (তোমার প্রতি) অতীব স্নিহ্যতি
(অতিশয় স্নেহপূর্ণা(?) রহিয়াছে); তৎ (সেইহেতু)
এনাং (এই লজ্জা) অপনয় (ত্যাগ কর); তে
(তোমার) নির্মঞ্ছনং যামি (নির্মঞ্ছন করিতেছি);
মম (আমার) নেত্রে (নয়নযুগল) শিশিরয়
(শীতল কর); সাক্ষাৎ (আমার সম্মুখে)
ভুঙ্ক্ষ্ব পল্যানি(?) (ভোজন কর, [আমি তাহা]
দেখি)।। ৬৮।।

ললিতাদয়ঃ সুভ্রুবঃ! (হে ললিতাদি সুশ্রীগণ!)
যূয়ং চ (তোমরাও) মে (আমার) তনয়াঃ স্থ
(সন্তান [কন্যাই] হও); তু (পরন্তু) অনয়া ত্রিয়া কিং
(এরূপ লজ্জা করিতেছ কেন)? তৎ (অতএব)

অশনং কুরুধ্বং ([তোমরা] ভোজন কর)
মাতা (শ্রীযশোদা) ইতি আগ্রহাৎ শপথদান-
শতৈঃ চ (এইরূপ আগ্রহ ও অসংখ্য শপথ
প্রদান করিয়া) মিষ্টান্ন-মিষ্টব্যঞ্জনৈঃ (মিষ্ট-
ব্যঞ্জনসহ মিষ্ট অন্ন দ্বারা) তাঃ (তাঁহাদিগকে)
সম্ ভোজয়ৎ (ভোজন করাইয়াছিলেন)॥ ৬৯॥
৭০। ব্রজেশা (ব্রজেশ্বরী) হৃদি উদগতৈঃ সুতকরগ্রহণাভি-
লাষৈঃ (চিত্তে পুত্রের বিবাহের অভিলাষ উৎপন্ন
হওয়ায়) ~~সুবহুলং~~ তদ্ভূষণৈঃ সহ (পুত্রের
অলঙ্কারসমূহের সহিত) স্নেহাৎ যত্নাৎ (স্নেহ ও
যত্নসহকারে) তন্নববধূপ্রাতিরূপকানি (পুত্রের
নূতন বধূর ধারণের যোগ্য) যানি (যে সকল
[অলঙ্কার]) সুবহুশঃ (প্রচুর পরিমাণে) নিষ্পাদ্য
(প্রস্তুত করাইয়া) সদনে (নিজ-গৃহে) বরসম্পুটেষু
(উত্তম সম্পুট বা মঞ্জুষাসমূহের মধ্যে) ধৃতানি
(আবদ্ধ করিয়া রাখিয়াছিলেন), অথ (অতঃপর)
ধানিষ্ঠিকয়া (ধানিষ্ঠাকর্তৃক) উপনীতৈঃ (আনীত)
তৈঃ (সেই সকল) ভূষণৈঃ (অলঙ্কার [দ্বারা]) তাম্বূল-
চন্দনবরাম্বর-নালকৈঃ চ (তাম্বূল, চন্দন, উৎকৃষ্ট
বস্ত্র ও সিন্দূর দ্বারা) আলীবৃতাং (সখীগণের ~~দ্বারা~~
পরিবেষ্টিতা) তাং (শ্রীরাধাকে) সম্মান্য

Janata

EXERCISE BOOK

No. 8 Pages 32

Name

SCHOOL Out of 19 Khatas

COLLEGE CLASS Khata No — SEC 4 ROLL No

Subject

মোট ১০৬মাত্রার মধ্যে ৪ মাত্রা

(সম্যগুল্লসিত করিয়া) হার্দ্দবলিতা (স্নেহসমূহহেতু)
মুদিতা বভুব (আনন্দলাভ করিয়াছিলেন) ॥৭০-৭১॥

৭২। নিশি (রজনীতে) যৎ পীতোত্তরীয়ং ([শ্রীকৃষ্ণের] পীতবর্ণ যে উত্তরীয় বস্ত্র) রাধাহৃতং (শ্রীরাধা অপহরণ করিয়াছিলেন), বিশাখা (বিশাখা) ধনিষ্ঠয়া (ধনিষ্ঠা দ্বারা) তৎ (তাহা) গূঢ়ং (গোপনে) সুবলায় অদাৎ (সুবলের নিকটে অর্পণ করিলেন; [আর]) সুবলঃ অপি (সুবলও) কৃষ্ণহৃতং (শ্রীকৃষ্ণকর্ত্তৃক নীত) নীলাম্বরং ([শ্রীরাধার] নীলবসনটি) তয়া এব (ধনিষ্ঠা-দ্বারাই) তস্যৈ (শ্রীরাধাকে [অর্পণ করিয়া-ছিলেন]) ॥৭২॥

৭৩। তাবৎ (এই সময়ের মধ্যে) স্বসেবাকৃতিলব্ধবর্ণাঃ (নিজ-নিজ-সেবাকার্য্যে সুনিপুণ) তে দাসাঃ (পূর্ব্বোক্ত পরিচারকগণ) স্নেহেন পরিফুল্ল-গাত্রাঃ (স্নেহে পুলকিত কলেবরে) তৈঃ গন্ধ-মাল্যাম্বরভূষণৈঃ (বিভিন্ন প্রকার গন্ধ, মাল্য, বস্ত্র ও অলঙ্কার দ্বারা) স্বম্ অধীশ্বরং (স্বীয় প্রভু শ্রীকৃষ্ণকে) বিভূষয়াম্বভূবুঃ (বিভূষিত করিয়া-ছিলেন) ॥৭৩॥

৭৪ শ্লো।

~~অন্বয় (গদ্য)~~

অয়ং (অয়মর) বনজেক্ষণঃ (কমললোচন) অয়ং
(শ্রীকৃষ্ণ) মলয়জ-কুঙ্কুমৈঃ (চন্দন ও কুঙ্কুম দ্বারা রচিত)
ভক্তিচ্ছেদাঢ্যচর্চাং (তিলকবিশেষ), ধাতুচিত্রাণি
(গৈরিকাদি ধাতুর চিত্ররাজি), ছায়িষ্ণুং
(প্রভূত) নব্যবাসঃ (নূতন বসন), শিখিদল-
মুকুটং (ময়ূরপুচ্ছরচিত মুকুট), মুদ্রিকাঃ
(অঙ্গুরীয়করাজি), দ্বে কুণ্ডলে (কুণ্ডলদ্বয়),
গুঞ্জাহারং (গুঞ্জারচিত হার), সুরত্নপ্রলম্বম্ আলিং
(রত্নমাল্য), তরলং কৌস্তুভং (চঞ্চল কৌস্তুভ-
মণি), বৈজয়ন্তীং (পুষ্পমাল্য), কেয়ূরে
(কেয়ূরদ্বয়), কঙ্কণে (কঙ্কণদ্বয়), শ্রীযুতপদ-
কটকৌ (মনোরম পাদবলয়দ্বয়), নূপুরৌ (নূপুর-
যুগল [ও]) শৃঙ্খলাং চ বিভ্রৎ (কিঙ্কিণি
ধারণ ~~করিয়া~~ করিয়াছিলেন); অয়ং
([অনন্তর] তিনি) বক্ষসি (বক্ষঃস্থলে) স্বান্তৈক-
দৃশ্যগান্ধর্বা-প্রতিবিম্ব-করম্বিতৈঃ (নিজ-চিত্তগত
শ্রীরাধার প্রতিবিম্বযুক্ত) স্থূলমৌক্তিকৈঃ (স্থূল
মুক্তারাজিদ্বারা) গুম্ফিতং (গ্রথিত) হারং দধৌ
(হার অর্পণ করিয়াছিলেন; [এইরূপ])

~~অথৈ (তিনি)~~ কমললোচন: অসৌ (কমলনয়ন
শ্রীকৃষ্ণ) বামোদর-পরিসরে (উদরের বামভাগে)
তুন্দবক্ষান্তরস্থং (উদরবক্ষের মধ্যবর্তী) শৃঙ্গং
(শৃঙ্গ), তদ্বৎ (সেইরূপ) দক্ষে (উদরের
দক্ষিণভাগে) রত্নচিত্রাং (রত্নবিরচিত বিচিত্র)
মুরলীং (মুরলী) দধান: (ধারণ করিয়া)
বামেন (বাম) পাণিনা (হস্তদ্বারা) পীতবর্ণাং
(পীতবর্ণ) সরল-লগুড়ীং (সরল যষ্টি [ও])
দক্ষিণেন (দক্ষিণ হস্তদ্বারা) লীলাম্বুজং
(লীলাকমল) কম্পয়ন্ (সঞ্চালন করিতে করিতে)
বংশী-বিষাণ-দলযষ্টিধরৈ: (বংশী, শৃঙ্গ, পত্র ও
যষ্টিধারী), সদৃশহাসবিলাসবেশৈ: (আত্মতুল্য
হাস্যবিলাস ও বেশশালী) বয়স্যৈ: (বয়স্যগণ-
কর্তৃক) সংবেষ্টিত: (পরিবেষ্টিত হইয়া) সুদৃশাং
(সুন্দরীগণের) মন: মুষ্ণন্ (চিত্ত হরণ করিয়া)
বনায় গন্তুং (বনগমনের নিমিত্ত) ভবনাৎ
(গৃহ হইতে) নির্জগাম (বহির্গত
হইলেন) ॥ ৭৪-৭৭॥

(See over-leaf)

শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে
(যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ
শ্রীমদ্ রূপগোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত
হইয়াছে), শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে
(পরমপণ্ডিত শ্রী রঘুনাথদাসগোস্বামিপাদ
যাহার উপদেশ করিয়াছেন), শ্রীজীবসঙ্গোদগতে
(শ্রীমান্ জীবগোস্বামিপাদের সঙ্গ ফলে যাহার উদ্ভব
হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরজে
(শ্রীমদ্ রঘুনাথভট্টগোস্বামিপাদের বর বা অনুগ্রহ-
প্রভাবে যাহার রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে
কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃতনামক সেই কাব্যের
অন্তর্গত) প্রাতর্ভোজনকেলিবর্ণনময়ঃ
(প্রাতর্ভোজনকেলিবর্ণনাত্মক) চতুর্থঃ সর্গঃ
(চতুর্থ সর্গ) গতঃ (সমাপ্ত হইল) ॥৪॥
ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে প্রাতর্ভোজনলীলা-
বর্ণনময় চতুর্থ সর্গের অন্বয়মুখে বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চম সর্গ

১। [যিনি] পূর্বাহ্নে (পূর্বাহ্নে) ধেনুমিত্রৈঃ (ধেনুবৃন্দের ও সহচরগণের সহিত) বিপিনম্ অনুযাতং (বনে যাত্রা করিলে) গোষ্ঠলোকানুযাতং (গোষ্ঠবাসিগণ তাঁহার অনুগমন করেন, [এবং যিনি]) রাধাপ্তিলোলং (শ্রীরাধার প্রাপ্তি নিমিত্ত চঞ্চল হইয়া) তদভিসৃতিকৃতে (তাঁহার অভিসারের নিমিত্ত) প্রাপ্ততৎকুণ্ডতীরং (শ্রীরাধাকুণ্ডের তীরে উপস্থিত হ'ন, [সেই]) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) স্মরামি (নিরন্তর স্মরণ করি; [এইরূপ যিনি]) কৃষ্ণম্ আলোক্য (শ্রীকৃষ্ণের দর্শনান্তে) কৃতগৃহগমনাং (নিজগৃহে গমন করিলে) আর্যয়া (জটিলাকর্তৃক) অর্কার্চনায়ৈ: (সূর্যপূজার নিমিত্ত) দিষ্টাং (আদিষ্টা হইয়া) কৃষ্ণপ্রবৃত্ত্যৈ (শ্রীকৃষ্ণের বার্তা জানিবার নিমিত্ত) প্রহিত-নিজসখীবর্ত্মনেত্রাং (নিজ সখীকে প্রেরণ করিয়া তাঁহারই আগমনপথের দিকে দৃষ্টি নিক্ষেপ করিয়া রহিয়াছেন, [[illegible]]) রাধাং চ (শ্রীরাধাকে ও [নিরন্তর স্মরণ করি]) ।।১।।

২। [তৎকালে] সঃ (শ্রীকৃষ্ণ) অপাস্তদোষৈঃ (জগতের সর্বদোষহারি) সন্দোহশাভিপুষ্টং-

ঘোষৈঃ (মন্দ্রঘোষ-নামক শৃঙ্গধ্বনি-দ্বারা) ঘোষং
সন্তোষয়ন্ (গোপপল্লীর সন্তোষ উৎপাদন করিতে করিতে)
ব্রজসুন্দরীণাং (ব্রজযুবতীগণের) হৃৎ সম্মোহয়ন্
(চিত্তকে সম্মোহিত করিতে) প্রেম সংপোষয়ন্
(প্রেমের পুষ্টি বিধান-সহকারে) বহিঃ জগাম
(পুরী হইতে বহির্গত হইয়াছিলেন) ॥২॥

[তৎকালে] অসৌ (শ্রীকৃষ্ণ), গিরিশৃঙ্গোন্নতৈঃ
(পর্বতের শৃঙ্গের ন্যায় অত্যুচ্চ) গোময়োৎপালিকা-
কূটৈঃ (গোময়ের উৎপালিকা উপলা সমূহের কূটে সমূহ-
দ্বারা) যুতং (পরিপূর্ণ), বাশিতা-বাসমত্তানাং
(ঋতুমতী ধেনুগণের সংসর্গে নিযুক্ত মত্ত) ষণ্ডানাং
(বৃষগণের) সংযোদ্ধুরং (সংগ্রাম দ্বারা
উৎকট ভাবাপন্ন), কৃষ্ণলীলাং প্রগায়দ্ভিঃ
(শ্রীকৃষ্ণলীলার গানে ও) পরস্পরং
বিস্মাপয়দ্ভিঃ (পরস্পর পরিহাসকারী), গোময়া-
বচয়ব্যগ্রৈঃ (গোময় সংগ্রহে ব্যগ্র)
গোপদাসীশতৈঃ বৃতং (অসংখ্য গোপদাসীগণ-
কর্তৃক পরিবৃত), গোযান-বৎসাবরণ-ব্যগ্র-
গোপললনান্বিতং (ধেনুগণের গমনকালে বৎস-

ও

গণের অবরোধকারী বক্রচিত্ত অসংখ্য গোপ-
গণের দ্বারা পরিব্যাপ্ত), গোময়োৎপালিকাকৃতি:
(গোময়ের প্রস্তুত উৎপালিকা খুঁটে নির্মাণ কারিনী)
জরদ্ গোপীগণৈ: যুতং (বৃদ্ধা গোপীগণের
দ্বারা আশ্রিত), আভিত: (চতুর্দিকে) গবাং
স্থানীশ্রেণীস্ফুরিতং (গোশালা সমূহ দ্বারা বিরাজমান),
অল্পাবৃতি চয়োল্লসদ্-বংশাবাস-স্ফুরিত তলবৃক্ষা-
বলি চিতং (বৃক্ষসমূহের তলদেশের শোভাজনক-
রূপে অল্প আবরণযুক্ত বংশপাত্রসমূহে
সমাচ্ছন্ন), করীষক্ষোদস্য উচ্চয় মৃদুল-ভূমী-
তলং (খুঁটের চূর্ণরাশির সংযোগে ভূমিভাগের
কোমলতাযুক্ত [এবং]) ব্রজধনজনৈ: (ব্রজের
সম্পৎস্বরূপ গো- ও -ব্রজবাসীগণের দ্বারা)
পূর্ণং (পরিপূর্ণ) ব্রজোত্তমং (ব্রজের প্রান্তভূমি)
বীক্ষ্য (দর্শন করিয়া) মুমুদে (হর্ষ প্রকাশ
করিয়াছিলেন)॥ ৩—৬॥

৭—৯॥ স: হরি: ([তৎকালে] শ্রীকৃষ্ণ), তর্ণকাবরোধন-
ব্যগ্র-গোপখাদোপনতানুগা: (বৎসগণের অবরোধ-
কার্য্যে ব্যগ্র গোপবালকরূপ জলজন্তুসমূহ দ্বারা

~~ব্যাপ্তি~~
পরিপূর্ণ), উচ্ছলদ্-গোপয়ঃপূরা: (উচ্ছলিত গোদুগ্ধরূপ প্রবাহযুক্ত), দুগ্ধভাণ্ডালি-কচ্ছপা: (দুগ্ধভাণ্ডশ্রেণিরূপ কচ্ছপবৃন্দান্বিত), গোময়চয়না-সক্ত-গোপীবক্ত্রসরোরুহা: (গোময়সংগ্রহরত গোপীগণের মুখরূপ পদ্মরাজিদ্বারা সুশোভিত), সিতারুণ চলদ্বৎস-হংস কোক কুলাকুলা: (শ্বেত ও রক্তবর্ণ চঞ্চল বৎসরূপ হংস ও চক্রবাকগণের দ্বারা পরিব্যাপ্ত), নির্গচ্ছদ্ধবলাপংক্তিনদী: (ধবলা-গাভী-শ্রেণিরূপা নদীসমূহের নির্গমনযুক্ত), গোমূত্রশৈবলা: ([এবং] গোমূত্ররূপ শৈবাল-রাজিদ্বারা ~~পরি~~সঙ্কুল), পদালয়-সর:শ্রেণী: (গোশালারূপ সরোবরশ্রেণী) পশ্যন্ (দর্শন করিতে করিতে) মুমুদে (~~[illegible]~~ আনন্দলাভ করিয়াছিলেন) ।। ৭—৯ ।।

১০। ব্রজেন্দু: স: (গোকুলচন্দ্র শ্রীকৃষ্ণ [তৎকালে]) ~~[illegible]~~ স্বোর্দ্ধমুখং ব্রজেন্দ্রানিষ্কাসিত-গোব্রজং (ব্রজরাজ কর্ত্তৃক ব্রজ হইতে নিঃসারিত [এবং] ঊর্দ্ধমুখে নিজের প্রতি দৃষ্টিনিক্ষেপকারী ধেনু-গণের) অনুব্রজন্ (অনুগমন পূর্ব্বক) ব্রজবাসি-লোকান্ (ব্রজবাসিগণকে) ~~বীক্ষন্~~ ~~আকৃষ্ট~~

(বুদ্ধি ও ইন্দ্রিয়বর্গের সংযম উৎপাদন করিতে)
বেণীভ্রমং অর্থাৎ (ত্রিবেণী বলিয়া ভ্রম জন্মাইয়াছিল)॥১১॥

১২। বনজেক্ষণঃ (কমললোচন) হরিঃ (শ্রীকৃষ্ণ) বনায়
গচ্ছন্ (বনগমনে প্রবৃত্ত হইয়া) যতঃ যতঃ (যে যে
স্থানে) পদাম্বুজং (স্বীয় পাদপদ্ম) সন্নিদধে (বিন্যাস
করিতেছিলেন), ততঃ ততঃ (সেই সেই স্থানেই)
সা (সেই) ব্রজভূঃ (ব্রজভূমি) সমুৎসুকা (ঔৎসুক্য-
সহকারে) স্বকং (স্বীয়) হৃদম্বুজং (হৃদয়পদ্ম)
প্রকাশয়ামাস (প্রকাশ করিয়াছিলেন)॥১২॥

১৩। সা ([তৎকালে] ব্রজভূমি) খুরৈঃ ([ধেনুগণের]
খুরের আঘাতে) কৃত্তানি (ছিন্ন) তৃণানি ক্ষতাংশানি
(তৃণসমূহকে ও বিক্ষতাংশ) ভূয়ঃ (পুনরায়)
রোহয়ন্তী (পূর্ণাঙ্গ করিয়াই যেন) তৎপদ-
স্পর্শভরপ্রমোদৈঃ (তদীয় পদস্পর্শজনিত অতিশয়
হর্ষভরে) ফুল্লরোমাঞ্চিতসর্বগাত্রী ননন্দ
(সর্বাঙ্গে প্রফুল্ল রোমাঞ্চরাজি ধারণ করিয়া
~~ছিলেন~~ আনন্দ প্রকাশ করিয়াছিলেন)॥১৩॥

১৪। [এইরূপ তৎকালে] ফুল্লাক্ষিপদ্মা (প্রফুল্ল
নয়নরাজিরূপ পদ্মপুষ্পসমূহদ্বারা অলঙ্কৃতা),

প্রীত্যম্বু বৃষ্ট্যা (প্রীতিরূপ জলবর্ষণহেতু) এধিত-
সর্বতোমুখা (সকল দিকে বৃদ্ধিপ্রাপ্ত সুখসমূহ-
রূপ জলরাশি দ্বারা পরিপূর্ণা), বৃদ্ধাদি-
বালান্ত-জনাবলী-সরিৎ (আবাল-বৃদ্ধ-যুবক-বনিতা-
রূপা নদী) ব্রজাচলাৎ (ব্রজরূপ পর্বতের
মধ্য হইতে [নির্গতা হইয়া]) অতিজবা সুসম্ভ্রমা
(অতিবেগে আকুলভাবে) কৃষ্ণসমুদ্রম্ আযযৌ
(শ্রীকৃষ্ণরূপ সাগরের নিকটে আগমন
করিয়াছিল)॥ ১৪॥

১৫। [এই সময়ে] অম্বা (জননী শ্রীযশোদা)
অক্ষিস্তনজৈঃ ([যথাক্রমে] নয়ননীর ও স্তনজাত) পয়ঃপ্লবৈঃ
(বারি ও দুগ্ধ-ধারায়) ক্লিন্নাম্বরা (পরিধেয় বস্ত্র সিক্ত
করিয়া) সুতদর্শনোৎসুকা (পুত্র শ্রীকৃষ্ণের দর্শনের
ঔৎসুক্যবশতঃ) তথাবিধৈঃ (আত্মতুল্যা)
সাধুসুসাঙ্গনাগণৈঃ (দেবর পত্নী প্রভৃতি
ললনাগণের সমভিব্যাহারে), অম্বা-কিলিম্বানু-
গয়া বলাম্বয়া সহ (অম্বিকা, কিলিম্বা ও
শ্রীরোহিণী দেবীর সহিত) আগতা (তথায়
উপস্থিত হইলেন)॥ ১৫॥

১৬। [অনন্তর] সুরতরঙ্গিনী রাধা (দেবনদী গঙ্গারূপা শ্রীরাধা, অর্থান্তরে — সুরতবিষয়ে বিলাসিনী শ্রীরাধা), অকোকাসঙ্গ-সংসুক্ত-দৃষ্টি হিল্লোলং (পরস্পরের মিলনহেতু দৃষ্টিতরঙ্গের সুক্তা-সম্পাদিকা), উল্বনং (অনুর্বেগযুক্ত সূক্ষ্ম), কৃষ্ণং রসার্ণবং ভেজে (রসসিন্ধু শ্রীকৃষ্ণের নিকটে উপস্থিত হইয়াছিলেন)॥ ১৬॥

১৭। [তৎকালে] স্বস্বযূথাঃ (নিজ-নিজ-যূথের সহিত) মঙ্গলা-শ্যামলা-ভদ্রা-পালী-চন্দ্রাবলীমুখাঃ (মঙ্গলা, শ্যামলা, ভদ্রা, পালী ও চন্দ্রাবলী প্রভৃতি) তাঃ (সুপ্রসিদ্ধা) যূথনাথাঃ (যূথেশ্বরীগণও) তং (শ্রীকৃষ্ণের) অনুযযুঃ (অনুসরণ করিয়াছিলেন)॥১৭॥

১৮। অথ (অতঃপর) জন-ধনবৃন্দৈঃ সহ (ধনজনের সহিত) প্রাণনাথে (প্রাণনাথ শ্রীকৃষ্ণ) নির্গতে ([পুরী হইতে] বহির্গমন করিলে) জনগতিরবহানা (লোকসমূহের যাতায়াতের ও শব্দের বিরামহেতু) স্পন্দনালাপহীনা (স্পন্দন-ও-আলাপরহিত হইয়া) অসৌ ব্রজবসতিঃ (সেই ব্রজস্থলী) পশুসুরভীর জোড়ে:

(বাহির্গমনবৃত্ত সখাদি পশুগণের খুরোত্থিত ধূলিরাশিদ্বারা) ধূসরা (ধূসরতা ধারণপূর্বক) প্রোষিতপ্রেয়সী ইব (প্রোষিতভর্তৃকা নায়িকার ন্যায়) জড়াঙ্গী আসীৎ (অঙ্গের জড়তা প্রকাশ করিয়াছিল)।। ১৮।।

১৯। অস্মিন্ (শ্রীকৃষ্ণ) সব্রজৌ অব্রজৎ-পিতরৌ বীক্ষ্য (ব্রজের সহিত মাতা ও পিতাকে অনুগমন করিতে দেখিয়া) বনসীমনি (বনের সীমায়) স্থিতে (অবস্থান করিলে) গোকদম্বকৈঃ (ধেনুগণ) বলিতগ্রীবং (পশ্চাদ্ভাগে তাঁহার দিকে গ্রীবা বক্র করিয়া) তস্থে (স্তব্ধভাবে অপেক্ষা করিয়াছিল)।। ১৯।।

২০। [তৎকালে] সঃ (শ্রীকৃষ্ণ), স্বীয়নপ্রয়াণে (স্বীয় বনগমনহেতু) অভদ্রভীতেঃ (অমঙ্গলের ভয়ে) অনতিশঙ্কৌ (অতিশয় শঙ্কাকুল হইয়াও) অনিবারয়ন্তৌ (নিবারণে অসমর্থ [ও]) অস্রাকুলাক্ষৌ (অশ্রুপূর্ণচক্ষু হইয়াও) দর্শনোৎকৌ (দর্শনে নির্ভর উৎসুক) পিতরৌ (মাতা-পিতাকে) সমীক্ষ্য (দর্শন করিয়া) দুঃস্থিতঃ অভূৎ (দুঃখবোধ করিয়াছিলেন)।। ২০।।

দুঃস্থিতঃ অভূৎ (দুঃখ বোধ করিয়াছিলেন) ॥২০॥

২১॥ [তৎকালে] ব্রজসুন্দরীনাং (ব্রজললনা~~সুন্দরী~~বৃন্দগণের) নেত্রালি-পঙ্‌ক্তিঃ (নেত্ররূপ ভ্রমর শ্রেণি) সৌরভ্য-লুব্ধা (সৌরভ্য লোভে) তৃষিতা (তৃষ্ণাতুর হইয়া) উচ্ছলন্তী (অতিশয় প্রবল বেগে ধাবিত হইলে) হ্রীবাত্যয়া (লজ্জারূপ বাত্যার তাড়নায়) অভিতঃ (ইতস্ততঃ) বহুভ্রামিতা অপি (ঘূর্ণিতা হইয়াও) হরেঃ (শ্রীকৃষ্ণের) মুখারবিন্দে এব (মুখকমলেই) পপাত (পতিত হইয়াছিল) ॥২১॥

২২॥ সঃ ([তৎকালে] শ্রীকৃষ্ণ) রাধামুখবদনারবিন্দে (শ্রীরাধার মুখরূপ পদ্মে) শ্রীনেত্রনৃত্যন্মদ-খঞ্জরীটৌ (মনোহর নয়নযুগলরূপ মত্ত খঞ্জন-যুগলকে নৃত্য করিতে) সমীক্ষ্য (দেখিয়া) তদীয়স্য (নিজের) সুমঙ্গলাপ্ত যাত্রায় (শুভ যাত্রায়) (শুভ বা) তদীয়সন্দর্শনসৎফলাৎ (তদ্দর্শনে [অতি শুভ বা সৎফল] সৎফলসূচকরূপে) মনুতে স্ম (নির্ণয় করিয়াছিলেন। [যাত্রাকালে পদ্মের উপরে খঞ্জন পক্ষীর নৃত্যদর্শন ভাবি শুভফলের সূচকরূপে প্রসিদ্ধ]) ॥২২॥

২৩। অথ (অতঃপর) সুবৎসলাঃ (পরমস্নেহশীলা) মাতরঃ (মাতৃস্থানীয়া গোপীগণ) স্বস্ববালং অপহায় (নিজ-নিজ-সন্তানকে পরিত্যাগপূর্বক) কৃষ্ণবক্ত্রে হিত সাশ্রুনয়নাঃ (শ্রীকৃষ্ণের মুখের দিকে অশ্রুপূর্ণ নয়ন নিক্ষেপ করিয়া) স্তন্যসিক্ত-বসনাঃ (স্তনদুগ্ধে পরিধেয় বসন আর্দ্র করিয়া) সর্বতঃ (চতুর্দিক হইতে) অচ্যুতং (শ্রীকৃষ্ণকে) পরিবব্রুঃ (বেষ্টন করিয়াছিলেন) ।।২৩।।

২৪। জননী ([এই সময়ে] মাতা শ্রীযশোদা) বিমনস্কা অপি (উদ্বিগ্না, বিষণ্ণা ও ব্যাকুলা হইয়াও) মনসা (মনে-মনে) তচ্ছুভং (শ্রীকৃষ্ণের মঙ্গল) ভাবয়ন্তী (চিন্তা করিতেছিলেন); চেত (এবং) বিহস্তা অপি (ব্যাকুলা হইয়াও) স্বহস্তাভ্যাং (স্বীয় কর-যুগলদ্বারা) তম্ অলালয়ৎ (তাঁহার লালন করিয়াছিলেন) ।।২৪।।

২৫। বৎস (হে বৎস!) মে (আমার) গবাং পালনে (গোপালনের নিমিত্ত) শতশঃ (শত শত) নিপুণাঃ (সুনিপুণ) গোপাঃ (ভৃত্য-গোপ)

মতি (বিদ্যমান রহিয়াছে, [তথাপি ‘আমি’])
‘স্বয়ং (স্বয়ং) পালয়ামি’ (গো-পালন করিব’) ইতি
ইতি (~~ইহা~~) অয়ং (ইহা) কঃ দুরাগ্রহঃ
([তোমার] কিরূপ দুরাগ্রহ)? ॥ ২৫ ॥
২৬। বালঃ অপি মৃদুলঃ ([তুমি একে] বালক, তাহাতে আবার অতি কোমলদেহ); তত্র (এমতাবস্থায়)
বিমুক্তছত্রপাদুকঃ (ছত্র-ও-পাদুকারহিত
হইয়া) দিনং (সমগ্র দিবস) কান্তারে
(গভীর অরণ্যে) ভ্রমসি (বিচরণ কর বলিয়া)
পিতরৌ (মাতা-পিতা) কথং (কিরূপে)
জীবেতাম্? (জীবন ধারণ করিতে পারেন?) ॥ ২৬ ॥
২৭। কেশবঃ (শ্রীকৃষ্ণ) বাৎসল্য-ব্যাকুলৌ (বাৎসল্য-বশতঃ ব্যাকুলচিত্ত) পিতরৌ (মাতা-পিতাকে)
স্বস্য (নিজের) ছত্রোপানদ্বিধারণে (ছত্র ও
পাদুকা-ধারণ-বিষয়ে) ক্রিয়মানাগ্রহৌ
বীক্ষ্য (আগ্রহ প্রকাশ করিতে দেখিয়া)
প্রাহ ([এরূপ] বলিয়াছিলেন)। ২৭ ॥
২৮। ‘গোপালনং (গোপালন) নঃ (আমাদের)
স্বধর্মঃ (স্বধর্ম); অতঃ মাতঃ তু (সেই

গো-সমূহ) যথা (যেরূপ) নিশ্ছত্র পাদুকা: (ছত্র-পাদুকা-হীন), গোপা: তথা (গোপগণও সেইরূপই [হইবে]); তর্হি (তাহা হইলেই) সুনির্মল: ধর্ম: (উক্ত গোপালনরূপ ধর্ম বিশুদ্ধ হয়) ॥ ২৮ ॥

২৯। মাত:! (হে জননি!) ধর্মাৎ (ধর্ম হইতে) আয়ুর্যশো বৃদ্ধি: (আয়ুর ও যশের বৃদ্ধি হয়); ধর্ম: রক্ষিত: (ধর্মকে রক্ষা করিলে [ধর্মও সেই রক্ষককে]) ~~রক্ষ~~ রক্ষতি (রক্ষা করেন); স: (তাঁহাকে) কথং ত্যাজ্যতে (কীরূপে ত্যাগ করিব)? ভীষু (সর্বপ্রকার ভয়ের ক্ষেত্রেই) ধর্ম: (ধর্ম) রক্ষিতা আস্তে (রক্ষক-রূপে বিদ্যমান রহিয়াছেন) ॥ ২৯ ॥

৩০। যদি (যদিও) তৌ (শ্রীযশোদা দেবী ও শ্রীনন্দমহারাজ, উভয়েই) সাক্ষাৎ (প্রত্যক্ষ-ভাবেই) সুতস্য (পুত্রের) সাদৃগুণং ~~সু~~ (এইরূপ সদ্‌গুণসম্পদ্‌) অবেক্ষ্য (দর্শন করিয়া) হৃদি (হৃদয়ে) অপারং (অতিশয়) ননন্দতু: (আনন্দ ~~উপলব্ধি~~ অনুভব করিয়াছিলেন), তথাপি

(তখন) মাতা (জননী) অনিষ্টাশঙ্কাকুলিতা (অনিষ্টাশঙ্কায় ব্যাকুলা হইয়া) গোপান্ (গোপগণকে) সমাহূয় (আহ্বান পূর্বক) জগাদ (এরূপ বলিয়াছিলেন—)॥৩০॥

৩১। ভো: বৎস! (হে বৎস!) সুভদ্র! (সুভদ্র!) মণ্ডলীভদ্র! (হে মণ্ডলীভদ্র!) বলভদ্রক! (হে বলভদ্র!) অতিমৃদুল: (অতি কোমল), চল: অয়ং (এই চঞ্চল) বাল: (বালককে) যুষ্মাসু (তোমাদের নিকট) সমর্পিত: (সমর্পণ করিলাম)॥৩১॥

৩২। [এই বালককে] সদা (সর্বদাই) ব: (তোমরা) যন্ত্রণীয়: (নিয়ন্ত্রণ করিবে), শিক্ষণীয়: (শিক্ষা দিবে [এবং]) পালনীয়: চ (রক্ষা করিবে); চেৎ (যদি) স্বৈরী (স্বতন্ত্রতা অবলম্বন পূর্বক) চলতাং যাতি (চাঞ্চল্য প্রকাশ করে) তদা (তাহা হইলে) ময়ি (আমাকে) কথনীয়ং (বলিয়া দিবে অর্থাৎ জানাইবে)॥৩২॥

৩৩। ভো: বিজয়াদয়: বৎসা: (হে বিজয় প্রমুখ বৎসগণ!) সদা (সর্বদাই) ব: (তোমরা) ধৃতখড়্গধনুর্বাণৈ: (খড়্গ ও ধনুর্বাণ ধারণ পূর্বক) অপ্রমত্তৈ: (সাবধানে) অভিত: (চতুর্দিকে)

স্থিতৈঃ (অবস্থান করিয়া) অমুং (ইহাকে)
রক্ষণীয়ঃ (রক্ষা করিবে)॥ ৩৩॥

৩৪। অথ (অনন্তর) স্নিগ্ধা (স্নেহশীলা) মাতা (জননী)
করেণ (হস্তদ্বারা) সুতস্য (পুত্রের) অঙ্গং
স্পৃশন্তী (অঙ্গ স্পর্শ করিয়া) ঈশ্বর-নাম-মন্ত্রৈঃ
(ভগবানের নামমন্ত্র [ওঁ]) নৃসিংহবীজৈঃ
(শ্রীনৃসিংহ দেবের বীজমন্ত্র দ্বারা) রক্ষাং বিধায়
(রক্ষাক্রিয়া সম্পাদন পূর্বক) অস্য (তাঁহার)
হস্তে (হস্তে) রক্ষামণিং (রক্ষামণি) ববন্ধ (বন্ধন
করিয়াছিলেন)॥ ৩৪॥

৩৫। [অনন্তর] "মাতঃ! পিতঃ! আজ্ঞা (হে মাতঃ!
হে পিতঃ! যে আজ্ঞা বা আজ্ঞা করুন)" ইতি (এই বলিয়া)
পদান্তে (পদপ্রান্তে) সম্প্রণতং (প্রণত [ও])
স্তন্যবাষ্পাম্বুসিক্তং (মাতার স্তনদুগ্ধ ও মাতাপিতার
নয়নজলে অভিষিক্ত) সুতং (পুত্র শ্রীকৃষ্ণকে)
দোর্ভ্যাং ধৃত্বা (বাহুযুগলদ্বারা ধারণপূর্বক) হৃদি
নিদধতৌ (বক্ষঃস্থলে আলিঙ্গন করিয়া) তদ্বদন-
কমলং (তাঁহার মুখকমল) করাভ্যাং (দুই হস্তে)
মার্জয়ন্তৌ (মার্জন পূর্বক) চুম্বন্তৌ

[৩]

মুখকমল (চুম্বন পূর্বক) তং লিবন্তি (তাঁহার মস্তক) জিঘ্রন্তৌ (আঘ্রাণ করিতে করিতে) পিতরৌ (মাতা পিতা) বাষ্পকণ্ঠৌ ঊচতুঃ (বাষ্প রুদ্ধকণ্ঠে এইরূপ বলিয়াছিলেন) ॥৩৫॥

অন্বয় [হে বৎস!] ভবতঃ (তোমার পক্ষে) ভূঃ দ্যৌঃ (পৃথিবী ও আকাশ) ভব্যা ভবতু (মঙ্গলময় হউক); শ্রীনৃসিংহঃ (শ্রীনৃসিংহদেব) রক্ষিতা ([তোমার] রক্ষক হউন), পন্থাঃ শম্ভুঃ (গমনপথ সুখজনক), বনম্ অপি শুভং (বন শুভদায়ক [এবং]) দিক্ বিদিক্ (দিক্ ও বিদিক্) ভাবুকা (মঙ্গলকর হউক); ত্বং (তুমি) মঙ্গলালিঙ্গিতঃ (মঙ্গলমঙ্গল দ্বারা মিলিত বা আলিঙ্গিত হইয়া) অগ্র (অতঃপর) পুনঃ (পুনরায়) স্বং গৃহং (নিজ-গৃহে) আগমঃ (শুভাগমন করিও) বৎসলাভ্যাং (বাৎসল্য-যুক্ত) পিতৃভ্যাং (মাতাপিতাকর্তৃক) ইতি দত্তানুজ্ঞঃ (এইরূপ অনুমতি প্রদত্ত হইলেন অর্থাৎ প্রাপ্ত হইয়া) সঃ (শ্রীকৃষ্ণ) মুমুদে (আনন্দ লাভ করিয়াছিলেন) ॥৩৬॥

~~[তৎকালে] সঃ (শ্রীকৃষ্ণ) পিতৃভ্যাং মধ্যে (মাতা পিতার মধ্যে)~~

৩৭। হরিঃ (শ্রীকৃষ্ণ) পিতৃভ্যাং (পিতামাতা-কর্তৃক) যথা (যেরূপ) লালিতঃ (লালিত হইয়া-ছিলেন), অম্বাকিলিম্বাদ্যৈঃ মাতৃগণৈঃ তথা (অম্বা, কিলিম্বা প্রভৃতি উপমাতৃগণের এবং ধাত্রীগণের সহিত মিলিতা) বলায়ুষা (শ্রীরোহিণী দেবী [এবং]) গোপৈঃ চ গোপীনিবহৈঃ চ (অপি বয়স্ক গোপ ও গোপীগণকর্তৃক ও) তথা (সেইরূপ [লালিত হইয়াছিলেন; এবং]) তৈঃ (তাঁহাদের সকলের দ্বারা [শ্রীকৃষ্ণ]ই) যথা (যেরূপ [লালিত হইয়াছিলেন]), সঃ বলঃ (এবং অপি শ্রীবলদেবও) তথা (সেইরূপই [লালিত]) অভূৎ (হইয়াছিলেন)।।৩৭।।

৩৮। [তৎকালে] সঃ (শ্রীকৃষ্ণ) কটাক্ষামৃতবৃষ্টিধারয়া (কটাক্ষরূপ অমৃতবৃষ্টি ধারাদ্বারা) ব্রজাঙ্গনানাং (ব্রজললনাগণের) তৃষিতাক্ষিচাতকান্ (নয়ন-রাজিরূপ তৃষ্ণার্ত চাতকগণকে) হর্ষন্ (অভিষিক্ত করিতে করিতে) আত্মনঃ (নিজের) কাননযানং (বন-গমন) ন্যবেদয়ৎ (নিবেদন করিয়াছিলেন; [আর তিনিও]) তাভিঃ (তাঁহাদের) স্বদৃষ্ট্যা এব (দৃষ্টি দ্বারাই) অনুমোদিতঃ চ ([বনগমনের] অনুমোদন লাভ করিয়াছিলেন)।।৩৮।।

অনুভোদন লাভ করিয়াছিলেন)॥ ৩৮॥

৩৯। অথো (শ্রীকৃষ্ণ) তাসাং (সেই ব্রজাঙ্গনাগণের) মনোনদীন কুরঙ্গসঞ্চান্ (চিত্তরূপ কাঞ্চন হরিণ-বৃন্দকে) লোলান্ বিলোক্য (লোলুপ্ত দেখিয়া) স্বান্ (স্বীয়) রুচিপল্লবান্ (অঙ্গকান্তিরূপ পল্লব-রাজিকে) চারয়িতুং (ভক্ষণ করাইবার নিমিত্ত) স্বয়া (স্বীয়) দৃক্‌শৃঙ্খলয়া (দৃষ্টিরূপ শৃঙ্খলদ্বারা) সন্দান্য (আবদ্ধ করিয়া) স্বসঙ্গে স্ফুটং নিন্যে (নিজের সঙ্গেই লইয়া গিয়াছিলেন)॥ ৩৯॥

৪০। 'সুমুখি! (হে সুমুখি! [তুমি]) চক্ষুষী (নয়নযুগল) মুদ্রয়িত্বা (মুদ্রিত করিয়া [কোনরূপে]) দ্বিত্রাঃ ঘটিকাঃ (দুই বা তিন ঘটিকা) ক্ষেপ্যাঃ (যাপন করিবে); খেদং মা গাঃ (কোনরূপ দুঃখবোধ করিও না); বনান্তে (বনমধ্যে) সপদি (শীঘ্রই) নৌ (আমাদের উভয়ের) সঙ্গমঃ ভাবিতা (মিলন হইবে); মায়ি করুণয়া ([আর তুমি] আমার প্রতি কৃপাযুক্ত হও) আশু (শীঘ্রই) ছদ্মনা (যে-কোন ছল করিয়া) স্বকুণ্ডং (নিজ-কুণ্ডে অর্থাৎ শ্রীরাধাকুণ্ডে) আগন্তব্যম্ (আগমন

করিবে) তৈ কৃষ্ণ: (শ্রীকৃষ্ণ [তৎকালে]) দৃশা
(দৃষ্টি যোগে) রাধিকায়াং (শ্রীরাধার নিকটে)
ইত্থং (এইরূপ) স্ফুটম্ অনুনয়ং চক্রে (সুস্পষ্ট
অনুনয় প্রকাশ করিয়াছিলেন) ।। ৪০ ।।

৪১। স: (শ্রীকৃষ্ণ) দৈন্যপূর্ণয়া দৃশা (দৈন্যময়ী [কাতরতাযুক্ত] দৃষ্টি-
দ্বারা) রাধিকাং (শ্রীরাধার) আজ্ঞাং (আজ্ঞা) যযাচে
(প্রার্থনা করিয়াছিলেন; [আর]) ~~কাতর্যং নম্রতা~~
~~(কাতরতা (প্রকাশক), তৎকটাক্ষেন (শ্রীরাধার কটাক্ষই)~~
~~অনুমোদিত~~ তৎকটাক্ষেন (শ্রীরাধার কটাক্ষ) কাতর্যং
নম্রতা (কাতরতা প্রকাশ করিয়াই) অনুমোদিত:
অনুমোদিত (তদ্বিষয়ে অনুমোদন করিয়াছিল) ।। ৪১ ।।

৪২। তৌ ([তৎকালে] শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ), মধ্যে নভ:
(আকাশের মধ্যে) সম্মিলনে অপি (মিলন-সত্ত্বেও)
অপূর্ণৈ: (অশান্তিত, [অথচ]) জবাৎ (দ্রুতবেগে)
মিথ: (পরস্পরের) হৃদয়ে (চিত্তে) প্রাবিষ্টৌ:
(প্রবিষ্ট) কটাক্ষবাণৈ: অপি (কটাক্ষ অপাঙ্গ-শরের ~~বাণের~~
আঘাতেও) মোদম্ আপতৌ (হর্ষ বোধ করিয়াছিলেন);
হি (যেহেতু) প্রেমন: (প্রেমের) ~~গতি~~ বিচিত্রা গতি:
(বিচিত্র গতি) দুরূহা (বস্তুতঃই দুর্জ্ঞেয়া) ।। ৪২ ।।

৪৩। অয়ং (শ্রীকৃষ্ণ) রাধামনোমীনং (শ্রীরাধার চিত্তরূপ মৎস্যকে) স্বকান্তি-জালেন (নিজ-কান্তিরূপ জাল-দ্বারা) নিবধ্য (আবদ্ধ করিয়া) স্বসঙ্গে (নিজের সঙ্গে) নিন্যে (লইয়া গিয়াছিলেন; [আর]) সা অপি (শ্রীরাধাও) উৎকং তচ্চিত্তমরালং (শ্রীকৃষ্ণের চিত্তরূপ উৎসুক হংসটিকে) স্বদৃক্কূনন-পঞ্জরান্তঃ (স্বীয় কটাক্ষরূপ পঞ্জরের মধ্যে) রুরোধ (অবরোধ করিয়াছিলেন)।। ৪৩।।

৪৪। [তৎকালে শ্রীকৃষ্ণ] স্বমিত্রৈঃ আবৃতঃ (স্বীয় মিত্র-বর্গকর্তৃক) আবৃতঃ (বেষ্টিত হইয়া), অগ্রতঃ (সম্মুখভাগে) ধেনূঃ প্রেরয়ন্ (ধেনুগণের পরি-চালন [এবং]) পৃষ্ঠতঃ (পশ্চাদ্ভাগে) ব্রজেশান্ আকর্ষন্ (ব্রজবাসিগণকে আকর্ষণপূর্বক) অরণ্যং প্রবেষ্টুং (বনমধ্যে প্রবেশ করিবার) উপচক্রমে (উপক্রম করিলেন)।। ৪৪।।

৪৫। হরিঃ (শ্রীকৃষ্ণ) পুনঃ (পুনরায়) তির্যগ্গ্রীবং (গ্রীবা বক্র করিয়া), সব্রজৌ (ব্রজের সহিত) স্নেহকর্ষিতৌ (স্নেহাকৃষ্ট) পিতরৌ (মাতাপিতাকে) অনু আয়ান্তৌ প্রেক্ষ্য (অনুগমন করিতে দেখিয়া),

পুর: তিষ্ঠন্ (সম্মুখভাগে অবস্থান করিয়া)
অব্রবীৎ ([এরূপ] বলিয়াছিলেন)॥ ৪৫॥

৪৬। মাত:! (হে জননি!) ইহ (এখানে) অত: পরং পুর: (অত:পর সম্মুখভাগে)
~~(ইহার পর)~~ অটবী (এই বনভূমি) ~~(সম্মুখভাগে)~~ ব: (আপনাদের) গন্তুং ন অর্হা
(গমনের যোগ্য নহে); ~~ত্বরিতং~~ ব্যাবর্ত্তধ্বং
([অতএব] ~~সত্বর~~ প্রত্যাবর্তন করুন; [আর])
ত্বরিতং (শীঘ্রই) মে (আমার) রসালা
(সুস্বাদু পানীয়) ~~আনয়~~ ইহ (এখানে)
আনয়নীয়া (পাঠাইয়া দিবেন); তাত (হে পিত:!)
অদ্য (অদ্য) মে (আমার) কন্দুকক্ষেপনী (কন্দুক-
ক্ষেপনীর অর্থাৎ কন্দুক-ক্ষেপন-যন্ত্রের) ত্রুটিত-
শিখরা (অগ্রভাগ ছিন্ন হইয়া গিয়াছে; [অতএব])
যোগ্যং গত্বা ([আপনি] ব্রজে যাইয়া) ঝটিতি
(সত্বর) সুদৃঢ়া: (অতি দৃঢ়) পঞ্চষা: (পাঁচ
ছয়টি [কন্দুক-ক্ষেপনী]) কারনীয়া: (প্রস্তুত করাইবেন)॥ ৪৬॥

৪৭। অম্ব! (হে মাত:!) পশ্য (ঐ দেখুন), গাব:
(ধেনুগণ) স্ফুরিতা: ভূষিতা: অপি (স্ফূর্তি-যুক্তায়

কাতর হইয়াও) মদপেক্ষয়া (আমার অপেক্ষায়)
বলিতগ্রীবম্ ঊর্দ্ধাস্যং (গ্রীবা বক্র করিয়া ঊর্দ্ধ-
মুখে) পুরঃ (সম্মুখভাগে) তস্থাদ্ধিরে (স্তব্ধভাবে
অবস্থান করিতেছে) ॥ ৪৭॥

৪৮। [অনন্তর] প্রসূঃ (মাতা) তং (শ্রীকৃষ্ণকে) ইতি
আহ (এরূপ বলিলেন, [আমি]) অহং ভোজ্যং
(উত্তম ভোজ্য দ্রব্য) প্রেষয়িষ্যামি (প্রেরণ করিব),
ত্বং (তুমি) মধ্যাহ্নে এব (মধ্যাহ্নেই) তৎ (তাহা)
ভুক্ত্বা (ভোজন করিয়া) অপরাহ্নে (অপরাহ্ন-
কালে) তূর্ণম্ আগচ্ছেঃ (সত্বর [ব্রজে] প্রত্যাবর্তন
করিবে) ॥ ৪৮॥

৪৯। সঃ অপি ([তখন] শ্রীকৃষ্ণও) তাং (মাতাকে)
অব্রবীৎ (বলিলেন), অম্ব! (হে মাতঃ! [আমি]) চেৎ
(যদি) শ্রোষ্যামি (জানিতে পারি যে), ভবন্তৌ
(আপনারা উভয়েই) কৃতভোজনৌ (ভোজন
করিয়া) গেহে (গৃহে) সুস্থিতৌ (সুস্থচিত্তে
[বিরাজ করিতেছেন]), তদা (তাহা হইলেই)
তে (আপনার) প্রহিতং (প্রেরিত) ভোজ্যং
(ভোজ্য দ্রব্য) ভোক্ষ্যামি (ভক্ষণ করিব [এবং])

পুনঃ মমেষ্যামি (পুনঃ যাইব) : অনুমানে চ
অর্থাৎ আমি গৃহে ফিরিয়া আসিব না
(অনুমান তাহা হইবে না) ॥ ৪৭॥

[তৎকালে] অসৌ (সেই) নন্দনন্দন: স: (নন্দ-
নন্দন শ্রীকৃষ্ণকে) অকুলাভ্যাং পিতৃভ্যাং (গোকুল-
চিত্ত মাতাপিতা) কায়-মনো বচোভি:
(কায়মনো বাক্যে) কৃতাবন: (সুরক্ষিত)
(রক্ষা করিয়া)
স্তনদুগ্ধনয়োভি: (স্তনদুগ্ধ ও নয়ন প্রেমধারা)
তাঁহার সিক্ত করিয়াছিলেন
সংসিক্তদেহ: (সিক্তদেহ [এবং]) চুম্বিতালিঙ্গিত:
তাঁহার
(চুম্বন ও আলিঙ্গন পূর্বক) মুহু: মুহু: (বারম্বার)
দর্শন করিতে
দৃষ্টমুখ: (মুখমণ্ডল ছিলেন);
প্রিয়াগণৈ: (শ্রীরাধা প্রভৃতি প্রিয়তমাগণও)
উদ্যদ্‌বিয়োগোগ্রখরবিপ্রতাপিতৈ: (উদয়োন্মুখ
বিরহরূপ প্রখর সূর্যতাপে তাপিত [ও])
নিজপ্রেমনদীবীচিশীকরৈ: সিক্তৈ: (তদীয়
দৃষ্টিপাতরূপ তরঙ্গকণাদ্বারা সিক্ত হইয়া)
কটাক্ষধারানলনালিকাচয়ৈ: (কটাক্ষধারারূপ
নলের ছিদ্রসমূহদ্বারা) নিপীতলাবণ্যরস:
(তাঁহার লাবণ্যরস পান করিতেছিলেন);
ব্রজস্থগোপালকযানোৎপলন্নাভ্যাং বৈমনস্যৌ মনস্যাভ্যাং

([এইরূপে তিনি] ব্রজোত্থ-গ্লানিত বিষাদ ও
অরণ্যগমনতৃষ্ণাজনিত উৎকণ্ঠা বশতঃ) ব্যগ্রঃ (ব্যাকুল
হইয়া) বনং প্রাবিশৎ (বনে প্রবেশ করিয়াছিলেন)।। ৫০-৫২।

৫৩ [তৎকালে] কৃষ্ণে (শ্রীকৃষ্ণের প্রতি) নিহিতেক্ষণস্য
(দৃষ্টিনিক্ষেপকারী) ব্রজস্য (ব্রজবাসিগণের)
অখিলেন্দ্রিয়াণাং (সকল ইন্দ্রিয়ই) নয়নত্বম্ আসীৎ
(নয়নরূপে পরিণত হইয়াছিল); ক্ষণেন (অল্পক্ষণ
কালমধ্যেই) তস্মিন্ (শ্রীকৃষ্ণ) বনেন অন্তরিতে
(বনের অন্তরালে গমন করিলে) তেষাং (সেই ইন্দ্রিয়-
বর্গ) সমন্তাৎ (সর্বতোভাবেই) সুবিলীনতা অভূৎ
(বিলীন অর্থাৎ নিষ্ক্রিয় হইয়া পড়িল)।। ৫৩।।

৫৪ যৎ (যেহেতু) এষঃ (শ্রীকৃষ্ণ) নঃ ([জঙ্গমরূপী]
আমাদিগকে) বিহায় (ত্যাগ করিয়া) বনং প্রযাতি
([স্থাবর] বনপ্রদেশে গমন করিতেছেন; [অতএব])
চরত্বতঃ (জঙ্গমতা অপেক্ষা) স্থাবরতা এব
(স্থাবরতাই) ধন্যা (প্রশংসনীয়) ইতি ইব
(এই হেতুই যেন) তে ব্রজবাসিনঃ (সেই ব্রজবাসি-
গণ [তৎকালে]) খিন্নাঃ (খেদের সহিত) স্তম্ভ-
দম্ভাৎ (স্তব্ধতার ছলে) স্ফুটং (সুস্পষ্টরূপেই)
তৎ (স্থাবরতা) আদধুঃ (অবলম্বন করিয়াছিলেন)।। ৫৪।।

তৎ (স্মরণং) অদধুঃ (অবলম্বন করিয়াছিল)॥ ৫৪॥

৫৫। তদা (তৎকালে) জীবনধনে (জীবনধন শ্রীকৃষ্ণ, নদী পক্ষে - জলরূপ ধন) বন-গ্রীষ্মহৃতে (বনরূপ গ্রীষ্মকর্তৃক অপনীত হইলে) হন্ত: চিল্লী চিল্লী-গিলিত-মতি-মীলচ্ছফরিকাঃ (শ্রীকৃষ্ণের ভ্রূভঙ্গী রূপ চিল-নামক পক্ষী যাঁহাদের বুদ্ধিরূপ শফরী মৎস্যীকে গ্রাস করিয়াছিল), ম্লানাৎ ([যাঁহাদের] মলিন) মুখাম্ভোজাৎ (মুখপদ্ম হইতে) চলিতচলদৃষ্টি-ভ্রমরিকাঃ (চঞ্চল দৃষ্টি রূপা ভ্রমরী উড্ডীনা হইয়া গিয়াছিল [এবং]) বিয়োগোদ্যৎপঙ্কাবলি-পতিত-হংসাঃ (যাঁহাদের প্রানরূপ হংস উদীয়মান বিরহরূপ পঙ্কে নিমগ্ন হইয়াছিল, [তাদৃশী]) আভীরী নদ্যঃ (গোপীরূপা নদীগণ) বিবভুঃ (অতিশয় দীপ্তিহীনা হইয়াছিলেন অর্থাৎ ম্লানা পড়িয়াছিলেন)॥ ৫৫॥

৫৬। অথ (অতঃপর) নিরীহাঃ (তাদৃশ নিশ্চেষ্ট দশায়ও) তে (সেই) ব্রজবাসিনঃ (ব্রজবাসিগণ) বিমোহিতৌ (লোকবিমুগ্ধ) তৌ ব্রজেশৌ (ব্রজেশ্বরী ও ব্রজেশ্বরকে)

গৃহীত্বা (সঙ্গে লইয়া) অভ্যাসতঃ (পূর্ব-অভ্যাসবশেই), কৃষ্ণানুগামি-স্বমনোবিহীনৈঃ (শ্রীকৃষ্ণের অনুগত নিজ-নিজ-চিত্তকে পরিহার-পূর্বক) পরং (কেবলমাত্র) দেহৈঃ (শরীর দ্বারাই) গেহং যযুঃ (গৃহে প্রত্যাবর্তন করিয়াছিলেন)॥৫৬॥

৫৭। যন্ত্রচক্রপ্রতিমাঃ প্রতিমা ইব (যন্ত্রচালিত কোন প্রতিমা যেরূপ অন্য কোন প্রতিমাকে [লইয়া যায়, সেইরূপ]), সখ্যঃ অপি (সহচরীগণও) মূর্চ্ছিতাং (মূর্চ্ছাপন্না) স্বাং স্বাং যূথেশ্বরীং (নিজ-নিজ-যূথেশ্বরীকে) যত্নাৎ আদায় (যত্নপূর্বক গ্রহণ করিয়া) গৃহং নিন্যুঃ (গৃহে লইয়া গেলেন)॥৫৭॥

৫৮। অস্মৎ (অস্মদর) কুন্দবল্লী (কুন্দলতা) স্বয়ং ব্যগ্রা অপি (স্বয়ং বিহ্বলা হইয়াও) অচেতনাং (সংজ্ঞাশূন্যা) তাং রাধাং (সেই শ্রীরাধাকে) যত্নাৎ আদায় (যত্ন সহকারে গ্রহণপূর্বক) বিচিত্তৈঃ তৎসখীজনৈঃ (মতিভ্রমাক্রান্তা তদীয় সখীগণের সহিত) ব্রজং (ব্রজে) আয়াৎ (আগমন করিয়াছিলেন)॥৫৮॥

৫৯। যদ্যপি (যদিও) অস্মিন্ (শ্রীকৃষ্ণের প্রতি) ন্যস্তচিত্তাঃ (চিত্তের আত্মনিবেশ হেতু অর্থাৎ চিত্ত নিবিষ্ট হওয়ায়) ব্রজস্থাঃ (ব্রজবাসীগণ)

আতিদলং (তাঁহার পুনর্দলনের পূর্ব পর্যন্ত) জ্ঞানশূন্যাঃ (অচেতনই ছিলেন), তথাপি (তথাপি) তে (তাঁহারা) জীবন্মুক্তাঃ যদ্বৎ (জীবন্মুক্ত পুরুষগণের ন্যায়) দেহসংস্কারতঃ (দৈহিক-সংস্কার-বশতঃই) তত্তৎকর্মাণি (নিজ-নিজ-কর্তব্যসমূহের) আচরন্তি স্ম (অনুষ্ঠান করিয়াছিলেন) ॥ ৫৯॥

~~অথ (অনন্তর) কুন্দবল্লী (কুন্দলতা) জটিলাং (জটিলাকে) স্বপথি (আত্মীয়গণের গমন মার্গে) গোময়কুং-পিণ্ডিকানাং (গোময়রাশির পিণ্ডসমূহের) নির্মাণোৎকাং (নির্মাণ বিষয়ে উৎকণ্ঠিতা হইয়া) বর্দ্ধ্বাঃ বর্ত্মনি (বধূ শ্রীরাধার পথের দিকে) ধৃতদৃশং (দৃষ্টিপাত-পূর্বক) ব্যাকুলাং (ব্যাকুলভাবে অবস্থান করিতে) দৃষ্ট্বা (দেখিয়া), জাড়িমকলিতাং (জড়তাগ্রস্তা) রাধিকাং (শ্রীরাধার) চেতয়ন্তী (চেতনা সঞ্চার করিয়া) এনাং (তাঁহাকে) কৃষ্ণোদ্যানং নিনীষুঃ~~

৬০। অথ (অতঃপর) নয়নিপুণধীঃ (নীতিনিপুণা) কুন্দবল্লী (কুন্দলতা) জটিলাং (জটিলাকে) স্বপথি (নিজ জনগণের যাতায়াতের পথে) গোময়কুং-পিণ্ডিকানাং নির্মাণোৎকাং (গোময়ের পিণ্ডরাশির

[... শ্লো মধুটেরাশির]

(মিলনকার্যে উৎসুকা হইয়া) বধ্বা: বর্ত্মনি (শ্রীরাধার আগমনপথে) ধৃতদৃশং (দৃষ্টিপাত করিয়া) ব্যাকুলাং দৃষ্ট্বা (ব্যাকুলতার সহিত অবস্থান করিতে দেখিয়া), জাড্যকলিতাং (জড়ভাবাপন্না) রাধিকাং (শ্রীরাধার) চেতয়ন্তী (চেতনা লাভ করাইয়া) এনাং (তাঁহাকে) কৃষ্ণাভ্যর্ণং তূর্ণং নিনীষু: (শ্রীকৃষ্ণের নিকটে সত্বর লইয়া যাইবার ইচ্ছায়) অবাদীৎ ([জটিলাকে এরূপ] বলিয়াছিলেন)।।৬০।।

৬১। আর্যে! (হে আর্যে!) নমামি ([আপনাকে] প্রণাম করিতেছি); তে (আপনার) ইয়ং (এই) কল্যাণী (মঙ্গলময়ী) স্নুষা (বধূকে) পুর: নীয়তাং (সম্মুখে আনয়ন করুন); অস্যা: (ইহার) ছায়া অপি (ছায়াও) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) দৃষ্টিগোচরতাং ন গতা (দৃষ্টিগোচর হয় নাই)।। ৬১।।

৬২। পশ্য (এই দেখুন), গোষ্ঠেশ্বরী (ব্রজেশ্বরী) অস্যা: (ইহার) পাকনৈপুণ্যত: (পাকক্রিয়ার নিপুণতা-হেতু) মুদিতমনসা (সন্তুষ্টা হইয়া) সাব্ধিদ্বীপাং (সমুদ্র-ও দ্বীপ সমন্বিতা)

পৃথিবী (এই পৃথিবী) যস্য একস্য মূল্যং ন
(যাহার একটির ও মূল্য হইতে পারেনা)
তাদৃশাদিব্যামিতমণিময়ং (তাদৃশ অসংখ্য
দিব্যমণিময়) শচ্যা অপি অলভ্যং (শচী-
দেবীর ও দুর্লভ) মর্ত্যাসীনং (মর্ত্যলোকে অভিনব),
বসন-সহিতং ভূষণং (বস্ত্র সমেত অলঙ্কার-
সমূহ) অস্মৈ (ইঁহাকে) দত্তং (দান করিয়াছেন)॥ ৬২॥

৬৩। জটিলা ([তৎকালে] জটিলা) স্নুষায়াঃ (বধূর)
ধর্মার্থলাভাৎ (ধর্মরক্ষা-ও-অর্থলাভ-হেতু) মুদিতা
(সন্তুষ্টা হইয়া) তয়া এব (কুন্দলতাদ্বারাই)
কার্যান্তরং উচ্চিকীর্ষুঃ (অপর কার্য সম্পাদন
করিবার ইচ্ছায়) তাং (কুন্দলতাকে) স্বাভীষ্ট সম্পাদন-
লব্ধবর্ণাং মত্বা (নিজের অভীষ্ট সাধন-ব্যাপারে
সুনিপুণা মনে করিয়া) তাং (তাঁহাকেই)
স্তুবতী (প্রশংসায় স্তুতিসহকারে) অবদৎ ([এরূপ]
বলিয়াছিলেন)॥ ৬৩॥

৬৪। বৎসে! (হে বৎসে!) এহি এহি (এস, এস); ভবত্যাঃ
কুশলম্ ইহ? (তোমার মঙ্গল ত?) আশু ([আমি]

৬৪) ত্বচ্চীলনির্মঞ্ছনং (তোমাদের চরিত্রের নির্মঞ্ছন) যামি (করিতেছি); যৎ (যেহেতু) ত্বং (তুমি) সন্নুষায়াং ময়ি (বধূর সহিত আমার প্রতি) স্নিগ্ধা অসি (স্নেহপরায়ণা), তৎ (সেই হেতু) মদাশিষা (আমার আশীর্বাদে) সুতবক্ষ্যা স্যাঃ (সপ্ত পুত্রের জননী হও)॥ ৬৪॥

৬৫) ত্বং (তুমি) স্বয়ং সাধ্বী (স্বয়ং পতিব্রতা [এবং]) অন্যাসাং (অপর বধূগণের) ধর্মপালনে (ধর্মরক্ষণ-বিষয়েও) প্রগল্ভা (সুনিপুণা); ত্বায়ি (তোমার প্রতি) মে (আমার) আত্মনি ইব প্রতীতিঃ (আত্মতুল্য বিশ্বাসই বর্ত্তমান রহিয়াছে); ততঃ (সেই হেতু) ত্বাং প্রার্থয়ে (তোমার নিকটে একটি প্রার্থনা করিতেছি)॥ ৬৫॥

৬৬) পত্ন্যা (পত্নী) ধর্মে পালিতে (ধর্মানুষ্ঠান পালন করিলে) তৎপতিঃ (তাঁহার পতি) গোমান্ (গোধনশালী), পুত্রী (পুত্রবান্), বিত্তবান্ (ধনবান্) আয়ুরাঢ্যঃ চ স্যাৎ (ও দীর্ঘজীবী হয়) শ্রুতিজ্ঞা (শাস্ত্রনিপুণা) পৌর্ণমাসী (পৌর্ণমাসী দেবী) অস্মান্ ইতি আহ

(আমাদিগকে এরূপ উপদেশই করিয়াছেন);
তৎ (সেইহেতু) মা ইমং (এই বধূকে) ধর্মগুপ্ত্যৈ
(ধর্মপালনের নিমিত্ত) ত্বয়ি অর্পিতা (তোমার
নিকটে অর্পণ করিতেছি)।।৬৬।।

৬৭। ধর্মাৎ (ধর্ম হইতে) অর্থ: চ কাম: চ (অর্থ ও
সুখলাভ হয়) ইত্যাদি (এইরূপ) সতাং বচ:
(সজ্জন বাক্য) সত্যং (বস্তুতঃই সত্য), যত:
(যেহেতু) অস্যা: (এই বধূর) পালিতাৎ ধর্মাৎ
(ধর্মপালনহেতু) ভূয়ান্ অর্থ: অপি সাধিত:
(প্রভূত অর্থলাভও সিদ্ধ হইয়াছে)।।৬৭।।

৬৮। যে (আমার) এক: সুত: (একমাত্র পুত্র) অসৌ
(অভিমন্যুর) যস্যা (যাহাতে) কুশলী স্যাৎ (মঙ্গল-
লাভী হয় [এবং]) অমলে কুলে ([আমার এই] বিশুদ্ধ
বংশে) যস্যা (যাহাতে) কলঙ্ক: ন (কলঙ্ক না
ঘটে, [তুমি]) তথা (সেইরূপেই) অস্যা: (এই
বধূর) ধর্মং পরিপালয়ন্তী (ধর্ম রক্ষা করিয়া)
সূর্যার্চনং নির্বাহ্য (সূর্যপূজা নিষ্পাদনপূর্বক)
এনাম্ আনয় (ইহাকে গৃহে প্রত্যানয়ন
করিবে)।।৬৮।।

৬৯। পুত্রি রাধে! (হে বৎসে শ্রীরাধে!) ত্বং (তুমি) গৃহাৎ (গৃহ হইতে) তাম্রকুণ্ডীং (তাম্রকুণ্ড), [illegible] অরুণকপিলিকা-ক্ষীর-দধ্যাজ্যং (পূজার যোগ্য অরুণবর্ণা কপিলা ধেনুর দুগ্ধ, দধি, ঘৃত), শালিপক্কান্নং (ঘৃতপক্ক অন্ন), জবাং (জবাপুষ্প), ঐক্ষবং (ইক্ষুগুড়), ঘুসৃণং (কেশর), পত্রকং (রক্তচন্দন), অথ পদ্মমালাং (এবং পদ্মমালা) ইত্যাদি উপকরণচয়ং (প্রভৃতি উপকরণ) গৃহীত্বা (গ্রহণপূর্বক) অনয়া সখ্যা (নিজ সখী এই কুন্দলতার [তথা]) গার্গ্যা বা (গর্গমুনির কন্যার) কেনচিৎ অর্চনপটু-বটুনা বা সার্ধং (অথবা, কোন অর্চনানিপুণ বিপ্র বালকের সহিত) সূর্যার্চনায় (সূর্যপূজার নিমিত্ত) যাহি (যাত্রা কর)॥ ৬৯॥

৭০। ললিতে! (হে ললিতে! [তুমি]) সাধ্বী চণ্ডা অসি (সাধ্বী ও প্রচণ্ডা); ত্বয়া (তুমি) ক্ব অপি (কোথায়ও) অসৌ সখী (নিজ-সখী শ্রীরাধাকে) একাকিনী ন বিধেয়া (একাকিনী থাকিতে দিবেনা; [আর]) সখ্যাং কিল

(সে দিকে) নন্দসূনোঃ (শ্রীকৃষ্ণের) গন্ধঃ অপি
(গন্ধও অর্থাৎ যৎকিঞ্চিৎ সংসর্গও রহিয়াছে),
তর্হ্যেব দিশে (সে দিকের প্রতি) বঃ (তোমরা)
অঞ্জলিঃ কার্যঃ এব (প্রণামই করিবে, অর্থাৎ
দূর হইতেই সে দিক্ ত্যাগ করিবে) ॥৭০॥

৭১ বৎসে! (হে বৎসে ললিতে!) দিনম্ অত্যারূঢ়ং
(সম্প্রতি বেলা বাড়িয়াছে; [আর এদিকে])
~~গোময়াঃ বালুকাঃ সন্তি (প্রচুর গোময় অবশিষ্ট রহিয়াছে, [অতএব]) অহং (আমি) যুবয়োঃ (তোমাদের উভয়ের উপর) ন্যস্তভারা (বধূর ভার অর্পণপূর্বক) উৎপলিকাকৃতৌ (উৎপালিকা অর্থাৎ গোময়পিণ্ড রচনায়) নিশ্চিন্তা নিশ্চিন্তভাবেই অস্যাং নিশ্চিন্তা (বধূর সম্বন্ধে নিশ্চিন্তা হইয়া)~~
উৎপালিকাকৃতৌ (উৎপালিকা অর্থাৎ গোময়-পিণ্ডী রচনার উপযোগিনী) গোময়ক্ষায়াঃ
সন্তি (প্রচুর গোময় অবশিষ্ট রহিয়াছে;
[অতএব]) অহং (আমি) যুবয়োঃ ন্যস্ত
ভারা (তোমাদের উভয়ের উপর ভার
অর্পণপূর্বক) অস্যাং (এই বধূর সম্বন্ধে)
নিশ্চিন্তা (নিশ্চিন্তা রহিলাম) ॥৭১॥

নিশ্চিন্তা (নিশ্চিন্ত রহিলাম) ॥ ৭১॥

৭২। [অন্বয়] তে (কুন্দলতা ও ললিতা) ঈদি সংপ্রহর্ষিতে (চিত্তে অতিশয় হর্ষযোগ্য করিয়া) তাং (জটিলাকে) উচতুঃ (বলিলেন) আর্যে! (অয়ি আর্যে! [আপনি]) নিশ্চিন্তং (নিশ্চিন্তভাবে) নিজা ক্রিয়া (নিজ-কার্য) ক্রিয়তাং (সম্পাদন করুন) অথবা, করিতে থাকুন; সহপক্ষ্ম লোচকে অশ্রুঃ তারাগুন্ইব (রোমসহিত নয়নপত্রদ্বয় যেরূপ নেত্র তারকাকে [রক্ষা করে, সেই রূপ]) আবাং (আমরা উভয়ে) ভবদ্বধূং (আপনার বধূকে) সততং (সর্বদা) অবাব: (রক্ষা করিব) ॥ ৭২॥

৭৩। [অন্বয়] মধুরাঙ্গ্যঃ তাঃ (সেই বরাঙ্গী সুন্দরীগণ) জটিলায়াঃ (জটিলার) আজ্ঞাবাক্যমধু (আদেশ-বাক্যরূপ মধু) পীত্বা (পান করিয়া) প্রোন্মত্তাঃ আনন্দোৎফুল্লিততনুচিত্তাঃ অপি (অতিশয় উন্মত্তভাবে চিত্তে ও দেহের প্রফুল্লতা ~~লাভ~~ লাভ করিয়াও) ধৈর্যং ধৃত্বা (ধৈর্য অবলম্বন পূর্বক) গৃহং অনু গম্যুঃ (গৃহে গমন করিয়াছিলেন) ॥ ৭৩॥

৭৪। দাস্যঃ ([অনন্তর] দাসীগণ), আগত্য (গৃহে আগমনপূর্বক) ~~খট্টোপরি সন্নিবিষ্টাং (খট্টার উপবিষ্টা [এবং])~~ ক্ষালিতমার্জিতাঙ্ঘ্রিং (পদযুগল মার্জন ও প্রক্ষালনপূর্বক) খট্টোপরি (খট্টার উপরে) সন্নিবিষ্টাং (উপবিষ্টা), নিজেশ্বরীং (নিজেশ্বরী) শ্রীরাধিকাং (শ্রীরাধাকে) পাদাব্জসংবাহনবীজনাদ্যৈঃ (পদমর্দন ও বীজনাদি-দ্বারা) মুদা (প্রীতিসহকারে) পর্যচরন্ (পরিচর্যা করিয়াছিলেন)॥ ৭৪॥

৭৫। [অনন্তর] বনসখী (শ্রীরাধার বনসখী) শ্রীনর্মদা (নর্মদানাম্নী) মালিনী (মালিনী) বনাৎ (বন হইতে) শ্রীবৃন্দাপ্রহিতং (শ্রীবৃন্দাদেবীকর্তৃক প্রেরিত), অলিকুলাস্পৃষ্টং (ভ্রমরগণের স্পর্শশূন্য), দরোজ্জৃম্ভিতং (ঈষদ্ বিকসিত), মল্লী-যূথী-কর্ণিকার-বকুলাশোকলতা-সপ্তলা-জাতী-চম্পক-নাগকেশর-লবঙ্গাব্জাদিপুষ্পোচ্চয়ং (মল্লিকা, যূথী, কর্ণিকার, বকুল, পারুল, প্রিয়ঙ্গু, নবমল্লিকা, জাতি, চম্পক, নাগকেশর, লবঙ্গ ও পদ্ম প্রভৃতি পুষ্পরাশি) স্বেশ্বর্যাঃ (নিজেশ্বরী শ্রীরাধার) পুরতঃ ন্যধাৎ (সম্মুখে আনিয়া রাখিলেন)॥৭৫॥

পুরতঃ ন্যধাৎ (সম্মুখে লইয়া আসিলেন) ॥৭৫॥

৭৬। যা রাধা (শ্রীরাধা) তৈঃ (উক্ত সুগন্ধদ্রব্য দ্বারা) স্বনৈপুণ্যগুণাদিসূচিকাং (স্বীয় শিল্পনৈপুণ্যাদির সূচকরূপে) কৃষ্ণাঙ্গকামালয়বৈজয়ন্তিকাং (শ্রীকৃষ্ণের দেহরূপ কন্দর্পমন্দিরের বিজয়-পতাকারূপিণী) বৈজয়ন্তীং (বৈজয়ন্তী মালা) বিরচয্য (রচনা করিয়া) কর্পূর-কৃষ্ণাগুরু-সত্ত্ব ভাবিতাং (কর্পূর ও কৃষ্ণ অগুরুর সারদ্বারা উহা সুবাসিত করিয়াছিলেন) ॥৭৬॥

৭৭। যা ([অনন্তর] তিনি) স্বপাণি-হৃৎ-সৌরভ-রাগ-ভাবিতাঃ (নিজ হস্তের সৌরভে ও হৃদয়ের অনুরাগে সুবাসিত [ও]) কৃষ্ণাক্ষি-চিত্তানন-চন্দ্র-রঞ্জিকাঃ (শ্রীকৃষ্ণের নয়ন, চিত্ত ও মুখচন্দ্রের রাগবর্ধকরূপে) এলেন্দু-জাতীফল-খাদিরান্বিতাঃ (এলাচ, কর্পূর, জায়ফল ও খাদিরসংযোগে) নাগবল্লীদলবীটিকাঃ ব্যধাৎ (তাম্বূলবীটিকা [পানের খিলি] প্রস্তুত করিয়াছিলেন) ॥৭৭॥

৭৮। তুলসি (হে তুলসি!) ত্বং (তুমি) হরয়ে (শ্রীকৃষ্ণকে) এতাং মালাং বীটিকাঃ চ (এই মালা

ও তাম্বূলবীটিকাসমূহ) উপহৃত্য (উপহার প্রদান
পূর্বক) বৃন্দাসুবলমুখত: (বৃন্দার ও সুবলের মুখ
হইতে) কেলিসঙ্কেতকুঞ্জং জ্ঞাত্বা (শ্রীকৃষ্ণের
গোপনবিহারের সঙ্কেত কুঞ্জ জানিয়া) আশু
(সত্বর) আগচ্ছ (প্রত্যাগমন করিবে), ইতি
ইতি ললিতাপ্রেরিতা (ললিতার এইরূপ আদেশ-
বাক্যে প্রেরিতা হইয়া) কস্তূর্যালীসহিতা তুলসী
(কস্তুরীনাম্নী সখীর সহিত তুলসী) তৎ তা:
আদায় (মাল্য ও তাম্বূলবীটিকা সমূহ লইয়া) কৃষ্ণপার্শ্বং
প্রতস্থে (শ্রীকৃষ্ণের নিকট গমন করিলেন) ॥৭৮॥

৭৯। অথ (অতঃপর) সখীসহিতা (সখীগণের সহিত)
সা অতিদক্ষা (অতি নিপুণা) শ্রীরাধিকা অপি
(শ্রীরাধাও) শ্রীকৃষ্ণচন্দ্রসকলেন্দ্রিয়-
তর্পনানি (শ্রীকৃষ্ণচন্দ্রের সর্বেন্দ্রিয়বর্গের তৃপ্তি-
দায়ক) কর্পূরকেল্যমৃতকেলি-মুখানি (কর্পূর-
কেলি ও অমৃতকেলি প্রভৃতি) অদ্ভুত লড্ডুকানি
(বিচিত্র লড্ডুকসমূহ) কামং কর্তুং
সমারভত (যথেচ্ছরূপে প্রস্তুত করিতে
আরম্ভ করিলেন) ॥৭৯॥

৮৩। অথ (অনন্তর), যদ্ অপি (যদিও) নিজ সখী
সা (নিজ সখী তুলসী) অস্য (শ্রীকৃষ্ণের)
অন্বেষণায় যাতা (অন্বেষণে গমন করিয়াছিলেন
[এবং]) স্বয়ং অপি চ (স্বয়ংও) কৃষ্ণ সম্বন্ধি-কৃত্যে
(শ্রীকৃষ্ণের সম্বন্ধী সেবা-কার্য্যেই) নিমগ্না
(মনোনিবেশ করিয়াছিলেন), তৎ অপি (তথাপি)
ব্যগ্র রাধা চকোরী (ব্যগ্রচিত্তা শ্রীরাধা রূপা
চকোরী) হরিমুখেন্দোঃ দর্শনোৎকা (শ্রীকৃষ্ণের
মুখচন্দ্র দর্শনের নিমিত্ত উৎকণ্ঠিতা হইয়া) ক্ষণং
অপি (ক্ষণমাত্র সময়কেও) যুগলক্ষং মেনে
(লক্ষ যুগের ন্যায় অনুভব করিয়াছিলেন)॥ ৮৩॥

৮৪। শ্রীচৈতন্য পদারবিন্দ মধুপ-শ্রীরূপ সেবাফলে
(যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মের প্রতি ভ্রমরস্বরূপ
শ্রীমদ্রূপ গোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত
হইয়াছে) শ্রীরঘুনাথ দাস কৃতিনা দিষ্টে
(পরম ধার্মিক-শ্রীমদ্ রঘুনাথ দাস গোস্বামিপাদ
যাহার [বিষয়ে] উপদেশ করিয়াছেন), শ্রীজীব সম্মোদনে
(শ্রীমান্ জীব গোস্বামিপাদের সন্তোষ হেতু যাহার
প্রকাশ আবির্ভাব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্ট বরজে

(শ্রীশ্রীমদ্‌ রঘুনাথ ভট্ট গোস্বামীর পাদের বরের বা অনুগ্রহের ফলে
সম্যক রচিত হইয়াছেন) গোবিন্দলীলামৃতে
কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃতনামক সেই মহাকাব্যের
অনুগত) পূর্বাহ্ন লীলায় অনু (পূর্বাহ্ন
(পূর্বাহ্নলীলাবর্ণনাত্মক) এষঃ (এই) পঞ্চমঃ
সর্গঃ (পঞ্চম সর্গ) সাধু নিরগাৎ
(সুসমাপ্ত হইল)॥ ৫॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে পূর্বাহ্ণলীলা-
বর্ণনাত্মক পঞ্চম সর্গের অন্বয়মুখে অনুবাদ
সমাপ্ত।

ষষ্ঠ সর্গ

১। অথ (অনন্তর) হরিঃ (শ্রীকৃষ্ণ) বনং প্রবিষ্টঃ (বনে প্রবেশ করিয়া) বলিত-কন্ধরং (গ্রীবা বক্র করিয়া) পশ্চাৎ (পশ্চাদ্‌ভাগে) পশ্যন্ (নিরীক্ষণপূর্বক) ব্রজবাসিনঃ (ব্রজবাসিগণকে) নিবৃত্তান্ বীক্ষ্য (নিবৃত্ত হইতে দেখিয়া) উজ্জিজৃম্ভে (অতিশয় উল্লাসযুক্ত হইয়াছিলেন)॥১॥

২। স্বৈরী (স্বাধীন), চপলঃ (চঞ্চলস্বভাব) কৃষ্ণমত্তেভঃ (শ্রীকৃষ্ণরূপ মত্ত হস্তী) লোকদৃগ্‌-দৃঢ়শৃঙ্খলাৎ (ব্রজবাসিগণের দৃষ্টিরূপ সুদৃঢ় শৃঙ্খল হইতে) উন্মুক্তঃ (উন্মুক্ত হইয়া) উজ্জৃম্ভন্ (উল্লাস প্রকাশপূর্বকে) কাননে (বনমধ্যে) অন্যঃ ইব অভবৎ (যেন অন্য স্বরূপ লাভ করিয়াছিলেন)॥২॥

৩। বনচিত্রকারিণা (বনরূপ চিত্রকর) শ্রীকৃষ্ণসচ্চিত্রপটে (শ্রীকৃষ্ণরূপ উত্তম চিত্রপটকে) ব্রজাক্ষিবন্ধাৎ (ব্রজবাসিগণের দৃষ্টিরূপ বন্ধন হইতে) বিমোচিতে (বিমুক্ত করিলে, [তন্মধ্যে]) নয়নোৎসবদানি (নয়নের আনন্দদায়ক রূপে) শুভানি (মঙ্গলময়) তদাবিহারচিত্রানি

(তদীয় বিহারনিচয়সমূহ) অনেকধা (নানা-
প্রকারে) প্রাদুর্বভূবুঃ (আবির্ভূত হইয়াছিল)।।৩।।

৪। অথ (অতঃপর) এতে গোপাঃ (শ্রীকৃষ্ণের সহচর
গোপবালকগণ) ~~বন্ধাৎ বিমুক্তাঃ (বন্ধনমুক্ত)~~
Run ~~কলভোত্তমাঃ ইব (করিশাবকগণের ন্যায়)~~
(নৃত্যন্তি (নৃত্য), গায়ন্তি (গীত), হসন্তি (হাস্য),
কূর্দন্তি (কূর্দন), নন্দন্তি (আনন্দ প্রকাশ),
পরিস্খলন্তি (ভূলুণ্ঠন [এবং]) নর্মাণি তন্বন্তি
(পরিহাস বিস্তার করিতে লাগিলেন ; [এইরূপে])
এতে (তাঁহারা) বন্ধাৎ বিমুক্তাঃ (বন্ধনমুক্ত)
কলভোত্তমাঃ ইব (করিশাবকগণের ন্যায়)
লসন্তি (শোভা পাইয়াছিলেন)।।৪।।

৫। একে (কেহ কেহ) মাতুঃপুরঃ (মাতার সম্মুখে)
বকারেঃ (শ্রীকৃষ্ণের) স্থিরাং স্থিতিং (স্থির ভাবে
অবস্থানের ভঙ্গী, [কেহ কেহ]) অঙ্গনাসু
(গোপযুবতীগণের প্রতি) অস্য (তাঁহার)
লোলাং দৃশং চ (চঞ্চল দৃষ্টিভঙ্গী [এবং])
অন্যে (কেহ কেহ) জনানাং সঙ্কটে দৃষ্টাং
(জনসমূহের নিকটে স্থির-ও-চঞ্চল-ভাবে লক্ষিত)

চেষ্টাং (বিলাসসমূহ [ও]) স্খলিতাং গিরং চ (অস্পষ্ট উক্তির) অনুকুর্বতে (অনুকরণ করিয়াছিলেন) ॥ ৫॥

৬। কেচিৎ (কেহ কেহ) বৃক্ষলতাবৃতাঃ (বৃক্ষ ও লতারাজির অন্তরাল হইতে) গোপালীযোষায়িতাঃ (গোপললনা গণের ন্যায়) প্রচলাপাঙ্গৈঃ স্মিতার্দ্রং (চঞ্চল কটাক্ষ ও মৃদুহাস্যযোগে স্নিগ্ধ) অম্বরসম্বৃতাননং (বস্ত্রাবৃত বদন-অর্থাৎ বস্ত্রাবরণ-বন্ধ মণ্ডল) মনাক্ উদ্ঘাট্য (ঈষৎ উন্মোচন করিয়া) অমুং পশ্যন্তঃ (শ্রীকৃষ্ণকে দেখিতে দেখিতে) ব্যহসন্ (অতিশয় হাস্য করিয়াছিলেন); পরে চ (অপর কেহ কেহ) মুদা (হর্ষসহকারে) ধবলালেখায়মানাঃ (ধেনুগণের ভাব ধারণপূর্বক) আঙ্ঘ্রিকরৈঃ (হস্তদ্বয় ও পদদ্বয়ের দ্বারা) মহীং ব্যালম্ব্য (ভূমিতল অবলম্বন করিয়া) বিলুলিত-গ্রীবোর্ধ্বকর্ণাননাঃ (গ্রীবা ভঙ্গীসহকারে কর্ণযুগল ও মুখ উর্ধ্ব করিয়া [হাস্য বিস্তার করিয়াছিলেন]) ॥ ৬॥

৭। বিতণ্ডাপাণ্ডিতাঃ কেচিৎ (কেহ কেহ বিতণ্ডা

অর্থাৎ তর্কবিশেষের পাণ্ডিত্য সহকারে) তত্তচ্ছাস্ত্রার্থ-খণ্ডনৈঃ (সহচরগণের কথিত বিভিন্ন শব্দের অর্থ খণ্ডন), কেচিৎ (কেহ কেহ) দণ্ডাদণ্ডি-রণৈঃ (দণ্ডে-দণ্ডে প্রহাররূপ যুদ্ধ লাঠালাঠি লড়াই), পরে (কেহ কেহ) দোর্দণ্ডসংগরৈঃ (বাহুযুদ্ধ), পরে ([এবং] অপর সকলে) ক্ষিপ্তানেকাস্ত্র-কাণ্ডৌঘৈঃ (নানাপ্রকার অস্ত্র ও বাণবর্ষণে), দণ্ডভ্রমণকৌশলৈঃ (যষ্টি চালনার কৌশলে), লাস্যৈঃ হাস্যৈঃ দাস্যৈঃ (নৃত্য, হাস্য ও সেবা-দ্বারা) অচ্যুতং (শ্রীকৃষ্ণের) তোষয়ামাসুঃ (প্রীতিবিধান করিয়াছিলেন)॥ ৭, ৮॥

৯। অথ (অতঃপর) বৃন্দা (বৃন্দাদেবী) কৃষ্ণং (শ্রীকৃষ্ণের) আগতম্ অবেক্ষ্য (আগমন লক্ষ্য করিয়া) [শ্রীকৃষ্ণকে আসিতে দেখিয়া], তদ্বিরহাৎ (শ্রীকৃষ্ণের বিরহে) বিষণ্ণাং (বিষাদযুক্তা) বৃন্দাটবীং (বৃন্দাটবীকে [ও]) আকুলানাং বৃন্দাবন-স্থাবরজঙ্গমানাং (বৃন্দাবনস্থিত শোকাকুল স্থাবর ও জঙ্গম-সমুদয়কে) অবোধয়ৎ (প্রবোধ সান্ত্বনা দিয়াছিলেন)॥ ৯॥

১০| সখি অটবি! (হে সখি বৃন্দাটবি!) অসৌ মাধবঃ (প্রিয় শ্রীকৃষ্ণ) সমায়াৎ (এখানে উপস্থিত হইয়াছেন; [অতএব তুমি]) বিরহ-দূনতাং (বিরহজনিত দূনতার ভাব) সমন্তাৎ (সর্বতোভাবে) বিসৃজ (পরিত্যাগপূর্বক) তূর্ণং (সত্বর) উল্লাসলক্ষ্মীং (উল্লাস বিস্তার কর); স্বগুণগণবিকাশৈঃ (নিজ গুণরাশির বিকাশদ্বারা) অমুং (শ্রীকৃষ্ণের চিত্তে) স্বেশ্বরীং স্মারয় (নিজ ঈশ্বরী শ্রীরাধিকার স্মৃতি জাগরূক কর [এবং]) অনয়োঃ (তাঁহাদের উভয়ের) সদ্বিলাসৈঃ (মনোহর বিলাস-সমূহদ্বারা) নিজলক্ষ্মীং চ সফলয় (নিজ শোভার সফলতা সম্পাদন কর)॥১০॥

১১| বল্ল্যঃ! (হে লতাগণ!) প্রবুধ্যধ্বং ([তোমরা] জাগ্রত হও); নগাঃ! (হে বৃক্ষগণ!) বিকসত ([তোমরা] বিকসিত হও); মৃগাঃ! (হে মৃগগণ!) কূর্দত ([তোমরা] কূর্দন, অর্থাৎ উল্লম্ফন কর); পিকাঃ! (হে কোকিলগণ! [তোমরা]) ভৃঙ্গৈঃ (ভ্রমরগণের সহিত) গানং কুরুত (গান কর); শিখিনঃ! (হে ময়ূরগণ!)

মুদা নৃত্যত ([তোমরা] হর্ষভরে নৃত্য কর);
ভো: কীরা:! (হে শুকগণ! [তোমরা]) অধীধ্বং
(মধুরস্বরে স্তুতিপাঠ কর); স্থিরচরগণা:! (হে স্থাবর-
জঙ্গমগণ! [তোমরা]) চিরং নন্দত (নিরন্তর
আনন্দ প্রকাশ করিতে থাকিও [যেহেতু]) বঃ (তোমাদের)
প্রিয়তমঃ (প্রিয়তম) অসৌ (শ্রীকৃষ্ণ) মুধান.
সুখায়িতুং (তোমাদের আনন্দবর্ধনের নিমিত্ত)
সমায়াত: ([এখানে] আগমন করিয়াছেন) ॥১১॥
১২। ততঃ (অনন্তর) অসৌ কৃষ্ণাম্বুদঃ (শ্রীকৃষ্ণরূপী
জলধর) প্রিয়াটবীং (প্রিয় বৃন্দাবনভূমিকে)
স্ববিচ্ছেদদাবাগ্নিমূর্চ্ছিতাং (স্বীয় বিরহরূপ
দাবানলের সন্তাপে মূর্চ্ছিতা) সমীক্ষ্য (দেখিয়া)
তাং চেতয়িতুং (তাহার চৈতন্যসঞ্চার [করিতে])
আগমনং সূচয়িতুং চ (নিজ আগমন জ্ঞাপন
করিবার নিমিত্ত) বংশীনিনাদামৃতানি ববর্ষ
(বংশীধ্বনিরূপ অমৃতধারা বর্ষণ করিয়া-
ছিলেন) ॥১২॥
১৩। অথ (অনন্তর) সা (সেই) বৃন্দাটবী (বৃন্দাবন-
ভূমি) বংশীনিনাদামৃতবৃষ্টিসিক্তা (বংশীধ্বনিরূপ

অমৃতবর্ষনে সিক্তা), কৃষ্ণাঙ্গসঙ্গানিল বীজিতা (শ্রীকৃষ্ণের অঙ্গসংসর্গযুক্ত বায়ুদ্বারা বীজিতা [হইয়া]) আলস্যা শ্রীবৃন্দয়া (সখী শ্রীবৃন্দাদেবী-কর্তৃক) উচ্চৈঃ সুচোতিতা চ (প্রচুররূপে ~~প্রবোধিতা~~ প্রবোধিতা হইয়া) সহসা (সহসা) উন্মিমীল (বিকাসিতা হইয়াছিল)॥ ১৩॥

১৪। তদা (তৎকালে) অটবী (বৃন্দাবনভূমি) বেনুনাদামৃতোর্ম্মিভিঃ (বেনুধ্বনিরূপ অমৃতবর্ষনে) ~~সঞ্জাত~~ সত্ত্বধর্মবিপর্যাসৈঃ (প্রাণিগনের ধর্মের অর্থাৎ স্বভাবের বিপর্যয়-হেতু [হইয়া]) স্বসাত্ত্বিকবিকারৈঃ চ (বিবিধ সাত্ত্বিক বিকার-সমূহের উদয়হেতু) ব্যাকুলা অভূৎ (ব্যাকুলা হইয়াছিল)॥ ১৪॥

১৫। [তৎকালে] সা (সেই) বৃন্দাটবী (বৃন্দাবনভূমি) উচ্চলদশ্মিরচয়ৈঃ (স্থাবর পদার্থসমূহের নিগমি ~~উচ্চ~~ স্ফোরিত-হেতু) প্রোদ্যদ্বেপথুঃ (কম্পান্বিতা), জড়ৈঃ জঙ্গমৈঃ (জঙ্গম পদার্থসমূহের জড়তার উদয়-হেতু) স্তব্ধা (স্তব্ধা), প্রবদশ্রুজালসলিলৈঃ) ~~(প্রচুর প্রানিগণের বিগলিত অনন্দাশ্রু~~) (বিগলিত অশ্রুসমূহের জলধারাদ্বরে)

প্রাম্বিরা (স্বেদসিক্তা), প্রসূনোৎকরৈঃ: শ্বেতা (প্রস্ফুটিত পুষ্পরাশি দ্বারা শ্বেতবর্ণা অর্থাৎ বৈবর্ণ্যযুক্তা), পুষ্পমধুদ্রবৈঃ (পুষ্পরাশির মধুক্ষরণচ্ছলে) সাশ্রুঃ (আনন্দাশ্রু বর্ষণরতা), মরালীরবৈঃ (পক্ষিগণের নিনাদচ্ছলে) স্বরভিদাযুক্তা (স্বরভঙ্গযুক্তা [ওঁ]) লতাঙ্কুরচয়ৈঃ (লতাঙ্কুরসমূহের উদ্গমচ্ছলে) রোমাঞ্চালিযুতা (রোমাঞ্চরাজিযুক্তা হইয়া) বভৌ (শোভা পাইতেছিল) ॥ ১৫ ॥

১৬ সা ([এ সময়ে] সেই) অটবী (বনভূমি) বিলতা একেন মাধবেন (এক মাধবের অর্থাৎ শ্রীকৃষ্ণের প্রবেশ [ওঁ]) জাগ্রতা অনেন (অন্য মাধবের অর্থাৎ বসন্তের জাগরণে হেতু) মণ্ডিতা (অলঙ্কৃতা হইয়া) তৎ দ্রষ্টুম্ আগতা (শ্রীকৃষ্ণের দর্শন নিমিত্ত সমাগতা) শোভাশ্রীঃ ইব (সৌন্দর্য লক্ষ্মীর ন্যায়) আবভৌ (বিরাজ করিয়াছিল) ॥ ১৬ ॥

~~প্রবিষ্ট করিয়াছিলেন~~ ।।১৬।।

১৭। সা অটবী (এইরূপ সেই বনভূমি) কুমদ্‌-ভৃঙ্গ-বিহঙ্গ-পঞ্চমকলালাপোল্লসন্তী (অব্যক্ত মধুর শব্দ-রত ভ্রমর-ও-বিহঙ্গদিগের পঞ্চম স্বরে উল্লাসযুক্তা), চ্যোতৎপাক্কিম-সৎফলোৎকর-রসোল্লাসা (পক্ক ও গলিত উত্তম ফলসমূহের রসদ্বারা সমৃদ্ধা [এবং]) সংফুল্লনলিনী-বিলাসি-বিকসদ্‌বল্লী-মতল্লী-নটী-লাস্যাচার্য-মরুদ্‌গণাতিমুদিতা (প্রফুল্ল কমলবনে বিহারকারী ও বিকসিত উত্তম লতারাজিরূপা নর্তকীর নৃত্যগুরু বায়ুপ্রবাহদ্বারা অতিশয় হর্ষান্বিতা হইয়া) হরেঃ (শ্রীকৃষ্ণের) সর্বেন্দ্রিয়াহ্লাদিনী অভবৎ (সকল ইন্দ্রিয়ের আহ্লাদ উৎপাদন করিয়াছিল) ।। ১৭।।

১৮। তরবঃ (বৃক্ষসমূহ) পুষ্পৈঃ (পুষ্পদ্বারা) হাস্যং (হাস্য), ভ্রমরৈঃ গানং (ভ্রমরগণের দ্বারা সঙ্গীত), পত্রৈঃ লাস্যং (পত্ররাজিদ্বারা নৃত্য), মধুভিঃ পানং (মধুদ্বারা পানীয় [~~দ্রব্য~~ উহা]) স্বফলৈঃ (স্বীয় ফলরাশি-দ্বারা) অশনং দধতঃ (ভোজ্য ধারণ করিয়া) অভ্যাগতহরিমানং (সমাগত শ্রীহরির প্রতি

সম্মান বা সৎকার) কুর্বন্তি (প্রকাশ করিয়াছিল) ॥ ১৮॥

১৯। বল্লীততি: অপি ([তৎকালে] লতাবলীও) পল্লবপটবৃত বিবৃত সুহাস্যং (পল্লবরূপ বস্ত্র দ্বারা বিকাশিত হাস্য সম্বরণ পূর্বক) অলিগায়কচুম্বিতকুসুমাস্যং দধতী (ভ্রমররূপ গায়ককর্তৃক চুম্বিত স্বীয় মুখরূপ সুমের শোভা ধারণ করিয়া) রহসি (গোপনে) লাস্যং বিদধতী (নৃত্য করিতে করিতে) দাস্যং কৃতবতী ([শ্রীকৃষ্ণের] পরিচর্যা/সেবা বা প্রদর্শন করিতেছিল) ॥১৯॥

২০। অথ (অতঃপর) হরি: (শ্রীকৃষ্ণ) স্বরমণসহিতানাং (নিজ-পতিগণের সহিত বিরাজমানা [ও]) বেণুনাদাহৃতানাং (বংশীরবে আকৃষ্টচিত্তা), তৃণকবলমুখানাং (মুখমধ্যে তৃণকবলধারিণী) হরিণীনাং (হরিণীগণের) চঞ্চলালোকনানি (চঞ্চলদৃষ্টি ভঙ্গী) বীক্ষ্য (নিরীক্ষণ পূর্বক) স্মৃতিপথমধিরূঢ়ৈ: রাধাকটাক্ষৈ: (স্মৃতিপথে শ্রীরাধার কটাক্ষ ভঙ্গীর উদয়হেতু) বিরেমে (ক্ষান্ত বোধ করিয়াছিলেন) ॥ ২০॥

২১। কৃষ্ণালোকাৎ (শ্রীকৃষ্ণের দর্শনহেতু) ফুল্লময়ূরী-ততিযুক্তঃ (উৎফুল্লা ময়ূরীগণের সহিত) মত্তময়ূর-বৃন্দঃ (মত্ত ময়ূরবৃন্দ) প্রেম্না (প্রেমভরে) আরাৎ ([তাঁহার] নিকটে) অনৃত্যৎ (নৃত্য করিতেছিল) যৎসংহতিবর্হৈঃ (যাহাদের মনোহর পুচ্ছযষ্টির দর্শনে) আশু (সত্বরই) রতিমুক্তে (রতিক্রিয়ায় বিমুক্ত) প্রেষ্ঠে রাধাকেশকলাপে (শ্রীরাধার বিস্রস্ত কেশসমূহের সম্বন্ধে) মুরারেঃ (শ্রীকৃষ্ণের) স্মৃতিঃ আসীৎ (স্মৃতির উদয় হইয়াছিল)॥২১॥

২২। সঃ (শ্রীকৃষ্ণ) সরসি (সরোবরে) মদকল-কলবিঙ্কী-মত্তকাদম্বিকানাং (মদমত্তা চটকীগণ, কলহংসীগণ) সারসানাং অপি (ও সারসগণের) বিরাবৈঃ (শব্দের সহিত বিভিন্ন পক্ষিগণের শব্দ শ্রবণে) প্রিয়ায়াঃ (প্রিয়তমার) বলয়কটককাঞ্চী-নূপুরাণাং (বলয়, কটক অর্থাৎ পাদবলয়, কাঞ্চী ও নূপুরের) স্বনোর্মি-ভ্রম-চুলুকিতচিত্তঃ (শব্দভ্রমে) তত্র অভ্যাগতাং মেনে (প্রিয়তমাকে সেখানে উপস্থিত মনে করিয়াছিলেন)॥২২॥

২৩। কৃষ্ণঃ ([এইরূপ] শ্রীকৃষ্ণ) উপরি-চপলভৃঙ্গং (ঊর্ধ্বভাগে চঞ্চল ভ্রমরাবলী বিরাজিত), বরপরিমলপূরং ([ও] অতিশয় সৌরভযুক্ত), ঈষৎপ্রকাশং (ঈষদ্ বিকশিত) পদ্মং (পদ্মপুষ্পটিকে) পশ্যন্ আলোক্য (বারম্বার দর্শন করিয়া), ইদং (ইহা) প্রিয়ায়াঃ (প্রিয়তমা শ্রীরাধার) স্মিতশবলকটাক্ষং (মৃদুহাস্যযুক্ত কটাক্ষসদৃশ), পদ্মগন্ধং (পদ্মগন্ধী) মুখম্ (মুখই হইবে) ইতি মত্বা (এইরূপ নিশ্চয়পূর্বক) তাম্ উপেতাং বিবেদ (তাঁহাকে সমীপবর্তিনী বলিয়া জ্ঞান করিয়াছিলেন) ॥ ২৩ ॥

২৪। অসৌ (তিনি) প্রতিদিশম্ অনুদৃষ্টৈঃ (দিকে দিকে লক্ষিত) সুপক্বৈঃ (সুপক্ব) রুচক-করক-বিল্বৈঃ (বীজপূর [টাবা-লেবু], দাড়িম্ব, বিল্ব), নাগরঙ্গৈঃ (ও নাগরঙ্গ-ফলসমূহের দ্বারা) সপদি শমদুরোজ-ভ্রান্তি-সম্ভ্রান্তচেতাঃ (স্বতঃই চিত্তে স্তনযুগলের অবিচ্ছিন্ন-ভ্রান্তির উদয়হেতু) হর্ষতর্ষাকুলঃ (হর্ষ ও কামনার আবেশবশতঃ আকুল হইয়া) ইহ (এস্থলে) রাধিকায়াঃ (শ্রীরাধার) বপুষঃ বিভুত্বং (দেহের সর্বব্যাপকতা) ললক্ষে (আলক্ষ্য করিয়াছিলেন) ॥ ২৪ ॥

২৫।# [তৎকালে] যত: যত: (যে যে দিকে) হরে: (শ্রীকৃষ্ণের) বিলোচনং পততি (নেত্র ধাবিত হইতেছিল), তত: তত: (সেই সেই দিকেই) তদঙ্গ-সংহতি: (শ্রীরাধার অঙ্গসমূহ) স্ফুরতি (প্রকাশিত হইতে লাগিল); তৎ ([আর] ইহা) অদ্ভুতং ন চ (কোনরূপ আশ্চর্যের বিষয় নহে); যৎ (যেহেতু) ইহ তু (এ সময়ে) ব্রজাটবী (বৃন্দাবনভূমি) হরে: মুদে (শ্রীকৃষ্ণের প্রীতির নিমিত্ত) রাধিকাত্মতাং অলভত (শ্রীরাধার স্বরূপ লাভ করিয়াছিল)॥২৫॥

২৬। হরি: (শ্রীকৃষ্ণ) তৈ: উন্মীলিত ভাবালী-বাত্যয়া উচ্চালিতং (ঐ সকল বিষয় দ্বারা উন্মীলিত ভাবসমূহরূপ বাত্যাকর্তৃক বিক্ষিপ্ত), কালপুচ্ছনিভং (অতএব কালপুচ্ছের ন্যায় চঞ্চলতাপ্রাপ্ত), মন: (নিজ-চিত্তকে) স্থিরীকর্তুং ন শশাক ([কোনরূপেই] স্থির করিতে সমর্থ হইলেননা)॥২৬॥

২৭। কৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) প্রেমণা আকৃষ্টমনা: (স্বয়ং প্রেমার দ্বারা আকৃষ্টচিত্ত) চ স্বালোক-প্রেমাবিহ্বলান্ (নিজ-দর্শনজনিত প্রেমাবেশে

বিহ্বলচিত্ত), জন বৃন্দাবনস্থিরচরান্ (বৃন্দাবনস্থিত
বিভিন্ন স্থাবর ও জঙ্গম পদার্থসমূহকে) প্রেক্ষ্য (দর্শন করিয়া)
ভৃশং মুমুদে (অতিশয় আনন্দিত হইয়াছিলেন) ॥ ২৭॥
২৮। সখ্যঃ লতাঃ! (হে সখি লতাগণ!) কুশলং কিং বঃ
(তোমাদের মঙ্গল ত?)? সখায়ঃ ক্ষিতিরুহঃ!
(হে সখা বৃক্ষগণ!) ক্ষেমম্ (তোমাদের কুশল ত?)?
মৃগ্যঃ! শিবং কিম্ (হে মৃগীগণ! তোমরা কুশলে
আছ ত?)? মৃগাঃ! ভাবিকং (হে মৃগগণ! তোমাদের
মঙ্গল ত?)? শকুনিকাঃ! (হে বিহঙ্গীগণ!) ভদ্রং
(তোমাদের কুশল ত?)? শকুন্তাঃ! শুভম্
(হে পাখিগণ! তোমাদের শুভসংবাদ ত?)? ভৃঙ্গ্যঃ!
শর্ম (হে ভ্রমরীগণ! তোমরা সুখে আছ ত?)?
ভ্রমরাঃ! সুখম্ (হে ভ্রমরগণ! তোমরা সুখে
আছ ত?)? স্থিরচরাঃ! (হে স্থাবর ও
জঙ্গমগণ!) বঃ (তোমরা) সদা শ্রেয়সং
(সর্বদা কুশলে রহিয়াছ ত?)? হরিঃ (শ্রীকৃষ্ণ)
ইত্থং (এইরূপে) প্রেম্ণা (প্রেমভরে) বনসঞ্জনান্ সর্বান্ (বৃন্দাবন-
স্থিত সকলকে) সম্ভ্রমং (আগ্রহসহকারে) পপ্রচ্ছ
(প্রশ্ন করিয়াছিলেন) ॥ ২৮॥

২৯। কৃষ্ণ: ([অনন্তর] শ্রীকৃষ্ণ) প্রচার্য ([বনে] বিচরণ করিতে করিতে) ক্ষুধার্তা: গা: (ক্ষুধার্ত ধেনুগণকে) গোবর্ধন-গ্রাবদ্রুপত্যকাসু (গোবর্ধন-গিরির উপত্যকাসমূহে) চারয়িতুং (তৃণ ভক্ষণ করাইবার নিমিত্ত), দয়িতাম্ অনুধাবৎ (শ্রীরাধার অনুসরণরত) মন: (চিত্তকে) নিবর্তয়ন, (সংযত করিয়া) বয়স্যৈ: সমং (বয়স্যগণের সহিত) বিজহার (বিহার করিতে লাগিলেন) ॥ ২৯॥

৩০। স: হরি: ([কিন্তু] সেই শ্রীকৃষ্ণ) লোকচয়প্রসিদ্ধৈ: (লোকমধ্যে বিখ্যাত), স্বকল্পিতৈ: (স্ব-রচিত) বিহারৈ: (বিহার দ্বারা) বনশোভয়া চ (এবং বনের সৌন্দর্যের উপভোগদ্বারাও), রাধাবিরহাতিতপ্তং (শ্রীরাধার বিরহহেতু সন্তপ্ত [ও]) তাং প্রধাবৎ (তাঁহার প্রতি ধাবিত [অতিশয় আকৃষ্ট]) মন: (চিত্তকে) নিরোদ্ধুং (নিরোধ অর্থাৎ সংযত করিতে) ন শশাক (সমর্থ হইলেননা) ॥ ৩০॥

৩১। অথ (অতঃপর) কৃপয়া আর্দ্রচিত্ত: (দয়ার্দ্রচিত্ত) কৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) তৈ: তৈ: বিহারৈ: (নানাবিধ বিহার) মিথ: নিযুদ্ধৈ: চ (এবং পরস্পর বাহুযুদ্ধদ্বারা)

তান্ (স্বীয় সহচরগনকে) শ্রান্তান (শ্রান্ত), ক্ষুধার্তান (ক্ষুধার্ত [এবং]) ভোজনেচ্ছূন বীক্ষ্য (ভোজনেচ্ছু-লোভী তাহাদিগকে দেখিয়া) সংভোজয়িতুম্ ইয়েষ (ভোজন করাইতে ইচ্ছা করিলেন)॥ ৩১॥

৩২॥ তাবৎ (এই সময়েই) ধনিষ্ঠা (ধনিষ্ঠা) ললিতাদিভিঃ (ললিতা প্রভৃতি) যৎ প্রাতঃকৃতং (প্রাতঃকালে যাহা প্রস্তুত করিয়াছিলেন [এবং]) জননী (শ্রীযশোদা) রসালা-সহিতং (রসালা নামক পানীয় দ্রব্যের সহিত [যাহা]) দত্তং (প্রদান করিয়াছিলেন), তৎ ঘৃতপক্বম্ অন্নং (সেই ঘৃতপক্ব অন্ন) আদায় (গ্রহণ করিয়া) দাসীভিঃ (দাসীগণের সহিত) সমাজগাম (তথায় উপস্থিত হইলেন)॥ ৩২॥

(পরবর্তি মাতা দেখ) (To be Contd.)

ROUTINE

DAYS	1ST PERIOD	2ND PERIOD	3RD PERIOD	4TH PERIOD	5TH PERIOD	6TH PERIOD	7TH PERIOD
MON							
TUES							
WED							
THURS							
FRI							
SAT							

Janata

EXERCISE BOOK

No. 8 Pages 128

Name

SCHOOL

COLLEGE

CLASS ________ SEC ________ ROLL No ____

Subject

মোট [illegible] শ্লোকের মধ্যে [illegible] নং

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ।
দ্বিতীয় সর্গ (Contd).

৩৩। সঃ হরিঃ (শ্রীকৃষ্ণ) তাং বীক্ষ্য (তাঁহাকে দেখিয়া) হৃষ্টঃ (সন্তুষ্ট হইয়া) বভাষে (বলিলেন) হে ধনিষ্ঠে! (হে ধনিষ্ঠে!) মে (আমার) পিতরৌ (মাতা-পিতা) সুখং তু কিম্? (সুখে আছেন কি?) আভ্যাং (তাঁহারা উভয়ে) সুস্নাতং (সুখে স্নান করিয়া) ঈশপূজা (ভগবদর্চনা) বিহিতা (সম্পাদন করিয়া) সর্বান্ প্রতোষ্য (সকলের সন্তোষ বিধান পূর্বক) ভুক্তং কিং নু বদ? (ভোজন করিয়াছেন কিনা, বল?)॥ ৩৩॥

৩৪। সা অপি ([তখন] ধনিষ্ঠাও) তং (শ্রীকৃষ্ণকে) আহ (বলিলেন) তৌ (তাঁহারা উভয়েই) তব (তোমার) মঙ্গলার্থং (মঙ্গলের নিমিত্ত) স্নাতার্চিতেশৌ (স্নান ও ভগবানের পূজা সম্পাদন পূর্বক) দ্বিজসাৎকৃতান্নৌ (ব্রাহ্মণগণকে অন্নদান করিয়া) সর্বান্ সংভোজ্য (সকলকে ভোজন করাইয়া) অথ (পরে) ভুক্তবন্তৌ (স্বয়ং ভোজন করিয়াছেন [এবং]) তুভ্যং (তোমার নিকটে) ভোজ্যানি (ভোজ্য দ্রব্যসমূহ) প্রেষয়তঃ স্ম চ (প্রেরণ করিয়াছেন)॥ ৩৪॥

৩৫। রাধাসঙ্গ-ক্রমারোহোৎকণ্ঠিতা ([তৎকালে] শ্রীরাধার

সংক্রান্ত বৃক্ষে আরোহণের নিমিত্ত উৎকণ্ঠিতা হইয়া)
আলম্বনাশিনী (তদ্বিষয়ে আলম্বন অর্থাৎ সহায়-
বিশেষলাভের আগ্রহযুক্তা) হরেঃ চিত্তবৃত্তিলতা
(শ্রীকৃষ্ণের চিত্তবৃত্তিরূপা লতিকা) তাং (শ্রীমতী
রাধিকাকে) পরালম্বনতাং মেনে (শ্রেষ্ঠ আলম্বনরূপে
জ্ঞান করিয়াছিল)॥ ৩৫॥

৩৬। অথ (অতঃপর) সঃ (শ্রীকৃষ্ণ) ইতস্ততঃ সঞ্চরন্তীঃ
(ইতস্ততঃ সঞ্চরণকারী) গবালীঃ (ধেনুগণকে)
স্ববেণুনাদৈঃ (স্বীয় বংশীধ্বনিদ্বারা) সঙ্কলয্য
(একত্রিত করিয়া) পায়য়িতুং (জলপান করাইবার
নিমিত্ত) বয়স্যৈঃ (বয়স্যগণের সহিত, অথবা, বয়স্য-
গণের দ্বারা) তাঃ (তাহাদিগকে) সঙ্কালয়ন্
(পরিচালিত করিতে) মানসগঙ্গাকূলীং (মানস-গঙ্গায়)
জগাম (গমন করিলেন)॥ ৩৬॥

৩৭। গোপাঃ ([অতঃপর] গোপালকগণ) তাঃ গাঃ (সেই
ধেনুগণকে) স্বাদু (সুস্বাদু), শীতং (শীতল)
সুনির্মলং (অতিনির্মল) জলং (জল) পায়য়িত্বা
(পান করাইয়া) স্বয়ং (নিজেরাও) পপুঃ ([সেই জল]
পান করিলেন [এবং]) সলিলে (উক্ত জলমধ্যে)

সস্নু: (স্নান করিয়া) চিরং বিজহ্রু: (দীর্ঘকাল বিহার করিয়াছিলেন)।। ৩৭।।

~~অসৌ কৃষ্ণ: ([অনন্তর] সেই শ্রীকৃষ্ণ~~

৩৮| অথ (অতঃপর) অসৌ (সেই) কৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) উপপুলিনং (মানসগঙ্গার পুলিন ভাগের নিকটবর্তি স্থানে) স্বপরিত: (নিজের চতুর্দিকে) উপবিষ্টান্ (উপবিষ্ট) তান্ বয়স্যান্ (সেই বয়স্য গোপবালকগণকে) দধিমাক্ষিত রসালা-মাক্ষিতাম্রাদিযুক্তং (দধি, তক্র বিশেষ, রসালা ও আম্রফলের আচার প্রভৃতির সহিত মিশ্রিত) তৎ অন্নং (পূর্বোক্ত ভোজ্যসমূহ) খাদয়ন্ হাসয়ন্ চ (আস্বাদন করাইয়া ও তাঁহাদের হাস্য সঞ্চার করাইতে করাইতে) স্বয়ম্ অপি চ (স্বয়ংও) সমশ্নন্ (ভোজন করিয়া) ভোজয়ামাস ([সকলকে] ভোজন করাইয়াছিলেন)।। ৩৮।।

৩৯| ততঃ (অনন্তর) হরি: (শ্রীকৃষ্ণ) সখীন্ (বয়স্যগণকে) আহ (বলিলেন) "সহার্যা: (আর্য শ্রীবলদেবের সহিত) যূয়ং (তোমরা) অগ্রতঃ (সম্মুখভাগে) ক্ষণং (ক্ষণকাল) গা: চারয়ত

(গোচারণ কর); অহং (আমি) সখিভ্যাং সহ
(সখা মধুমঙ্গল ও সুবলের সহিত) মাধবীয়াং
(বসন্তকালীন) বনশ্রিয়ং (বনশোভা) দ্রষ্টুং
(দর্শন করিবার নিমিত্ত) ইহ (এই বনভূমিতে) ভ্রমামি
(ভ্রমণ করিব) ॥ ৩৯॥

৪০। ধনিষ্ঠাং (ধনিষ্ঠা) দাসীঃ (দাসীগণকে) অবদৎ
(বলিলেন), যূয়ং (তোমরা) অমূনি ভাজনানি
(এই সমস্ত পাত্রগুলিকে) গৃহীত্বা (লইয়া) আশু (সত্বর)
যাত ([গৃহে] চলিয়া যাও); অহং (আমি)
নারায়ণদেবসেবনার্থং (বিষ্ণুপূজার নিমিত্ত) পুষ্পাণি
সঞ্চিত্য (পুষ্পচয়ন করিয়া) পশ্চাৎ আগতা
অস্মি (পশ্চাৎ আগমন করিতেছি) ॥ ৪০॥

৪১। তদা (তৎকালেই) বৃন্দা (শ্রীবৃন্দা দেবী) শ্রবণংসো-
চিতং (কর্ণভূষণের উপযোগী) ফুল্লং (প্রস্ফুটিত)
গন্ধফলী-দ্বন্দ্বং (চম্পকপুষ্পদ্বয়) আদায় আগত্য
(গ্রহণপূর্বক সেখানে আসিয়া) কৃষ্ণস্য করে
([অস্য] শ্রীকৃষ্ণের হস্তে) অর্পিতবতী
(অর্পণ করিলেন) ॥ ৪১॥

(সেই চম্পক পুষ্পদ্বয়ের)

৪২। তদালোকাৎ (বৃন্দাদেবীর কান্তির দর্শনে) প্রিয়াকান্তি-স্মৃত্যুৎ-কণ্ঠাবত: (প্রিয়তমা শ্রীরাধার স্মৃতিহেতু উৎকণ্ঠা-প্রস্ত) হরে: (শ্রীকৃষ্ণের) এতৎকরাৎ (কম্পমান হস্ত হইতে) বটু: (মধুমঙ্গল) তৎ আদায় (সেই চম্পক পুষ্পদ্বয় গ্রহণ করিয়া) তচ্ছ্রুত্যো: (তাঁহার কর্ণদ্বয়ে) নিদধে (স্থাপন করিলেন) ॥৪২॥

৪৩। স: কৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) ষাড়্গুণ্যবিজ্ঞান্ (সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ ও আশ্রয় — রাজনীতিপ্রসিদ্ধ এই ছয় গুণের প্রয়োগবিষয়ে অভিজ্ঞ [ও]) উপায়-দক্ষান্ (উপায়নিপুণ) সচিবান্ (মন্ত্রিস্বরূপ) বৃন্দাং ধনিষ্ঠাং সুবলং বটুং চ (বৃন্দা, ধনিষ্ঠা, সুবল ও মধুমঙ্গলকে) উপলভ্য (প্রাপ্ত হইয়া) রাধাঙ্গ-সঙ্গোত্তম-রাজ্যলব্ধিং (শ্রীরাধার অঙ্গসঙ্গরূপ উত্তম রাজ্যের প্রাপ্তি) মেনে (নিশ্চিত বলিয়া মনে করিয়াছিলেন) ॥৪৩॥

৪৪। স: ([তখন] তিনি) বামপাণিনা (বামহস্তদ্বারা) মধুমঙ্গলহস্তং (মধুমঙ্গলের হস্ত) প্রগৃহ্য (ধারণ করিয়া) বৃন্দা-ধনিষ্ঠা-সুবলৈ: (বৃন্দা, ধনিষ্ঠা ও সুবলের সহিত) সুমন:সর: (কুসুমসরোবরে) সসার (গমন করিলেন) ॥৪৪॥

৪৫। স: ([অনন্তর] তিনি) কুসুমিত-তরুবল্লী-বীথি-কুঞ্জৈ: (পুষ্পিত তরুলতারাজি, কুঞ্জ নিচয় [এবং]) স্থলজল-বিহগালিব্যূহ-কোলাহলৈ: চ (স্থলচর ও জলচর পক্ষিসমূহের কোলাহলে রমনীয়) কুসুম-সরসীং (কুসুমসরোবরকে) বীক্ষ্য (দর্শন করিয়া) রাধাগমোৎক: (শ্রীরাধার আগমন-বিষয়ে উৎসুক হইয়া) স্বানুগৈ: (স্বীয় অনুচরগণের সহিত) তদাপ্তিস্মৃতি-বিচারং (তাঁহার আভিপ্রায়-বিষয়ে এইরূপ চিন্তা) আচচার (আরম্ভ করিলেন) ॥ ৪৫॥

৪৬। চেৎ (যদি) বৃন্দা সুবল: বটু: বা (বৃন্দা, সুবল অথবা মধুমঙ্গল) রাধান্তিকং (শ্রীরাধার নিকটে) প্রযাতি (গমন করেন, [তাহা হইলে]) জটিলা (জটিলা) সশঙ্কা (সন্দেহ করিবেন), বা (অথবা) এভি: সমং (ইঁহাদের সহিত) কলহং বিদধ্যাৎ (কলহ করিবেন); অথবা, (কি হবে?) বধূং (বধূ শ্রীরাধাকে) গৃহান্ত: (গৃহমধ্যে) নিরুন্ধ্যাৎ (আবদ্ধ করিয়া রাখিবেন) ॥ ৪৬॥

৪৭। বা (অথবা যদি) আকর্ষণীং মুরলীং ([তাঁহার] আকর্ষণের নিমিত্ত মুরলীর) নিযুঞ্জ্যাং (নিয়োগ অর্থাৎ

সম্বাদন সর্বতে

বংশীধ্বনি করি, [তাহা হইলে]), সর্বাঃ (সকল) গোপরামাঃ
(গোপরমণীবৃন্দ) সমেষ্যন্তি চ ([এখানে] আগমন করিবে;
[আর তাহা হইলে]) পরস্পরৈশ্বর্য্য-মদ-মান-বামত্বাৎ
(পরস্পর ঐশ্বর্য্য, গর্ব, মান ও বামভাববশতঃ) তদিষ্ট-
লীলাদি-রসঃ (তদীয় অভীষ্ট লীলাদি-বিষয়ক
রসের) ন সিধ্যেৎ (সিদ্ধি অর্থাৎ পূর্ণ আস্বাদন হইবে না) ॥৪৭॥

৪৮। অতঃ (এইহেতু) ধনিষ্ঠে (হে ধনিষ্ঠে! [তুমি]) কুন্দ-
বল্লীং ব্রজ (কুন্দলতার নিকটে গমন কর); যৎ (যেহেতু)
সা জটিলা (সেই জটিলা) অস্যাং (কুন্দলতাকে) প্রতীতি-
মৎ (বিশ্বাস করেন). তদ্বঞ্চনাচুঞ্চু মতিঃ
(জটিলার বঞ্চন-ব্যাপারে তীক্ষ্ণ বুদ্ধিশালিনী [ও])
সদা (সর্বদা) নৌ (আমার ও শ্রীরাধার প্রতি)
স্নিগ্ধাশয়িতা (স্নেহসম্পন্না) সা (ঐ কুন্দলতা)
ধ্রুবং (নিশ্চয়ই) তাং (শ্রীরাধাকে) আনয়েৎ
(লইয়া আসিবেন) ॥৪৮॥

৪৯। অথ (অতঃপর) বৃন্দা (বৃন্দা) আহ (বলিলেন) —
ভবতা (তুমি) যৎ উক্তং (যাহা বলিলে)
চেৎ (যদি) তৎ (তাহা) সত্যং হি (সত্যই হয়,
[তাহা হইলে]) কাচিৎ রাধা-সখী (শ্রীরাধার

কোনও সখী) সুমনঃ অবচেতুং (পুষ্প চয়ন করিবার নিমিত্ত) ইহ (এখানে) আগতা স্যাৎ (আগমন করিয়াছেন); তদা (তাহা হইলে) অস্যাঃ (সেই সখীর নিকট হইতে) আদৌ (প্রথমতঃ) তদুদন্তঃ (তাঁহার বৃত্তান্ত) জ্ঞেয়ঃ' (জানিতে হইবে') ॥ ৪৯॥

৫০। অথ (অতঃপর) সা তুলসী (শ্রীরাধার দাসী তুলসী নাম্নী সখী) স্বসখ্যা (স্বীয় সখীর সহিত) আগতা (তথায় আসিয়া) সখিভ্যাং তৎসখীভ্যাং সহ (বয়স্য সুবলের ও মধুমঙ্গলের এবং শ্রীরাধার সখী বৃন্দার ও ধনিষ্ঠার সহিত) পুরঃ স্ফুরন্তং (সম্মুখভাগে বিরাজমান [ও]) প্রিয়াগমোপায়বিচারলগ্নং (প্রিয়া শ্রীরাধার আগমন চিন্তায় বিচারে অভিনিবিষ্ট) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) সমীক্ষ্য (দর্শন করিয়া) সুমুদে (সন্তুষ্টা হইলেন) ॥ ৫০॥

৫১। স্বপ্নে অপি ([যিনি] স্বপ্নেও) তৎসান্নিধিং (শ্রীরাধার সান্নিধ্য) অত্যজন্তীং (পরিত্যাগ করেন না, সেই) তাং (তুলসীকে) রাধয়া সমেতাং (শ্রীরাধার সহিত সমাগতা) নিশ্চিত্য (মনে করিয়া) সর্বে অপি তে (তাঁহারা সকলেই) জহৃষুঃ (সন্তুষ্ট

হইলেন); অথ (অতঃপর) মাধব: (শ্রীকৃষ্ণও)
তদ্দর্শনোৎসুক: (শ্রীরাধার দর্শনের নিমিত্ত উৎসুক হইয়া)
অধ্বনি (পথের দিকে) দত্তদৃষ্টি: অভূৎ (দৃষ্টিপাত
করিলেন)॥ ৫১॥

৫২। ততঃ (অনন্তর) সা তুলসী (সেই তুলসী) হৃষ্টা
(হৃষ্টচিত্তে) বটুকরে (মধুমঙ্গলের হস্তে)
স্রজং (মালা) ন্যস্য (অর্পণ করিয়া) পুটিকাং
উদ্ঘাট্য (পুটিকা উন্মোচন করিয়া) সুবলস্য
করে (সুবলের হস্তে) বীটিং দদৌ (বীটিকা
অর্থাৎ পানের খিলি) দদৌ (দান করিলেন)॥ ৫২॥

৫৩। রাধাকরামোদ-সমৃদ্ধসৌরভং (শ্রীরাধার করকমলের
সৌরভদ্বারা সমৃদ্ধ স্বীয় সৌরভ) তথা (ও)
অদ্ভুতং তচ্ছিল্পনৈপুণ্যভরং (শ্রীরাধার বিচিত্র
শিল্পনৈপুণ্যসমূহের) উদ্গিরন্তীং (প্রকাশকারিণী
ও) ভ্রমরালিকর্ষিণীং (ভ্রমরগণের আকর্ষণ-
কারিণী) তাং (সেই) স্রজং (মালাটিকে)
বিলোক্য (দর্শন করিয়া) হরি: (শ্রীকৃষ্ণ) উন্মনা:
অভবৎ (উৎকণ্ঠিতচিত্ত অর্থাৎ ব্যাকুল হইলেন)॥ ৫৩॥

৫৪। অথ (অতঃপর) শ্রীমধুমঙ্গল: (শ্রীমধুমঙ্গল)

হসন্ (হাসিতে হাসিতে) অস্য (শ্রীকৃষ্ণের) কণ্ঠে (গলদেশে) তাং (সেই) বৈজয়ন্তীং স্রজং (স্বহস্তবিরচিত পুষ্প-রচিত বৈজয়ন্তী মালাটি) ন্যধাৎ (পরাইয়া দিলেন; [আর] অসৌ (শ্রীকৃষ্ণও) রাধাকরস্পর্শসুখাৎ ইব (শ্রীরাধার সুখকর করস্পর্শের ন্যায়) তৎস্পর্শতঃ (ঐ মালার স্পর্শহেতু) কণ্টকিতাঙ্গঃ আসীৎ (সর্বাঙ্গে পুলক ধারণ করিয়াছিলেন)॥ ৫৪॥

৫৫। মুকুন্দঃ ([অতঃপর] শ্রীকৃষ্ণ) দয়িতাং (প্রিয়তমা) তাং (শ্রীরাধাকে) কুঞ্জে আগত্য (কুঞ্জমধ্যে আগমন পূর্বক) পরিহাস-লীলাং (পরিহাসচ্ছলে লুক্কায়িতা) সম্ভাবয়ন্ (মনে করিয়া) তদাস্য বীক্ষোৎকলিকাকুলাত্মা (তদীয় শ্রীমুখ দর্শনের নিমিত্ত চিত্তে উৎকণ্ঠিত) হসন্ত্যা তয়া সহ (হাস্যরতা তুলসীর সহিত) সংলাপ (এইরূপ সংলাপ অর্থাৎ পারস্পরিক প্রশ্নোত্তরচ্ছলে কথাবার্তা আরম্ভ করিলেন)॥ ৫৫॥

৫৬। [শ্রীকৃষ্ণ জিজ্ঞাসা করিলেন—] সখি! (হে সখি!) তে (তোমার) সখ্যাঃ কুশলম্? (সখীর কুশল তো?) এবং!

উত্তর ([তুলসী বলিলেন,—] হে নাথ! কুশলং? ([আমার

৫৭| সঃ ([ভগবান] শ্রীকৃষ্ণ) সদা রাধাতিদৌর্লভ্যস্ফূর্ত্যা (নিরন্তর শ্রীরাধার দুর্লভতার স্ফূরণ-হেতু) তাং হাস্যোক্তিম্ অপি (তুলসীর ঐ পরিহাস-বাক্যকেও) সত্যাং মত্বা (যথার্থ মনে করিয়া) বিষণ্ণাত্মা (চিত্তে বিষাদগ্রস্ত [ও]) ব্যাকুলঃ বভূব (কন্দর্পপীড়িত বিহ্বল হইলেন)॥ ৫৭॥

৫৮| বৃন্দাধনিষ্ঠাভ্যাং (বৃন্দা ও ধনিষ্ঠা) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) বিষণ্ণম্ আলোক্য (বিষণ্ণ দেখিয়া) দৃশা (নেত্রভঙ্গী-সহকারে) ভর্ৎসিতা (ভর্ৎসনা করিলে) তুলসী (তুলসী) ব্যাকুলা (ব্যাকুলা হইয়া) স্বয়ং (স্বয়ংই) সশপথম্ আহ (শপথের সহিত বলিলেন,—)॥ ৫৮॥

৫৯| ব্রজানন্দ! (হে ব্রজানন্দ!) খেদং মা মাঃ (বিষণ্ণ হইও না); তব (তোমার) নির্মঞ্ছনং যামি (নির্মঞ্ছন করি); দয়িতাং (প্রিয়তমা শ্রীরাধাকে) আগতাং বিদ্ধি (এখানে উপস্থিতই মনে করুন); ময়া (আমি) পরিহাসঃ কৃতঃ? (পরিহাসই করিয়াছি অর্থাৎ পরিহাসচ্ছলেই পূর্বের কথা বলিয়াছি?)॥ ৫৯॥

৬০| অথ (অতঃপর) ব্রজরাজসূনুঃ (শ্রীব্রজেন্দ্রনন্দন)

তদ্ আলপিতং নিশম্য (শ্রীরাধাকে সমাগতা শ্রবণ করিয়া) এনাং দিদৃক্ষুঃ (তাঁহাকে দেখিবার নিমিত্ত অর্থাৎ তাঁহার দর্শনাভিলাষী হইয়া) ঔৎসুক্যচঞ্চলমনাঃ (ঔৎসুক্যবশতঃ চঞ্চলচিত্ত) নিজকর্ণয়োঃ (স্বীয় কর্ণদ্বয়ের) তৎ চম্পকযুগং (সেই চম্পককুসুম দুইটি) উত্তার্য (উন্মোচনপূর্বক হাতে লইয়া) তস্যাঃ (তুলসীর) করয়োঃ (করযুগলে) সমর্প্য (প্রদান করিয়া) মুদিতঃ (হৃষ্টচিত্তে) তাং (তাঁহাকে) অবদৎ (এইরূপ বলিলেন) ॥ ৬০ ॥

ইয়ং ক্ব ইয়ং ক্ব (এই শ্রীরাধা কোথায়) কিমর্থং বা (কি নিমিত্তই বা) নিহ্নুতা (লুকাইয়া রাখিয়াছেন?), চেৎ (যদি) সা (তিনি) রুষ্টা (রুষ্টা হইয়া থাকেন, [তবে]) মম (আমার) অপরাধঃ (কোন দোষ) ন অস্তি (নাই); চেৎ (যদি) এতৎ (ইহা) নর্ম (পরিহাস বাক্য হয়, [তবে]) দূনচিত্তে (দুঃখিতচিত্ত জনের প্রতি) ন যুক্তং (তাহা অর্থাৎ এইরূপ পরিহাস বাক্য-প্রয়োগ সঙ্গত নহে); হা হা (হায় হায়!) শীঘ্রং (সত্বর) মে (আমার) অমূং প্রিয়াং (সেই প্রিয়াকে) দর্শয় (দেখাও) ॥ ৬১ ॥

অ। [তদন্ত] কালদেশার্থতত্ত্ববিৎ (দেশ, কাল ও বস্তু-তত্ত্ব বিষয়ে অভিজ্ঞা) তুলসী (তুলসী) দ্রুতং (সত্বর) রাধাং (শ্রীরাধাকে) আনিনীষুঃ (আনিতে ইচ্ছা করিয়া) প্রিয়াবলোকনোৎকণ্ঠং (প্রিয়ার দর্শনের নিমিত্ত উৎকণ্ঠাকুলচিত্ত) হরিং (শ্রীকৃষ্ণকে) বভাষে ([এরূপ] বলিয়াছিলেন) ॥ ৬২॥

অ। কমলনয়ন! (হে কমললোচন!) তে (তোমার) যা কান্তা (সেই প্রিয়তমা) ত্বদ্রূপালোকনোৎকা (তোমার শ্রীরূপ দর্শনের নিমিত্ত উৎকণ্ঠিতা হইয়া) মন্দাদি (তৎক্ষণাৎ) সূর্যার্চায়ৈ (সূর্য পূজার নিমিত্ত) জটিলা-প্রেষিতা (জটিলার প্রেরণা লাভ করিয়া [অথবাই হলে]) কুন্দবল্ল্যা (কুন্দলতার সহিত) ত্বাম্ আয়ান্তী (তোমার নিকটে আগমনে উদ্যতা হইয়াছেন [এবং]) ত্বৎপ্রবৃত্ত্যৈ (তোমার বিশেষ বার্তা জানিবার নিমিত্ত) প্রথমং (প্রথমতঃ) মাং (আমাকে) ইহ (এস্থানে) প্রাহিণোৎ (প্রেরণ করিয়াছেন); যত্র (যেস্থানে) তাং (তাঁহাকে) আনয়ামি (আনিব), ত্বং (তুমি) তং (সেই) ক্রীড়াকুঞ্জং উপাদিশ (ক্রীড়াকুঞ্জটিকে নির্দেশ করুন) ॥ ৬৩॥

(৬৪) হরিঃ (শ্রীকৃষ্ণ) তৎ শ্রুত্বা (তাহা শ্রবণ করিয়া) উচ্ছ্বসিতস্বান্তঃ প্রীতঃ (স্বীয় হৃদয়ের উল্লাস ও প্রীতিভরে) কণ্ঠাৎ (কণ্ঠ হইতে) গুঞ্জাবলীং (গুঞ্জামালা) উত্তার্য (উন্মোচনপূর্বক) তুলস্যৈ (তুলসীকে [উহা]) পারিতোষিকং (পারিতোষিক) দত্তবান্ (প্রদান করিলেন) ॥ ৬৪॥

(৬৫) অথ (অতঃপর) তদা (সেই সময়ে) লীলানিকুঞ্জকলনায় (লীলাকুঞ্জ-নির্ণয়ের নিমিত্ত) কৃষ্ণাবলোকিতমুখী বৃন্দা (শ্রীকৃষ্ণ শ্রীবৃন্দার মুখের প্রতি দৃষ্টিপাত করিলে শ্রীবৃন্দা) তুলসীং বভাষে (তুলসীকে বলিলেন, [তুমি]) তাং রাধিকাং (শ্রীরাধাকে) আশু (সত্বর) তৎকুণ্ডতীরগতং (তাঁহারই শ্রীরাধাকুণ্ডের তীরস্থিত) কন্দর্পকেলিসুখদাখ্যনিকুঞ্জং (কন্দর্পকেলিসুখদ-নামক নিকুঞ্জে) আনয় (লইয়া আস) ॥ ৬৫॥

(৬৬) সখি! (হে সখি!) অহং চ (আমিও) কেলিসাধনশ্রীং (কেলির উপযোগী দ্রব্যসমূহ) সমগ্রয়িতুং (সংগ্রহ করিবার নিমিত্ত) উৎসুকা (ঔৎসুক্যযুক্তা হইয়া) ত্বয়া সার্ধং (তোমার সহিত) দ্রুতং (সত্বরই) রাধাকুণ্ডং (রাধাকুণ্ডে) প্রযাতা অস্মি (গমন করিতেছি) ॥ ৬৬॥

৬৭। তাবৎ (এই সময়ে) শৈব্যা (শৈব্যা) স্বস্য প্রিয়-সহচরীং (নিজ প্রিয়সহচরী) তাং চন্দ্রাবলীং (চন্দ্রাবলীকে) সঙ্কেতস্থাং কৃত্বা (সঙ্কেতস্থানে আনয়ন পূর্বক) ব্রজেশ্বরীসুতং (শ্রীকৃষ্ণকে) নেতুং (তথায় লইয়া যাইবার নিমিত্ত) তত্র আগত্য (শ্রীকৃষ্ণের নিকটে আসিয়া) হরি হৃদি (তাঁহার বক্ষঃস্থলে) সখীদত্তং (চন্দ্রাবলীর প্রদত্ত) গুঞ্জাহারং (গুঞ্জামালা) অপশ্যৎ (দর্শন করিয়া) বৃন্দাসহিতং তুলসীং (বৃন্দার সহিত তুলসীকে দেখিতে পাইয়া) ক্ষুব্ধচিত্তা বিব্যথে (চিত্তে ক্ষোভ ও ব্যথা অনুভব করিলেন)॥ ৬৭॥

৬৮। তদা (তৎকালে) শৈব্যা (শৈব্যা) কৃষ্ণস্য অগ্রে (শ্রীকৃষ্ণের সম্মুখে) বৃন্দয়া (বৃন্দার সহিত) সংলপন্ত্যাঃ (আলাপরতা), তৎপ্রেষ্ঠসখ্যাঃ (শ্রীরাধার প্রিয়সখী) তুলস্যাঃ আলোক্য (তুলসীকে দর্শন করিয়া) রাধাং (শ্রীরাধাও) আগতাং মত্বা (এখানে আসিয়াছেন মনে করিয়া) দুঃস্থিতা (দুঃস্থিতচিত্তে) তাং (তুলসীকে) সব্যাজং ব্যাজহার (ছলসহকারে এইরূপ বলিয়াছিলেন)॥ ৬৮॥

তয়া বয়স্যয়া (আমার প্রিয়সখী চন্দ্রাবলী) অদ্য (অদ্য)
দুর্গাব্রতোদ্যাপন-মহোৎসবং কুর্বত্যা (দুর্গাব্রতের
উদ্যাপন-মহোৎসবে প্রবৃত্তা হইয়া) তাং রাধাং
(শ্রীরাধাকে) নিমন্ত্রয়িতুং (নিমন্ত্রণ করিবার নিমিত্ত)
প্রেষিতা অস্মি (আমাকে পাঠাইয়া দিয়াছেন)॥ ৬৯॥

৭০। ময়া (আমি) অদ্য (সম্প্রতি) সা (তাঁহাকে)
গৃহে অন্বিষ্য (গৃহে অন্বেষণ করিয়া) ন লব্ধা
(দেখিতে পাইলাম না); কাননে অপি ন (এবং
বনমধ্যেও দেখিতে পাইলাম না); তুলসি!
(হে তুলসি!) দিষ্ট্যা লব্ধা অসি (ভাগ্যক্রমে
তোমাকে পাইয়াছি); তে (তোমার) সখী (সখী)
কুত্র কথ্যতাম্ (কোথায়? তাহা বল)॥ ৭০॥

৭১। ততঃ (অতঃপর) সা তুলসী (তুলসী) শৈব্যাং
(শৈব্যাকে) কৌটিল্যধুরাশ্রিতাং জ্ঞাত্বা (কুটিলতার
আশ্রিতা জানিয়া) তাং (তাঁহার প্রতি)
সকৌটিল্যম্ অবদৎ (কুটিলতাসহকারে এইরূপ বাক্য
প্রয়োগ করিলেন) যৎ (যেহেতু) শঠে
(শঠের প্রতি) শাঠ্যং হি (শঠতাই) নয়ঃ
(নীতিসম্মত)॥ ৭১॥

৭২। অদ্য (অদ্য) স্বসুহৃদা (শ্রীরাধার সুহৃৎ) ময়া (আমা) অম্বিকায়াঃ (শ্রীদুর্গার) ব্রতমহোৎসবং কুর্বানয়া (ব্রতমহোৎসব সম্পাদনে প্রবৃত্তা হইয়া) ~~স্ব (শ্রীরাধাকে)~~ বৃন্দাটবী-পতির্ বৃতা যা (বৃন্দাবনেশ্বরী শ্রীরাধাকে) নিমন্ত্র্য (নিমন্ত্রণ পূর্বক) স্বগৃহং নীতা (নিজ-গৃহে লইয়া গিয়াছেন); তস্যা (এবং) বিনয়ৈঃ (বিবিধ বিনয় প্রকারে) সসখীকুলায়াঃ (সখীগণের সহিত বিরাজমানা) অস্যাঃ (শ্রীরাধার প্রতি) ভারঃ অপি (উৎসবের ভারও) অর্পিতঃ (অর্পণ করিয়াছেন)॥৭২॥

৭৩। ততঃ (এই হেতুই) ললিতয়া (ললিতাদেবী) পুষ্প-ফল-মাল্য-সম্পুটকৈঃ (পুষ্প, ফল ও মাল্য-সম্পুট-সংগ্রহের ছলে) বৃন্দাং নেতুং (বৃন্দাকে লইয়া যাইবার নিমিত্ত) প্রেষিতা অহং (আমাকে প্রেরণ করায়) তাং গৃহীত্বা চলিতা অস্মি (তাঁহাকে লইয়া যাইতেছি)॥৭৩॥

৭৪। তুলসী (তুলসী) ইতি (এইরূপ) ভঙ্গ্যা (ভঙ্গী-সহকারে) কুটিলাম্ অপি তাং (কুটিলস্বভাবা জটিলাকে) প্রতার্য (প্রতারণা করিয়া)

মাধবে (শ্রীকৃষ্ণের প্রতি) উদাসীনা ইব (উদাসীনার ন্যায় ভাব প্রদর্শন পূর্ব্বক) বৃন্দা-ধনিষ্ঠাভ্যাং (বৃন্দা ও ধনিষ্ঠার সহিত) যযৌ (প্রস্থান করিলেন)॥ ৭৪॥

৭৫। কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) পুনঃ বিরক্ষং (অবধ্যাং) (পুনরায় বাক্যপ্রয়োগের অভিলাষিণী লোকাকে) কুঞ্চিতচক্ষুষা (নেত্রকুঞ্চনরূপ ইঙ্গিতদ্বারে) নিবার্য (নিবারণপূর্ব্বক) তুলস্যাং (তুলসীর প্রতি) স্বং (স্বীয়) ঔদাস্যং (ঔদাসীন্য) ব্যঞ্জয়ন্ ইব (প্রকাশ করিয়াই যেন) আহ (এরূপ বলিয়াছিলেন)॥ ৭৫॥

৭৬। কিঞ্চিৎ মা বদ ([তুমি আর] কোন কথা বলিও না); এষা যাতু (এই তুলসী চলিয়া যাউক); স্বসখ্যাঃ (প্রিয়সখী চন্দ্রাবলীর) কুশলং বদ (কুশল বল); মম (আমার) প্রিয়া (প্রিয়তমা) ইয়ং (এই) চন্দ্রাবলী (চন্দ্রাবলী) ক্ব আস্তে? (কোথায় আছেন?); কিং কুরুতে (আর, কী করিতেছেন?)॥ ৭৬॥

৭৭। অথ (অতঃপর) সা (শৈব্যা) অতিহৃষ্টা (অতিশয় সন্তুষ্টা হইয়া) তং (শ্রীকৃষ্ণকে) প্রাহ (বলিলেন), "শ্বশ্রুয়া (শাশুড়ী) নিরুদ্ধা অপি চন্দ্রাবলী (চন্দ্রাবলীকে গৃহে আবদ্ধা করিলেও) ময়া (আমি) দুর্গার্চনচ্ছলেন (দুর্গাদেবীর অর্চনার ছলে) মন্ত্রাৎ (মন্ত্র সহকারে [তাঁহাকে বলে]) আনীতা (লইয়া আসিয়াছি)॥ ৭৭॥

৭৮। [আমি] ত্বৎসঙ্গোৎকলিকাকুলাং (তোমার সঙ্গলাভের নিমিত্ত উৎকণ্ঠিতা) তাং (সেই চন্দ্রাবলীকে) সখীস্থল্যঞ্চলে (সখীস্থলীর প্রান্তভাগে) সন্ধ্যায়া সংরক্ষ্য (সন্ধ্যার রক্ষণাধীনে রাখিয়া) ত্বাং (তোমার) অন্বেষ্টুং (অন্বেষণ করিবার নিমিত্ত) তূর্ণং (সত্বর) ইহ (এখানে) আগতা (উপস্থিত হইয়াছি)"॥ ৭৮॥

৭৯। [শৈব্যার বাক্য শ্রবণে] প্রত্যুৎপন্নমতিঃ (প্রত্যুৎপন্ন-বুদ্ধিশালী) হরিঃ (শ্রীকৃষ্ণ) অন্তঃ চিন্তিতঃ (অন্তরে চিন্তাকুল হইলেও) বহিঃ হৃষ্যন্ (বাহিরে হর্ষ প্রকাশ করিয়া) ছদ্মনা (ছলপূর্বক) শৈব্যাং (শৈব্যাকে) বঞ্চয়ন্ (বঞ্চনা সহকারে) আনন্দয়ন্ ইব (আনন্দদান করিতেই যেন) অবদৎ (এইরূপ বলিলেন)॥ ৭৯॥

৮০) 'আলি! (হে সখি!)
অহং (আমিও) তদ্দর্শনোৎকণ্ঠ: (তাঁহার দর্শনের নিমিত্ত উৎকণ্ঠিত রহিয়াছি), দিষ্ট্যা (সৌভাগ্যক্রমেই [তুমি]) ইয়ম্ অসৌ (এইচন্দ্রাবলীকে) নীতা (লইয়া আসিয়াছ; [সম্প্রতি]) এনাং (ইহাকে) গুরূনাং রক্ষণক্ষমং (গুরুবর্গকে বঞ্চনা করিবার উপযোগিই) গৌরী-তীর্থং (গৌরীতীর্থে) নয়স্ব (লইয়া যাও)।। ৮০।।

৮১) যাবৎ অহং (আমি তৎক্ষণে) প্রমদরাধিকাখ্যে (প্রমদ-রাধি-নামক) বনে (বনমধ্যে) গা: সঞ্চারয়ত: (গোচারণকারী) সখীন্ (সহচরগণকে) গবাং সম্ভালনে (ধেনুগণের পরিচর্যায়) অবধার্য (নিযুক্ত করিয়া) আগত: ('আসিতেছি')।। ৮১।।

৮২) [illegible] অথ (অতঃপর) বটু: (মধুমঙ্গল) তং (শ্রীকৃষ্ণকে) ভঙ্গ্যা (ভঙ্গীসহকারে) উক্তবান্ আহ (সত্বর বলিলেন), 'কৃষ্ণ! (হে শ্রীকৃষ্ণ!) ব্রজেন্দ্রেন (ব্রজরাজ) দিনিষ্ঠে যা (যিনি [illegible]) যৎ আজ্ঞপ্তং (যে আদেশ করিয়াছেন), তৎ (তাহা) কুরুষ্ব' (পালন কর), ইতি (তখন) স: (শ্রীকৃষ্ণ) মধুমঙ্গলকে অব্রবীৎ (বলিলেন), 'আর্য! (হে আর্য! তুমি ভাল কথাই মনে করাইয়া দিয়াছ)। বসুদেবেন (বসুদেব) প্রবে

[এই উদ্দেশ্যে]

(প্রাতঃকালেই) অত্র (এখানে) দূতঃ প্রহিতঃ (দূত পাঠাইয়াছেন যে), কংসেন (কংস) গুপ্তং (গোপনে) কাননে (এই বনমধ্যে) সদাং চৌরাঃ (ধেনুগণের হরণের নিমিত্ত কতিপয় চোর) প্রস্থাপিতাঃ (পাঠাইয়াছে) ॥ ৮২-৮৩ ॥

৮৪ [অন্বয়] সর্বৈঃ গোপালকৈঃ (গোপগণ সকলেই) সাবধানৈঃ (যাহাতে সাবধানে) ভবিতব্যং (থাকে ইহাই) ইতি (এই উদ্দেশ্যে) তাতপাদৈঃ (পূজ্যপাদ পিতৃদেব শ্রীনন্দমহারাজ) ইদানীং (সম্প্রতি) ধনিষ্ঠয়া (ধনিষ্ঠাদ্বারা) মায় (আমার নিকটে) তৎ আদিষ্টম্ (অনুরূপ আদেশ প্রেরণ করিয়াছেন) ॥ ৮৪ ॥

৮৫ মাতঃ! (হে মাতঃ যশোদে!) চেৎ (যদি) তৎ প্রত্যূহৈঃ (এই সকল বিঘ্নহেতু) কদাচিৎ (কখনও বা) মম (আমার) বিলম্বঃ (বিলম্বও) ভবেৎ (হয় [তাহা হইলেও]) তে (তুমি) উদ্বেগঃ ন কার্যঃ (কোনরূপ উদ্বেগ প্রকাশ করিও না); অহং (আমি) ধ্রুবং (নিশ্চয়ই) দ্রুতম্ আগন্তা (সত্বর প্রত্যাগমন করিব) ॥ ৮৫ ॥

৮৬ মুরারিঃ (শ্রীকৃষ্ণ) ইতি (এইরূপে) তাং লোকাং

(সেই কোকাকে) প্রতার্য (প্রতারণা করিয়া) সসখঃ (সহচরগণের সহিত) গোচারিলাং (গোচারণ-ক্ষেত্রের দিকে) অব্রজৎ (প্রস্থান করিলেন); সা অপি (আর, সেই কোকাও) হৃষ্টা (সন্তুষ্টা হইয়া) ত্বরয়া (সত্বর) চন্দ্রাবলীং প্রতি (চন্দ্রাবলীর নিকটে যাত্রা করিলেন)॥৮৩॥

শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে (যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্ম প্রতি ভ্রমরস্বরূপ শ্রীমদ্রূপ-গোস্বামিপাদপদ্মের সেবার ফলরূপে প্রকাশিত হইয়াছে), দিষ্টে শ্রীরঘুনাথদাসকৃতিনা (পরম ধার্মিক বিদ্বান্ শ্রীমদ্রঘুনাথ দাস গোস্বামিপাদ যাহার [বিষয়ে] উপদেশ করিয়াছেন) শ্রীজীবসত্তোদ্গতে (শ্রীজীব গোস্বামিপাদের সঙ্গফলে যাহার উদ্ভব বা আবির্ভাব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরজে (শ্রীমদ্রঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরের বা অনুগ্রহফলে যাহার জন্ম অর্থাৎ রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃতনামক সেই মহাকাব্যের অন্তর্গত) পূর্বাহ্নলীলাময়ে (পূর্বাহ্ন লীলা-বিষয়ক) এষঃ (এই) ষষ্ঠঃ সর্গঃ (ষষ্ঠ সর্গ) সম্ভূতি (সম্প্রতি) নিরগাৎ (সমাপ্ত হইল)॥ ৬॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-নামক মহাকাব্যে পূর্বাহ্নলীলাময় ষষ্ঠসর্গের অন্বয়মুখে পদ্যানুবাদ সমাপ্ত।

সপ্তম সর্গ

ততঃ (অনন্তর) হরিঃ (শ্রীকৃষ্ণ) কিয়দ্ দূরং গত্বা
(কিছু দূরে যাইয়া), নিবৃত্য (প্রত্যাবর্তন পূর্বক)
প্রিয়া-সঙ্গোৎসুকঃ (প্রিয়তমার সঙ্গলাভে উৎকণ্ঠিত
হইয়া) উদ্‌বর্ত্মনা (অপ্রসিদ্ধ পথ আশ্রয় করিয়া),
পরিতঃ ([সর্বত্র] চতুর্দিকে) মণিসোপানাবলীভিঃ (মণিময়
সোপান শ্রেণীদ্বারা) পরিবেষ্টিতং (পরিবেষ্টিত),
চতুর্ভিঃ মণি-বদ্ধতীর্থৈঃ (মণিবদ্ধ চারিটি ঘাট-
দ্বারা) দিক্ষু (চারিদিকে) সুশোভিতং (সুশোভিত),
তীর্থোপরি ([ঘাটে] ঘাটের উপরভাগে) অঙ্গনৈঃ (অঙ্গন-
যুক্ত) স্ফুরদ্‌রত্নমণ্ডপৈঃ (উজ্জ্বল রত্নমণ্ডপসমূহ-
দ্বারা) যুতং (সংযুক্ত [illegible] শোভিত), তত্তীর্থোভয়-
পার্শ্বস্থ-মণিকুট্টিমমণ্ডিতং (উক্ত ঘাটসমূহের উভয়-
পার্শ্ববর্তী মণিময় চত্বর-সমূহে [illegible] অলঙ্কৃত),
প্রতিমণ্ডপপার্শ্বস্থ-তরুশাখাবলম্বিতৈঃ ([মণ্ডপ] প্রত্যেক
মণ্ডপের পার্শ্বস্থিত বৃক্ষশাখায় লম্বমান), নানাপুষ্প-
বাসন্তিকৈঃ (নানাবিধ পুষ্প ও বস্ত্রসমূহের
সহযোগে বিচিত্র), দোলাচতুষ্টয়ৈঃ যুতং
(চারিটি দোলাদ্বারা সংযুক্ত অর্থাৎ শোভিত), মধ্যে (দোলার
দিকে) চম্পকয়োঃ (চম্পকবৃক্ষযুগল), পূর্বে (পূর্বদিকে)

নীপয়োঃ (কদম্ববৃক্ষযুগল), পরে (পশ্চিম দিকে) আম্রয়োঃ (আম্রবৃক্ষযুগল [ও]) সৌমে (উত্তর দিকে) বকুলয়োঃ (বকুল বৃক্ষযুগলে) বদ্ধরত্নহিন্দোলিকান্বিতং (আবদ্ধ রত্নময় হিন্দোলিকা অর্থাৎ দোলনা দ্বারা সংযুক্ত অর্থাৎ শোভিত), পূর্বাগ্নেয়দেশোঃ মধ্যে ([যাহা] পূর্বদিক ও অগ্নিকোণের মধ্যে) প্রিয়কুণ্ডেন সংগতং (শ্যামকুণ্ডের সহিত মিলিত), তয়ো (উভয়ের যে সঙ্গমস্থলে) ঊর্ধ্বে (ঊর্ধ্বভাগে) স্তম্ভকালম্বিচিত্রসেতুসমান্বিতং (স্তম্ভসমূহের মধ্যে লম্বমান বিচিত্র সেতুসংযুক্ত), গল-হৃদুদরনাভি-শ্রোণিজানূরু-দঘ্নৈঃ (উচ্চতায় গলদেশ, বক্ষঃস্থল, উদর, নাভি, কটি, জানু ও ঊরুপ্রমাণ), ষড়্‌দাষ্ট-বসুকোণৈঃ ([যাহা] ছয়, সাত বা আটটি কোণযুক্ত), মণ্ডলাদ্যৈঃ চ কৈশ্চিৎ (অথবা, কোন কোন স্থলে গোলাকার), শিশিরস্য ঋতু সমুষ্ণৈঃ (শীতকালে উষ্ণ), গ্রীষ্মকালে (গ্রীষ্মকালে) সুশীতৈঃ (সুশীতল), বিবিধমণিনিবদ্ধৈঃ (বিবিধ-মণি-রচিত), দিক্ষু (চতুর্দিকে) সোপানমুখ্যৈঃ (সোপানবদ্ধ), মণিরুচিকুলবীচি-ভ্রান্তি-তৃষ্ণাভিভূতা শাতিত-

বিহগবৃন্দাচ্ছালবালান্তরালৈঃ (মধ্যভাগে মণি-নিচয়ের দীপ্তিসমূহের প্রতি জল এসে পতিত তৃষ্ণার্ত পাখিগণের দ্বারা পরিবৃত স্বচ্ছ আলবাল-সমূহদ্বারা বেষ্টিত), পরিজন-যুত-রাধাকৃষ্ণয়োঃ (পরিজন-সহিত শ্রীরাধাকৃষ্ণের) নর্মগোষ্ঠী-প্রমদকৃদুপবেশানল্পবেদী-সুশোভৈঃ (পরিহাসসভার প্রীতিজনক উপবেশনযোগ্য প্রভূত বেদিদ্বারা সুশোভিত), চিত্রবর্ণৈঃ কুট্টিমৈঃ (বর্ণ বৈচিত্র্যশালী চত্বর-সমূহদ্বারা) নিচিত পৃথু-তলানাং (সুবিস্তৃত তলদেশে পরিব্যাপ্ত), কুসুমিত-বল্গুবল্লী-শ্লিষ্ট শাখাভুজানাং (বিবিধ সুপুষ্পিত লতাবলি দ্বারা শাখাসমূহে আলিঙ্গিত), ঘনদল-ফলপুষ্প-শ্রেণিভারানতানাং (নিবিড় পত্র, ফল ও পুষ্পরাশির ভারে অবনত), পাদপানাং বিততিভিঃ (বৃক্ষশ্রেণিদ্বারা) অভিতঃ (চতুর্দিকে) সংবেষ্টিতং (পরিবেষ্টিত), চতুষ্কোণেষু (চারি [মধ্য] কোণে) বাসন্তী-চতুঃশালাভিঃ আবৃতং (মাধবীলতা-বিরচিত চতুঃশালা অর্থাৎ চারিটি

গৃহদ্বারা পরিবেষ্টিত), পরিতঃ (চতুর্দিকে) বানীর-
কেলরা লোক-নিকুঞ্জৈঃ (বেতস, নারিকেল ও
অশোক কুঞ্জসমূহে) বৃতং (সমাচ্ছন্ন), তদ্বহিঃ
[সখা] (তাহার বাহিরভাগে) পরিতঃ (চতুর্দিকে) পক্বাপক্ব-
ফল পুষ্পোৎকরাকরৈঃ (পক্ব ও অপক্ব ফল ও পুষ্প-
সমৃদ্ধ) শীতলচ্ছদৈঃ (সুশীতল পত্রযুক্ত) কদলী-খণ্ডৈঃ
(কদলীতরুরাজিদ্বারা) মণ্ডিতং (শোভিত), তদ্বহিঃ
[সখা] (তাহার বহির্দেশে) বাহ্যোপবননাম্ন্যপি-পুষ্পাটবী-
বৃতং (বাহিরস্থিত উপবনের সহিত মিলিত কুসুমকানন-
সমূহদ্বারা পরিবৃত [এবং]),
সমধ্যসলিলান্দীব্যৎ-সসেতু রত্নমন্দিরং
(ক্ষীণ জলমধ্যে উজ্জ্বল সেতুসংযুক্ত রত্নমন্দিরে
শোভিত), নানাপুষ্পফলোচ্চায়ি-বনদেবীগণান্বিতৈঃ
[সখা] (বিবিধ পুষ্প ও ফল সংগ্রহকারিণী বনদেবীগণের
পূর্ণ, [অথচ]) সেবোপচারসংসক্ত কুঞ্জদাসী-
শতাবৃতৈঃ (সেবার উপকরণ সংগ্রহে ব্যাকুল শত
শত কুঞ্জদাসী পরিবৃত), ফলারাম-পুষ্পবাটী-
মধ্যস্থৈঃ ([যাহা] ফলোদ্যান ও পুষ্পোদ্যান সমূহের

রক্তোৎপল-পুণ্ডরীক-পদ্মক-ইন্দীবর-কৈরবাণাং
[যথা] (কহ্লার, কোকনদ, শ্বেতপদ্ম, কমল, নীলপদ্ম ও
কুমুদরাজির) করম্বরৈঃ পতৎপরাগৈঃ চ (ঝরিত
মধুর রেণু ও পরাগসমূহ দ্বারা) সমন্তাৎ (সর্বত্র)
সুবাসিতাম্বুঃ প্রসরং (সুগন্ধি জলরাশির সৌরভযুক্ত),
হংস-সারস-দাত্যূহ-মদগু-কোকাদি-পত্রিণাং
[যথা] (হংস, সারস, ডাহুক, জলকাক ও চক্রবাক প্রভৃতি পক্ষী
[ও]) বরটা-লক্ষ্মণাদীনাং (হংসবধূ ও সারসবধূ-
প্রভৃতির) কলালাপৈঃ (অব্যক্ত মধুর নিনাদে) শ্রুতি-
প্রিয়ং (শ্রুতিসুখকর), অন্যোন্যপূর্ণ পাঠসঙ্গ-রঙ্গিণাং
[যথা] (পরস্পর বিভিন্ন প্রসঙ্গে রঙ্গশীল) শারী-শুকানাং (শারী ও
শুকপক্ষিগণের) কৃষ্ণলীলায় সোল্লাস-কাব্যালাপ-
মনোহরং (কৃষ্ণলীলাবিষয়ে উল্লাসময় কাব্যালাপে
মনোহর), জলদভ্রান্তিকৃৎ-কৃষ্ণকান্তি-প্রনর্তোন্মদৈঃ
([যথা] শ্রীকৃষ্ণের কান্তিদর্শনে মেঘজ্ঞানে প্রনর্তোন্মত্ত)
নদৎ-নৃত্যাচ্ছিখি-ব্রাতৈঃ (সশব্দ-নৃত্যরত ময়ূরগণের
দ্বারা) ব্যাপ্তারামতটাজিরং (উপবন, তীরভূমি ও
চত্বরসমূহকে পরিব্যাপ্ত), কৃষ্ণেক্ষণানন্দবিফুল্লবল্লীনাং

৩০। [আর উক্ত পথসমূহ], প্রবিশদ্ভির্লোকৈ (প্রবেশকারী সাধারণ জনগণের চিত্তে) দর্শনাৎ এব প্রাক্ (দর্শন-মাত্রেই সত্বর), উপবনযুগমধ্যে (দুইটি উপবনের মধ্যভাগে অবস্থিত), মণিময়ীরচনাভি: (বিবিধ মণিরাজির অবস্থান হেতু) স্বেষু (নিজের প্রতি) ভিত্তিভ্রমং (প্রাচীর-ভ্রমের [উৎপাদক]) স্বানিকটমণিভিত্তৌ (নিজ-নিকটস্থ মণিময় ভিত্তিতে) আত্মভ্রমহৃত দধানৈ: (পথ-ভ্রমের উৎপাদনকারী) দ্বারবৃন্দৈ: যুতানি (দ্বারসমূহদ্বারা যুক্ত রূপে) ভান্তি (শোভা পাইতেছে)।। ৩০।।

৩১। উদীচ্যাং দিশি ([শ্রীরাধাকুণ্ডের] উত্তর দিকে) তীর্থসান্নিধ্যে (ঘাটের নিকটে) পদ্মাভকুঞ্জাষ্টদলৈ: (পদ্মাকারে আটটি কুঞ্জরূপ আটটি পত্রদ্বারা) বিরাজিতং (সুশোভিত [ও]) সুহেমরম্ভাবলিকেশরান্বিতং (মনোহর সুবর্ণময় কদলীতরুশ্রেণীরূপ কেশরযুক্ত) অনঙ্গরঙ্গাম্বুজনামচত্বরং ('অনঙ্গ-রঙ্গাম্বুজ'-নামক একটি চত্বর) ভাতি (শোভা পাইতেছে)।। ৩১।।

৩২। সহস্রপত্রাম্বুজসন্নিভং ([উক্ত চত্বরটি] সহস্রদল পদ্মাকারে অবস্থিত), স্ফুরৎ-সুবর্ণ-সৎকুট্টিম-মঞ্জু-

কর্ণিকং (সমুজ্জ্বল সুবর্ণময় উত্তম কুট্টিমই উহার মনোহর কর্ণিকা-স্বরূপ), লীলানুকূল্যোচিত্যসনুতো-ন্নত্যাদি শীলতা-লাঘবং (আর উহা লীলার উপযোগি-রূপে সর্বদাই সমুচিত সঙ্কোচ-বিকাশশালী [ও]) উন্নত প্রভং (অতিশয় কান্তিসমৃদ্ধ) ।। ৩২।।

৩৩। ললিতা-প্রিয়য়া (ললিতার প্রিয়া) কলাবত্যা (কলাবতী-কর্তৃক) সুসংস্কৃতং ([উক্ত চত্বরটি] পরিমার্জিত ও সুশোভিত হইয়া) সর্বর্তু-সুখসম্পন্নং (সকল ঋতুতে সুখ সমৃদ্ধশালী রূপে [ও]) নানাকেলি-রসাকরং (বিবিধ কেলিরসের আকর রূপে [শোভা পাইতেছে]) ।। ৩৩।।

৩৪। [উক্ত চত্বরটি] ললিতানন্দদং (শ্রীমতী ললিতার আনন্দপ্রদ), সবয়স্যয়োঃ (সখীগণের সহিত মিলিত) নিকুঞ্জরাজয়োঃ (নিকুঞ্জরাজ্ঞী ও নিকুঞ্জরাজ) রাধাকৃষ্ণয়োঃ (শ্রীরাধার ও শ্রীকৃষ্ণের) পট্টমন্দিরং (সর্বশ্রেষ্ঠ আবাস-স্বরূপ [এবং]) স্ফুরদিন্দিরং (তন্মধ্যে লক্ষ্মীর অর্থাৎ সর্বসম্পত্তির অধিষ্ঠান বিদ্যমান) ।। ৩৪।।

৩৫। মাণিক্য-কেশর-শ্রেণী-বেষ্টিতং ([উক্ত চত্বরটি] মাণিক্যময় কেশর রাজিদ্বারা পরিবেষ্টিত), স্বর্ণকর্ণিকং (উহার কর্ণিকা সুবর্ণময়), বহিঃ বহিঃ ক্রমাৎ (উহা

বহির্ভাগে ক্রমশঃ) বর্দ্ধমানসংখ্যাপ্রমাণৈকৈঃ (সংখ্যা ও
পরিমাণগত (আধিক্য) যুক্ত) একৈকবর্ণসদ্রত্নকদম্বেন
(এক এক বর্ণের উত্তম রত্ন সমূহ দ্বারা) আচিতৈঃ (পরি-
ব্যাপ্ত), বহুভিঃ (অনেক) সমপত্রালিমণ্ডলৈঃ
(সমসংখ্যক পত্রময় মণ্ডল রাজি দ্বারা) চারু রচিতং
(সুন্দররূপে গঠিত, [আর উহা]) পঞ্চেন্দ্রিয়াহ্লাদ-
করৈঃ (পঞ্চ ইন্দ্রিয়ের সুখজনক) শৈত্যাদ্যদ্ভুত-
গুণৈঃ যুতং (শৈত্য প্রমুখ পদ্মপুষ্পের গুণরাজি-
দ্বারা সুসমৃদ্ধ), তৎ ([আর] উহা) বাহ্যঃ (বাহিভাগে)
ক্রমশঃ (ক্রমশঃ) স্বর্ণৈঃ (স্বর্ণ), বৈদূর্য্যৈঃ (বৈদূর্য মণি), ইন্দ্রনীলকৈঃ (ইন্দ্রনীল মণি), স্ফাটিকৈঃ (স্ফাটিক [এবং])
পদ্মরাগৈঃ চ (পদ্মরাগমণি দ্বারা) চিতৈঃ (পরিব্যাপ্ত)
নানারত্নবিনির্মিতৈঃ (বিবিধ-
রত্ননির্মিত) মণ্ডলপঞ্চকৈঃ (পাঁচটি মণ্ডলদ্বারা)
মণ্ডলেষু অন্তঃ (মণ্ডলসমূহের অভ্যন্তরে) [আর উহা]
শোভিতং (সুশোভিত), রসদীপকৈঃ (মুখ্য
রসের উদ্দীপক), চিত্রিতৈঃ (চিত্রিত) কেবলৈঃ
(একাকী, [অথবা]) মিথুনীভাবসংস্থৈঃ (যুগ্ম-
ভাবে বিরাজমান) মৃগপক্ষিভিঃ (মৃগ, পক্ষী),

দেবৈঃ (দেবতা), নৃভিঃ (মনুষ্য) অন্যৈঃ (যুতং
[যুক্ত] অন্যান্য প্রাণিগণের দ্বারা অধ্যুষিত রহিয়াছে;
[এইরূপ হইয়া]) পঞ্চবর্ণভূরিচিত্রপত্রপুষ্প বিস্ফুরৎ-
কেশরাদি- শ্যাম- শ্যামিকালি-সদ্বিতানকং
(পঞ্চবর্ণবিশিষ্ট প্রভূত বিচিত্র পত্রপুষ্পযুক্ত
নাগ কেশরাদি-বৃক্ষের শ্যামরূপ
উত্তম চন্দ্রাতপ দ্বারা উপরিভাগে আচ্ছাদিত [এবং])
অস্য (ইহার) অন্তঃ (অন্তর্ভাগে) জানুদঘ্ন রত্ন-
কুট্টিমাগার-মধ্য-কর্ণিকা-সহস্রপত্রশ্রিয়ং
(জানুপ্রমাণ রত্নবদ্ধ চত্বর সমূহ সহস্রদল
কমলের কর্ণিকার ন্যায় শোভা পাইতেছে) ॥৩৫/৪০॥
চতুর্দিকে [এইরূপ হইয়া] সিতারুণ-
হরিৎপীত-শ্যামপুষ্পৈঃ (শুক্ল, রক্ত, হরিত, পীত ও
শ্যামবর্ণ পুষ্পযুক্ত), আমূলপুষ্পিতাশোক-বল্লী-
মণ্ডপমঞ্চকৈঃ (মূল হইতে অগ্রপর্যন্ত পুষ্পিত অশোক-
লতামণ্ডপসমূহ দ্বারা) প্রকল্পিতৈঃ (রচিত), পদ্ম-
পুষ্পদলাকারৈঃ (পদ্মপুষ্পের ন্যায় আকৃতিযুক্ত)

উপকুঞ্জাষ্টকৈঃ যুতং (আটটি উপকুঞ্জ দ্বারা যুক্ত রহিয়াছে); প্রবীন-তাম্বূলাশোকতরু কুঞ্জ বরাটকং (তাম্বূল পুষ্প মধ্যস্থ প্রবীন অশোক তরু কুঞ্জই) ~~[illegible] উক্ত পদ্মাকৃতি লীলানিকেতনের~~

(পূর্বোক্ত অষ্টদল কমলাকৃতি লীলানিকেতনের বীজকোষ রূপে বিরাজমান), যস্য ([আর] উহার) বায়ব্যাং দিশি (বায়ু কোণে) ভৃঙ্গ কোকিল-নাদিতং (ভ্রমর ও কোকিলগণের ধ্বনিমুখরিত), বসন্ত-সুখদং (বসন্তসুখদনামক), অষ্টদল-কুঞ্জাম্বুজং দলং ভাতি (অষ্টদল-পদ্মাকার কুঞ্জটি উহার পত্ররূপে শোভা পাইতেছে)॥ ৪১—৪৩॥

~~নৈঋত্যাং (নৈঋত কোণে) চতুর্দ্বারং (দ্বারচতুষ্টয়-যুক্ত), চতুষ্পার্শ্বে বাতায়ন সমাশ্রিতং (বাতায়ন-বিশিষ্ট), নানামণি চিত্রানেক-চিত্র ভিত্তিচতুষ্টয়ং (বিবিধ মণিখচিত ও অনেক চিত্রান্বিত ভিত্তিচতুষ্টয়-শোভিত), অন্তঃ (অভ্যন্তরে) ললিতাচিত্রিতৈঃ (ললিতা কর্তৃক অঙ্কিত), সকৃষ্ণগোপীনাং (শ্রীকৃষ্ণ ও গোপীগণের) পূর্বরাগাদি চেষ্টিতৈঃ (পূর্বরাগাদি বিষয়ক বিলাস [এবং]) রাসকুঞ্জবিলাসৈঃ চ~~

৪৪-৫৪। নৈঋত্যাং (নৈঋত-কোণে) — চতুষ্পার্শ্বে
চতুর্দ্বারং (যাহার চতুর্দিকে চারিটি দ্বার),
বাতায়নৈঃপ্রসাধিতং (বাতায়নসমূহ বিদ্যমান),
নানামণিচিতানেকচিত্রভিত্তিচতুষ্টয়ং
(যাহার চারিটি প্রাচীর নানাবিধ মণিরত্ন দ্বারা
পরিব্যাপ্ত ও অনেক চিত্রদ্বারা সুশোভিত),
অন্তঃ সকৃষ্ণগোপীনাং ([যাহার] অভ্যন্তরে শ্রীকৃষ্ণের
ও গোপীগণের) পূর্বরাগাদিচেষ্টিতৈঃ (পূর্ব-
রাগাদি-বিলাস), রাসকুঞ্জবিলাসৈশ্চ (রাসবিলাস
ও কুঞ্জবিলাস [এবং]) বহিঃ ([যাহার] বহির্দেশে)
পূতনারিষ্টসংহারাদ্যন্তু-তচ্চরিতৈঃ
(পূতনাবধ ও অরিষ্টবধ রূপ শ্রীকৃষ্ণের আদ্যন্তু-
চরিতসমূহ) ললিতাচিত্রিতৈঃ যুতং শ্রীললিতাকর্তৃক

চিত্রাকারে অঙ্কিত রূপে শোভমান),
রত্নালিকান্তিকিঞ্জল্কং (রত্নরাজির দীপ্তিই যাহার অর্থাৎ কেশর বা পুষ্পরেণু
কিঞ্জল্কস্বরূপ), সদ্গর্ভাগারকর্ণিকং (মনোহর গর্ভ-
গৃহই যাহার বীজকোষ), বহিঃ ([মণ্ডপের] বহির্ভাগ)
অম্বুদলাকারৈঃ (কমলদলাকৃতি) ষোড়শ কোষ্ঠকৈঃ
(ষোড়শ-সংখ্যক প্রকোষ্ঠ [এবং]) তত্তদ্যুগানুরালকৈঃ
(ইহাদের দুই-দুইটির অন্তরালবর্তী)
দ্ব্যষ্টোপকোষ্ঠকৈঃ আপিবৃতং (ষোড়শসংখ্যক
উপপ্রকোষ্ঠ দ্বারা বেষ্টিত), ঊর্দ্ধে
([মণ্ডপের] ঊর্দ্ধদেশে) তাদৃক্-সন্নিবেশ-স্ফুরদট্টা-
লিকান্বিতং (তাদৃশ সংস্থানযুক্ত সমুজ্জ্বল
অট্টালিকা বিরাজমান), অনুঃ অনুঃ স্ফাটিকীষু ক্রমাদুচ্চ-
নির্ভিত্তি শুদ্ধপট্টিকাসু (যাহার মধ্যে মধ্যে
ক্রমশঃ উন্নত ভিত্তিহীন শুদ্ধসমূহের অগ্রভাগে)
সুবিন্যস্ত প্রবালবল্লীকুলৈঃ (সুবিন্যস্ত
প্রবালময় বল্লীসমূহ দ্বারা) ছাদিতেন (আচ্ছাদিত)
তির্যগূর্দ্ধগৈঃ ([এবং] তির্যগ্ভাবে ঊর্দ্ধগত)
মহাবজ্রপটলৈঃ (মহারত্নময় পটল অর্থাৎ
ছাদসমূহ দ্বারা) ভ্রাজিতেন (সুশোভিত), সূর্য্যেন

(মনোহর কলসযুক্ত) শিখরেণ (চূড়া দ্বারা)
বিরাজিতং (বিশেষরূপে শোভিত [যাহা])
নিকেতনয়োঃ (শ্রীরাধার ও শ্রীকৃষ্ণের) বনালোক-
সুখদেন (বনশোভাদি দর্শনের উপযোগিরূপে সুখদায়ক),
অত্যুচ্চেন (অতিশয় উন্নত), মুক্তপার্শ্ব তৃতীয়োচ্চমণ্ডেন
চ সুমণ্ডিতং (এবং চতুষ্পার্শ্বে আবরণ-
হীন তৃতীয় উচ্চ মঞ্চবিশেষদ্বারা সুশোভিত),
অন্তৌ রত্নচিত্রানেক চিত্রচিত্রেণ ([যাহা] নিম্নভাগে রত্ন-
মণ্ডিত প্রভূত বিচিত্র চিত্রযুক্ত), ভাস্বতা (সমুজ্জ্বল)
উপকুট্টিমযুগ্মান্তর্দিক্ষু সোপানশোভিনা ([এবং] উপ-
কুট্টিমযুগলের ভিতরের দিকে সোপান-শোভিত),
কণ্ঠদঘ্নাতিবিস্তীর্ণ-কুট্টিমেন (কণ্ঠপ্রমাণ উচ্চ অতিবিস্তীর্ণ
কুট্টিমদ্বারা) অভিতঃ বৃতং (উভয়দিকে বেষ্টিত),
পরিতঃ ([যাহার] চতুর্দিকেও) তাবৎ উচ্চানাং (ঐরূপ
উন্নত), প্রান্তোৎপন্নদ্রুমহীরুহাং (প্রান্তদেশোদ্ভূত
বৃক্ষসমূহের) ফলৈঃ পুষ্পৈঃ চ (ফল ও পুষ্পাবলিদ্বারা)
সংশ্লিষ্ট-কুট্টিমপ্রান্তদেশকং (কুট্টিমের প্রান্তভাগ
সম্মিলিত রহিয়াছে [এবং যাহা]) সবয়স্যয়োঃ
(সখীগণের সহিত মিলিত) রাধাকৃষ্ণয়োঃ (শ্রীরাধার ও

শ্রীকৃষ্ণের) কেলীরত্নাকরং (উত্তম কেলিসমূহের
আকরস্বরূপ, [ঐশ্বর্য]) শ্রীপদ্মমন্দিরং নাম
(শ্রীপদ্মমন্দির-নামক) দলং বর্ত্ততে (দল বর্ত্তমান)।।
।। ৪৪ - ৫৪ ।।

অথ তস্যাং ([ললিতানন্দদ কুঞ্জের] অগ্নিকোণে)
পূর্বাপরাদিগুত্থপন্ন-প্রবীণ-বকুলাগয়োঃ (পূর্ব ও
পশ্চিম-দিগ্‌জাত প্রাচীন বকুলবৃক্ষদ্বয়ের [কাণ্ড
হইতে]) বক্রোর্দ্ধয়া গত্যা (ঊর্দ্ধদিকে বক্রগতিতে)
কিঞ্চিৎ সাচি (ঈষৎ তির্যগ্‌ভাবে) বিনির্গতয়োঃ উপরি
মিলিতাভ্যাং (বিনির্গত ও উপরিভাগে মিলিত)
সুশাখাভ্যাং (সুন্দর শাখাযুগলের দ্বারা)
ছাদিতং (আচ্ছাদিত), মণ্ডপাকৃতি (মণ্ডপের
আকারবিশিষ্ট) পদ্মাভ-রত্নহিন্দোল-কুট্টিমং
(পদ্মাকৃতি রত্নময় দোল-মণ্ডপ) ভাতি
(শোভা পাইতেছে)।। ৫৫, ৫৬।।

তচ্ছাখামূলসম্বদ্ধৈঃ (উক্ত বকুল বৃক্ষযুগলের
শাখাসমূহের মূলদেশে আবদ্ধ), দৃঢ়ৈঃ (সুদৃঢ়)
পট্টরজ্জুচতুষ্টয়ৈঃ (পট্টময় রজ্জু চতুষ্টয় দ্বারা)
বদ্ধচতুষ্কোণং (যাহার চারি কোণ আবদ্ধ),

নাভিমধ্যোচ্চমহাস্থিতি (নাভিপ্রমাণ
উচ্চস্থানে যাহা অবস্থিত) পদ্মরাগাষ্ট-পট্টিভিঃ
(পদ্মরাগমণিবিরচিত আটটি পট্টী [ও]) প্রবালজ-পদাষ্টকৈঃ
খচিতং (প্রবালবিরচিত আটটি পদদ্বারা যাহা নির্মিত),
হস্তমাত্রোচ্চ পট্টী বেষ্টন কেশরং (এক হস্ত পরিমাণ
উচ্চ পট্টীবেষ্টনসমূহই যাহার কেশরস্বরূপ),
দ্ব্যষ্টপত্রাম্বুজাকার-রত্নালি চিত্রকর্ণিকং (ষোড়শদল
পদ্মাকৃতি রত্নময় বিচিত্র কর্ণিকাদ্বারা যাহার
শোভা-বৃদ্ধি), দ্বিদ্বিপাদান্বিতাম্ভোজ-
দলাভাষ্টদলৈঃ বৃতং (যাহা দুই দুই পাদযুক্ত
পদ্মদলাকৃতি অষ্টদলে পরিবৃত),
রত্নপট্টিকেশরান্তর্দ্বারাষ্টক-সুসংযুতং (যাহার রত্নময়
পট্টীকেশরের অন্তর্গত আটটি দ্বারদ্বারা সংযুক্ত),
দাক্ষিণে দলপার্শ্বস্থারোহদ্বারদ্বয়ান্বিতং
(যাহার দাক্ষিণ দলের পার্শ্বদেশে আরোহনের উপ-
যোগী দুইটি দ্বার অবস্থিত), লঘুস্তম্ভদ্বয়াসক্ত-
পট্টিপৃষ্ঠাবলম্বকং (ক্ষুদ্র স্তম্ভদ্বয়সংলগ্ন পট্টীই
যাহার অভ্যন্তরে শ্রীরাধাকৃষ্ণের পৃষ্ঠের
অবলম্বনস্বরূপ), পট্টতূলী-লসন্মধ্যং (যাহার

মধ্যভাগে পট্টবস্ত্রের ঝুলী বা জোলক দ্বারা শোভিত),
পার্শ্বপৃষ্ঠোপধানকং (যাহার পার্শ্ব-
ভাগে পৃষ্ঠের আশ্রয়রূপে উপাধান বিদ্যমান),
নানাচিত্রাংশুকৈঃ (বিবিধ বিচিত্র
বসন [ও]) স্বর্ণসূত্রাম্বরৈঃ অপি (স্বর্ণসূত্রময়
বস্ত্রদ্বারা) ছন্নং (যাহা আচ্ছাদিত),
লম্বচন্দ্রাবলী-মুক্তাদাম-গুচ্ছবিতানকং (যাহার
উপরিভাগে রত্নাদিবিরচিত চন্দ্ররাজি, মুক্তামালা
ও পুষ্পগুচ্ছশোভিত চন্দ্রাতপ বিদ্যমান),
(বৃন্দা শ্রীবৃন্দাদেবী) গায়দন্য-
বয়স্যাভিঃ (গীতরতা অপর সখীগণের সহিত
মিলিতা হইয়া) যত্র (যাহাতে) অষ্টদলগালীনাং
(অষ্টদলাশ্রিতা সখীগণের) মধ্যগৌ (মধ্যবর্তী)
ঈশ্বরৌ (ঈশ্বরী ও ঈশ্বর) রাধিকাচ্যুতৌ (শ্রীরাধি-
শ্রীকৃষ্ণকে) দোলয়তি (দোলাইয়া থাকেন);
আরূঢ়-রাধাচ্যুতয়োঃ ([এবং যাহা] নিজ মধ্যে আরূঢ়
শ্রীরাধাকৃষ্ণকে) সর্বাভিমুখতাকরং (সকল
লোকেরই অভিমুখে ধারণ করে), মদনান্দোলনা-
ভিধং (মদনান্দোলননামক) হিন্দোলাম্বুজং

আভাতি (এইস্থিবি একটি দোলার পদ্মাকারে শোভা পাইতেছে)॥ ৫৭—৬৪॥

ঐশান্যাং (শ্রীললিতানন্দদ-কুঞ্জের ঈশান কোণে) নানালীলোপহারযুক্ (লীলার উপযোগী বিবিধ উপচারে সুসমৃদ্ধ), অষ্টপত্রং (পদ্মের অষ্টদলের ন্যায় আটটি কুঞ্জযুক্ত), মাধবানন্দদং নাম (মাধবানন্দদ-নামে পরিচিত), মাধবীকুঞ্জ-সারসং (পদ্মাকৃতি মাধবীকুঞ্জ) ভাতি (শোভা পাইতেছে)॥ ৬৫॥

উদীচ্যাং (শ্রীললিতানন্দদ কুঞ্জের] উত্তর দিকে), ফুল্ল-মল্লীভিঃ আশ্লিষ্ট-নম্রশাখা-ভুজৈঃ (প্রফুল্ল মল্লিকা-লতারাজিদ্বারা যাহাদের অবনত শাখারূপ ভুজ-সমূহ আলিঙ্গিত রহিয়াছে এইরূপ) ফুল্লপুন্নাগৈঃ (পুষ্পশোভিত নাগকেশর-বৃক্ষরাজিদ্বারা) ছাদিতং (আচ্ছাদিত [এবং]) চন্দ্রকান্তচিতান্তরং (মধ্যভাগে চন্দ্রকান্তমণিরাজিদ্বারা পরিব্যাপ্ত), পদ্মপত্রাকার-কুঞ্জৈঃ বেষ্টিতং (অষ্ট পদ্মদলের ন্যায় আটটি কুঞ্জদ্বারা পরিবেষ্টিত), স্বর্ণকর্ণিকং (সুবর্ণময়-কর্ণিকাবিশিষ্ট), মণিকিঞ্জল্কং (মণিময় কিঞ্জল্ক-

[বিশিষ্ট] ~~শালী~~), 'সিতাম্বুজং' ('সিতাম্বুজ'-নামক) কুঞ্জং ভাতি
(কুঞ্জ ~~বিরাজমান~~ [শোভা] পাইতেছে)।। ৬৬ ও ৬৭।।

৬৮-৬৯। প্রাচ্যাং ([শ্রীললিতানন্দদ-কুঞ্জের] পূর্ব দিকে), নম্র-
শাখাভুজালিঙ্গিত-ফুল্লহেমলতাচয়ৈঃ (প্রফুল্ল স্বর্ণলতিকা-
রাজিদ্বারা যাহাদের অবনত শাখারূপ ভুজসমূহ
আলিঙ্গিত হইয়াছে, এইরূপ) তমালৈঃ (তমালতরু-
রাজিদ্বারা) কল্পিতং (বিরচিত), স্নিগ্ধনীলরত্নাবলী-
চিতং (সমুজ্জ্বল নীল রত্ন রাজিদ্বারা পরিব্যাপ্ত),
নীলপদ্মদলাকারৈঃ (নীলপদ্মের দলের ন্যায় আকৃতি-
বিশিষ্ট), উপকুঞ্জাষ্টকৈঃ বৃতং (আটটি উপকুঞ্জ-
দ্বারা পরিবৃত) সুবর্ণকর্ণিকং (এবং সুবর্ণময়-
কর্ণিকাশালী) কুঞ্জং অসিতাম্বুজং ভাতি ('অসিতাম্বুজ'-
নামক কুঞ্জ শোভা পাইতেছে)।। ৬৮ ও ৬৯।।

৭০। অবাচ্যাং ([শ্রীললিতানন্দদ-কুঞ্জের] দক্ষিণ দিকে),
পদ্মরাগাদিচিতান্তর্বাহ্যমণ্ডলং (অন্তর্মণ্ডলে ও
বহির্মণ্ডলে পদ্মরাগাদি মণি রাজিদ্বারা পরিব্যাপ্ত),
ফুল্লৈঃ লবঙ্গৈঃ ([এবং] প্রফুল্ল লবঙ্গলতারাজিদ্বারা)
ছাদিতং (আচ্ছাদিত) কুঞ্জং অরুণাম্বুজং ভাতি
('অরুণাম্বুজ'-নামক কুঞ্জ ~~বিরাজ~~ শোভা পাইতেছে)।। ৭০।।

৭১। প্রতীচ্যাং (পশ্চিম দিকে) ফুল্লচম্পকৈঃ বল্লীভিঃ (প্রস্ফুটিত চম্পক লতারাজিদ্বারা) ছাদিতং (আচ্ছাদিত [কৃতং]) হেমচিত বাহ্যাভ্যন্তরালকং (বাহিরে ও অভ্যন্তরে সুবর্ণপরিব্যাপ্ত) হেমাম্বুজং ('হেমাম্বুজ' নামক) কুঞ্জং ভাতি (কুঞ্জ শোভা পাইতেছে) ॥ ৭১॥

৭২। নানাবর্ণাকার ভেদাৎ (নানাবিধ বর্ণ ও আকৃতিভেদে) দৃশাং বিস্ময়কারিণঃ (চক্ষুর আশ্চর্যজনক [দৃশাং]) রাধাহরিপ্রিয়াঃ (শ্রীরাধাকৃষ্ণের প্রীতিপ্রদ), এবং উত্তরাদি কুঞ্জাঃ (এইরূপ উত্তর প্রভৃতি দিক্‌বর্তী কুঞ্জসমূহ) ভান্তি (শোভা পাইতেছে) ॥৭২॥

৭৩-৭৪। শিবহরিতি (ঈশান কোণে), প্রতিদিশং অধিরোহ-মাধবী বেষ্টিতানাং (চতুর্দিকে উত্থিত মাধবীলতা-রাজিদ্বারা পরিবেষ্টিত), বহুপরিমল ধারাক্ষিপ্ত-গন্ধান্তরানাং (মনোহর সৌরভ প্রবাহদ্বারা অপর গন্ধের তিরস্কারকারী), অরুণ-হরিত-পীত-শ্যামপুষ্পোচ্চয়ানাং (রক্ত, হরিত, পীত ও কৃষ্ণ-বর্ণ পুষ্পরাজি শোভিত), প্রতিবিদিশং উদঞ্চচ্চম্পকানাং চতুর্ণাং (প্রতি কোণজাত চম্পকতরু চতুষ্টয়ের) ব্যতিসুমিলিত তির্যগুন্নিদ্রৈঃ (পরস্পর মিলিত ও

তির্যগ্‌ভাবেন নির্গত [শাখাসমূহ ও]) উপরি খচিত মণৈঃ :
অন্যৈঃ : কৈশ্চিৎ অপর কতিপয় (উপরি ভাগে
মিলিত অপর কতিপয়) স্নিগ্ধশাখাসমূহৈঃ :
শীতলছায়াপ্রদ শাখাসমূহ) নীলপীতারুণমণেঃ (নীল, পীত
ও রক্তবর্ণের) শুক-পিক-মধুপানাং (শুক, পিক ও
ভ্রমর বৃন্দের) মধুরনিনদয়ৈঃ : (মধুর-রবে
মনোরম হইয়া) ছাদিতঃ সৌধতুল্যঃ : (যাহাকে
আচ্ছাদিত করায় উহা সৌধসদৃশ বলিয়া প্রতীত
হইতেছে), স্থলজলজনিপুষ্পৈঃ : (স্থলজাত ও জলজাত
পুষ্পসমূহ [এবং]) পল্লবৈঃ : (পল্লবরাজিদ্বারা)
ক্লৃপ্ত নানাভরণ-বসন-শয্যা সদ্‌বিতানাদি পূর্ণঃ :
(রচিত বিবিধ আভরণ, বস্ত্র, শয্যা ও উত্তম
বিতান প্রভৃতিদ্বারা যাহা পূর্ণ রহিয়াছে [এবং])
দিশি বিদিশি (দিক্ ও কোনসমূহে) সনালৈঃ :
(নালযুক্ত) অরুণ-বিশদ-পীত-শ্যাম-পদ্মোৎ-
পলাদ্যৈঃ : (রক্ত, শুক্ল, পীত ও শ্যামবর্ণ পদ্ম ও
উৎপলাদিদ্বারা) কল্পিতানেকচিত্রঃ : (যাহা বিচিত্র-
রূপে সজ্জিত হইয়াছে), জরঠ-শরশলাকৈঃ :
(পরিপক্ক ক্ষুপাত্মক তৃণবৃক্ষের শলাকা),

পল্লবৈঃ চিত্রপুষ্পৈঃ (পল্লব ও বিচিত্র পুষ্পসমূহ-
দ্বারা) খচিতমৃদুকবাটী-প্রাবৃতদ্বারচতুষ্কঃ
(নির্মিত শুভ্র কপাট দ্বারা যাহার চারিটি দ্বার আবদ্ধ
রহিয়াছে), মদকল-চলভৃঙ্গানীকিনী-দ্বারপালঃ
(সুমধুর গুঞ্জনরত চঞ্চল মত্ত ভ্রমরগণ যেখানে
সেনারূপে দ্বাররক্ষা করিতেছে), মণিচয়চিতভূমি-
দ্ব্যষ্টপদ্মাম্বুমধ্যঃ ([এবং] যাহার মধ্যভাগে মণি-
রাজি পরিব্যাপ্ত ভূমিসহ ষোড়শটি পদ্ম
বিন্যাস রহিয়াছে), বহিঃ অপি (বহির্ভাগেও)
সমন্তাৎ (চতুর্দিকে) ততশাখাচ্ছাদিতাভিঃ
(বিস্তৃত শাখাসমূহদ্বারা আচ্ছাদিত), অতিভাভিঃ
(অত্যুজ্জ্বল) চতসৃভিঃ দেহলীভিঃ (চারিটি
দেহলীদ্বারা) বেষ্টিতঃ (যাহাকে বেষ্টিত করিয়া রহিয়াছে),
ইহ (তন্মধ্যে) [illegible] অস্য (ইহার)
অর্ধাঙ্গস্থা (অর্ধাঙ্গস্থা) রচনানিপুণসখ্যা (রচনা-
কার্যে বিচক্ষণা সখি) বিশাখালিখ্যয়া ([এবং]
বিশাখা লিখ্যা) মঞ্জুমুখ্যা (মঞ্জুমুখী-নাম্নী
সখী [illegible]) অনিশং (সর্বদা) সংস্কৃতঃ (যাহার
সংস্কার বিবিধ অর্থে পরিমার্জন ও শোভনাদি করিতেছেন), সমন্তাৎ (সর্বত্র)

রাধীরিকারে: (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের) বিহরণ-
রসবন্যা প্লাবিতাত্মা (যাঁহাদের লীলাবিহারের রসের বন্যায়
যাহা সম্পূর্ণ প্লাবিত হইতেছে), লোচনানন্দিধামা
(যাহার কান্তি নয়নের আনন্দ দান করে),
তটেষু: অলি ([এবং যাহা] তটে অনেক অধ্যাসিত)
(যাকিয়াও) বিশ্রামানন্দদ: (বিশ্রামের আনন্দদায়ক),
মদনসুখদনামা ('মদনসুখদ'-নামক) স:
এষ: (ঐ দূরে) কুঞ্জরাজ: (কুঞ্জপ্রবর)
বিলসতি (শোভা পাইতেছে) ॥ ৭৭-৭৮ ॥

৭৯) প্রাচ্যাং ([শ্রীমদনসুখদকুঞ্জের] পূর্ব দিকে) বিচিত্র-
-বৃক্ষবল্লীভি: (বিচিত্র বৃক্ষ, লতা [ও]) চিত্ররত্নৈ:
(বিচিত্র রত্নরাজিদ্বারা) চিতান্তর: (মধ্যভাগে
পরিব্যাপ্ত), চিত্রবর্ণৈ: (বিচিত্রবর্ণবিশিষ্ট) খগৈ:
ভৃঙ্গৈ: (পক্ষী, ভ্রমর), কুট্টিমৈ: (কুট্টিম
[ও]) প্রাঙ্গণৈ: (প্রাঙ্গণসমূহদ্বারা) বৃত: (পরিবৃত),
চিত্রমণ্ডপসংযুক্ত: (বিচিত্রমণ্ডপসংযুক্ত), চিত্র-
হিন্দোলিকান্বিত: ([ও] বিচিত্রহিন্দোল-
শোভিত), চিত্রানন্দাখ্য: ('চিত্রানন্দ'-নামক)
চিত্রকুঞ্জ: (বিচিত্র কুঞ্জ) বিরাজতে (বিরাজ
করিতেছে) ॥ ৭৯-৮০ ॥

৮১-৮৪।।

স্ফটিকৈঃ ইন্দুকান্তৈঃ চ (স্ফটিক ও চন্দ্রকান্ত মণিরাজি-দ্বারা) চিত কুট্টিম-চত্বরঃ (যাহার কুট্টিম ও চত্বর-সমূহ পরিব্যাপ্ত), পুণ্ডরীকৈঃ (শ্বেতপদ্ম), কৈরবৈঃ (কুমুদ), মল্লিকাদিভিঃ চ (মল্লিকাপ্রভৃতি দ্বারা) চিত্রিতঃ ([যাহা] বিচিত্র ভাবাপন্ন), শুভ্র সূক্ষ্ম দলৈঃ (শুভ্র-পত্র-সূক্ষ্ম সমৃদ্ধ) বৃক্ষৈঃ বল্লীভিঃ চ (বৃক্ষ ও লতা রাজি দ্বারা) সমন্বিতঃ ([যাহা] সুশোভিত), শব্দজ্ঞেয়ৈঃ ([যাহা] কেবলমাত্র শব্দদ্বারাই বোধগম্য অর্থাৎ দৃষ্টিদ্বারা অলক্ষ্য) শুভ্রালি-পিক-কীরাদ্যৈঃ (শুভ্রবর্ণ ভ্রমর, কোকিল ও শুক প্রভৃতির) নিনাদিতঃ (ধ্বনিযুক্ত), যত্র (যেখানে) রাকায়াং (পূর্ণিমা রজনীতে) আলিভিঃ সহ (সখীগণের সহিত) শুভ্রবেশৌ (শুভ্রবেশধারী) রাধাকৃষ্ণৌ তু (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) ক্রীড়ন্তৌ অপি (ক্রীড়ারত হইয়াও) আগতৈঃ কৈশ্চিৎ অপি (সমাগত কোন ব্যক্তিগণেরই) ন দৃশ্যেতে (দৃষ্টিগোচর হ'ন না), আগ্নেয্যাং দিশি [মদন-সুখদ-কুঞ্জ]

অগ্নি কোণে) সুশুভ্র কেলিতল্পাদিঃ (অতি শুভ্র কেলিশয্যাদিযুক্ত), ইন্দুলেখা সুখপ্রদঃ ([এবং] ইন্দুলেখার সুখদায়ক) পূর্ণেন্দু নামা (পূর্ণেন্দু-নামক) অয়ং (তাদৃশ) কুঞ্জঃ রাজতে (কুঞ্জ শোভা পাইতেছে) ॥ ৮১—৮৪ ॥

৮৫-৯০ অভিতঃ (চতুর্দিকে) হেমবল্লীবৃতৈঃ (স্বর্ণলতারাজি-পরিবৃত) হেমপুষ্পাঢ্যৈঃ ছাদিতঃ (স্বর্ণপুষ্পশালী তরুরাজিদ্বারা যাহা আচ্ছাদিত), হেমপদ্মাবলী-চিত্রঃ (সুবর্ণময় পদ্ম-সমূহদ্বারা যাহা বিচিত্র), হেমপ্রাঙ্গণকুট্টিমঃ (যাহার প্রাঙ্গণ ও কুট্টিমসমূহ স্বর্ণদ্বারা আবদ্ধ), হেমমণ্ডপিকাযুক্তঃ (যাহা সুবর্ণময় মণ্ডপদ্বারা শোভিত), হেম-হিন্দোলিকান্বিতঃ (সুবর্ণময় দোলায় যুক্ত), হেমালি-পক্ষিভিঃ যুক্তঃ (স্বর্ণবর্ণ ভ্রমর ও পক্ষি-গণে সমন্বিত [ও]) হেমলীলাপরিচ্ছদঃ (লীলাপযোগী স্বর্ণময় পরিচ্ছদাবলীদ্বারা পরি-পূর্ণ), শ্রীরাধা (শ্রীরাধা) লীলয়া (লীলাহেতু) পীতবসনা পীতলেপ-বিভূষিতা

(পীত বসন, পীতবর্ণ আলেপন ও পীতবর্ণ ভূষণ-
সমূহ ধারণপূর্বক) যত্র প্রবিষ্টা (যেখানে
প্রবেশ করিলে) কৃষ্ণেন অপি ন লক্ষ্যতে
(শ্রীকৃষ্ণও তাঁহাকে লক্ষ্য করিতে পারেন না),
যত্র (যেখানে) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) গৌরাঙ্গী-বেশ-
ধৃক্ (গৌরাঙ্গী শ্রীরাধার বেশ ধারণ করিয়া),
আলিভিঃ সহ স্বপ্রেয়স্যাঃ
(সখীগণের সহিত অনুষ্ঠিত শ্রীরাধার) প্রেম-
সংলাপং (প্রেমালাপ) শৃণোতি (শ্রবণ করেন,
[অথচ]) এতাভিঃ অলক্ষিতঃ (তাঁহাদের
দৃষ্টিপথের বাহিরে অদৃশ্য থাকেন), কদাচিৎ
(কোন একদিন) সখ্যা (সখী কর্তৃক) প্রেরিতা
(প্রেরিত) জটিলা (জটিলা) যত্র আগতা
(যেখানে আসিয়া) কৃষ্ণং দদর্শ (শ্রীকৃষ্ণকে
দেখিতে পাইলেন, [কিন্তু]) তেন (শ্রীকৃষ্ণের
সহিত) একাসনগাম্ অপি রাধাং নো
(একাসনে অবস্থান করিলেও শ্রীরাধাকে
দেখিতে পাইল নাই), কাঞ্চনভূঃ এব
[এবং] (যাহা সুবর্ণের আকরক্ষেত্র অথবা সুমেরুর ন্যায়)

স্বাশ্রিতানাং (নিজ অভ্যন্তরে অবস্থিত পদার্থসমূহকে)
স্ববর্ণকৃৎ (নিজের ন্যায় বর্ণ দান করে),
দাক্ষিণে (শ্রীরাধাকুণ্ডের দক্ষিণে) চম্পকলতা-
নন্দদঃ (চম্পকলতানন্দপ্রদ [অদ্ভুত])
হেমকুঞ্জকঃ ভাতি (হেমবর্ণ কুঞ্জ শোভা পাইতেছে)॥৮৩-১০০
যত্র (যেস্থানে) তদীশয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) চিত্র-জাম্বূ-
বেদিকয়া অন্বিতা (বিচিত্র ভোজন-বেদী দ্বারা শোভিত),
চম্পকবল্ল্যাঃ (চম্পকলতার) যা নিকুঞ্জপাকশালিকা
(সুপ্রসিদ্ধ কুঞ্জপাকশালা) আস্তে (বিরাজমান
রহিয়াছে), যস্যাং (যে পাকশালায়) পাকক্রিয়া-
চার্যা (পাকক্রিয়ার শিক্ষয়িত্রী) সা (সেই চম্পকলতা)
সবৃন্দা (বৃন্দার সহিত) কদাচিৎ (কখন ও
কখন ও) সং মোদাৎ (অতিশয় প্রীতিসহকারে)
নিজেশয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) কুঞ্জভোজনং
(কুঞ্জ ভোজন) সম্পাদয়তি (সম্পাদন করেন);
শ্যামবল্লীভিঃ (শ্যামবর্ণ লতারাজি দ্বারা)
শ্লিষ্ট শাখৈঃ (শাখাসমূহে বিজড়িত) তমালৈঃ
(তমাল তরুসমূহ) বৃতান্তরঃ (যাহার মধ্যভাগ
ব্যাপিয়া রহিয়াছে), ইন্দ্রনীল চিত্রভত্তু ভূমিকুট্টিম-

চত্বর: (যাহার অভ্যন্তরস্থিত কুট্টিম ও চত্বরবালি ইন্দ্রনীলমণিসমূহ দ্বারা পরিব্যাপ্ত রহিয়াছে); যত্র (যেস্থানে) রাধয়া যুগলীভাবং প্রাপ্তঃ অপি হরিঃ (শ্রীকৃষ্ণ শ্রীরাধার সহিত যুগলভাব প্রাপ্ত হইলেও [অর্থাৎ যুগলরূপে অবস্থান করিলেও]) সুময়াদিভিঃ (সুমঙ্গা প্রভৃতি) ন দৃশ্যতে (তাঁহাকে দেখিতে পান না, [পরন্তু]) একা রাধিকা এব দৃশ্যতে (একমাত্র শ্রীরাধিকাকেই দেখিতে পান); নৈঋতাং দিশি (নৈঋত কোণে) রাধিকারতিবর্ধনঃ (শ্রীরাধার রতিবর্ধক), সর্বশ্যামঃ (সম্পূর্ণ রূপে শ্যামবর্ণ) রঙ্গদেবী-সুখপ্রদঃ? ([ও] রঙ্গদেবীর সুখপ্রদ [অদ্ভুত]) শ্যামকুঞ্জঃ (শ্যামবর্ণ কুঞ্জ) রাজতে (শোভা পাইতেছে)॥ ৭১—৭৫॥

৭৬, ৭৭ [যাহা] রক্তবল্লীবৃতঃ (রক্তবর্ণ লতাবালি দ্বারা পরিবেষ্টিত), রক্তপুষ্পপত্রৈঃ দ্রুমৈঃ বৃতঃ (রক্তবর্ণ-পত্র-পুষ্পশালী বৃক্ষরাজি-দ্বারা পরিবৃত), শোনরত্নচিতাভ্যন্তঃ কুট্টিমাঙ্গন-মণ্ডপঃ (রক্তবর্ণ রত্নরাজি-দ্বারা অভ্যন্তরভাগে যাহার কুট্টিম, অঙ্গন ও মণ্ডপসমূহ পরিব্যাপ্ত),

কেন (কোন ব্যক্তি) বর্ণং অলম্ (বর্ণন করিতে সমর্থ) ? ॥ ১০২॥

১০৩। নাগরগুরুঃ (নাগর-বর) সঃ রঙ্গবিষ্ণুঃ (শ্রীকৃষ্ণ) প্রিয়াকুণ্ডং দৃষ্ট্বা (প্রিয়তমা শ্রীরাধার কুণ্ড দর্শনে) প্রমুদিত-হৃদয়ঃ অপি (চিত্তে হর্ষান্বিত হইলেও) অস্য (উক্ত কুণ্ডের) তৈঃ তৈঃ বিবিধৈঃ গুণৈঃ (সেই সেই বিবিধ গুণহেতু) উদ্দীপিতাবিরহ-ভাব-স্মর-বশঃ (বিরহের উদ্দীপনায় কামপরবশ হইয়া) প্রিয়া-প্রাপ্ত্যৈ কণ্ঠা-কবলিত-মনাঃ (প্রিয়তমা শ্রীরাধিকার প্রাপ্তির নিমিত্ত উৎকণ্ঠাযুক্ত চিত্তে হইয়া পড়িলেন [এবং]) ভ্রমাৎ (ভ্রান্তিবশতঃ) অমুষ্মিন্ (উক্ত কুণ্ডের সম্বন্ধে) নানোৎপ্রেক্ষাং (নানারূপ উৎপ্রেক্ষা অর্থাৎ কল্পনা) বিদধে (করিতে লাগিলেন)॥ ১০৩॥

১০৪। [তৎকালে তিনি] খেলচ্চক্রযুগলোরোলং (স্তনযুগলের সদৃশ চক্রবাকমিথুনের ক্রীড়াযুক্ত), ফেনমুক্তা-স্রগুজ্জ্বলং (মুক্তামালার ন্যায় ফেনরাশিদ্বারা সুশোভিত), রসোচ্ছ্বলিতং ([illegible] প্রেমতরঙ্গের ন্যায় জলরাশির তরঙ্গযোগে উচ্ছলিত) সরঃ

র[ক্তোৎ]পলরূপ বাহুযুগল) । কম্প-তচ্চল-তৎকথা
(শ্রীকৃষ্ণের চঞ্চল করযুগলের ন্যায় আরিষ্ট [শ্রীশ্যামা] কুণ্ডের
উচ্চ তরঙ্গরূপ বাহুকে নিবারণ করিতেছে),
সমীর-চক্রদক্ষোভ-চলৎসেন্ন ([আবার] বলাৎ যেন বায়ুযোগে
চঞ্চল হইয়া আরিষ্ট কুণ্ডের কমলরূপ চঞ্চল মুখ)
চুম্বিতালি-কটাক্ষ-প্রান্তির্যগম্বুজ মন্মুখী (যাহার
ভ্রমররূপ কটাক্ষশোভিত অথচ বক্রীকৃত
মনোহর মুখমণ্ডলকে যেন বলপূর্বক চুম্বন করিতেছে),
ভৃঙ্গী-ঝঙ্কার-শীৎকারা ([এবং] ভ্রমরীগণের গুঞ্জনই
যাহার শীৎকার ধ্বনিস্বরূপ [এবং]), বিহঙ্গ-স্বর-
গদগদা (পক্ষিগণের কল-ধ্বনিই যাহার গদগদ
~~স্বর [এবং]) প্রোদ্যৎ কুট্টমিতা~~
স্বর), সা (সেই সরসী অর্থাৎ রাধাকুণ্ডকে)
প্রোদ্যৎকুট্টমিতা (কুট্টমিত ভাবযুক্তা অর্থাৎ
নায়ককর্তৃক স্তনাদিগ্রহণে অন্তরে প্রীতি-
সত্ত্বেও বাহিরে ক্রোধ বা কামভাব প্রদর্শনকারিণী) রাধিকা যেন
(শ্রীরাধার ন্যায়) আলোকি (দর্শন করিয়া-
ছিলেন)॥ ১০৬-১০৮॥
১০৯। স: হরি: ([তৎকালে] শ্রীকৃষ্ণ) গোবর্ধনগিরে:

(গোবর্দ্ধন-গিরির) আনতশিরসি (ঈষৎ অবনত
মস্তকে অবস্থিত), মৃদুভ্রাম্যন্নীলাম্বুজং (চঞ্চল-
নীলপদ্ম শোভিত [ধৈর্য]) অনিলতোর্মিবলিতং
(বায়ুবেগে চালিত তরঙ্গ বিশিষ্ট) সরোযুগ্মং (শ্রীশ্যাম-
কুণ্ড ও শ্রীরাধাকুণ্ডকে) বীক্ষ্য (দর্শন করিয়া),
নিজ-প্রেমোদ্ঘূর্ণন-স্খলিতবপুঃ ([উক্ত কুণ্ড-
দ্বয়কে] নিজ প্রেমজনিত উদ্ঘূর্ণনা [দিব্যোন্মাদ] বশতঃ স্খলিত-
দেহ) তস্য (গোবর্দ্ধন-গিরির) ভ্রমত্তারং
(ঘূর্ণনরত নেত্র-তারকাযুক্ত [ও]) বাষ্পোচ্ছলিতং
(বাষ্পাকুল) অক্ষিযুগলম্ ইব মেনে (নয়ন-
যুগলের ন্যায় মনে করিয়াছিলেন)॥ ১০৯॥

১১০। সঃ (শ্রীকৃষ্ণ) তদা (তৎকালে) আত্মনঃ গুণৈঃ
(স্বীয় গুণ-প্রভাবে) তৎপ্রত্যঙ্গসংস্মারকং (প্রিয়-
তমার শ্রীরাধার প্রতি অঙ্গের স্মৃতিজনক), প্রিয়ায়াঃ সরঃ
(শ্রীরাধাকুণ্ডকে) সমীক্ষ্য (দর্শন করিয়া)
অসমন্দম্ (অত্যুত্তম) আনন্দং (আনন্দ) বিন্দন্ অপি
(অনুভব করিলেও) তদাগমৌৎসুক্য-বিভিন্ন-ধৈর্য্যকঃ
অভূৎ (শ্রীরাধার আগমনবিষয়ে উৎকণ্ঠা বশতঃ ধৈর্য-
বিহীন হইয়া পড়িলেন)॥ ১১০॥

১১১। সঃ ([অনন্তর] তিনি) তৎপার্শ্বগং (শ্রীরাধাকুণ্ডের পার্শ্বদেশে অবস্থিত), প্রায়ঃ এবম্বিধ-সন্নিবেশকং (প্রায়শঃ তাহারই ন্যায় সংস্থান-বিশিষ্ট [কুঞ্জং]) স্বকান্তাগ্রহতঃ (শ্রীরাধার আগ্রহ হেতু) নর্মসখালি-নির্মিতৈঃ (নর্মসহচর-গণ কর্তৃক রচিত), অতিসংস্কৃতৈঃ (অতিশয় মার্জিত অর্থাৎ নির্মল) কুঞ্জৈঃ বিরাজিতং (কুঞ্জসমূহ দ্বারা শোভিত) আত্মনঃ সরঃ (নিজ-কুণ্ডতটে অর্থাৎ শ্রীশ্যামকুণ্ডতটে) দদর্শ (দর্শন করিয়াছিলেন)॥১১১॥

১১২-১১৩। সুবলঃ (সুবল), মধুমঙ্গলঃ (মধুমঙ্গল), উজ্জ্বলার্জুন-গন্ধর্বাঃ (উজ্জ্বল, অর্জুন, গন্ধর্ব), বিদগ্ধ-ভৃঙ্গ-কোকিলাঃ (বিদগ্ধ, ভৃঙ্গ, কোকিল), দক্ষসনন্দনাদ্যাঃ চ (দক্ষ ও সনন্দন প্রভৃতি) যে প্রিয়নর্মসখাঃ (যে সকল প্রিয় নর্মসহচর রহিয়াছেন), তেষাং (তাঁহাদের) স্ব-স্বাভিধান্বিতাঃ (নিজ-নিজ-নামযুক্ত) যে (সুপ্রসিদ্ধ) কুঞ্জাঃ (কুঞ্জসমূহ) তৈঃ (তাঁহারা) বিভজ্য (বিভাগ করিয়া) রাধাললিতাদিষু অর্পিতাঃ (শ্রীরাধা ও শ্রীললিতা প্রভৃতিকে দান করিয়াছেন)॥১১২-১১৩॥

১১৪। বায়ব্যাং দিশি (বায়ু কোণে) রাধয়া অঙ্গীকৃতা
(শ্রীরাধা কর্তৃক স্বীয় রূপে পরিগৃহীত), সুবলানন্দদা
(সুবলানন্দদ-নামক) কুঞ্জপালিকা আস্তি (কুঞ্জপুর
বিদ্যমান রহিয়াছে), যস্যা: তীর্থং (যে কুঞ্জস্থিত কুণ্ডটি)
মানসপাবনং (মানস সরোবর অপেক্ষাও পবিত্রতা-
জনক, অর্থাৎ ভক্তের চিত্তের পবিত্রতাজনক) ॥১১৪॥

১১৫। সা (শ্রীরাধা) আলীভি: (সখীগণের সহিত)
বিপুলাগ্রহা (অতিশয় আগ্রহসহকারে) নিত্যং
(প্রত্যহ) অত্র (উক্ত স্থানে অবস্থিত),
কৃষ্ণপাদাব্জ মাধ্বী কর্পূরশালীনে (শ্রীকৃষ্ণপাদপদ্ম-
মধুকর্পূর জলে পূর্ণ [এবং]) কৃষ্ণবৎ-
প্রিয়ে (শ্রীকৃষ্ণসদৃশ প্রিয়), অস্মিন্ কুণ্ডে
(এই কুণ্ডমধ্যে) স্নাতি (স্নান করেন) ॥১১৫॥

১১৬। উদীচ্যাং (উত্তর দিকে) ললিতাঙ্গীকৃতা
(শ্রীললিতাকর্তৃক স্বীকৃত), শ্রীরাধিকাপ্রিয়া
(শ্রীরাধার প্রিয়), মধুমঙ্গলনন্দদা
("মধুমঙ্গল-সুখদ" নামক) অতিচিত্রিতা
(অতিবিচিত্র), কুঞ্জশালা (কুঞ্জগৃহ)
ভাতি (শোভা পাইতেছে) ॥১১৬॥

১১৭॥ ঐশান্যাং (ঐশান কোণে) বিশাখাসখ্যা কৃতা (বিশাখাকর্তৃক স্বীকৃত), উজ্জ্বলানন্দদা (উজ্জ্বল আনন্দদায়ক), পরা (অপর একটি [কুঞ্জগৃহ বিদ্যমান রহিয়াছে]), এবং (এইরূপ) অন্যাসু দিক্ষু (অন্যান্য দিক্‌সমূহেও) অন্যাভিঃ কৃতাশ্রয়াঃ (অপরাপর সখীগণকর্তৃক স্বীকৃত), অন্যাঃ ভান্তি (অপরাপর কুঞ্জসমূহ শোভা পাইতেছে)॥১১৭॥

১১৮॥ ঐশেশাকুণ্ডয়োঃ (শ্রীশ্যামকুণ্ড ও শ্রীরাধার কুণ্ডদ্বয়ের মধ্যে) নৃপশূনাং (মনুষ্য-ও-পশুগণের) স্নান-পানার্থতীর্থগৌ (স্নান ও পানের নিমিত্ত জলপর্যন্ত প্রসারিত), ক্রমাৎ বিস্তীর্ণৌ (ক্রমশঃ বিস্তীর্ণ), পূর্বপাশ্চিমদিগ্‌ভাগৌ (পূর্ব ও পাশ্চিম দিগ্‌-বর্তী দুইটি পথ) স্তঃ (বিদ্যমান রহিয়াছে)॥১১৮॥

১১৯॥ ইদং সর্বং (পূর্বোক্ত কুঞ্জপ্রভৃতি বস্তুনিচয়) লীলানুকূলেষু জনেষু (লীলানুকূল ব্যক্তিগণের নিকটে [এবং]) সাধকানাং (সাধকগণের) উৎপন্নভাবেষু চিত্তেষু চ ([illegible] সিদ্ধৌ) স্বরূপতঃ (স্বরূপতঃ) এবাপ্রাকৃতং (পূর্বোক্ত অপ্রাকৃত তত্ত্বরূপে [এই]) পরেষু (সাধারণ লোকের নিকটে) প্রাকৃতবৎ (প্রাকৃত বস্তুর ন্যায়) চকাস্তি (প্রকাশ পাইয়া থাকেন)॥১১৯॥

(৬)

শ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও অনুবাদ

Sulekha

8

(মোট ১৯ খানা খাতার মধ্যে
খাতা নং — ৬

Out of ~~Khatas~~ 19 Khatas
Khatano 6

(মোট ৬৭ পৃষ্ঠা) খাতার খাতা নং ৬

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ।
সপ্তম সর্গ (Contd)

১২০। অথ (অতঃপর) সা বৃন্দা (বৃন্দাদেবী) নন্দনন্দনং (শ্রীকৃষ্ণকে) আগতং বীক্ষ্য (তথায় উপস্থিত হইতে দেখিয়া) আনন্দিতা (আনন্দসহকারে) অভ্যেত্য (তাঁহার নিকটে আসিয়া) দ্বৌ কর্ণিকারাবতংসৌ (কর্ণিকার কুসুমরচিত দুইটি কর্ণভূষণ) উপহার (উপহার প্রদান করিলেন) ॥১২০॥

১২১। বৃন্দা ([অনন্তর] বৃন্দাদেবী) অনুতটং (শ্রীরাধাকুণ্ডের তীরভাগে) তত্তচ্ছিল্পনিপুণতালঙ্কৃতং (স্বীয় বিবিধ শিল্পনৈপুণ্য দ্বারা বিভূষিত), তৎতৎ কুঞ্জাদিকং (কুঞ্জাদি স্থান ও বস্তুসমূহ) দর্শয়ন্তী (দর্শন করাইতে) স্বেশ্বরীং স্মারয়ন্তী (নিজেশ্বরী শ্রীরাধাকে স্মরণ করাইতে করাইতে) রাধাকান্তং (শ্রীকৃষ্ণকে) কুণ্ডৈশানাং ককুভি (শ্রীরাধাকুণ্ডের ঐশান কোণে), স্বৈঃ সহজৈঃ গুণৈঃ (স্বীয় স্বাভাবিক গুণসমাবেশে) ভ্রাজমানং (দেদীপ্যমান) মদনসুখদাভিখ্যং কুঞ্জং ('মদনসুখদ'-নামক কুঞ্জের মধ্যে) নিনায় (লইয়া গেলেন) ॥১২১॥

১২২। সঃ (শ্রীকৃষ্ণ) তৎ দৃষ্ট্বা (সেই কুঞ্জ দর্শন করিয়া) তত্তৎস্থানেষু (সেই সেই স্থানে) রাধিয়া

(শ্রীরাধার সহিত) কৃতকর্তব্যলীলানাং স্মৃতি-সঙ্কল্প-তৎপরঃ (পূর্বানুষ্ঠিত লীলাসমূহের স্মরণে ও ভবিষ্যৎ কর্তব্য লীলাসমূহের সঙ্কল্পে ব্রতী হইয়া) অতিহৃষ্টঃ অভূৎ (অতিশয় হৃষ্ট হইলেন)॥ ১২২॥

১২৩। [অনন্তর তিনি] বিলাসয়া (বিলাসা), মঞ্জুমুখ্যা বৃন্দয়া চ (মঞ্জুমুখী ও বৃন্দাকর্তৃক) সুমণ্ডিতং (সুসজ্জিত) তং কুঞ্জং (সেই কুঞ্জটিকে) বিলোক্য (দর্শনপূর্বক) প্রীতঃ (প্রীতমনে) উৎকলিকাকুলঃ (উৎকণ্ঠা-ব্যাকুল হইয়া) তাম্ আহ (বৃন্দাকে এরূপ বলিলেন)॥ ১২৩॥

১২৪। বৃন্দে! (অয়ি বৃন্দে!) তব (তোমার) সখী (সখী) সা (শ্রীরাধা) যদি (যদি) দিষ্ট্যা (সৌভাগ্যবলে) অকস্মাৎ (অকস্মাৎ) আগতা স্যাৎ ([এখানে] আগমন করেন, [এবং]) যদি (যদি) তয়া (তাঁহার সহিত) মম (আমার) তে তে বিলাসাঃ (নানাবিধ বিলাসসমূহ) নিষ্প্রত্যূহং স্যুঃ (নির্বিঘ্নে সম্পন্ন হয়), তদা (তাহা হইলেই) মধুসুমধুরং (বসন্তঋতুর প্রভাবে সুমধুর) কুঞ্জারণ্যং (এই কুঞ্জ, বনভূমি [ও]) কুঞ্জগেহং (কুঞ্জগৃহ [ও])

~~আসীন্ (ইহাদের মধ্যবর্তী) ত্বদুপরচিতা (তোমার রচিত) বৈচিত্রী চ (বিচিত্রতা ও) সংফলায়~~

আসীন্ ত্বদুপরচিতা বৈচিত্রী চ (তোমাকর্তৃক রচিত ইহাদের বিচিত্র ~~মৈত্রী~~ সমস্তই) সংফলায় কল্পতে (সার্থক হয়) ॥ ১২৪॥

১২(৫) অস্মৈ রাধা (তোমার সখী শ্রীরাধা) নু (নিশ্চয়ই) তুলসী-সকাশাৎ (তুলসীর নিকট হইতে) মাং (আমার) সঙ্কেতকুঞ্জ অগতং (সঙ্কেত-কুঞ্জে অনুপস্থিতি [আমার]) পথি (পথে) শৈব্যান্বিতং চ (শৈব্যার সহিত মিলনের কথা) নিশম্য (শ্রবণ করিয়া) ন এষ্যতি (এখানে আসিবেননা); ততঃ (সেইহেতু) ইতঃ কিল (এখান হইতে) কা অপি সখী (কেহ যাইয়া) মম (আমার) প্রবৃত্তিং (বার্ত্তা) নিষেধ্য (গোপন করিয়া) তাং (তাঁহাকে) ইহ (এখানে) আনয়েৎ (লইয়া আসুক) ॥ ১২৫॥

১২(৬) ধনিষ্ঠে! (হে ধনিষ্ঠে!) শ্রীরাধায়াঃ (শ্রীরাধার নিকটে) মাধবীয়াং (মাধবের অর্থাৎ আমার) উৎকৈর্মদনবিষমাং লালসোদ্দীপনীং চ (উৎকট তীব্র লালসার উদ্রেক) কামপীড়া ~~এবং~~ ও তৎপ্রাপ্তিবিষয়ে ~~প্রবল আকাঙ্ক্ষা~~

উভয়ীম্ অবস্থাং (এই দ্বিবিধ দশা) সংসক্তী (বহন করিয়া) এনাং (তাঁহা) প্রণয়-বিকলাং (প্রণয়বিহ্বলতা [ও]) তৃষ্ণয়া ব্যাকুলাং (তৃষ্ণাজনিত ব্যাকুলতা) কুর্বানা (উৎপাদনপূর্বক) অদ্ধা (সত্যসত্যই সাক্ষাদ্ভাবে) তাং (তাঁহাকে) আনেতুং (লইয়া আসিবার নিমিত্ত) ত্বং (তুমি) মদ্‌গিরা (আমার বাক্যানুসারে) ললিতাং ত্বরয় (ললিতাকে শীঘ্রই প্রেরণ করিবে)॥১২৬॥

১২৭। বৃন্দে! (অয়ি বৃন্দে! [তুমি]) একাং সখীং (কোন এক সখীকে) গোদিগধ্বনি (গোচারক্ষেত্রের দিকে পথে) স্থাপয় (রাখিয়া দাও); কাচিৎ (কোন) সখা (সখা) মাম্ (আমাকে) অন্বেষ্টুম্ (অন্বেষণ করিবার নিমিত্ত) আগচ্ছেৎ ([যদি এদিকে] আসে, [তাহা হইলে]) অসৌ (সেই সখী) যথা (যেন) তং প্রতারয়েৎ (তাহাকে প্রতারণা করে)॥১২৭॥

১২৮। অপরাং দক্ষাং (অপর কোন সুচতুরা সখীকে) গৌরীতীর্থাধ্বনি (গৌরীতীর্থের পথে) স্থাপয় (রাখিয়া দাও); চেৎ (যদি) শৈব্যা অথবা

(শৈব্যা অথবা [চন্দ্রাবলীর] অন্য কোন সখী) পুনঃ আয়াতি
(পুনরায় এদিকে আসে), সা সখা (সে যেন)
তাং চ (তাহাকেও) বঞ্চয়েৎ (বঞ্চনা করে) ॥১২৮॥

১২৯। হরিঃ ([অনন্তর] শ্রীকৃষ্ণ) লোলং বটুং
(লোভাতুর মধুমঙ্গলকে) পক্বরম্ভাফলে মগ্ন-
দৃষ্টিং (পক্ক রম্ভাফলের দিকে নিবিষ্ট-দৃষ্টি)
বীক্ষ্য (দেখিয়া) বৃন্দাম্ আহ (বৃন্দাকে বলিলেন),—
ত্বং (তুমি) অনয়োঃ (এই কদলীবৃক্ষ দুইটির)
ফলৈঃ (ফলসমূহদ্বারা [ইঁহার]) উদরং পূরয়
(উদর পূরণ কর) ॥১২৯॥

১৩০। বটুঃ আহ ([তখন] মধুমঙ্গল বলিলেন,) সখে
(হে সখে!) অনয়া (এই বৃন্দাদ্বারা) যে কিছুই (আমার
প্রয়োজন কি?) ত্বং (তুমি) মাং (আমাকেই)
আজ্ঞাপয় (আদেশ কর)। দৃষ্ট্বা দৃষ্ট্বা ([আমিই]
দেখিয়া দেখিয়া) লোলুপঃ (লুব্ধচিত্তে)
যথাযথেষ্টং (ইচ্ছানুরূপ) খাদন (ভোজন করিয়া)
তৃপ্যামি (পরিতৃপ্ত হইব) ॥১৩০॥

১৩১। তয়া ([অনন্তর] বৃন্দা) তত্র তত্র (পূর্বোক্ত স্থান-
দ্বয়ে) নিপুনয়োঃ সখ্যোঃ (দুইটি সুনিপুণা

সখীকে) প্রহিতয়োঃ (প্রেরণ করিলে) কৃষ্ণঃ অপি
(শ্রীকৃষ্ণও) প্রিয়াবর্ত্মনি হিতেক্ষণঃ (শ্রীরাধার পথের
দিকে দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক) উৎকণ্ঠিতঃ অতিষ্ঠৎ
(উৎকণ্ঠিত চিত্তে অবস্থান করিতে লাগিলেন)॥১৩১॥

১৩২) স্মিতকমলমুখী (প্রফুল্লকমলমুখী) সা (শ্রীরাধা)
যাবৎ আযাতি (যে পর্য্যন্ত না আসিলেন), তাবৎ
(তৎকাল পর্য্যন্ত) সঃ (শ্রীকৃষ্ণ) জলধিশতগভীরঃ অপি
(স্বভাবতঃ শত সমুদ্রের ন্যায় গাম্ভীর্য্যশালী হইয়াও)
অস্থৈর্য্যঃ (ধৈর্য্যহীন হইয়া) ক্ষণম্ অপি যৎ
(ক্ষণকালকেও যে) যুগলক্ষং মেনে (লক্ষ যুগ
মনে করিয়াছিলেন), হন্ত (অহো!) তৎ (তাহা)
চিত্রং ন (বিচিত্র নহে); হি (যেহেতু) প্রণয়িনি
(প্রণয়ী ব্যক্তির প্রতি) প্রেমভাজাং (প্রেমিকগণের)
ইয়ং (এইরূপ) চেষ্টা (আচরণ) সহজা
(স্বাভাবিকই হইয়া থাকে)॥১৩২॥

শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে
(যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ
শ্রীমদ্ রূপ গোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত
হইয়াছে), শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে

[বিষয়ে] (পরম ধার্মিক-বিদ্বান্ শ্রীমদ্ রঘুনাথ দাস গোস্বামিপাদ যাঁহার উপদেশ করিয়াছেন) শ্রীজীব সন্তোষদ সতে: (শ্রীজীব গোস্বামিপাদের সন্তোষ হেতু যাঁহার উদ্ভব, বা অভিব্যক্তি হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথ ভট্ট-বরজে (শ্রীমদ্ রঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরের বা অনুগ্রহের হেতু যাঁহার উদ্ভব বা রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃত নামক সেই মহাকাব্যের অন্তর্গত) পূর্বাহ্ন-লীলাময়: (পূর্বাহ্ন-লীলাত্মক) এষ: (এই) সপ্তম: সর্গ: (সপ্তম সর্গ) সুষ্ঠু নিরগমৎ (যথাযথরূপে সমাপ্ত হইল) ।। ৭ ।।

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে পূর্বাহ্নলীলাময় সপ্তম সর্গের অন্বয়মুখে বঙ্গানুবাদ সমাপ্ত।

শ্রীবৃন্দাবন
ভৈমী একাদশী
বাং ১৭ই মাঘ, ১৩৬৪ সাল
ইং ৩১শে জানুয়ারী, ১৯৫৮ সন
শুক্রবার

মাঘী শুক্লা-ত্রয়োদশী শ্রীনিত্যানন্দাবির্ভাব-বাসর রবিবার
বাং ১৯শে মাঘ ১৩৬৪ সাল
ইং ২রা ফেব্রুয়ারী, ১৯৫৮ সন

অষ্টম সর্গ

১। মধ্যাহ্নে অন্যোন্যসঙ্গোদিত-বিবিধ-বিকারাদি ভূষাপ্রমুগ্ধৌ (মধ্যাহ্ন কালে পরস্পরের সম্মিলনিত নানারূপ বিকার-প্রভৃতি বিভূষণ দ্বারা যাঁহারা অতিশয় মনোহর ভাব প্রাপ্ত হইয়াছেন), বাম্যোৎকণ্ঠাতিলোলৌ (যাঁহারা বাম্যভাব ও পরস্পরের মিলনের নিমিত্ত উৎকণ্ঠাভরে অতিশয় লালসাযুক্ত হন), স্মরমখ-ললিতাদ্যালি-নর্মাপ্তশাতৌ (যাঁহারা কামযাগ-কালে ললিতাদি-সখীবর্গের পরিহাসে সুখ বোধ করেন), দোলারণ্যাম্বু-বংশীহৃতি-রতি-মধুপানার্ক-পূজাদিলীলৌ (যাঁহারা দোলারোহন, বনবিহার, জলকেলি, বংশীহরণ, সুরতক্রিয়া, মধুপান ও সূর্যপূজাদি লীলার অনুষ্ঠান করেন), সতৃষ্ণৌ (যাঁহারা পরস্পর লোলুপ বা আসক্তিযুক্ত [এবং]) পরিজনঘটয়া সেব্যমানৌ (পরিজনবর্গ সর্বদা যাঁহাদের সেবায় নিযুক্ত রহিয়াছেন, [আমি উভয়কে]) রাধাকৃষ্ণৌ (শ্রীরাধাকৃষ্ণের) স্মরামি (ধ্যান করি)।।১।।

২। অথ অত্র (অতঃপর নিজগৃহে) গোষ্ঠেশ্বরনন্দনপ্রিয়া সা (শ্রীকৃষ্ণপ্রেয়সী শ্রীরাধা) প্রিয়সঙ্গমোৎসুকৈঃ (প্রিয়তমের সঙ্গম বিষয়ে সমুৎসুক) নিজেন্দ্রিয়ৈঃ (স্বীয় ইন্দ্রিয়বর্গ দ্বারা) যুগপৎ (এককালে) পৃথক্

পৃথক্ (পৃথক্ পৃথক্ ভাবে) আকৃষ্ট চিত্তা (চিত্তমধ্যে আকৃষ্টা হইয়া) স্বং সান্ত্বয়ন্তীং (নিজের সান্ত্বনাদায়িনী) বিশাখিকাং (শ্রীবিশাখাকে) অবদৎ ([এরূপ] বলিয়াছিলেন) ॥ ২॥

৩। আলি! (হে সখি!) সৌন্দর্যামৃত-সিন্ধু-ভঙ্গ-ললনা-চিত্তাদ্রি-সংপ্লাবকঃ (যিনি সৌন্দর্যরূপ অমৃত-সাগরের তরঙ্গ-মালাদ্বারা ললনাদেনের চিত্তরূপ পর্বতকে প্লাবিত করেন), কর্ণানন্দি-সনর্ম-রম্য-বচনঃ (যাঁহার পরিহাস-মিশ্রিত রমণীয় বাক্যালাপ কর্ণযুগলকে আনন্দ দান করে), কোটীন্দু-শীতাঙ্গকঃ (যাঁহার অঙ্গসমূহ কোটি চন্দ্র অপেক্ষাও সুশীতল), সৌরভ্যামৃত-সংপ্লবাবৃত-জগৎ-পীযূষ-রম্যাধরঃ ([এবং] যাঁহার সুধাসিন্দূর রমণীয় অধর স্বীয় সৌরভামৃতের প্রবাহ দ্বারা জগন্মণ্ডলকে প্লাবিত করে), সঃ (তাদৃশ) শ্রীগোপেন্দ্রসুতঃ (শ্রীব্রজেন্দ্রনন্দন) বলাৎ (বলপূর্বক) মে (আমার) পঞ্চেন্দ্রিয়াণি (পঞ্চ ইন্দ্রিয়কে) কর্ষতি (আকর্ষণ করিতেছেন) ॥ ৩॥

৪। সখি! (হে সখি!) নবাম্বুদলসদ্দ্যুতিঃ (যিনি নবীন নীরদের ন্যায় দীপ্তিশালী), নবতড়ি-মনোজ্ঞাম্বরঃ (যাঁহার বসন নব প্রকাশমান

বিদ্যুতের ন্যায় মনোহর), সুচিত্র মুরলী স্ফুরচ্ছরদমন্দ-
চন্দ্রাননঃ (শরৎকালীন নির্মল শশধরের ন্যায়) (যাঁহার
শ্রীমুখ মুরলী-শোভিত), ময়ূরদল ভূষিতঃ (যিনি
ময়ূর পুচ্ছে বিভূষিত [এবং]) সুভগ তারহার প্রভঃ
(গলদেশে সুরম্য তারাহারের দীপ্তি-বিভাসিত), (সেই)
সঃ মদনমোহনঃ (সেই মদন মোহন) মে (আমার) নেত্রস্পৃহাং
(নয়নযুগলের দর্শন আকাঙ্ক্ষা) তনোতি (বর্ধন করিতেছেন)॥ ৪॥

৫। সখি! (হে সখি!) নবজলদধ্বনিস্বনঃ (যাঁহার শব্দ
গর্জনরত মেঘের ধ্বনির ন্যায় গম্ভীর), শ্রবণকর্ষি-সৎ-
সিঞ্জিতঃ (যাঁহার অলঙ্কার ধ্বনি কর্ণযুগলের আকর্ষক),
সনর্মরসসূচকাক্ষর-পদার্থ ভঙ্গ্যুক্তিকঃ (যাঁহার
বাক্যসমূহ অর্থগত বৈচিত্র্যযুক্ত এবং তাদৃশ অর্থ-
বোধক পদসমূহ পরিহাস-রসময় সূচক অক্ষর-
সমূহদ্বারা বিরচিত), রমাদিক-বরাঙ্গনা-হৃদয়-
হারি-বংশী-কলঃ ([এবং] যাঁহার মুরলীর অব্যক্ত
মধুর ধ্বনি লক্ষ্মী প্রভৃতি বরাঙ্গনাগণেরও মনো-
মোহিনী), সঃ (সেই) মদনমোহনঃ (মদন মোহন)
মে (আমার) কর্ণস্পৃহাং (কর্ণযুগলের শ্রবণ আকাঙ্ক্ষা)
তনোতি (বর্ধন করিতেছেন)॥ ৫॥

৬। সখি! (হে সখি!)
কুরঙ্গমদজিদ্বপুঃপরিমলোর্মি-কৃষ্টাঙ্গনঃ (যিনি মৃগমদজয়ী [কস্তুরী-] অঙ্গসৌরভপ্রবাহদ্বারা ললনাগণকে আকৃষ্ট করেন), স্বকাঙ্গনলিনাষ্টকে (অষ্টদল পদ্মসদৃশ স্বীয় অষ্ট অঙ্গে) শশি-যুতাব্জগন্ধপ্রথঃ (যিনি কর্পূরযুক্ত পদ্মগন্ধ বিস্তার করেন), মদেন্দুবর-চন্দনাগুরু-সুগন্ধি-চর্চার্চিতঃ ([এবং] যিনি স্বীয় অঙ্গে মৃগমদ, কর্পূর, উত্তম চন্দন ও অগুরু-মিলিত সুগন্ধি প্রলেপ ধারণ করেন), সঃ (সেই) মদনমোহনঃ (মদনমোহন) মে (আমার) নাসাস্পৃহাং (নাসিকার ঘ্রাণাকাঙ্ক্ষা) তনোতি (বিস্তার করিতেছেন)॥৬॥

৭। সখি! (হে সখি!) হরিন্মণি-কপাটিকা-প্রততহারি-বক্ষঃস্থলঃ (যাঁহার মনোহর বক্ষঃস্থল ইন্দ্রনীলমণিরচিত কপাটের ন্যায় সুবিস্তৃত), স্মরার্ত-তরুণী-মনঃ-কলুষহৃদ্-দোরর্গলঃ (যাঁহার অর্গলতুল্য সুদীর্ঘ ভুজযুগল কামার্তা তরুণীগণের চিত্তসন্তাপ নাশ করে), সুধাংশু-হরিচন্দনোৎপল-সিতাভ্র-শীতাঙ্গকঃ ([এবং] যাঁহার অঙ্গসমুদয় চন্দ্র, হরিচন্দন, উৎপল ও কর্পূরের ন্যায় সুশীতল), সঃ মদনমোহনঃ (সেই মদনমোহন) মে (আমার) বক্ষঃস্পৃহাং (বক্ষের আলিঙ্গনাকাঙ্ক্ষা) তনোতি (বিস্তার করিতেছেন)॥৭॥

৮। সখি (হে সখি!)
ব্রজাতুল কুলাঙ্গনেতর-রসালি-তৃষ্ণাহর-প্রদীব্যদধরামৃত:
(যাঁহার সমুজ্জ্বল অধরামৃত ব্রজের অসামান্যা কুলললনা-
গণের ইতর-রসবিষয়ে বাসনা বিস্মৃত করায়), সুকৃতি-
লভ্যফেলালব: (যাঁহার উচ্ছিষ্টের লেশমাত্র সুকৃতি-
গণের লভ্য হয়), সুধাজিদহিবল্লিকা-সুদল-বীটিকা-
চর্বিত: [এবং] যিনি অমৃতজয়ী নাগবল্লীর [তাম্বুললতার] মনোহর
পত্রবিরচিত বীটিকা চর্বন করেন), স: (সেই) মদন-
মোহন: (মদন মোহন) মে (আমার) জিহ্বাস্পৃহাং
(রসনার আস্বাদ লালসা) তনোতি (বিস্তার করিতেছেন)।। ৮।।

৯। অথ (অতঃপর) সা তুলসী (বৃন্দাদেবীর প্রেরিতা
তুলসী সখী) তাং সভাং (সেই সভায়) আগতা (আসিয়া)
ললিতাকরাব্জে (ললিতার করকমলে) গুঞ্জাবলীং
(গুঞ্জামালা [ও]) গন্ধফলীযুগং চ (চম্পক পুষ্প-
দ্বয়) নিবেদয়ন্তী (সমর্পনপূর্বক) মুদিতা (হৃষ্ট-
চিত্তে) সমস্তং বৃত্তং (সকল বৃত্তান্ত) শশংস
(বর্নন করিলেন)।। ৯।।

১০। [অনন্তর] ললিতা (শ্রীললিতা) মুদা (প্রীতিসহকারে)
প্রিয়সখ্যা: (প্রিয়সখী শ্রীরাধার) শ্রবসো: (কর্ন-
যুগলে) হরিসঙ্গসমৃদ্ধ সৌরভাং (শ্রীকৃষ্ণের

সংসর্গহেতু সমধিক সৌরভশালী [ও]) গুঞ্জাং (মঙ্গলময়) অযত্নংসকদ্বয়ীং (কেন ভূষণ হইবে স্পর্শানুভূতি [এবং]) হৃদি (বক্ষঃস্থলে) অমূং গুঞ্জা স্রজম্ অপি (অতুল গুঞ্জামালা) দধে (পরাইয়া দিলেন) ॥১০॥

১১। তদা (তৎকালে) ফুল্লসরোজনেত্রা (প্রফুল্ল কমললোচনা [শ্রীরাধা]) তৎস্পর্শতঃ (চন্দ্রকম্বুগলের ও গুঞ্জমালার সংস্পর্শকে) কৃষ্ণাঙ্গসংস্পর্শম্ ইব (শ্রীকৃষ্ণের অঙ্গস্পর্শের ন্যায়) অনুভূয় (অনুভব করিয়া) কম্পাকুলা (প্রবলকম্পযুক্তা [এবং]) কণ্টকিতাঙ্গযষ্টিঃ (সর্বাঙ্গে রোমাঞ্চিতা হইয়া) গন্তুম্ উৎকা অপি (গমনে চিত্তের ঔৎসুক্য সত্ত্বেও) স্থগিতা আসীৎ (স্তব্ধতা অবলম্বন করিয়াছিলেন) ॥১১॥

১২। [অনন্তর] সা (তিনি) ধীরতা-বামতা-সূক্ষ্মমেধালীভিঃ প্রবোধিতা (ধীরতা, বামতা ও সূক্ষ্মবুদ্ধিরূপা সখীগণকর্তৃক প্রবোধিতা হইয়া) মানে (মানব্যাপার কার্য্যে) ত্বরয়ন্তীঃ (ত্বরা-কারিণী) সখীঃ (শ্রীললিতা প্রভৃতি সখীগণকে) ভঙ্গ্যা (ভঙ্গীসহকারে) পরিজহাস (পরিহাস করিতে লাগিলেন) ॥১২॥

১৩। মৃগেক্ষণাঃ! (হে হরিণনয়নীগণ!) দিদৃক্ষা চেৎ (যদি

^তোমাদের থাকে নিমিত্ত
^দেখিবার ইচ্ছা হয়, তবে) মদপেক্ষয়া অলং (আমার ~~জন্য~~
অপেক্ষা করিও না); অগ্রে গত্বা (অগ্রে যাইয়া)
শৈব্যা-বাগ্-বাগুরা বদ্ধং (শৈব্যার বাক্যরূপ
বাগুরা অর্থাৎ মৃগবন্ধন ~~যন্ত্র~~ যন্ত্রে আবদ্ধ) কৃষ্ণসারং
~~ঞ~~ পশ্যত (কৃষ্ণসার-মৃগকে, অর্থান্তরে—কৃষ্ণরূপ
সার বস্তুকে দর্শন কর)॥ ১৩॥

১৪। চন্দ্রাবলী-সখী-বারী-পতিতস্য (চন্দ্রাবলীর সখী
শৈব্যারূপা বারী অর্থাৎ গজবন্ধন যন্ত্রে পতিত)
কৃষ্ণদ্বিপস্য (কৃষ্ণরূপ মত্ত মাতঙ্গের) মধুকৃতে
সম্বন্ধে
(উদ্ধারের ~~জন্য~~ নিমিত্ত) পদ্মিনীনাং বঃ (তোমাদের ন্যায়
হস্তিনী, অর্থান্তরে পদ্মিনীজাতীয়া কামিনীগণের)
প্রযত্নঃ বিধেয়ঃ (যত্ন করা উচিত)॥ ১৪॥

১৫। সুপণ্ডিতৈঃ (সুপণ্ডিতগণ) হঠাৎ (হঠাৎ) ন ক্রিয়তে
(কোন কার্য করেন না); অবিচারাৎ (বিচার না করিয়া)
কৃতম্ অপি (কোন কার্য করিলেও তাহা) অনর্থকং
(নিষ্ফল হয়); হি (যেহেতু) সুধিয়াং (সুধীগণ)
সুবিচার্য কৃতং (বিচার করিয়া যাহা করেন, তাহাই)
সাধুফলোপলব্ধয়ে কল্পতে (সৎফললাভের
যোগ্য হয়)॥ ১৫॥

১৬। ললিতা আহ—(শ্রীললিতা বলিলেন,—), এতৎ সত্যং যৎ ([তোমার] এই বাক্য সত্যই যে,) হরিঃ সঙ্কেতগঃ ন (শ্রীকৃষ্ণ সঙ্কেতস্থানে গমন করেন নাই); কিন্তু (পরন্তু) শৈব্যাদিভিঃ বৃতঃ (শৈব্যাপ্রভৃতিই তাঁহাকে বেষ্টন করিয়া রাখিয়াছে); তৎ (সেইহেতু) যানং (অধুনা সঙ্কেতস্থানে যাত্রা) মানহানয়ে (মান-হানি করইবে) ॥১৬॥

১৭। অথ (অনন্তর) শ্যামা (শ্যামলী শ্রীরাধা) কৃষ্ণসঙ্গালোৎকলিকা-ব্যাকুলান্তরা (শ্রীকৃষ্ণ-সঙ্গের আশায় উৎকণ্ঠায় ব্যাকুলচিত্তা হইয়া) তম্ (তাঁহাকে) দুর্লভম্ মত্বা (দুর্লভ জ্ঞান করিয়া) মনসি (মনে) এতৎ (এরূপ) অচিন্তয়ৎ (চিন্তা করিয়াছিলেন) ॥১৭॥

১৮। মে (আমার) ননান্দা (ননদিনী) বিদ্বেষ্ট্রী (বিদ্বেষ-পরায়ণা); পতিঃ (পতি) অতিকটুঃ (অতিশয় কটুস্বভাব); শ্বশ্রূঃ (শাশুড়ী) অপি (অত্যন্ত কুটিলাও) কুটিলা (কুটিল প্রকৃতি); পদ্মা প্রভৃতি-রিপুপক্ষঃ চ (পদ্মাপ্রভৃতি শত্রুপক্ষও) বলবান্ (প্রবল); অহি (দিবসে) সর্বং বনং (সমগ্র বন) ব্রজধনকুলৈঃ

(যৌবন ও গুণসমূহ কর্তৃক) আপ্তং (পরিপূর্ণ; [আর]) কৃষ্ণ: (শ্রীকৃষ্ণও) স্বামিভি: বৃত: (সহচরগণকর্তৃক পরিবৃত রহিয়াছেন; [অতএব]) বিঘ্নবহুলে (বহু-বিঘ্নপূর্ণ) ইহ (এই দিবাভাগে) কথং লভ্য: ভবেৎ (তাঁহার প্রাপ্তি কীরূপে সম্ভব হইবে)? ॥১৮॥

১৯। দুর্বিধে: (দুর্ভাগ্য ক্রমে) মে (আমার পক্ষে) অদ্য (অদ্য) হরে: নিষ্প্রত্যূহ: সঙ্গ: (নির্বিঘ্নে শ্রীকৃষ্ণের সঙ্গ) দুর্লভ:! (দুর্লভ!) ইতি আকুলধিয়: তস্যা: (এইরূপে তাঁহার চিত্ত আকুল হইলে) শুভা শকুনোন্নতি: আসীৎ (শুভসূচক প্রকৃষ্ট লক্ষণ উপস্থিত হইল)॥১৯॥

২০। [তাহা এইরূপ—] বহি: (গৃহের বাহিরে) গণক: (কোন এক গণক) কমপি (কোন ব্যক্তিকে) ইতি অবদৎ (এরূপ বলিলেন যে, [তোমার]) স: বৃষভ: (সেই বৃষটিকে পক্ষে—অর্থাৎ শ্রীকৃষ্ণকে) গিরৌ (গোবর্ধন-পর্বতে) প্রসভং সুলভ: (সহসাই অনায়াসে পাইবে); প্রিয়-সঙ্গতয়ে ([এদিকে] প্রিয়তমের সঙ্গসূচকরূপে) নিজবামকুচোরুভুজা-নয়নং (শ্রীরাধার নিজের বাম স্তন, উরু, বাহু এবং নয়নও) আশু (সত্বর) সমম্ (একসঙ্গে যুগপৎ) অস্ফুরৎ (স্পন্দিত হইতে লাগিল)॥২০॥

২১॥ সা ভাবিক-শকুনজাতামোদপূর্ণা অপি ([তৎকালে] শ্রীরাধা মঙ্গলসূচক লক্ষণোদয়ে হর্ষভরে পরিপূর্ণা হইলেও) প্রণয়বিসরণাসম্ভাবনালীনচিত্তা (অত্যধিক প্রণয় হেতু প্রিয়তমের মঙ্গলাভের অসম্ভাবনায় মগ্নচিত্তা হইয়া) হৃদয়দয়িতবার্তাপ্রাপ্তিতৃষ্ণাপ্রবহন্ত্যা সমং (প্রাণনাথের সংবাদ-প্রাপ্তি বিষয়ে প্রবহমানা তৃষ্ণার সঙ্গে সঙ্গে) ধনিষ্ঠাং (ধনিষ্ঠাকে) আগতাং দদর্শ (সেখানে আসিতে দেখিলেন)॥ ২১॥

২২॥ রাধা ([তৎকালে] শ্রীরাধা) তাং ধনিষ্ঠাং (সেই ধনিষ্ঠাকে) স্বমিলনমুদিতাং বীক্ষ্য (স্বীয় মিলনহেতু সন্তুষ্টা দেখিয়া) হৃদয়-দয়িতপাদৈঃ (প্রাণনাথ শ্রীকৃষ্ণ কর্তৃক) প্রেরিতাং মন্যমানা (প্রেরিতা মনে করিয়া) উদিতবিবিধভাবব্যাকুলা অপি (বিবিধ ভাবের উদয়ে ব্যাকুলা হইলেও) অস্যা (তাঁহার) বার্তা-শ্রবণকুতুকাদিগ্ধা (সংবাদ শ্রবণের নিমিত্ত কৌতুক-যুক্তা হইয়া) ব্যাজতঃ (ছলসহকারে) তাং (তাঁহাকে) অপৃচ্ছৎ (জিজ্ঞাসা করিলেন)॥ ২২॥

১৩। [শ্রীরাধার প্রশ্ন (-জিজ্ঞাসা—)] সখি! (হে সখি!) কুতঃ ইহ? ([তুমি] কোথা হইতে এখানে আসিয়াছ? [উত্তর—]) বৃন্দাবনতঃ (বৃন্দাবন হইতে); কথয় ([প্রশ্ন—] বল) মাধবশ্রীঃ অনুভূতা কিম্? ([সেখানে] মাধবের, অর্থাৎ বসন্তের, অর্থান্তরে — শ্রীকৃষ্ণের 'শ্রী' অর্থাৎ শোভা দেখিয়াছ কিনা?) লোকিতা ([উত্তর—] দেখিয়াছি); ব্রজযৌবনজনপালক ([প্রশ্ন—] ব্রজের যৌবন-ও-জনগণের পালক) গোবর্ধনঃ (পর্বতরাজ গোবর্ধনের নিকটে, অর্থান্তরে — কলশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের নিকটেও) সঙ্গতঃ? (গিয়াছিলে কি? [উত্তর—]) অসৌ অঙ্কিতঃ (তাঁহাকেও দেখিয়াছি; [প্রশ্ন—]) ভবতী কথয়তু (তুমি বল) যা কীদৃশী সঃ বা কীদৃক্? (মাধব-শ্রী গোবর্ধন কিরূপ?) ॥ ১৩॥

১৪। [উত্তর—] সখি! (হে সখি!) বিকসিতবনমালাকৃষ্ট-পুষ্টালিবৃন্দা ([বসন্তশোভা-সম্বন্ধে] বিকসিত বন-রাজিদ্বারা ভ্রমরগণের আকর্ষণ ও পোষণ করিয়া, [শ্রীকৃষ্ণের শোভা সম্বন্ধে] গলদেশস্থিত বিকসিত বন-মালা দ্বারা ভ্রমরগণের আকর্ষণ ও পোষণ করিয়া), বিকচতিলকলক্ষ্মীঃ ([প্রথম সম্বন্ধে] বিকসিত তিলপুষ্পের,

[দ্বিতীয় পক্ষে—] ললাটে সুস্পষ্ট তিলকের শোভা ধারণ-
পূর্বক), কোকিলকলাপরুচ্যা ([প্রথম পক্ষে] কোকিলের
সুমধুর নিনাদে রমণীয়া হইয়া, [দ্বিতীয় পক্ষে—]
কোকিলের ন্যায় মধুর শব্দে রমণীয়া হইয়া),
যুবতি-জনানাং (যুবতীগণের) হৃদি (চিত্তে)
কামমুদ্দীপয়ন্তী (কামভাবের উদ্দীপনা সহকারে)
মাধবস্য (বসন্তের, পক্ষে—শ্রীকৃষ্ণের) বিশালা
মাধুরী (বিশাল মাধুরী) স্ফুরতি (প্রকাশ পাইতেছে)॥২৪॥

২৫। সখি! (হে সখি!) বিবিধোৎকলিকাকীর্ণাং ([বসন্তের
অবস্থাপক্ষে—] নানারূপ পুষ্পের উত্তম কলিকারাজি-
দ্বারা পরিব্যাপ্তা, [শ্রীকৃষ্ণের অবস্থাপক্ষে] নানা-
রূপ উৎকণ্ঠাযুক্তা) দর্শনাৎ স্মরবর্ধিনীং
(দর্শনমাত্রেই কামবৃদ্ধিকারিণী), মাধবীয়াং
(বসন্তের, অপর পক্ষে—শ্রীকৃষ্ণের) অবস্থাং
(অবস্থা) কঃ বর্ণয়িতুং ক্ষমঃ? (বর্ণন করিতে কে
সমর্থ হইবে?)॥২৫॥

২৬। ধরোদ্ধর্তা ([গোবর্ধনপক্ষে—] যিনি ধরিত্রী ধারণ করেন,
[শ্রীকৃষ্ণপক্ষে—] যিনি 'ধর' অর্থাৎ গোবর্ধন পর্বতকে ঊর্ধ্বে
ধারণ করেন), ধাতুচ্ছয়রচিতচিত্রাবয়ববান্ ([উভয়-

পক্ষে] যাঁহার সর্বাঙ্গ বিবিধ ধাতুরাগে রঞ্জিত রহিয়াছে), মন্দ্রবেণু: ([প্রথম পক্ষে] যাহার মধ্যে বেণু অর্থাৎ বংশসমূহ রন্ধ্রাভ্যন্তরে বায়ুপূর্ণ হইয়া ধ্বনিত হয়, [দ্বিতীয় পক্ষে] যাঁহার বেণু বা বংশী ধ্বনিত হইতেছে), ধেনুব্রজবাসিবৃন্দ-ভীতিহর: ([উভয় পক্ষে] যিনি ইন্দ্রপ্রেরিত মেঘরাশি হইতে ধেনু ও ব্রজবাসিগণের ভয় হরণ করিয়াছেন), বয়:ক্রীড়াশীল: ([প্রথম পক্ষে] যাঁহার মধ্যে বয়: অর্থাৎ পাখিগণের ক্রীড়া, [দ্বিতীয় পক্ষে] যাঁহার মধ্যে বয়: অর্থাৎ কৈশোরোচিত ক্রীড়ার বিলাসারম্ভ হইয়াছে), সকলসুরভী-বর্ধন কৃতী ([প্রথম পক্ষে] যিনি নিখিল ধেনুগণের বর্ধন কার্যে নিপুণ অর্থাৎ নিজ-সংলগ্ন তৃণাদি দ্বারা গোপালন করেন, [দ্বিতীয় পক্ষে] যিনি সকল 'সুর'গণের 'ভী' অর্থাৎ ভয়ের 'বর্ধন' অর্থাৎ ছেদন-ব্যাপারে নিপুণ), বিরাজোচ্চৈ:শৃঙ্গ: ([প্রথম পক্ষে] যাঁহার উচ্চ শৃঙ্গ 'বি' অর্থাৎ পাখিগণের 'রাব' অর্থাৎ রবযুক্ত [দ্বিতীয় পক্ষে] যাঁহার শৃঙ্গরূপ বাদ্যযন্ত্রটি বিশিষ্ট 'রাব' অর্থাৎ শব্দদ্বারা সমৃদ্ধ, [আছেন]) গোবর্ধনধর: (গোবর্ধন নামক গিরিরাজ, পক্ষে—গোবর্ধনধারী) লসতি ([শ্রীবৃন্দাবনে] বিরাজ করিতেছেন)॥ ২৬॥

২৭। অসৌ (শ্রীরাধা) তদ্‌বাগ্‌ভঙ্গীমধ্বীনাং (ধনিষ্ঠার বাক্যভঙ্গীরূপ মধুরাশি) পানোন্মত্তহৃদপি (পান করিয়া উন্মত্তচিত্তা হইলেও) কান্তোদন্তং (প্রিয়তমের সংবাদ) স্ফুটং শ্রোতুং (সুস্পষ্ট রূপে শ্রবণ করিবার নিমিত্ত) অনয়া (ধনিষ্ঠার সহিত) সংবাদম্ অকরোৎ (বাক্যালাপ করিতে আরম্ভ করিলেন) ॥২৭॥

২৮। [শ্রীরাধার প্রশ্ন—] হে (তুমি) সম্প্রতি এখন ক যাসি? (কোথায় চলিয়াছ?) [ধনিষ্ঠার উত্তর—] হে সখি! তে অন্তিকে (তোমার নিকটে) [প্রশ্ন—] কিমর্থম্? (কী কারণে) [উত্তর—] প্রবৃত্তিম্ আবেদয়িতুম্ (সংবাদ জানাইবার নিমিত্ত) [প্রশ্ন—] কস্য? (কাহার?) [উত্তর—] ব্রজেন্দোঃ (গোকুলচন্দ্রের) [প্রশ্ন—] সা কীদৃশী? (সখি! সেই বার্তা কীরূপ?) [উত্তর—] স্বশত্রুকন্দর্পতমোঽভিভূতিঃ (গোকুলের চন্দ্রটি নিজশত্রু কন্দর্পরূপ রাহু হইতে পরাভূত হইয়াছেন) ॥২৮॥

২৯। [প্রশ্নোত্তরাবলী যথা—] অয়ং (গোকুলচন্দ্র) ছায়াদ্বিতীয়ঃ? (অসহায়) হি; অসৌ (কন্দর্প) সহায়ী (সহায়-সম্পন্ন); অয়ং

(গোকুলচন্দ্র) নিরায়ুধঃ (অস্ত্রহীন) ; সঃ চ শস্ত্র-
পূর্ণঃ (কন্দর্প—শস্ত্র সমৃদ্ধ) ; অসৌ [যদিও সম্প্রতি] (সেই কন্দর্প) স্বরূপসম্পদাং ব্রাতরোষঃ
(শ্রীগোকুলচন্দ্রের রূপসম্পদের দ্বারা পরাভূত হইয়া ভব-
হেতু ক্রোধবশতঃ) স্বসখা সমৃদ্ধঃ (নিজবন্ধুকৃত বসন্ত-
কালে সমৃদ্ধিশালী হইয়া) তং বাধতে (তাঁহাকে
পীড়াদান করিতেছে) ॥২৯॥

৩০। রতিপতিঃ (কন্দর্প) স্বৈঃ (স্বীয়) ভটৈঃ ইব (সৈন্য
সমূহের ন্যায়) কুসুমৈঃ (পুষ্পরাশিদ্বারা) উপরি
(ঊর্ধ্বভাগ [উপরি]) অলি-পিক-বসন্তানিলমুখৈঃ
(ভ্রমর, কোকিল ও মলয়বায়ুরূপ) সামন্তৈঃ
(সামন্তবর্গের দ্বারা) সমন্তাৎ (চতুর্দিক) সমাচ্ছন্নং
কুর্বন্, রুদ্ধং (আবৃত করিয়া) ইহ (বৃন্দাবনে) ভবৎকুণ্ডা-
রণ্যং (তোমার কুণ্ডসমীপাস্থিত অরণ্যে) কৃষ্ণং
ন্যরুধৎ (কৃষ্ণকে অবরুদ্ধ করিয়াছে ; [অতএব]) সঃ
([ঐ সময়ে] শ্রীকৃষ্ণ) বহিঃস্থানীকিন্যা ইব (বহিঃস্থিত
সেনার ন্যায়) তব (তোমার) শরণং (শরণ)
প্রযাতি (প্রার্থনা করিতেছেন, অর্থাৎ নিজ-রক্ষার
নিমিত্ত তোমার মিলন আকাঙ্ক্ষা করেন) ॥৩০॥

৩১ [তুমি] যঃ খলু কৃতরক্ষণং (নানাভাবে তোমাদের রক্ষাকারী, [অথচ সম্প্রতি]) দৈববলেন (দৈবের প্রভাবে) তব সঙ্গতি-মাত্র-তারণে ~~তোমার মিলন~~ (একমাত্র তোমার মিলন-দ্বারাই প্রতিকার-যোগ্য) সঙ্কটে পতিতং (সঙ্কটে নিমগ্ন) প্রিয়ং (প্রিয়তম শ্রীকৃষ্ণকে) ত্বরিতং (সত্বর) পাহি (উদ্ধার কর); নচেৎ (অন্যথা) কৃতঘ্নতা (কৃতঘ্নতা [প্রকাশ পাইবে]) ॥ ৩১ ॥

৩২ যদা (যে সময়ে [তিনি]) ত্বৎসঙ্গত্যা ভাতি (তোমার সহিত মিলিত হইয়া বিরাজ করেন), তদা (সেইসময়েই [তিনি]) মদনমোহনঃ (মদনমোহন রূপে [পরিচিত হ'ন]); অন্যত্র (অন্য সময়ে [তিনি]) বিশ্বমোহঃ অপি (বিশ্বমোহন হইলেও) স্বয়ং (স্বয়ংই) মদনমোহিতঃ (মদনের প্রভাব দ্বারা মোহিতই হ'ন) ॥ ৩২ ॥

৩৩ সঃ হরিঃ ([সম্প্রতি] সেই শ্রীকৃষ্ণ) ধৃতানল্পাকল্পঃ (প্রভূত বেশভূষায় সজ্জিত), কৃতকুসুমতল্পঃ (পুষ্পশয্যায় শায়িত), হৃদি বলদ্বিকল্পঃ (বিতর্কতাড়িত চিত্ত [এবং]) ইহ (তোমার মিলন-বিষয়ে) সঙ্কল্পান্ বিদধৎ (নানারূপ সঙ্কল্পযুক্ত

হইয়া) তব কথাং বদন্ (তোমারই কথা বলিতে
বলিতে) শূরঃ অপি (বীরত্ব সত্ত্বেও) ক্রূরাতনু-কদন-
দূরোৎসারিত ধৃতিঃ (নিষ্ঠুর কন্দর্পের পীড়নে ধৈর্য
হারাইয়া) গুঞ্জন্মধুপ-পিকপুঞ্জে (ভ্রমরের গুঞ্জন ও
কোকিল কূজনে মুখরিত) কুঞ্জে (কুঞ্জমধ্যে)
নিবসতি (অবস্থান করিতেছেন)।। ৩৩।।

৩৪ সাধ্বি! (হে সতি!) নবীন-জলদ-দ্যুতিঃ (যিনি
নবীন নীরদের ন্যায় কান্তিশালী), কনক পীত-
পট্টাম্বরঃ (সুবর্ণের ন্যায় পীত-
বর্ণ পট্ট বসন পরিহিত), স্ফুরন্মকর-কুণ্ডলঃ (যিনি মকরাকৃতি উজ্জ্বল-
কুণ্ডলভূষিত), ঘুসৃণ চারুচর্চাঙ্কিতঃ (
শ্রীবিগ্রহ সুচারু কুঙ্কুম-বিলিপ্ত যাঁর), প্রফুল্ল কমলেক্ষণঃ
(নেত্রযুগল প্রফুল্ল কমলসদৃশ শোভিত যাঁর), কনক-
যূথিকা-মাল্যবান্ (সুবর্ণযূথিকার মাল্য-
ধারী [এবং]) শিখণ্ডকৃত শেখরঃ (যাঁহার
চূড়া ময়ূরপুচ্ছ বিরচিত [এতাদৃশ]) হরিঃ
(শ্রীকৃষ্ণ) কুঞ্জে ([সম্প্রতি] কুঞ্জমধ্যে) স্ফুরতি
(শোভা পাইতেছেন)।। ৩৪।।

হরিঃ (শ্রীকৃষ্ণ)

৩৫। শ্রীতারুণ্য-মহামৃতাব্ধি-বিলসৎ-সৌন্দর্য্য বার্ম্মঃপুর-লাবণ্যোচ্চ-
তরঙ্গভঙ্গি-বিলসৎ-কন্দর্প-ভাবভ্রমে (মনোকৃষ্ট কৈশোররূপ
মহাসমুদ্রে বিলাসশীল সৌন্দর্যরূপ জলরাশির
মধ্যগত লাবণ্যরূপ উন্নত তরঙ্গরাজির সহিত বিরাজ-
মান কন্দর্পভাবরূপ ঘূর্ণির অভ্যন্তরে) শ্রীবংশীধ্বনি-
বাত্যয়া উত্থিত-মত্ত-ঘোষাক্ষি-চেতস্তৃণস্তম্বান্
(বংশীধ্বনির প্রভাবে উত্থান-পতনশীলা ললনাগণের
নয়ন ও হৃদয়রূপ তৃণগুচ্ছরাজিকে) আশু
(সত্বর) নিমজ্জয়ন্ আসি (নিমজ্জিত করিয়াও)
ত্বদ্বীথিং (তোমার পথের দিকে)
উদ্বীক্ষতে (উৎকণ্ঠাসহকারে দৃষ্টিপাত করিয়া
রহিয়াছেন)।। ৩৫।।

৩৬। শশিমুখি (হে চন্দ্রমুখি! [তুমি]) সুবিদগ্ধে (পরমবিদগ্ধা),
নবতরুণিমপূর্ণে (নবযৌবনশালী), সতৃষ্ণে (তৃষ্ণাতুর
[তুমি]) বরবেশে (উত্তম বেশধারী) অমুষ্মিন্ বকভিদি
(উক্ত শ্রীকৃষ্ণে) স্বাং (স্বীয়) সুবৈদগ্ধ্যধারাং (পরম-
বৈদগ্ধী), নব্যতারুণ্যলক্ষ্মীং (নবযৌবনশোভা),
রতিতৃষ্ণাং (সুরতস্পৃহা [তুমি]) বেশভঙ্গীম্ অপি

(বেশভঙ্গী) সমর্প্য (সমর্পণপূর্বক) সফলয় ([এই সমুদয়] সফল কর)॥৩৬॥

অ৷ কান্তে! (হে প্রিয়সখি! [তুমি]) দ্রুতং (অতিসত্বর) প্রেমোদ্ভ্রান্তং (প্রেমভরে উদ্ভ্রান্ত), দ্রুতস্বান্তং (বিগলিতচিত্ত), স্মরাক্রান্তং (কন্দর্পপীড়িত) মূর্চ্ছান্তাং ক্লান্তিং আয়ান্তং (মূর্চ্ছাপর্যন্ত পীড়া-প্রাপ্ত [ক্লান্তিং]) ত্বদাশ্রিতং (তোমারই একান্ত আশ্রিত) কান্তং ব্রজ (প্রিয়তম শ্রীকৃষ্ণের নিকটে গমন কর)॥৩৭॥

অ৷ [অনন্তর শ্রীরাধা] ইতি সখীবচনামৃত-পানজ-প্রকট-ভাব-চয়াচিত-বিগ্রহা (সখী ধনিষ্ঠার এইরূপ বাক্যামৃত-পানজনিত সুস্পষ্ট ভাবসমূহদ্বারা সর্বাঙ্গে পরিব্যাপ্তা হইয়া) অতিশয়োৎসুকতা-জড়তাকুলা (যুগপৎ অতিশয় ঔৎসুক্য-ও-জড়তা-জনিত বিহ্বলতার ফলে) দ্রুতাবিলম্বিতযানমতিঃ বভৌ (দ্রুতগমন ও বিলম্বে গমন—এই উভয় বিষয়েই অভিলাষ করিতে লাগিলেন)॥৩৮॥

অ৷ ততঃ (অনন্তর) সা (শ্রীরাধা) সব্যহস্তেন (বামহস্তে), তদা এব আগত-কুন্দবল্ল্যাঃ সখ্যা প্রযানায় কৃতত্বরায়াঃ (তৎকালে সমাগতা নিজের যাত্রার নিমিত্ত ত্বরা-

কারিনী কুন্দলতায়) করং দধীয়ম্ (হস্ত [এবং] ধারনপূর্বক) দক্ষেন (দক্ষিন হস্তদ্বারা) লীলাকমলং (লীলাপদ্ম) দ্বাদশ ধীরন করিয়া চচাল (সঞ্চালন করিতে চালিতে লাগিলেন) ॥৩৯॥

৪০। পুরত: ([অনন্তর] অগ্রভাগে) ধনিষ্ঠয়া (ধনিষ্ঠার তুলসী সহিত তুলসী), পার্শ্বত: (পার্শ্বদ্বয়ে) সবিশাখা ললিতা চ (ললিতা ও বিশাখা [এবং]) পরিত: চ (চতুর্দিকে) পরা সা সখীততি: (অন্যান্য প্রসিদ্ধা সখীগন) স্বসখীং (নিজেদের সখী) তাং (শ্রীরাধাকে) পরিবার্য (বেষ্টন করিয়া) অন্বয়াং (অনুগমন করিয়াছিলেন)॥৪০॥

৪১। [তৎকালে] প্রনয়সহচরী (প্রিয়সখী) রূপপূর্বা মঞ্জরী (শ্রীরূপমঞ্জরী) কৃষ্ণরাধাঙ্ঘ্রি সেবোপকরন-বলিতাভি: (শ্রীরাধাকৃষ্ণের পাদসেবার উপকরনধারিনী) স্বসম-সহচরীভি: (আত্মতুল্য সহচরীবর্গের [দ্বারা]) সূর্য-পূজোপচারৈ: যুতাভ্যাং (সূর্যপূজার উপকরনসমেত) দাসিকাভ্যাং চ যুক্তা (দাসীযুগলের সহিত মিলিতা হইয়া) তাং (শ্রীরাধার) অনুসরতি (অনুসরন করিলেন)॥৪১॥

৪২। সা ([অনন্তর] শ্রীরাধা) ব্রজাৎ (ব্রজ হইতে)

বিনিষ্ক্রম্য (বহির্গমনপূর্বক) পুরঃ (সম্মুখে) দধিপাত্র-
ধারিণীং (দধিভাণ্ডধারিণী) সুমঙ্গলাং স্ত্রীং (মঙ্গলময়ী
কোন এক ললনাকে) দক্ষিণে (দক্ষিণভাগে)
চাষং (নীলকণ্ঠ-পক্ষীকে), দ্বিজাতিং (ব্রাহ্মণকে), নকুলং
([নেউল]কে), মৃগাবলীং (মৃগসমূহকে), সবৎসাং ধেনুং
(একটি সবৎসা গাভীকে [ও]) বৃষভং চ (একটি বৃষকে) দদর্শ
(দেখিতে পাইলেন) ॥ ৪২॥

৪৩। যাবা ([অনন্তর] শ্রীরাধা) সরসি (সরোবরে) ভৃঙ্গ-
পঙ্‌ক্ত্যা বেষ্টিতে (ভ্রমরশ্রেণীদ্বারা পরিবেষ্টিত),
বিকচ-পদ্মে (প্রস্ফুটিত পদ্মমধ্যে) উদ্যল্লাস্যং
(নৃত্যরত) মদিরযুগলং (খঞ্জনযুগলকে) আলোক্য
(দর্শন করিয়া), প্রচলদলকপালী-পাঙ্গি-রিঙ্গৎ-
সুনেত্র-স্ফুরণ-মুখবিম্ব-ভ্রান্তিভাক্ (চঞ্চল অলক-
রাজিশোভিত, চপল সুলোচন ভ্রিয়মাণ প্রিয়তম শ্রীকৃষ্ণের
মুখমণ্ডলভ্রমে) স্তম্ভিতা আসীৎ (স্তব্ধা হইয়া-
ছিলেন) ॥ ৪৩॥

৪৪। [এইরূপে তিনি] ইতি শুভশকুনেক্ষোদ্ভূতসুমঙ্কুরানাং
(পূর্বোক্তরূপ শুভলক্ষণসমূহের দর্শন হেতু হর্ষ-
সমূহ), বিবিধকুটিলহাস্যোল্লাসলুব্ধ আতন্বতীনাং
([ ] নানাবিধ গূঢ় হাস্যোল্লাসের বিস্তার রত)

প্রণয়সহচরীণাং শ্রেণীভিঃ পূর্ণপার্শ্বা (প্রণয়সখীগণের দ্বারা পরিবেষ্টিতা হইয়া) মদগজগুরুযানা (মত্তমাতঙ্গীর ন্যায় মন্থর গতিতে) কাননাভ্যর্ণং আপ (বনের নিকটে উপস্থিত হইলেন)॥ ৪৪॥

৪৫। অথ (অনন্তর) সার্বশ্রী: (শ্রীকৃষ্ণের সর্বসম্পদ্ স্বরূপা, অর্থান্তরে—বসন্তলক্ষ্মীসদৃশী) বনজাক্ষী (কমললোচনা) ইয়ং (শ্রীরাধা) তরুবল্লীবৃন্দমুৎফুল্লয়ন্তী (তরুলতারাজির উৎফুল্ল ভাব বিস্তারপূর্বক) মদকল-কলকণ্ঠী-কাকলী-কণ্ঠনাদা (মদমত্তা কোকিলার মধুর ধ্বনির ন্যায় কণ্ঠধ্বনি প্রকাশ করিয়া) মধুকর-কলঝিল্লী-মঞ্জুতোচ্ছিঞ্জিতোর্মি: (ভ্রমর ও চটকীগণের অপেক্ষাও উৎকৃষ্ট ভূষণ-ধ্বনি তরঙ্গের সঞ্চারসহকারে) বনম্ অনু (বনমধ্যে) বিবেশ (প্রবেশ করিলেন)॥ ৪৫॥

৪৬। [তৎকালে] সা (তিনি) পুরত: (সম্মুখভাগে) প্রেষ্ঠস্য (প্রিয়তম শ্রীকৃষ্ণের) বপু: ইব (শ্রীমূর্তির ন্যায়), ফুল্লশ্যামলতোজ্জ্বলং ([শ্রীকৃষ্ণের

মূর্তি পক্ষে] সুস্নিগ্ধ শ্যামবর্ণোজ্জ্বল,
[বন পক্ষে] শ্যামল লতা রাজি দ্বারা উজ্জ্বল),
সুতিলক-শ্রীমুকং ([শ্রীকৃষ্ণ পক্ষে] সুন্দর তিলকে শোভিত,
[বন পক্ষে] সুন্দর তিল পুষ্প-শোভিত), বিশালার্জুন-
প্রোৎফুল্লোচ্চ-হলিপ্রিয়ং ([শ্রীকৃষ্ণ পক্ষে] বিশাল ও
অর্জুন-নামক সহচরদ্বয় ও
প্রফুল্লচিত্ত উৎকৃষ্ট হলী বলদেবের] প্রিয়,
[বন পক্ষে] বিশাল অর্থাৎ উন্নত অর্জুন বৃক্ষ
ও পুষ্পোৎফুল্ল 'হলিপ্রিয়' অর্থাৎ কদম্বতরু রাজিদ্বারা
শোভিত), শিখিদলশ্রেণিভিঃ আভূষিতং ([উভয়-
পক্ষে] ময়ূর পুচ্ছ বৃন্দ দ্বারা বিভূষিত), পুন্নাগামল-
চম্পকালিকৃত মালালঙ্কৃতং ([শ্রীকৃষ্ণ পক্ষে]
নাগকেশর ও নির্মল চম্পক পুষ্পের মাল্যে ভূষিত,
[বন পক্ষে] ঐ সকল বৃক্ষ রাজি দ্বারা ভূষিত),
পল্লবৈঃ দীপ্তং ([উভয় পক্ষে] বিবিধ
পল্লব মণ্ডিত), কাঞ্চনবিদ্রুমাদি বলিতং ([শ্রীকৃষ্ণ-
পক্ষে] স্বর্ণ ও বিদ্রুমমণি-শোভিত, [বন পক্ষে]
কাঞ্চন বৃক্ষ ও অন্যান্য বিবিধ দ্রুম অর্থাৎ বৃক্ষরাজি-
দ্বারা সুশোভিত), তাপিঞ্ছকান্ত্যুল্লসং (তমালের

([শ্রীকৃষ্ণ পক্ষে—] তমালের ন্যায় শ্যামল কান্তিদ্বারা উল্লাসিত,
[বন-পক্ষে—] তমালের কান্তিদ্বারা উল্লাসিত),
গুঞ্জাপুঞ্জবিরাজিতং ([শ্রীকৃষ্ণ পক্ষে] গুঞ্জামালারাজি-
দ্বারা, [বন-পক্ষে] গুঞ্জালতা রাজিদ্বারা বিরাজিত),
শ্রমহরচ্ছায়া-কদম্বাশ্রয়ং ([শ্রীকৃষ্ণ পক্ষে—] শ্রান্তিনাশক
ছায়াযুক্ত কদম্ব তরুমূলে আশ্রিত, [বন-পক্ষে—] শ্রান্তি-
নাশক ছায়াযুক্তের আশ্রয়স্বরূপ), বেণুধ্বান-
মনোহরং ([শ্রীকৃষ্ণ পক্ষে—] বংশীধ্বনিহেতু মনোহর,
[বন-পক্ষে—] রন্ধ্রমধ্যে বায়ু পূরণহেতু বংশনিনাদক
বৃক্ষের অর্থাৎ [বাঁশের] শব্দদ্বারা মনোহর),
প্রবিলসচ্চন্দ্রী পীতনা-চর্চিতং ([শ্রীকৃষ্ণ পক্ষে—] সুরম্য-
কুঙ্কুম লিপ্ত, [বন-পক্ষে—] সুরম্য আম্রাতক বৃক্ষদ্বারা
পরিব্যাপ্ত), ফুল্লমন্মথ-মঞ্জুলং ([শ্রীকৃষ্ণ পক্ষে—]
উৎকট কন্দর্প ভাবাক্রান্ত, [বন-পক্ষে—] প্রফুল্ল-
বকুল বৃক্ষ-পূর্ণ), নববয়ঃশোভাবিলাসাস্পদং
([শ্রীকৃষ্ণ পক্ষে—] নব কৈশোরের শোভাবিলাসশালী,
[বন-পক্ষে] নবীন পক্ষিবৃন্দের শোভাবিলাস-
শালী [এবং]) সর্বেষ্টদং (সর্বাভীষ্টপ্রদ) বনং
(বনভূমি) অপশ্যৎ (দর্শন করিয়াছিলেন) ॥ ৪৬, ৪৭ ॥

৪৯। অত্র ([তৎকালে] সেই বনের মধ্যে) যত্র যত্র বস্তুনি (যে যে
বস্তুর দিকে) অস্যাঃ (তাঁহার) নয়নং পতিত (দৃষ্টি পতিত
হইতেছিল), ইদম্ অখিলং (তৎসমুদয় বস্তুই) অমুষ্য:
(শ্রীকৃষ্ণের) তত্তদঙ্গায়মানং (ভিন্ন ভিন্ন অঙ্গের ন্যায়
প্রতীয়মান হইয়া) মদয়ৎ অপি (হর্ষ প্রদান করিয়াও)
সদ্যঃ (তৎক্ষণাৎই) হৃদন্তঃ (হৃদয়ের মধ্যে) বিষমেষোঃ
(কন্দর্পের) শস্ত্রতাম্ এত্য (শস্ত্ররূপে পরিণত হইয়া)
প্রহরতি (প্রহার করিতে লাগিল), তৎ চ এতৎ চ
চিত্রম্ (ইহা অর্থাৎ এইরূপে হর্ষ-সঞ্চার
ও এইরূপে প্রহার এই উভয়ই বিচিত্র অর্থাৎ
অদ্ভুত ব্যাপার)।। ৪৯।।

৫০। [তৎকালে] বয়স্যাভিঃ (সখীগণ), লসৎসহচরীযুক্তা
([শ্রীরাধাপক্ষে] শোভাসমৃদ্ধা সখীগণ-বেষ্টিতা, [অটবীপক্ষে]
সুরম্য ঝিণ্টী বৃক্ষযুক্তা), মত্তালি-নবমালিকা
([শ্রীরাধাপক্ষে] ভ্রমরীশোভিত নবমল্লিকার মাল্যভূষিতা,
[অটবীপক্ষে] ভ্রমরশোভিত নবমল্লিকা-বৃক্ষশোভিতা),
বিলাসালিকৃতচ্ছায়া ([শ্রীরাধাপক্ষে] বিলাসা সখীর
সহিত মিলিতা, [অটবীপক্ষে] বিশিষ্ট শোভাসমাবেশে
ছায়াযুক্তা), বিকসন্মদনাকুলা ([শ্রীরাধাপক্ষে] উৎকট

তমাতুরা, [অটবীপক্ষে] হিমুর দুখাচ্ছন্না), ফুল্ল মঞ্জুলতাঢ্যা (শ্রীরাধাপক্ষে] বিকশিত সৌন্দর্য-হেতু মনোহরা, [অটবী-পক্ষে] প্রফুল্ল মনোহর লতারাজিদ্বারা মণ্ডিতা), সর্বদারু-রূপ-শোভিতা (শ্রীরাধাপক্ষে] সর্বদা রূপশোভিতা, [অটবীপক্ষে] সর্বদারু অর্থাৎ সকল প্রকার বৃক্ষদ্বারা উপশোভিতা), সুশীতল-কুচশ্রীতা (শ্রীরাধাপক্ষে] সুশীতল পীনোন্নতপয়োধরা, [অটবীপক্ষে] সুশীতল দাড়িম্ব বৃক্ষে পরিপূর্ণা), কৃষ্ণগো-তর্পি-বৈভবা (শ্রীরাধাপক্ষে] শ্রীকৃষ্ণের গো ইন্দ্রিয়সমূহের তৃপ্তি-বিধায়ক বৈভবসম্পন্না, [অটবীপক্ষে] শ্রীকৃষ্ণের গো অর্থাৎ ধেনুগণের তৃপ্তিবিধায়ক বৈভবসম্পন্না), সুবয়ঃ-সুষমাপূর্ণা (শ্রীরাধাপক্ষে] সুবয়ঃ অর্থাৎ কৈশোররূপ সুচারু বয়ঃসুলভ সৌন্দর্যপূর্ণা, [অটবীপক্ষে] ঐ সুন্দর বয়ঃ অর্থাৎ পাক্ষিগণের শোভাযুক্তা), বহুবাধকৈঃ ব্যাকুলা (শ্রীরাধাপক্ষে] গুরুপ্রমুখ বহু বাধাদাতা ব্যক্তিগণের দ্বারা ব্যাকুলা, [অটবীপক্ষে] বহুবাধক অর্থাৎ পিচ্ছিল নিমোঠা বৃক্ষরাজি দ্বারা সমাচ্ছন্না), শ্রীরাধা ইব (শ্রীরাধার ন্যায়) সুখদা (সুখদায়িনী), অটবী (বনভূমিকে) দদৃশে (দর্শন করিয়াছিলেন)॥ ৪৯-৫১॥

৫২। সুসখীকুলাভিঃ (সখীগণের সহিত) নিপুণাভিঃ (সুনিপুণা), মৃগেক্ষণাভিঃ (মৃগেক্ষণাগণ) বন-গহ্বরেষু (বন অভ্যন্তরে) আন্বিষ্যমানঃ (অন্বেষণ করিলে) সঃ (তাঁহাকে) কথং ন লভ্যঃ (পাইবেনা কেন)? বা (আর) লুব্ধঃ (লোভাতুর [তিনিই বা]) প্রাপ্তাঃ এতাঃ (নিকটে প্রাপ্তা এই মৃগেক্ষণাগণকে) কথং হাস্যতি (ত্যাগ করিতে পারেন)? ॥ ৫২॥

৫৩। রাধা (শ্রীরাধা) নিজহৃদি (স্বীয় চিত্তে) ইতি (এইরূপ) সন্দিহানা (সংশয়াকুলা হইয়া) অপসব্যে (দক্ষিণভাগে) বনম্ অনু (বনমধ্যে) মৃগীভিঃ (মৃগীগণের সহিত) বিলসন্তং (বিহাররত) কৃষ্ণসারং (কৃষ্ণসার মৃগ [-কে]) সব্যে (বামভাগে) কেকিনীভিঃ (ময়ূরীগণের সহিত [বিহাররত]) শিখিবরম্ অপি (ময়ূররাজকে) সমীক্ষ্য (নিরীক্ষণপূর্বক) ভ্রান্তিতঃ (ভ্রমে) প্রিয়-মৃগশিখিবুদ্ধ্যা ([উহাদিগকে] প্রিয়তমের কৃষ্ণসার ও ময়ূর মনে করিয়া) লজ্জিতা আসীৎ (লজ্জিতা হইলেন)॥৫৩॥

৫৪। সা ([অনন্তর] তিনি) অষ্টাপদ-বদ্ধমূলং (মূলদেশে সুবর্ণবদ্ধ), ফুল্লসুবর্ণ-যূথ্যা (প্রফুল্ল স্বর্ণযূথিকা-লতায়) বেষ্টিতং (বিজড়িত [ও]) তমালম-

নটনং (অপূর্ব নৃত্য, [তাহা]) ন হি কলয়সি (দেখিতেছনা
কি) ~~হি~~ সুদ্রিতাক্ষী অসৌ: কিম্‌ ([তুমি] নয়ন নিমীলিত
~~মুদ্রিত~~ করিয়া আছ কি) ॥ ৫৬॥

৫৭। অথ (অতঃপর [তিনি]) ললিতাপ্রভৃতী: (শ্রীললিতাপ্রভৃতি
[সখীগণকে]) অবদৎ (বলিলেন) প্রিয়সখ্য:! (হে
প্রিয়সখীগণ! [তোমরা]) অত্র (এখানে) লটৈলটয়ো:
(অতিধূর্ত ও অতিধূর্তা) অনয়ো: (এই) নটনটয়ো:
(নর্তক ও নর্তকীর) শর্মদং (আনন্দজনক) যুগপৎ
নটনং (এককালীন নৃত্য) পশ্যত নু (দর্শন ~~কর~~ করিতেছ কি) দৃশ্যং॥

৫৮। বত (অহো!) হরিণা (শ্রীকৃষ্ণ) নিজ বাক্‌মধুনা
(স্বীয় বচন-মধু দ্বারা) বিমোহিতা (বিমোহিতা) অমী
ধনিষ্ঠিকা (এই ধনিষ্ঠাকে) ভৃশং (~~একান্ত ভাবে~~ অতিশয়রূপে)
স্ববশীকৃত্য (নিজের বশীভূতা করিয়া) নিজধার্ষ্ট্য-
নর্তনে (স্বীয় ধৃষ্টতারূপ নৃত্যে) কূটনর্তকী বিহিতা
(কপট নর্তকীরূপে পরিণত করিয়াছেন)॥ ৫৮॥

৫৯। রতাহিতক-হিতিতা (রতিচোর কর্তৃক প্রেরিতা [ওহে])
ছলদূত্যাভিধ-নৃত্যপণ্ডিতা (কপট দৌত্যরূপ নৃত্যে
সুনিপুণা) অসকৌ (এই ধনিষ্ঠা) ভবতী: (তোমা-
দিগকে) লট-নৃত্যে (সেই লটের নৃত্যে) সভাসদ:

বিধাতুং (সভাসদ্ করিবার) উৎসুকা (তৎপরা)
ইহ (এই বনের মধ্যে) নয়তি (লইয়া যাইতেছে)।। ৫৯।।
৬০। কলয়ত (ঐ দেখ) সুরঙ্গাখ্যঃ অপি (নামে
'সুরঙ্গ' হইলেও) জাত্যা কুরঙ্গঃ (জাতিতে 'কুরঙ্গ'
অর্থাৎ হরিণজাতীয়) সঃ (এই প্রাণীটি অর্থাৎ
শ্রীকৃষ্ণের কৃষ্ণসার-মৃগটি) স্বাং (স্বীয়) প্রণয়-
সহচরীং (প্রণয়িনী) রঙ্গিণীং (রঙ্গিণী নাম্নী হরিণীকে) বঞ্চয়িত্বা
(প্রতারণা করিয়া) হরিণীভিঃ (অপর হরিণীগণের
সহিত) বিহরতি (বিহার করিতেছে [এবং]) মাং
(আমাকে) বিলোক্য অপি (দেখিয়াও) অমুঞ্চন্
([আমাদিগকে] পরিত্যাগ করিতেছেন না); ননু
(নিশ্চয়ই) সঙ্গতঃ (সঙ্গপ্রভাবে) হরি-লম্পটতা
(শ্রীকৃষ্ণের লম্পটতাই) অস্মিন্ (এই কৃষ্ণসারের মধ্যে)
সংসসর্জ (সংক্রামিত হইয়াছে)।। ৬০।।
৬১। বত (অহো!) তাণ্ডবিকঃ ('তাণ্ডবিক'-নামক)
কলাপী (শ্রীকৃষ্ণের এই ময়ূরটি) মৎসঙ্গিনীং
(আমার সঙ্গিনী), প্রণয়িনীং (নিজ প্রণয়িনী),
দয়িতাং ময়ূরীং (নিজপ্রিয়া তুণ্ডিকেরী নাম্নী ময়ূরীটিকে) সম্মুখগতাং
বীক্ষ্য অপি (সম্মুখে দেখিয়াও) কোকিলীভিঃ

(অন্য ময়ূরীগণের সহিত) নিঃশঙ্কং (নিঃশঙ্কচিত্তে) উল্লসতি (পুচ্ছ বিস্তারপূর্বক বিলাস করিতেছে); বকারেঃ (শ্রীকৃষ্ণের) সঙ্গেন (সংসর্গবশতঃ) ইহ (ইহার মধ্যেও) ধার্ষ্ট্যং (ধৃষ্টতার) সংক্রামিতং (সঞ্চার হইয়াছে)॥ ৬১॥

৬২। অথ (অতঃপর) গৌরমুখী ধনিষ্ঠা (ধনিষ্ঠা হাস্যমুখে) অবদৎ (বলিলেন); "মাধবি! (হে সখি!) ত্বয়া এব (তুমিই) নিজোচিতনৃত্যে (স্বীয় বিচিত্র নৃত্যে) সর্বাঃ বয়ং (আমাদের সকলকে) সভাসদঃ কৃতাঃ (সভাসদ্ করিয়াছ [এবং]) যৎ (সেইহেতুই [আমরা]) অস্মিন্ (এখানে) অদৃষ্টপূর্বং দৃষ্ট্বা (অদৃষ্টপূর্ব নৃত্য-দর্শনে) প্রীতাঃ স্ম (সন্তোষ লাভ করিলাম)॥ ৬২॥

৬৩। দুর্লভে সুলভে চ (দুর্লভ বা সুলভ) যত্র অর্থে (যে বিষয়ে) রাগজা আসক্তিঃ তু (অনুরাগহেতু আসক্তি জন্মে), তত্র (সে বিষয়েই) রাগভাজাং (অনুরাগিগণের) মতিঃ (চিত্ত) নিত্যং (সর্বদা) প্রত্যূহাশঙ্কিনী (বিঘ্নসমূহের আশঙ্কা করে)॥ ৬৩॥

৬৪। আলয়ঃ! (হে সখীগণ!) আগচ্ছত (~~আস~~ এস); কৃষ্ণায় ([আমরা] শ্রীকৃষ্ণের নিকটে) তূর্ণং (সত্বর) এতৎ (এই) অদ্ভুতনৃত্যং (বিচিত্র নৃত্যের কথা) বিনিবেদয়ামঃ (নিবেদন করিব), যথা (যাহাতে) বিলাসী

(বিলাসশালী) সঃ (শ্রীকৃষ্ণ) অমুষ্যাং (আমাদের এই
সখীর প্রতি) স্নিহ্যতি (অতিশয় অনুরক্ত হ'ন); যৎ
(যেহেতু) গুণজ্ঞঃ (গুণজ্ঞ ব্যক্তি) গুণিনি (গুণীর প্রতি)
অলং রজ্যতি (বস্তুতঃ যথেষ্ট বা প্রচুররূপে অথবা একান্তভাবে আসক্ত হ'ন)॥৩৪॥

৩৫ অথ (অতঃপর) সা (শ্রীরাধা) স্বসখীবৃন্দং (নিজ-
সখীগণকে) স্মিত-সংবৃতাননং (সহাস্যে মুখ
আবৃত করিতে) অবেক্ষ্য (দেখিয়া) বিস্মিতা (বিস্ময়-
গ্রস্তা হইয়া) পুনঃ অপি (পুনরায়) অবলোকনাৎ তু
(দৃষ্টিপাত পূর্বক) লতা-তরু-সঙ্গং অবধার্য (ইহা
লতা ও তরুর মিলন, [পরন্তু অন্য নায়িকারও শ্রীকৃষ্ণের
মিলন নহে] ইহা নির্ণয় করিয়া) লজ্জিতা (লজ্জা বোধ
করিলেন)॥৩৫॥

৩৬ [তৎকালে] তৎকৃষ্ণাপ্তিসমুৎসুকাঃ (তাঁহার শ্রীকৃষ্ণ সঙ্গ-
লাভবিষয়ে ঔৎসুক্যযুক্ত) সখ্যঃ (সখীগণ) দ্রুতং
চলন্ত্যঃ (দ্রুতবেগে চলিতে চলিতে), ইত্থং মাধব-
সঙ্গ-রঙ্গ-বিকসদ্-বৃন্দাবনালোকনাৎ (পূর্বোক্ত রূপে
মাধবের সঙ্গজনিত রঙ্গবশতঃ বিকশিত বৃন্দাবনের
শোভাদর্শনহেতু) কৃষ্ণাদ্ভুত-মাধুরী-বর-সুধা-
পানাতিতৃষ্ণাকুলাঃ (শ্রীকৃষ্ণের বিচিত্র মাধুর্যসুধা

পান করিবার নিমিত্ত অতিশয় তৃষ্ণার্তা [এবং]) প্রেমোন্মাদ-
বিঘূর্ণিতান্তরতয়া (প্রেমোন্মাদহেতু চিত্তের ঘূর্ণন-
ফলে) নানাভ্রমাকুলাং (বিবিধ ভ্রান্তিবিহ্বলা)
তাং (শ্রীরাধাকে) বিজহসুঃ (বিশেষরূপে উপহাস
করিতে লাগিলেন)॥ ৬৬॥

৬৭ [অনন্তর] সা (শ্রীরাধা) মদনরত্ন-বাটিকায়াং-প্রিয়-
কেলিকুসুম-বনস্য মধ্যে (প্রিয়তম শ্রীকৃষ্ণের 'মদন-
রত্ন-বাটিকা'-নামক ক্রীড়াকুসুম-কাননের মধ্যভাগে)
কুঞ্জস্থিত-রবিমূর্তেঃ সবিধং (কুঞ্জস্থিত সূর্যমূর্তির
নিকটে) অকস্মাৎ (অকস্মাৎ) সমুপাস্থিতা (উপস্থিত
হইলেন)॥ ৬৭॥

৬৮ [অনন্তর] তন্বী (সুন্দরী শ্রীরাধা) ভক্তিভরেণ (ভক্তিভরে)
তং (সেই সূর্যমূর্তিকে) প্রণম্য (প্রণামপূর্বক) বদ্ধাঞ্জলিঃ
(কৃতাঞ্জলি হইয়া), 'দেব! (হে দেব!) ভবৎপ্রসাদাৎ
(আপনার অনুগ্রহে) মে (আমার) নির্বিঘ্ন-গোবিন্দ-
পদারবিন্দ-সঙ্গঃ অস্তু (নির্বিঘ্নে কৃষ্ণপাদপদ্ম প্রাপ্তি
হউক' [এইরূপ]) বরং (বরনীয় বর)
যযাচে (প্রার্থনা করিলেন)॥ ৬৮॥

৬৯ ইয়ং প্রতিমা-স্ফুল্ল দৃগ্-বক্ত্র প্রসাদোৎফুল্ল মানসা

([অনন্তর] তিনি প্রতিমার নয়নের ও মুখের প্রফুল্লতা-
দর্শনে তদীয় অনুগ্রহ অনুমানপূর্বক উৎফুল্লচিত্তে
) পুনঃ (পুনরায়) তাং (তাঁহাকে) প্রণিপত্য (প্রণাম
করিয়া) সখীভিঃ সহ (সখীগণের সহিত) নির্গতা
([তথা হইতে] নির্গতা হইলেন) ॥৬৯॥

৭০। ললিতাজ্ঞয়া ([পরন্তু] ললিতার আদেশে) শ্রীসূর্যপূজা-
সদ্ভার সহিতে (শ্রীসূর্যপূজার উপকরণরাশির সহিত)
পরিচারিকে (পরিচারিকা-দ্বয়) তদ্বাটীদেবীভিঃ
(উক্ত বাটিকার অধিষ্ঠাত্রীগণের সহিত) তত্র এব
স্থিতে (সেইখানেই রহিলেন) ॥৭০॥

৭১। তদা (তৎকালে) রাধা (শ্রীরাধা) পথি (পথের) দিশি
দিশি (সকল দিকেই) মুরারেঃ (শ্রীকৃষ্ণের) শ্রীমদঙ্গাৎ
(শ্রী অঙ্গ হইতে) বিসরন্তীং (প্রসরণশীল), মৃগমদ-পরি-
লিপ্তেন্দীবরাণাম্ ইব (কস্তূরীলিপ্ত নীলোৎপলরাজির
ন্যায়) উচ্চৈঃ পরিমলধারাং (প্রবল সৌরভপ্রবাহ)
প্রাপ্য (আঘ্রাণ করিয়া) উন্মাদিষ্ণুঃ (অতিশয় উন্মত্তা
হইয়া) সপদি (তৎক্ষণাৎই) ভৃঙ্গী ইব (ভ্রমরীর ন্যায়)
তম্ অনু (শ্রীকৃষ্ণের অভিমুখে) উৎপতিষ্ণুঃ আসীৎ
(উড়িয়া যাইতে ইচ্ছা করিলেন) ॥৭১॥

৭২। কৃষ্ণঃ ([এদিকে] শ্রীকৃষ্ণও) অকস্মাৎ (অকস্মাৎ) আরাৎ (নিকটেই) বিপিন-বলয়ং প্লাবয়ন্তীং (বনমণ্ডলী প্লাবিতকারী), কাশ্মীর-কাঞ্চন-কুন্দ-পরিমলোল্লাসিনীং ([এবং] কুঙ্কুম সম্মিলিত পদ্মের সৌরভ-বিস্তারকারী) কাঞ্চনতনুসুরধুনী-সৌরভাখ্য-সুধোর্মিধারাং (প্রিয়তমা শ্রীরাধার তনুরূপা সুরধুনীর সৌরভ-রূপ সুনির্মল অমৃততরঙ্গপ্রবাহ) প্রাণপূর্ণম্ আঘ্রায় (নাসিকারন্ধ্রে পরিপূর্ণভাবে আঘ্রাণপূর্বক) পুলক-জটিলঃ (সর্বাঙ্গে পুলক-জড়িত হইয়া) ভৃঙ্গবৎ (ভ্রমরের ন্যায়) প্রোৎপতিষ্ণুঃ আসীৎ ([তদভিমুখে] উৎপ্লাবিত উড়িয়া যাইতে উন্মুখ হইলেন)॥৭২॥

৭৩। হরিণা (শ্রীকৃষ্ণ) পরিমলমিলনাৎ ([শ্রীরাধার অঙ্গের] সৌরভ অনুভব করিয়া) বনম্ অনু (বনমধ্যে) মিলিতাং (সমাগতা) দয়িতাং (শ্রীরাধাকে [তৎকালে]) দবীয়সীং (দূরবর্তিনী) মত্বা (মনে করিয়া) তাং (তাঁহাকে) আনেতুং (আনিবার নিমিত্ত) সমুৎসুকেন (উৎসুক হইয়া) বৃন্দা (বৃন্দাকে) প্রহিতা ([তদভিমুখে] প্রেরণ করিলেন)॥৭৩॥

৭৪। অথ (অনন্তর) সা রাধা (শ্রীরাধা) কুঞ্জে (কুঞ্জমধ্যে)

কুঞ্জবিলাসস্য (কুঞ্জবিলাস শ্রীকৃষ্ণের) নবাখ্যং ধাম (নব-নামক ভবনে) প্রাপ্তা (উপস্থিত হইয়া), পুনঃ (সম্মুখ-ভাগে) স্বগতি-প্রবৃত্ত্যৈ (নিজের গমনবার্তা জানাবার নিমিত্ত) উৎসুকেন হরিণা (সমুৎসুক শ্রীকৃষ্ণকর্তৃক) প্রহিতাং (প্রেরিতা [ও]) পুনঃ মিলিতাং (সম্মুখভাগে সমাগতা) বৃন্দাং হি (বৃন্দাকে) মূর্তিমতীং (মূর্তিমতী) স্বাভীষ্টসিদ্ধিম্ ইব (স্বীয় অভীষ্টসিদ্ধির ন্যায়) দদর্শ (দর্শন করিলেন)॥৭৪॥

৭৫। [তখন] বৃন্দা অপি (বৃন্দাদেবীও) তস্যৈ (শ্রীরাধাকে) কৃষ্ণোত্তংসচরং (শ্রীকৃষ্ণ কর্তৃক পূর্বে কর্ণভূষণরূপে ব্যবহৃত [ও]) তদঙ্গসঙ্গ-গন্ধান্ধীকৃত-ভৃঙ্গকং (শ্রীকৃষ্ণের অঙ্গসংসর্গহেতু তদীয় সৌরভদ্বারা ভ্রমরগণের উন্মাদজনক) ইন্দীবরদ্বয়ং (নীলোৎপলযুগল) দদৌ (প্রদান করিলেন)॥৭৫॥

৭৬। তৎস্পর্শ-সৌরভ্যম্ আসাদ্য ([তৎকালে শ্রীরাধা] উক্ত নীলোৎপলযুগলের স্পর্শ ও সৌরভ অনুভব করিয়া) কৃষ্ণোষ্ণস্পর্শ-গন্ধানুভবেন (শ্রীকৃষ্ণের অঙ্গস্পর্শের ও সৌরভের অনুভবহেতু) মত্তা (মত্তা [এবং]) সমুদ্ভবদ্‌ভাব-নিধান-যত্তা (নিজদেহে পরিস্ফুট

ভাবসমূহের সম্মেলনে মগ্নশীলা হইয়া) উৎকম্প (ঔৎসুক্য সহকারে) আশু (সত্বর) তয়া (বৃন্দাদেবীর সহিত) সংবাদং কৰ্ত্তু (বাক্যালাপ আরম্ভ করিলেন)॥৭৬॥

৭৭। [শ্রীরাধার প্রশ্ন—] বৃন্দে (হে বৃন্দে!) কস্মাৎ [আগত] ([তুমি] কোথা হইতে [আসিলে]?) [বৃন্দার উত্তর—] প্রিয়সখি! (হে প্রিয়সখি!) হরেঃ (শ্রীকৃষ্ণের) পাদমূলাৎ (পদমূল হইতে [আসিলাম])। [প্রশ্ন—] অসৌ কুত্র? (তিনি কোথায়?) [উত্তর—] কুণ্ডারণ্যে (শ্রীরাধাকুণ্ডের পার্শ্ববর্তী অরণ্যে)। [প্রশ্ন—] ইহ কিং কুরুতে? (সেখানে কী করিতেছেন?) [উত্তর—] নৃত্যশিক্ষাং (নৃত্যশিক্ষা [করিতেছেন])। [প্রশ্ন—] গুরুঃ কঃ? (গুরু কে?) [উত্তর—] ত্বন্মূর্ত্তিঃ (তোমার শ্রীমূর্তিই) দিগ্‌বিদিক্ষু (সকল দিকে) প্রতিতরুলতং (সকল তরুলতার মধ্যে) স্ফুরন্তী (প্রকট হইয়া [স্ফূর্তিশীল হইয়া]) শৈলূষী ইব (সুনিপুণা নর্তকীর ন্যায়) তং (তাঁহাকে) স্বপশ্চাৎ (নিজের পশ্চাদ্‌ পশ্চাৎ) নর্তয়ন্তী (নৃত্য করাইতে [করাইতে]) পরিতঃ (চতুর্দিকে) ভ্রমতি (ভ্রমণ করিতেছে)॥৭৭॥

৭৮। [শ্রীরাধা বলিলেন—] বৃন্দে! (হে বৃন্দে!) ত্বং (তুমি) ভ্রান্তা (বস্তুতঃই ভ্রান্তা); এষা (ইহা) মম (আমার)

মূর্তি: ন (মূর্তি নহে); তৃষ্ণাকুল (তৃষ্ণাকুল) দ্বিরেফ:
অসৌ (ভ্রমর রূপী শ্রীকৃষ্ণ) পদ্মালয়াপ্তৌ (পদ্ম বিপিনের
ন্যায় পদ্মার সখী চন্দ্রাবলীর প্রাপ্তির নিমিত্ত) উৎ-
পতিষ্ণু: (উড়িয়া পড়িবার ইচ্ছা করিলে)
(তদ্‌গন্ধোদ্যদ্ধারয়া বাত্যয়া (তদীয় গন্ধধারা-
বাহিনী বাত্যারূপা) লেখয়া এব (লেখাই [তাঁহাকে])
ভ্রাম্যতে (ইতস্তত: ভ্রমন করাইতেছে)॥ ৭৮॥

৭৯। [বৃন্দা বলিলেন,—] গৌরী মদ্যোৎকেন (গৌরবর্না
তোমার সখী বিষয়ে উৎসুক [হইয়া]) বাত্যাহত্যা-
ঘূর্ণনা (বাত্যাবিলোলে [অর্থাৎ ঘূর্নাবর্ত-বশে] বিঘূর্নিত)
তেন (সেই শ্রীকৃষ্ণ), স্বসখ্যা সার্ধং (নিজ-সখী
চন্দ্রাবলীর সহিত) সা অসৌ লেখা বাত্যা অপি
(বাত্যারূপা লেখাকেও) তৎ সমর্থাং ছলোক্ত্যা
(গৌরী পূজা বিষয়ে কপট উক্তি করিয়া) স্বসখ্যাঃ
(নিজের নিকট হইতে) গৌরীতীর্থং (গৌরীতীর্থে)
লম্ভিতা? (প্রেরন করিয়াছেন?)॥ ৭৯॥

৮০। [তদুত্তরে শ্রীরাধা বলিলেন—] ইহ (এখানে) ন: (আমাদের)
তদ্বার্তয়া (তাঁহার কথায় কি প্রয়োজন) কিমু আস্তি

(শ্রী) ই= যথার্থ চরণানুশাসনং ([আমরা] দেবীর আদেশানুসারে) অরিষ্টকুণ্ডোত্থ-পাতালজ-গাঙ্গবারি ([শ্রীশ্যাম]-অরিষ্টকুণ্ডে উত্থিত পাতালগঙ্গার জলে) স্নাত্বা (স্নান করিয়া) মিত্রং সমভ্যর্চ্য (সূর্যদেবের অর্চন সমাপন পূর্বক) গৃহং প্রযাম: (গৃহে যাইব) ॥৮০॥

৮১। [পুনরায় শ্রীরাধা প্রশ্ন করিলেন—] বৃন্দে (হে বৃন্দে!) তে (তুমি) ক্ব যাসি (কোথায় যাইতেছ?), তব চরণ-রাজীব-সমীপে ([উত্তর] তোমারই শ্রীপাদপদ্ম সমীপে [যাইতেছি]) । কিমর্থম্? ([প্রশ্ন—] কি জন্য?), তে ([উত্তর—] তোমারই) রাজ্যাদ্ভুত-ভবিক-বিজ্ঞাপনকৃতে (রাজ্যের বিচিত্র মঙ্গলবার্তা-নিবেদনের নিমিত্ত) এতৎ কিং বদ? ([প্রশ্ন—] সেই বার্তা কীরূপ, বল তো?) ইদং বৃন্দাবনাখ্যং ([উত্তর—] তোমার এই বৃন্দাবন রাজ্য) শ্রীমাধব-সুবিভবালঙ্কৃতং (বসন্তের, অথবা শ্রীকৃষ্ণের উত্তম সম্পদে অলঙ্কৃত হইয়া) মুহুঃ (নিরন্তর) ভবদালোকন-কৃপাং (তোমার দৃষ্টিপাতরূপ অনুগ্রহ) লষতি (অভিলাষ করিতেছে) ॥৮১॥

৮২। অথ (অনন্তর) প্রাণাভ্যা (প্রণাভ্যা) কুন্দলতা (কুন্দলতা) অবদৎ (বলিলেন),—

'বৃন্দে! (হে বৃন্দে! [তুমি]) নিজকূটকৌট্যং (স্বীয় কপটকৌশল) বিমুঞ্চ (পরিত্যাগ কর); নিজার্যয়া (শ্রীরাধার শ্বশ্রূ) সূর্য-সমর্চনার্থং (সূর্য পূজার নিমিত্ত) ইয়ং (এই শ্রীরাধাকে) কৃষ্ণ-শঙ্কয়া (শ্রীকৃষ্ণের ভয়ে) ময়ি অর্পিতা (আমার হস্তে অর্পণ করিয়াছেন)॥ ৮২॥

৮৩। [অতএব আমি] অমূং (ইহাকে) পাতালগঙ্গাজলজে (পাতালগঙ্গার জল হইতে উদ্ভূত) অরিষ্টমর্দ্দ-সরসি (শ্যাম-কুণ্ডে) সংস্নাপ্য (স্নান করাইয়া) নিভৃতং (গোপনে) পূজার্থে (পূজার নিমিত্ত) সূর্যবেদিকাং নেষ্যে (সূর্যবেদীতে লইয়া যাইব)॥ ৮৩॥

৮৪। [আর] চেৎ (যদি) তত্র কৃষ্ণঃ (সেখানে অর্থাৎ শ্যামকুণ্ডে শ্রীকৃষ্ণ [থাকেন, তবে সেখানে]) ন যামঃ (যাইব না); মনোগঙ্গাং অয়ামহে ([কিন্তু] মানসগঙ্গায় যাইব (সেখানে যাইয়া স্নান করাইব)); যৎ (যেহেতু) জটিলাজ্ঞয়া (জটিলার নিষেধাজ্ঞা হেতু) অমৌ (ইহাকে) কৃষ্ণগন্ধি-দিশি (শ্রীকৃষ্ণের গন্ধযুক্ত স্থানে) ন নেয়া (লইয়া যাওয়া উচিত নহে)॥ ৮৪॥

৮৫। বৃন্দা (বৃন্দা) অব্রবীৎ (বলিলেন) [হে] কুন্দলতে! (হে কুন্দলতে!) হরেঃ ভিয়া ([তুমি] শ্রীকৃষ্ণের ভয়ে) কিমর্থং চিত্তগঙ্গাং ইতাসি (মানসগঙ্গায় যাইবে কেন)? [উ], একং উপায়ং শৃণু

(একটি উপায় শ্রবণ কর) বলিতেছি, যেন (যাহাতে) বঃ (তোমরা) [অর্থাৎ শ্যামকুণ্ডে]
তত্র (সেইস্থানে) গতাঃ অপি (গেলেও) সঃ (শ্রীকৃষ্ণ)
ন দ্রক্ষ্যতি এব ([তোমাদিগকে] দেখিতে পাইবেননা) ॥৮৫॥
সখি! (হে সখি কুন্দলতে!) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) মদনোদ-
ঘূর্ণিতাত্মা (কন্দর্পের প্রভাবে চিত্তে উদ্ঘূর্ণাযুক্ত অর্থাৎ দিব্যোন্মাদগ্রস্ত হইয়া)
কান্তাসরসি (শ্রীরাধাকুণ্ডের) কুঞ্জে (কুঞ্জমধ্যে)
আস্তে (বিরাজ করিতেছেন); যূয়ং (তোমরা) পূর্বতঃ
(পূর্বদিকে) বাসন্তিক-বনমধ্যম (মাধবীবনের মধ্য দিয়া)
সুষ্ঠু গত্বা (যথাযথভাবে গমনপূর্বক) অরিষ্টহন্তুঃ
(অরিষ্টাসুরঘাতী শ্রীকৃষ্ণের) পাদাম্বুজরসময়ে
(পাদপদ্মজাত রসময়), প্রশস্তে তীর্থে (পুণ্য তীর্থে)
স্নাত্বা (স্নান করিয়া) কেন অপি অদৃষ্টাঃ (সকলের
অলক্ষ্যে) কামং (যথেচ্ছরূপে) নিভৃতং ব্রজত
(গোপনে চলিয়া যাইবে) ॥৮৬॥

৮৭ ললিতা অবদৎ (ললিতা বলিলেন) কুন্দলতে (হে
কুন্দলতে! [তুমি]) প্রগল্ভা অপি (প্রগল্ভা হইয়াও)
মুহুঃ মুগ্ধা ইব ([সম্প্রতি] মুগ্ধার ন্যায়) নিকুঞ্জদেবতাৎ
([illegible] দেবতা) অপ্রগল্ভতঃ (অপ্রগল্ভা অর্থাৎ ভীতা, চকিতা [illegible] লজ্জিতা হইয়া) হরেঃ
(শ্রীকৃষ্ণের নিকট হইতে) কিং বিভেষি? (ভয়
পাইতেছ কেন?) ॥৮৭॥

[অনন্তর শ্রীরাধা বলিলেন—] স্বকুণ্ডং যাম: ([আমরা] নিজকুণ্ডেই যাইব); বনে (বনমধ্যে) মাধবীয়াং শ্রিয়ং (বসন্ত-শোভা, গূঢ় অর্থে—শ্রীকৃষ্ণের সৌন্দর্য) পশ্যাম: (দর্শন করিব); স্নাত্বা ([এবং] স্নান করিয়া) পুন: (পুনরায়) সমেষ্যাম: (চলিয়া আসিব); কৃষ্ণ: (শ্রীকৃষ্ণ) ন: (আমাদের) কিং করিষ্যতি? (কী করিবেন?) ॥ ৮৮॥

৮৯। বৃন্দে! (হে বৃন্দে! [তুমি]) যাহি (যাও); পুংদৃ: (পুরুষগণের পক্ষে) দ্রষ্টুং স্প্রষ্টুম্ অপি অত্যযোগ্যং (দর্শন, এমন কি, অব-স্থানেরও একান্ত অযোগ্য), স্ত্রীণাং ন: ([অথচ] আমাদের ন্যায় নারীগণের) স্বৈরং ক্রীড়াস্থানত: (স্বেচ্ছাবিহারের স্থল স্বরূপ এই যে রাধাকুণ্ড, তাহা হইতে) অমুং (ঐ শ্রীকৃষ্ণকে) তূর্ণং (সত্বর) নি:সারয় (অপসারিত কর); গোপাতু: অস্য (তাঁহার ন্যায় গোপালকের) তত্র (সেখানে) কিং কার্যং বা? (কী কাজ অর্থাৎ অবস্থিতির প্রয়োজন কী?) ॥ ৮৯॥

৯০। [অনন্তর বৃন্দা শ্রীরাধাকে বলিলেন—] অহং (আমি) অতি-মৃদ্বী (অতি কোমলস্বভাবা), হরি: (আর, শ্রীকৃষ্ণ) অতিচণ্ড: (অতি প্রচণ্ড; [অতএব]) ইহ (এই শ্রীকৃষ্ণের সম্বন্ধে)

বর্জনদণ্ড: (বর্জনরূপ দণ্ড অর্থাৎ রাধাকুণ্ড হইতে অপসারণ [আমা কর্তৃক]) কথং (কীরূপে) সুকর: (সুসাধ্য হইবে)? হে সখি (হে সখি!) স: শিখণ্ডী (ময়ূরপুচ্ছধারী সেই শ্রীকৃষ্ণকে) তে অপসার্য: (তুমিই অপসারণ করিতে পার)। যৎ (যেহেতু [তুমি]) গুরু: প্রসরা (অতিশয় প্রসরা [বায়ু] [ও]) অতিচণ্ডী অসি (অতিশয় চণ্ডী অর্থাৎ প্রচণ্ডও বটে)॥ ৭০॥

৭১। কুন্দবল্লী আহ (কুন্দলতা বলিলেন—), বৃন্দে! (হে বৃন্দে!) ত্বং ভ্রান্তা (তুমি ভ্রান্তা)! অনয়া চণ্ড্যা (ইনি চণ্ডী অর্থাৎ প্রচণ্ডা, অর্থান্তরে পার্বতী হইলেও) স: খণ্ডপাতি: (সেই খণ্ডপাতি অর্থাৎ শঙ্কুরকে, অর্থান্তরে—খণ্ডপাতি অর্থাৎ শোভনক সেই শ্রীকৃষ্ণকে) কথং নিষ্কাস্য: (কীরূপে অপসারণ করিবেন)? তু (যেহেতু) অস্য (এই খণ্ডপাতির) অর্ধাঙ্গং (অর্ধ অঙ্গ) ব্যাপ্যম্? (ইঁহার সহিত মিলন যোগ্য?)॥ ৭১॥

৭২। বৃন্দা আহ ([তখন] বৃন্দা বলিলেন,) হি আপ্তসুভদ্রশ্রী: ([কুন্দপুষ্পলতিকে] যাহা সুভদ্রা অর্থাৎ অতি মনোহরা শ্রী অর্থাৎ শোভা প্রাপ্ত হইয়াছে, [কুন্দলতিকা পক্ষে শোভালতিকে] যিনি উপনন্দের পুত্র সুভদ্রের 'শ্রী'

অর্থাৎ পুষ্পসম্পত্তি লাভ করিয়াছেন), মধুসূদন-সম্ভোগ্যা
([প্রথম পক্ষে] যিনি মধুসূদনের অর্থাৎ ভ্রমরের,
[দ্বিতীয় পক্ষে] শ্রীকৃষ্ণের উপভোগ্যা, [তাদৃশী])
কুন্দবল্লী এব (কুন্দলতাকেই) পুন্নাগাংসদ্বয়োন্মুখী
([প্রথম পক্ষে] 'পুন্নাগ' অর্থাৎ নাগকেশর বৃক্ষের,
[দ্বিতীয় পক্ষে] 'পুন্নাগ' অর্থাৎ পুরুষোত্তম শ্রীকৃষ্ণের
অংসদ্বয়ের নিমিত্ত উন্মুখী) দৃশ্যতে ('[পরিলক্ষিত দেখা]
যাইতেছে')।।৯২।।

৯৩ সর্বাসু স্মেরাসু ([তখন] সকলে হাস্যপ্রকাশ করিতে
আরম্ভ করিলে) সা (বৃন্দা) তাং শ্রীরাধিকাং (শ্রীরাধাকে)
উৎকলিকাশ্রিতাং (উৎকণ্ঠাকুলা, [অথচ]) ভাব-
গাম্ভীর্য-সুমন্থরাঙ্গীং (ভাবসমূহের গাম্ভীর্যহেতু
অলসাঙ্গী) বিলোক্য (দেখিয়া) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের)
তৃষ্ণাং (তৃষ্ণা অর্থাৎ লালসা) বিনিবেদয়ন্তী আহ
(নিবেদন করিয়া বলিলেন)।।৯৩।।

৯৪ ললিতে! (হে ললিতে! [তুমি]) দ্রুতং (সত্বর) একং মৎ-
প্রশ্নং বদ (আমার একটি প্রশ্নের উত্তর দাও) চাতকেশ্বরে
(চাতকরাজ) দিগন্তে (দিক্প্রান্তে) উদ্গতাং (উদিত)
কাদম্বিনীং বীক্ষ্য (মেঘমালা দর্শন করিয়া) পিপাসয়া

(পিপাসায়) মুহ্যতি (মূর্চ্ছিত হইলে) সখীরনান্যাঃ:
(বায়ুরাশির ন্যায়) আশু (সত্বর) কিং করণীয়ম্?
(কী করা উচিত হয়?) [প্রকৃতস্থলে ইহার তাৎপর্য
এই যে, চাতকতুল্য শ্রীকৃষ্ণ মেঘমালার ন্যায় শ্রীরাধাকে
দেখিয়া সঙ্গলালসায় মুগ্ধ হইলে বায়ুসদৃশী সখীগণের
সঙ্গে কী করা কর্তব্য হয়]) ॥৯৪॥

৯৫॥ [ললিতা বলিলেন—] দিশি দিশি (সকল দিকে)
নিশি অহ্নি চ (রাত্রি ও দিবাভাগে) অবিরতগতিশালী-
মেঘমালা: (বায়ুরাশিকর্তৃক পরিচালিত) প্রচণ্ডা:
কালিকা: (প্রচণ্ড মেঘমালা) নবনবরসপূরৈ:
(নিত্য নূতন রসপূর অর্থাৎ জলধারা দ্বারা) পুর:
অমুং (সম্মুখস্থিত চাতকরাজকে) সেচয়ন্ত্য:
(অভিষেক প্লাবিত করিয়াই) প্রস্ফুরন্তি (বিরাজ করে), পরং
(কিন্তু) অস্য (চাতকরাজের পক্ষে) একা সা এব
(একমাত্র সেই মেঘমালাই) প্রেক্ষণীয়া ন ভবতি?
(অপেক্ষণীয়া হয় না কি?) [তাৎপর্য—
মেঘমালার ন্যায় শ্রীরাধা বায়ুস্থানীয়া সখীগণের
প্রেরণায় সর্বদা সকল স্থানেই চাতকরাজরূপী
শ্রীকৃষ্ণকে স্বীয় প্রীতিরসধারায় অভিষিক্ত করেন;

এমতাবস্থায় শ্রীকৃষ্ণের সঙ্গে একমাত্র আনন্দের সখীর নিমিত্তে প্রতীক্ষা করা উচিত নহে কি?]) ॥১৫॥

১৬। [বৃন্দা বলিলেন,] সঃ (সেই চাতকরাজ) চেৎ (যদি) তদেকনিষ্ঠঃ স্যাৎ (একমাত্র সেই মেঘমালারই অনুরাগী হয়), তদা (তাহা হইলে) সা অপি (বায়ুশ্রেণীও) তাং (মেঘমালাকে) ত্বরিতং (সত্বর) অস্য (চাতকরাজের) পুরঃ (সম্মুখে) সমানায্য (আনয়নপূর্বক) মুদা (হর্ষসহকারে) অমৃতং পায়য়েৎ (অমৃত পান করাইয়া থাকে) ॥১৬॥

১৭। কুত্র অপি (কোথাও কখনও বা) তাঃ এতাঃ কাদম্বিন্যঃ (সেই মেঘমালা) নীরসাঃ অপি (বারিহীন হইলেও) শশ্বৎ (নিরন্তর) আশুগালয়া (বায়ুশ্রেণি কর্তৃক) বিচালিতাঃ (সঞ্চালন-ফলে) চপলাঃ (চঞ্চলা হইয়া) তন্মুদে (চাতকরাজের প্রীতির কারণ) ন ভবন্তি (হয় না কি?) ॥১৭॥

১৮। আল্যঃ! (হে সখীগণ!) তৎ (সেই হেতু) যূয়ং যাত (তোমরা যাও); অরিষ্টারিতীর্থকে (শ্রীশ্যামকুণ্ডে) স্বচ্ছন্দং স্নাত্বা (স্বচ্ছন্দে স্নান করিয়া) মিত্রপূজাং কুরুত (সূর্যদেবের পূজা কর); তিষ্ঠামি ([আমি এখানেই] থাকিব); অত্র (এখানে) মে (আমার) কৃতিঃ অস্তি (কার্য আছে) ॥১৮॥

৯৯। অথ (অতঃপর) তাসু (সখীগণ) যাতাসু (চলিয়া গেলে) সুচতুরা (সুচতুরা) সা (বৃন্দাদেবী) সূক্ষ্মধিয়ং শুভাং চ শারিকে (সূক্ষ্মধী ও শুভা-নাম্নী শারিকাযুগলের মধ্যে) সুজবাং (অতিদ্রুতগামিনী) আদ্যাং (সূক্ষ্মধীকে) লঘু (সত্বর) অভিমন্যুমাতুঃ (জটিলায়) প্রবৃত্ত্যৈ (বার্তা জানিবার নিমিত্ত) ব্রজায় (ব্রজমধ্যে [এবং]) অপরাং (শুভাকে) চন্দ্রাবলেঃ (চন্দ্রাবলীর [বার্তা জানিবার নিমিত্ত]) গিরিজালয়ায় (গৌরীদেবীর মন্দিরে) ন্যাদিশৎ (পাঠাইয়া দিলেন) ॥ ৯৯ ॥

১০০। [অনন্তর] সা (তিনি) সেবাসম্ভারসংস্কারাগারং আগত্য ([শ্রীরাধাকৃষ্ণের] সেবার উপকরণরাজির সংস্কার-গৃহে আসিয়া) তানি সংস্কারান্ বীক্ষ্য (তৎসমুদয় উপকরণ দর্শন করিয়া) মুদা (হর্ষসহকারে) তৎকৃতঃ জনান্ (তৎসমুদয়ের সংস্কারকারী দাসীগণকে) উচ্চৈঃ প্রশশংস (অতিশয় প্রশংসা করিলেন) ॥ ১০০ ॥

১০১। [অনন্তর] সা (বৃন্দাদেবী) তৈঃ (তাঁহাদের দ্বারা) তত্তৎস্থানেষু (যথাযোগ্য স্থানসমূহে) তয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) বসন্তকেলি-হিন্দোললীলা-মাধ্বীকপানয়োঃ (বসন্তক্রীড়ারূপ হিন্দোল-লীলা, মধুপান),

বন-রতাম্বু কেলীনাং (বনবিহার, রতিক্রীড়া, জলকেলি),
মিথো বেশকৃতেঃ (পরস্পরের বেশরচনা),
বনাশন-স্বাপয়োঃ চ (বনভোজন, নিদ্রা [শয়ন])
শুকপাঠাক্ষলীলয়োঃ (শুকশারিকাকে শিক্ষাদান
ও অক্ষক্রীড়ার নিমিত্ত) তত্তৎসামগ্রীঃ (যথোপযোগী
দ্রব্যসমূহের) অযোজয়ৎ ([illegible] আয়োজন করাইলেন)॥১০১-১০২॥

১০৩। [এইরূপ তিনি] তয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) আগতিবার্তয়া
(আগমনবার্তাদ্বারা) তত্তল্লীলাপরিকরান্ (তাঁহাদের বিভিন্ন লীলার
পরিকর-স্বরূপ) সর্বান্ স্থাবর-জঙ্গমান্ (স্থাবর ও
জঙ্গম—সকলকেই) নন্দিতান্ ত্বরিতান্ চক্রে (আনন্দিত
ও ত্বরান্বিত করিয়াছিলেন)॥১০৩॥

১০৪। [অনন্তর] সা (বৃন্দাদেবী)
তয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) মিথো দর্শন-লাব্ধ-রাকা-
সমুচ্ছলদ্ভাবচয়ামৃতাব্ধৌ (পরস্পর দর্শনরূপ পূর্ণচন্দ্রের
উদয়হেতু সমুচ্ছলিত ভাবামৃত-সমুদ্রে) সংপ্লবেচ্ছা-
ত্বরিতান্তরা (অবগাহনের নিমিত্ত অন্তরে অতিশয় ত্বরা-
যুক্তা হইয়া) হরেঃ সান্নিধ্য কুঞ্জলীনা স্থিতা আসীৎ
(শ্রীকৃষ্ণের নিকটবর্তী কুঞ্জমধ্যে লুক্কায়িতভাবে
অবস্থান করিলেন)॥১০৪॥

১০৫। তাবৎ (এই সময়ে) নান্দীমুখী (নান্দীমুখী) অস্মাৎ (আমাদের) সকাশাৎ আগত্য (সকাশে আসিয়া) তয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) লীলাবলোকায় (লীলাদর্শনে) সোৎসুকা (ঔৎসুক্যযুক্তা হইয়া) বৃন্দয়া সহ (বৃন্দার সহিত) স্থিতা (অবস্থান করিলেন)।। ১০৫।।

১০৬। হরিঃ ([এই সময়ে] শ্রীকৃষ্ণ) আরাৎ (নিকটবর্তী) বকুলবিটপিশ্রেণীযুগ্মান্তরাধ্বনি (বকুলবৃক্ষশ্রেণী-যুগলের মধ্যস্থিত পথ দিয়া) প্রিয়সহচরী-বেষ্টিতাং (প্রিয়সখীগণকর্তৃক পরিবেষ্টিতা) বল্লভাং তাং (প্রাণপ্রিয়া শ্রীরাধাকে) সমাগাং (আগত) আগচ্ছন্তীং দৃষ্ট্বা অপি (আসিতে দেখিয়াও) উদিতমদনঃ অপি (কন্দর্পভাবের উদয়সত্ত্বেও), ইয়ং ন প্রতীয়ায় ('ইনি শ্রীরাধা নহেন' এইরূপ জ্ঞান করিলেন); যৎ (যেহেতু [ইতঃপূর্বে তিনি]) তদভিসরণে (শ্রীরাধার অভিসারে বিলম্বে) তস্যাঃ স্ফূর্ত্যা ([স্বীয় ভাবপ্রবণ চিত্তের সঙ্কল্পজাত] শ্রীরাধার মূর্তির স্ফুরণদ্বারা) মুহুঃ (নিরন্তর) বঞ্চিতঃ আস্ত (বঞ্চিতই হইয়াছিলেন)।। ১০৬।।

১০৭। কান্তা অপি (প্রিয়তমা শ্রীরাধাও) কান্তং (প্রিয়তম শ্রীকৃষ্ণকে) অবলোক্য (দর্শন করিয়া) চমৎকৃতাত্মা

(চিত্তে আশ্চর্যান্বিতা হইয়া) ভূরি অদ্রী বিবলা (ভাববাহুল্য-
জনিত বিহ্বলতা-বশতঃ) তং ন হি নিশ্চিকায় (শ্রীকৃষ্ণের
সম্বন্ধে নিশ্চয় করিতে পারিলেন না); যৎ (যেহেতু)
প্রাক্ (ইতঃপূর্বে) তমালম্ অনু (তমাল বৃক্ষ-দর্শনে)
তদ্‌ভ্রমতঃ (শ্রীকৃষ্ণ-ভ্রমে) প্রলাপাৎ (প্রলাপ করায়
[তিনি]) আলীকুলস্য (সখীগণের) হাসিতৈঃ (হাস্য-
দ্বারা) অতিলজ্জিতা আসীৎ (অতিশয় লজ্জা বোধ করিয়া-
ছিলেন) ॥১০৭॥

১০৮। তদা (তখন) তৌ (উভয়েই) মিথঃ (পরস্পর)
তদ্‌গুণানন্ত্যানুভাবাক্রান্তমানসৌ (পরস্পরের অতুল
অনন্ত গুণরাশির অনুভববশতঃ বিহ্বলচিত্ত [হইয়া])
দর্শনানন্দমত্তৌ (পরস্পরের দর্শনানন্দে মত্ত হইয়া)
সবিতর্কম্ ঊচতুঃ (এইরূপ সংশয়োক্তি প্রকাশ
করিতে লাগিলেন) ॥১০৮॥

১০৯। [শ্রীকৃষ্ণের সংশয়োক্তি] ইয়ং (ইনি) কান্তেঃ কুল-
দেবতা কিম্ উ (কি কান্তির কুলদেবতা?) উত বা
(অথবা) তারুণ্য-লক্ষ্মীঃ কিমুত (যৌবন-লক্ষ্মীই কি?)
সম্পৎ বা (কিম্বা [ইনি] সম্পদই কি?) তনুমতী
মাধুরী কিমু (অথবা শরীরধারিণী মাধুরীই কি?)

লাবণ্য-বন্যা নু কিম্ ([কিম্বা ইনি] লাবণ্যের বন্যাই
হইবেন কি)?, আনন্দতরঙ্গিনী কিংবা (অথবা, [ইনি]
আনন্দের তরঙ্গিনীই কি)?, অথবা (কিম্বা), পীযূষ-
ধারা স্রুতিঃ কিং (সুধাধারায় প্রস্রবণরূপাই কি)?
উত বা (অথবা,) অসৌ কান্তা (প্রিয়তমা সেই
শ্রীরাধাই) মম (আমার) ইন্দ্রিয়গণান্ (ইন্দ্রিয়বর্গকে)
হ্লাদয়ন্তী (আনন্দদান করিতে করিতে) আগতা
([এস্থানে] উপস্থিত হইয়াছেন)॥ ১০৬॥

১১০। যা (যিনি) মে (আমার) নেত্র চকোর চন্দ্রবদনা
(নয়নরূপ চকোরের আনন্দদায়ক মুখরূপ চন্দ্র ধারণ
করিতেছেন), নাসালিনী-লাঙ্গিনী ([যিনি আমার]
নাসারূপা ভ্রমরীর আনন্দদায়িনী কমলিনীস্বরূপা),
জিহ্বাকোকিলিকা-রসালদধরা ([যিনি আমার]
জিহ্বারূপা কোকিলার সম্বন্ধে আম্রমুকুলের ন্যায় অধরযুক্তা),
কর্ণৈণহারিশিঞ্জিতা ([যাঁহার] ভূষণধ্বনি আমার
কর্ণরূপ হরিণকে আকুল করে), দেহানঙ্গ-দবার্ত-
বারণ-সুধা-স্রোতস্বতী-মূর্তিকা ([এবং যিনি] কন্দর্প-
রূপ দাবানলে পীড়িত মদীয় দেহরূপ মাতঙ্গের পক্ষে
মূর্তিমতী অমৃততরঙ্গিণী-স্বরূপা), ইয়ং সা দয়িতা

এষ (ইনি সেই প্রিয়ঃ [আমার] শ্রীরাধার) উদিতঃ ([এস্থানে]
উপস্থিত হইয়াছেন; [অতএব]) মদ্‌ভাগ্য-কল্পদ্রুমঃ
(আমার সৌভাগ্য কল্পতরু [সম্প্রতি]) ফলিতবান্?
(সফল হইল?)॥ ১১০॥

১১১॥ [শ্রীরাধার সংশয়োক্তি] তাপিঞ্ছঃ কিং ([ইনি] কি তমালতরু)? ২
জলধরঃ কিম্নু (অথবা, নবীন জলধর)? ৩ ঐন্দ্রনীলঃ কন্দলঃ
বা (কিম্বা ইন্দ্রনীলমণির অঙ্কুর)? ৪ অঞ্জনশিখরিণঃ
সানুঃ বা কিং (অথবা, অঞ্জন-পর্বতের সানুদেশ)? ৫
ক্ষীবভৃঙ্গব্রজঃ নু (কিম্বা, মত্ত ভ্রমরপুঞ্জ)? ৬ কৃষ্ণাম্বুরঃ
কিমুত (অথবা যমুনার জলপ্রবাহ)? ৭ ইন্দীবরাণাং
নিচয়ঃ কিংস্বিৎ (কিম্বা, নীলপদ্মরাজি)? ৮ ব্রজসুদৃশাং
পুঞ্জীভূতঃ অপাঙ্গাবলোকঃ কিং নু (অথবা ব্রজ-
সুলোচনাগণের পুঞ্জীভূত কটাক্ষপাত)? ৯॥ ১১১॥

১১২॥ অয়ং কিং কন্দর্পঃ (ইনি কি কন্দর্প)? ১ সঃ অতনু
যিতনুঃ ([না,] কন্দর্পের ত' শরীর নাই)? রসরাট্,
কিং নু (তবে কি শৃঙ্গার [রসরাজ])? ২ সঃ ধর্মী নো
(শৃঙ্গাররস [ত' ধর্মী অর্থাৎ] গুণবান্ নহে, [পরন্তু গুণমাত্র, আর ইনি যে
গুণবান্]); অমৃতরসনিধিঃ কিং বা (তাহা হইলে
[ইনি] কি অমৃতরসের সাগর)? ৩ সঃ অতিবিততঃ

([না,] তাহা সে অতিবিস্মৃত); উৎফুল্ল প্রেম অমরতরুবর:
কিং (তবে কি উৎফুল্ল প্রেমোৎফুল্ল কল্পতরু)? = স: অপি চর: ন
([না,] কল্পতরু ত' চর অর্থাৎ জঙ্গম নহে); স: অসৌ মৎ-
প্রেয়ান্ বা (তাহা হইলে কি আমার সেই প্রিয়তমই
আমার বিলাস করিতেছেন)? = মম তথা ভাগ্যং (আমার
([তাহা ত সম্ভব নহে; কারণ] আমার সেরূপ ভাগ্য
কোথায়)? ॥১১২॥

১১৩। সখি (হে সখি বিলাসিনি! বিলাসিনি!) নেত্রভৃঙ্গারবিন্দং
([আমার] নয়নরূপ ভ্রমরের পদ্মস্বরূপ) স: কান্ত:
(সেই প্রিয়তমই) অয়ং (এইরূপে) পুরত: (সম্মুখে)
স্ফুরতি (প্রকাশ পাইতেছেন)? কিংবা অহং (অথবা,
আমি) ভ্রান্তা অস্মি (ভ্রান্তা হইয়াছি) ইতি (ইহা)
সত্যং ব্রূহি (সত্য করিয়া বল)? অসৌ ইত্থং পৃষ্টা
(এরূপ জিজ্ঞাসা করিলে বিলাসী) পুলকিত-তনুং
(পুলকিতদেহা), গদ্গদারুদ্ধকণ্ঠীং (গদ্গদস্বরে
রুদ্ধকণ্ঠী [-ং]) আলীহাসৈ: (সখীগণের হাস্যহেতু)
চপলনয়নাং (চঞ্চলনয়না) তাং (সেই শ্রীরাধাকে)
মুদা (হর্ষসহকারে) অবাদীৎ (এইরূপ বলিলেন)॥১১৩॥

১১৪। সুমুখি সখি! (হে সুন্দরি সখি!) য: (যিনি) তব
(তোমার) অলিকে (ললাটের) কস্তূর্যা: (কস্তূরী-রচিত)
সাতিলকং ([illegible] তিলক), উরোজ-যুগ্মে (স্তনযুগলের)

চিত্রং (চিত্র), চিবুকে (চিবুকদেশের) বিন্দুঃ (বিন্দু),
নেত্রযুগ্মে (নয়নযুগলের [কোণে]) অঞ্জনশ্রীঃ (অঞ্জনরাগ),
শ্রবসোঃ কুণ্ডলে চ (কর্ণযুগলের ও কেশরাজির) ইন্দীবর-
বিরচিতঃ (নীলোৎপলবিরচিত) অবতংসঃ (ভূষণ),
(তোমার) ভাগ্যরাশিঃ (সৌভাগ্যরাশিস্বরূপ) সঃ
কান্তঃ (সেই প্রিয়তমই) স্ফুরতি ([সম্মুখে] বিরাজ
করিতেছেন); অমুং ব্রজ ([তুমি] তাঁহার নিকটে
যাও) ॥১১৪॥

১১৫। ইত্থং (এইরূপে) মিথো দর্শনতঃ (পরস্পরের দর্শন-
ফলে) বিশুদ্ধ-প্রেম-স্বভাবোদগত-ভাববৃন্দৈঃ
(বিশুদ্ধ প্রেমের স্বভাবহেতু সমুদ্গত ভাবরাশির
প্রভাবে) বিক্ষুব্ধ-সোল্লাসমনস্তনূ (চিত্তে ও শরীরের
বিক্ষোভ ও উল্লাসের উদ্রেকে) তৌ (তাঁহারা উভয়েই)
ক্ষণং (ক্ষণকাল) কাঞ্চিৎ প্রবৃত্তিং (কোনরূপ চেষ্টা)
ন যযতুঃ (প্রকাশ করিতে পারিলেন না) ॥১১৫॥

১১৬। শ্রীচৈতন্য-পদারবিন্দ-মধুপ-শ্রীরামসেবাফলে
(যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ

শ্রীমদ্রূপগোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত হইয়াছে), শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে (পরমবৈরাগ্যিক সুবিদ্বান্ শ্রীমদ্রঘুনাথদাসগোস্বামিপাদ যাহার বিষয়ে উপদেশ করিয়াছেন), শ্রীজীবসঙ্গোদ্গতে (শ্রীজীবগোস্বামিপাদের সঙ্গপ্রভাবে যাহার উদ্ভব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরজে (শ্রীমদ্রঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরে বা অনুগ্রহফলে যাহার রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃতনামক সেই মহাকাব্যের অন্তর্গত), মধ্যাহ্নলীলানুগঃ (মধ্যাহ্নলীলাবিষয়ক) অয়ং (এই) অষ্টমঃ সর্গঃ (অষ্টম সর্গ) সাম্প্রতং (সম্প্রতি) অগমৎ (সমাপ্ত হইল)॥ ৮॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে মধ্যাহ্নলীলা-
বিষয়ক অষ্টম সর্গের অন্বয়মুখে বঙ্গানুবাদ
সমাপ্ত।

প্রেমের আনন্দ থাকে
শুধু স্বল্পক্ষণ।
প্রেমের বেদনা থাকে সমস্ত জীবন ॥

ROUTINE

Days	1st. Hour	2nd. Hour	3rd. Hour	4th. Hour	5th. Hour	6th. Hour	7th. Hour
Monday							
Tuesday							
Wednesday							
Thursday							
Friday							
Saturday							

লাজুক ছায়া বনের তলে,
আলোরে ভাল বাসে।
পাতা সে কথা ফুলেরে বলে,
ফুল তা শুনে হাসে ॥
রবীন্দ্রনাথ।

(৭)

শ্রীগোবিন্দলীলামৃতের
সমূল ও কাব্যানুবাদ

Sulekha

8

মোট ১৯ খানা খাতার মধ্যে
খাতা নং — ৭

~~Out of 19 Khatas~~ Khata no-7

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও বঙ্গানুবাদ

নবম সর্গ

১। অথ (অতঃপর) শিক্ষাগুরুঃ (শিক্ষাগুরু) প্রেমা (প্রেম) বৃন্দাসখীবৃন্দসভাসদগ্রে (বৃন্দা ও অন্যান্য সখীগণরূপ সভাসদ্‌বৃন্দের সম্মুখে) স্বশিষ্যৌ অনয়োঃ তৌ মানসনর্তকৌ (শ্রীরাধাকৃষ্ণের চিত্তযুগলরূপ নিজ-শিষ্য নর্তকদ্বয়কে) তনুনর্তকীভ্যাং (উভয়ের তনুরূপা নর্তকীযুগলের সহিত) নর্তয়িতুং প্রবৃত্তঃ (নৃত্য করাইতে প্রবৃত্ত হইল)॥১॥

২। [তৎকালে] গুরুঃ (গুরু অর্থাৎ প্রেমা) মুদা (হর্ষভরে) স্বশিষ্যৌ (নিজের শিষ্য [illegible]), তয়োঃ তৌ মনোনটৌ (শ্রীরাধাকৃষ্ণের চিত্তরূপী সেই নর্তকদ্বয়কে) চাপল্যৌৎসুক্য-হর্ষাদ্যৈঃ (চাপল্য, ঔৎসুক্য, হর্ষ প্রভৃতি) ভাবালঙ্কৃতৈঃ (ভাবরূপ অলঙ্কারসমূহদ্বারা) অলঞ্চক্রে (অলঙ্কৃত করিয়াছিল)॥২॥

৩। [illegible]ঃ ([অনন্তর] সেই গুরু) শ্রীরাধাতনুনর্তকীং (শ্রীরাধার তনুরূপা নর্তকীকে) স্তম্ভাদ্যৈঃ (স্তম্ভ প্রভৃতি) উদ্ভাস্বরৈঃ (উদ্ভাস্বর) সূদ্দীপ্তৈঃ ([ও] সূদ্দীপ্ত) সাত্ত্বিকৈঃ অপি (সাত্ত্বিকভাবরাজিরূপ) আকল্পৈঃ (বেশসমূহদ্বারা) সমলঙ্কৃত্য (যথাযথভাবে অলঙ্কৃত করিয়া), শোভাদ্যৈঃ (শোভা প্রভৃতি) সপ্তভিঃ

(সপ্তবিধ) অযত্নজৈঃ তু (অযত্নজ), তথা (এবং)
বিলাসাদ্যৈঃ (বিলাসপ্রভৃতি) দশভিঃ (দশবিধ)
স্বভাবজৈঃ (স্বভাবজ), ভাবাদ্যৈঃ (ভাবপ্রভৃতি) ত্রিভিঃ
(ত্রিবিধ) অঙ্গজৈঃ (অঙ্গজাত), তথা (এবং) চকিত-
মৌগ্ধ্যাভ্যাং (চকিত ও মৌগ্ধ্য [এই]) দ্বাবিংশত্যা
(দ্বাবিংশতিপ্রকার) অলঙ্কারৈঃ (অলঙ্কার দ্বারা)
ক্রমেণ (ক্রমশ) তাং (শ্রীরাধিকা সেই তনু নর্তকীকে)
মনোহরং (মনোহর ভাবে) ভূষিতাং নিরমাসীৎ
(বিভূষিত করিয়াছিলেন)।। ৩—৫।।

[অনন্তর সেই প্রেমগুরু] সুনিপুণাং শ্রীকৃষ্ণতনুনর্তকীং
(শ্রীকৃষ্ণের তনুরূপা সুনিপুণা নর্তকীকে) ভাবহাবাদ্যৈঃ
(ভাব, হাব প্রভৃতি) অঙ্গজৈঃ (অঙ্গজ), শোভাদ্যৈঃ তৈঃ
(শোভা প্রভৃতি) অযত্নজৈঃ (অযত্নজ), যথাযোগ্যৈঃ
(যথাযোগ্য) স্বভাবজৈঃ (স্বভাবজ), সুদীপ্তৈঃ
(সুদীপ্ত) সপ্তসাত্ত্বিকৈঃ (সপ্তবিধ সাত্ত্বিক ভাব),
জৃম্ভাদ্যৈঃ (জৃম্ভা প্রভৃতি) উদ্ভাস্বরৈঃ (উদ্ভাস্বর),
—এভিঃ (এই সমুদয়) সদ্ভাবভূষণৈঃ (সদ্ভাবরূপ
ভূষণরাশিদ্বারা) অলঙ্কক্রে (অলঙ্কৃত
করিয়াছিলেন)।। ৬—৭।।

৮। [অনন্তর] দ্বয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের) অঙ্গ-লক্ষ্মী-রঙ্গস্থলয়োঃ
(অঙ্গশোভারূপ রঙ্গক্ষেত্রে) তয়োঃ (পূর্বোক্ত
নর্তকীযুগলের) সুনর্তনং (উত্তম নৃত্য) প্রবৃত্তম্ আসীৎ
(আরম্ভ হইল [এবং]) তৎ দৃষ্ট্বা (তাহা দেখিয়া)
সভাসদঃ (ললিতাপ্রভৃতি সভাসদ্‌গণ) মুদম্ আপুঃ
(পরমানন্দ লাভ করিলেন)॥৮॥
তে নর্তক্যৌ (সেই নর্তকীযুগল)
মিথঃ (পরস্পর) দৃপ্তে দৃপ্তে (দৃপ্তি-ও-গর্বসহকারে)
ক্রমাৎ (ক্রমশঃ) প্রকটিত-কলাকৌশলভরৈঃ (কলা-
কৌশল প্রকাশপূর্বক) নিজ পরস্পরাং (প্রত্যেকেই
নিজ-নিজ-সর্বোত্তম) তান্নিপুণতাং (নৃত্যনৈপুণ্য)
বাঢ়ং (যথার্থরূপে) বিতন্বানে (বিস্তার করিয়া) ননৃততুঃ
(নৃত্য করিতে লাগিল)। অহো (অহো!) যেন
(যে নৃত্যদর্শনে) মুদিতাঃ সভ্যাঃ (সভাসদ্‌গণ সখী
সন্তুষ্ট হইয়া) দ্রুতং (সত্বরই) তাভ্যাং (সেই
নর্তকীযুগলের উদ্দেশ্যে) তনুহৃদয়রত্নানি অপি
(দেহ ও চিত্তরূপ রত্নরাশি) দদুঃ (সমর্পণ
করিয়াছিলেন)॥৯॥
৯। কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) রাধায়াঃ (শ্রীরাধার) তনুনর্তকী-

মধুরিম-ভ্রাজিষ্ণুরঙ্গস্থলে (তনুনর্তকীর মাধুর্যমণ্ডিত রঙ্গস্থলে) স্বীয়শ্রীনয়নদ্বয়োত্তমনটৌ (স্বীয় নয়নযুগল-রূপ উত্তম নর্তকযুগলকে) তথা (এইরূপ) অনর্তয়ৎ (নৃত্য করাইয়াছিলেন) যেন (যে-নৃত্যহেতু) অসকৌ (শ্রীরাধা) মুদিতা (সন্তুষ্টা হইয়া) শশ্বৎসুমহৈঃ (নিরন্তর কৃষ্ণ-সুখপ্রদায়ক) স্বনয়নপ্রান্তাবলোকোৎপলৈঃ (স্বীয় নয়নকোণের দৃষ্টিরূপ অর্থাৎ অপাঙ্গদৃষ্টিরূপ উৎপল দ্বারা) অমুং (শ্রীকৃষ্ণকে) অবতংসয়ৎ (শোভিত করিলেন [এবং]) পশ্চাৎ (পশ্চাৎ) সভ্যাঃ চ (সভাসদ্‌গণকেও) মুদা (প্রীতির সহিত [এইরূপে অলঙ্কৃতা করিয়াছিলেন])॥১০॥

১১। পুরঃ (সম্মুখভাগে) কৃষ্ণালোকাৎ (শ্রীকৃষ্ণের দর্শনহেতু) অস্যাঃ (শ্রীরাধার) গতিঃ (গতি) স্খলিতকুটিলা অভূৎ (স্খলিত ও কুটিল ভঙ্গীযুক্ত হইয়াছিল); শ্রীমুখম্ অপি (তদীয় বদনমণ্ডলও) তিরশ্চীনং (তির্যগ্‌-ভাবাপন্ন [হইল]) কৃষ্ণাম্বরদরবৃতং (নীলবস্ত্রে ঈষৎ আবৃত [হইয়াছিল]); নয়নযুগং ([এইরূপ তাঁহার] নয়নযুগলও) চলতারং (চঞ্চল তারকাযুক্ত), স্মেরং (বিস্মিত [ও]) আভুগ্নং (ঈষৎ কুটিলতাযুক্ত [হইল]) ইতি

(এইরূপে) যা (তিনি) প্রিয়মুদে (প্রিয়তম শ্রীকৃষ্ণের
প্রীতিবর্ধনের নিমিত্ত) বিলাসাস্য-স্বালঙ্করণ-চলিতা
আসীৎ (বিলাসাত্মক স্বীয় অলঙ্কার দ্বারা
শোভিতা হইলেন)॥ ১১॥

তদা (তৎকালে) যা (শ্রীরাধা) সখ্যা ইব উৎসুক-
তয়া (সখীতুল্যা উৎকণ্ঠা কর্তৃক) পুরতঃ (সম্মুখ-
ভাগে), লজ্জয়া (সখীতুল্যা লজ্জা কর্তৃক) পশ্চাৎ (পশ্চাদ্ভাগে),
বামতয়া (বাম্যভাবরূপা সখীকর্তৃক) অনুকূলপ্রণয়তঃ
(কুটিল প্রণয়হেতু) মধ্যে (বামভাগে) স্বগেহা-
ধ্বনি (নিজ-গৃহের পথের দিকে ক্রমশঃ) যা
(তিনি) প্রবলয়া (প্রবলা) অবহিত্থয়া (ভাব-
গোপনরূপা সখীকর্তৃক) পুষ্পাবচিত্যৈ
(পুষ্পচয়নের নিমিত্ত) বলাৎ (বলপূর্বক) অপসব্যে
অসি (দক্ষিণ দিকে) আকৃষ্টা (আকৃষ্টা হইলেন),
যা (তিনি) ইত্থং (এইরূপে) ভাবচয়োদয়াতি-
প্রচলিতা (ভাবসমূহের উদয়হেতু চঞ্চলা
হইয়া) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) মুদে আসীৎ
(হর্ষ উৎপাদন করিয়াছিলেন)॥ ১২॥

৪৩। ইত্থং (এইরূপে) যা (শ্রীরাধা) প্রিয়াপ্রে

(প্রিয়তম শ্রীকৃষ্ণের সাক্ষাতে) বলিষ্ঠাভি: মনোবৃত্তিবয়স্যাভি:
(মনোবৃত্তিরূপা বলিষ্ঠা সখীগণকর্তৃক) সমন্তত:
কৃষ্টা (চতুর্দিকে আকৃষ্টা হইয়া) ন নির্যাতা
ন স্থিতা চ (গমন বা অবস্থানরূপ কোন কার্যেই
সমর্থা হইলেন না)॥১৩॥

১৪। হ্রিয়া তির্যগ্‌গ্রীবা ~~লজ্জাবশত: গ্রীবা~~ ([তৎকালে
তিনি] লজ্জাবশত: বক্রভাবে গ্রীবাবিন্যাস করিলেন),
চরণ-কটি-ভঙ্গীসুমধুরা (চরণযুগল ও কটিদেশের
সুচারু ভঙ্গী প্রকাশ করিলেন); চলাচ্চিল্লীবল্লী-
দলিত-রতিনাথোর্জিত-ধনু: (তাঁহার চঞ্চল ভ্রূলতা-
দ্বারা কন্দর্পের উৎকট ধনুকও পরাভূত হইয়াছিল);
প্রিয়প্রেমোল্লাসোল্লসিত-ললিতা-লালিততনু:
(প্রিয়তম শ্রীকৃষ্ণের প্রীতিবৃদ্ধিহেতু উল্লাসযুক্ত ললিতাদেবী
তাঁহার শ্রীবিগ্রহের লালন করিয়াছিলেন; [এইরূপে])
সা (তিনি) প্রিয়প্রীত্যৈ: (প্রিয়তমের প্রীতিবর্ধনের
নিমিত্ত) উদিত-ললিতালঙ্কৃতিযুতা (তৎকালোদিত
ললিত-ভাবরূপ অলঙ্কারে বিভূষিতা হইয়াছিলেন)॥১৪॥

১৫। হরিমানসনটবর্যে (শ্রীকৃষ্ণের চিত্তরূপ নটবর)
রাধাতনুনর্তকীগুরৌ: তোমার (শ্রীরাধার অঙ্গরূপা

নর্তকীর গুণদর্শনে সন্তুষ্ট হইয়া) তাং (তাঁহাকে)
পরিরব্ধুং গতবতি (আলিঙ্গন করিবার নিমিত্ত গমন করিলে)
তত্তনুনটী অপি (শ্রীরাধার তনুরূপা নর্তকীও) তদনু-
গতা জাতা (তাঁহার আনুগত্য অর্থাৎ আলিঙ্গন স্বীকার করিয়াছিল)॥১৫॥

প্রিয়ে! (হে প্রিয়তমে!) দ্রুততর-অভিসরণাবেশতঃ
(দ্রুত অভিসারের আগ্রহহেতু) তব (তোমার)
ব্যত্যস্তাকল্পগাত্রী (অঙ্গের বেশভূষার বিপর্যয়
ঘটিয়াছে); এষঃ বেশঃ ([তোমার] এইরূপ বেশ)
মনসঃ অপি ([আমার] চিত্তেরও) চাপল্যং (চাঞ্চল্য)
প্রথয়তি (বিস্তার করিতেছে); এহি (এস), অমুং
সংস্করোমি ([আমি] যথাযথভাবে বেশবিন্যাস
করিয়া দিতেছি), ইত্থং স্পর্শোৎসুক-স্বপ্রিয়-
পরিহাসিতা ([শ্রীরাধা] এইরূপে নিজ-অঙ্গ-
স্পর্শের নিমিত্ত পরমোৎসুক শ্রীকৃষ্ণের পরিহাসবচনে)
অবনতমুখী (মুখ অবনত করিয়া) সভ্রূচঞ্চল-
লোলাক্ষী (সভ্রূভঙ্গিসহকারে নয়নযুগলে চাঞ্চল্য
প্রকাশ করায়) বিভ্রমালঙ্কৃতি-রুচিরতনুঃ (বিভ্রম-
রূপ অলঙ্কারদ্বারা অঙ্গের মনোহর শোভা ধারণ-
পূর্বক) তস্য (শ্রীকৃষ্ণের) তুষ্টিং ব্যতানীৎ (পরম সন্তোষ
বিস্তার করিয়াছিলেন)॥১৬॥

১৭।। সা ([তখন] শ্রীরাধা) হ্রিয়া (লজ্জা), ভিয়া (ভয়), বামতয়া (বাম্যভাব [ও]) অবহিত্থয়া (অবহিত্থা অর্থাৎ ভাব-গোপনদ্বারা) কৃতাবকুণ্ঠা (অকুণ্ঠা হইয়া) কুসুমগ্রহায় (পুষ্পসংগ্রহের নিমিত্ত) তির্যক্‌চলন্তী (বক্রভাবে গমন করিতে আরম্ভ করিয়া) উৎসুকচেতসা (উৎসুকচিত্ত) হরিণা (শ্রীকৃষ্ণকর্তৃক) পুনঃ নিরুদ্ধা (সম্মুখভাগে অবরুদ্ধা হইয়া) মুমদে চুকোপ চ ([অন্তরে] হর্ষ ও [বাহিরে] ক্রোধ অর্থাৎ কুট্টমিতভাব প্রকাশ করিতে লাগিলেন) ॥১৭॥

১৮।। [তৎকালে] অসৌ (শ্রীকৃষ্ণ), বাঞ্ছাকুলিতারুণাঞ্চল-চলন্নেত্রং (বাঞ্ছাকুল ও প্রান্তভাগে রক্তবর্ণ চঞ্চল নয়ন বিশিষ্ট), রসোল্লাসিতং (রসের উল্লাসযুক্ত), হেলোল্লাসচলাধরং (হেলাভরে চঞ্চল অধরশালী), কুটিলিতভ্রূযুগ্মং (ভ্রূযুগলের কৌটিল্য-শোভিত), উদ্যৎস্মিতং (মৃদুহাস্যান্বিত), কিলকিঞ্চিতাঞ্চিতং (বিভিন্ন ভাব-বিভূষিত), কান্তায়াঃ আননং (শ্রীরাধার বদনমণ্ডল) বীক্ষ্য (দর্শনপূর্বক) সঙ্গমাৎ (সঙ্গম অপেক্ষাও) কোটিগুণিতং (কোটিগুণযুক্ত) তম্ (এরূপ) আনন্দং (আনন্দ) অবাপ (লাভ

করিলেন) সঃ (যাহা) গীর্গোচরঃ (বাক্যের গোচর) ন অভূৎ (হয় নাই অর্থাৎ অনির্বচনীয় হইয়াছিল) ॥ ১৮ ॥

১৯। অথ (অতঃপর) সা (শ্রীরাধা) মুকুলাকুলাৎ (মুকুল-শোভিতা) সবিধস্থ-কেশরশাখাৎ অনু (সমীপস্থিত নাগকেশর বৃক্ষের শাখা লক্ষ্য করিয়া) কুসুমাদান-মিষাৎ (পুষ্পগ্রহণের ছলে) অতিসম্ভ্রমতঃ (অতিশয় আগ্রহের সহিত) স্বদোর্লতাং (স্বীয় বাহুলতা) উদক্ষিপৎ (উত্তোলন করিলেন) ॥ ১৯ ॥

২০। তদা (তৎকালে) উৎকলিকাযুজোঃ ([বৃক্ষপক্ষে] উদ্গমকলিকাযুক্ত, [শ্রীকৃষ্ণপক্ষে] উৎকণ্ঠাযুক্ত), তয়োঃ পুন্নাগয়োঃ (সেই পুন্নাগযুগলের [অর্থাৎ নাগকেশর-বৃক্ষের ও পুরুষশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের মধ্যে]) একস্য (একের অর্থাৎ নাগকেশর বৃক্ষের) তৎস্পর্শমুদা (শ্রীরাধার স্পর্শ-জনিত হর্ষবশতঃ [এবং]) পরস্য (অপরের অর্থাৎ শ্রীকৃষ্ণের) তদ্দোর্মূল-সন্দর্শনজ-প্রমোদতঃ (তদীয় বাহুমূলের দর্শন-জনিত পরমানন্দবশতঃ) যুগপৎ (এককালেই) অদ্ভুতা (অতি বিচিত্র ভাবে) উৎফুল্লতা আসীৎ (প্রফুল্ল ভাবের উদয় হইয়াছিল) ॥ ২০ ॥

২১। [এই সময়ে] সঃ (শ্রীকৃষ্ণ) নিকুঞ্জশয্যায় (স্বয়ং জয়লাভের

নিমিত্ত), তারুণ্য-ভট্ট-গুরুত: (কৈশোর রূপ ভট্টাচার্য্য
গুরুমহাশয়ের নিকট হইতে) অধীত কাম-ন্যায়াদি-
শাস্ত্রচয়য়া (কাম-ন্যায়াদি শাস্ত্রের অধ্যয়নকারিণী),
সতীর্থ্যয়া অপি (ও সতীর্থা অর্থাৎ একইগুরুর শিষ্যা),
তয়া (শ্রীরাধার সহিত) উদগূরণাৎ (বিবাদে প্রবৃত্ত
হইয়াছিলেন; [বস্তুত:]) তৎ (তাহা) চিত্রং ন (আশ্চর্য্য
নহে); হি (যেহেতু) নৈয়ায়িক: (নৈয়ায়িক ব্যক্তি)
গুরুনা অপি (গুরুর সহিতও) বিবাদম্ ইচ্ছেৎ (বিবাদ
করিতে ইচ্ছা করেন)॥ ২৩॥

২৪। [শ্রীকৃষ্ণ বলিলেন,] ইয়ং কা (এ কে) মে (আমার)
কুসুমং (পুষ্প) চিনোতি (চয়ন করিতেছে)? [শ্রীরাধা
বলিলেন] কা অপি ন হি (অন্য কেহ নহে);
এষা অহং অস্মি (এই আমি চয়ন করিতেছি); ত্বং তু কা? (কিন্তু [শ্রীকৃষ্ণ
বলিলেন] তুমি কে)? মাং ন জানাসি? ([শ্রীরাধা
বলিলেন] আমাকে জান না কি?) ([শ্রীকৃষ্ণ বলিলেন])
ন বেদ্মি (জানি না); [শ্রীরাধা বলিলেন]) তৎ (তাহা
হইলে) ইত: (এখান হইতে) গচ্ছ (চলিয়া যাও);
[শ্রীকৃষ্ণ বলিলেন]) অহং (আমি) পুষ্পপ: অস্মি
(পুষ্পপ অর্থাৎ পুষ্পরক্ষক হই, [অতএব]) ক্ব

(সকলেরই কামস্বার্থ); বয়ং ([আর] আমরা) মিত্রপূজাসু (মিত্রের অর্থাৎ সূর্যের, অর্থান্তরে সুহৃৎস্বরূপ তোমার পূজার নিমিত্ত) উৎকণ্ঠিতা: (উৎকণ্ঠিত হইয়াছি; [পরন্তু]) এষ: (এই) পুন্নাগ: (নাগকেশর বৃক্ষ, অর্থান্তরে পুরুষোত্তম তুমি) বিকচ: অপি (প্রফুল্ল হইলেও) মালতীনাং (মালতীপুষ্পসমূহের, অর্থান্তরে মালতীসদৃশী যা আমাদের) সংজ্ঞাং (সংজ্ঞা) ন অবৈতি (অবগত নহে; তবে বলি, [হে সুন্দরি! তুমি]) ইত্থম্ (এইরূপ অভিপ্রায়ই) ওষ্ঠ্যাদি-বর্ণপদচালনয়া (ওষ্ঠ্য অর্থাৎ ওষ্ঠোচ্চারণযোগ্য প-বর্গের বর্ণসমূহের আদিবর্ণযুক্ত 'পুন্নাগ' 'পূজা' ইত্যাদি পদের চালনে অর্থাৎ উচ্চারণ-দ্বারা, কিংবা, ওষ্ঠ্য অর্থাৎ ওষ্ঠ, আদিশব্দে দন্ত, ইহাদের বর্ণ অর্থাৎ রক্ত ও শুক্ল এবং পদ অর্থাৎ চরণযুগল — ইহাদের চালনদ্বারা অর্থাৎ হাস্যছলে কথাচ্ছলে ওষ্ঠ, দন্ত ও তদ্গত বর্ণ-বিকাশ এবং পুষ্পচয়নছলে পদচালনদ্বারা) আখ্যা (প্রকাশ করিতেছ) ইতি মন্যে ([ইহাই আমি] মনে করি) ॥২৪॥

২৫ সুমুখি! (হে সুন্দরি! [তুমি]) সুখাঃ অপি

(মূর্চ্ছা হইয়াছ); কিমাপি (কোন বিষয়ে) ন বেদ্মি (জানি না); অবধেহি (মনোযোগপূর্বক শোন), বচ্মি— (বলিতেছি—); অয়ং (এই) পুরুষোত্তমঃ (পুন্নাগ বৃক্ষ) সমালতীচয়বৃতঃ (উত্তম মালতী সমূহ দ্বারা পরিবৃত হইয়াও) দিষ্ট্যা (ভাগ্যবশতঃ) কদাপি (কখনও) প্রত্যনুকূলপূর্বৈঃ (প্রতিকূল বা অনুকূল) অনিলৈঃ (বায়ুবেগে) তাভিঃ (মালতীগণের সহিত) ন যুনক্তি (মিলিত হয় না), চ (অথবা কখনও) যুনক্তি (মিলিত হয়)॥ ২৫॥

২৬। স্মরচক্রবর্তী (কন্দর্প চক্রবর্তী) বনস্য (এই বনের) স্বামী (অধিপতিরূপে) বিদিতঃ (বিখ্যাত), তেন (তিনি) মুদা (প্রীতিসহকারে) ময়ি (আমার প্রতি) বিপিনাবকত্বং (বনরক্ষার অধিকার) অর্পিতং (অর্পণ করিয়াছেন); তস্য (সেই বনরক্ষক) মম (আমার) অগ্রতঃ (সম্মুখেই [তুমি]) কস্য (কাহার) গর্বাৎ (গর্বে) বিলুণ্ঠসি (লুণ্ঠনকার্যে প্রবৃত্ত হইয়াছ, [আমি তোমার]) ইদং (সেই) তরুণত্বরত্নঘটযুগং (যৌবনরত্নের আধারস্বরূপ অর্থাৎ কুচদ্বয় ঘট দুইটি) হরামি (হরণ করিতেছি)॥ ২৬॥

২৭| ত্বাং প্রার্থয়েৎ (তোমার নিকট প্রার্থনা করিয়াছে) তৎ
(পুষ্প) বিচিনুয়াম্? (চয়ন করিতেছি?) ইতি কিং ব্রবীমি
(ইহা কীরূপে বলিতে পারি? [যেহেতু আমি]) কদা
অপি (কখনও) ললনাং (স্ত্রীলোককে) ন ঐক্ষে (দর্শনই
করিলাম), কিমু সংলপামি? ([তোমার সহিত] কীরূপে
আলাপ করিব)? রহঃ (নির্জনে)
যুবতিদর্শনতঃ (যুবতীর দর্শন লাভ ঘটিলে) যূনাং
(যুবকগণের) ধৈর্যং ক্ব? (ধৈর্য কোথায় থাকে?)
ইতি কিং আখ্যে (ইহাও বা কীরূপে বলিতে পারি?
[কেননা আমি]) সদা (সর্বদা) সখীভিঃ (সহচর-
গণকর্তৃক) পরীতঃ অস্মি (পরিবৃত রহিয়াছি) ॥ ২৭ ॥

২৮| ত্বং (তুমি) একা (একাকিনীও) ন অসি (নহ, [পরন্তু])
নিত্যং (সর্বদা) অবয়বাভিধ-চৌরলক্ষৈঃ বৃতা (স্বীয় অবয়ব-
সমূহরূপ লক্ষ চোরদ্বারা পরিবৃতা [এবং]) স্বসদৃশালি-
চয়ান্বিতা চ (আত্মতুল্য সখীগণের সহিত মিলিতা
হইয়াছ) রাজন্বতঃ (রাজযুক্ত অর্থাৎ কন্দর্পনামক
মহারাজের অধীন) জনপদস্য (এই জনপদের) পরাং
বিভূতিং (পরম সম্পদ) মুষ্ণাসি (হরণ করিতেছ!
[অতএব তোমার অপরাধে]) ময়ি (আমার উপর)

অমুষ্য (সেই চৌর্যের) রাজদণ্ডঃ (রাজদণ্ড) নিপতেৎ
(পতিত হইবে)॥ ২৮॥

২৯। অমুষ্মাৎ (এই) বনাৎ (বন হইতে [আমরা]) নিত্যং
(সর্বদাই) কুসুমানি (পুষ্প) বিচিনুমঃ (চয়ন করিতেছি;
[কিন্তু]) কদা অপি (কখনও) ইহ (এখানে) ভবান্
(তোমাকে) রক্ষকঃ ন দৃষ্টঃ (রক্ষকরূপে দেখি নাই);
কিং (কিম্বা) স্মরচক্রবর্তী (কন্দর্পচক্রবর্তীর নাম) স্বপ্নে অপি
(স্বপ্নেও) ন শ্রুতচরঃ (ইতঃপূর্বে শুনি নাই); তৎ (সেইহেতু)
বৃথা কিং প্রলপসি? (বৃথা প্রলাপ করিতেছ কেন?) ইতি
(ইহা [তুমি]) সত্যম্ আত্থ কিম্? (সত্যই বলিতেছ কি?)॥২৯॥

৩০। আবয়োঃ (আমি ও কন্দর্পচক্রবর্তী—এই উভয়ের) প্রতাপ-
বলতঃ (প্রতাপ প্রভাবে) বনং ([এই] বন) গুপ্তং (রক্ষিত
হইতেছে); এষঃ কঃ জনঃ (এমন কে আছে যে,) তৎ বিশতাৎ
(তন্মধ্যে প্রবেশ করিবে)? ইতি গর্বিতেন (এইরূপ
গর্বহেতু) গোচারণব্যসনিনা (গোচারণে একান্ত
প্রমত্ত হইয়া) ময়া (আমি) অতিযত্নাৎ ন
অনুবীক্ষিতং (ইহার প্রতি যত্নপূর্বক দৃষ্টিপাত করি
নাই, অর্থাৎ করিতে পারি নাই বলিয়াই) ত্বয়া (তুমি) এতৎ (ইহার) স্তবকীনং
বিহিতং (সর্বস্ব হরণ করিয়াছ)॥ ৩০॥

৩১। অদ্য (অদ্য) দিষ্ট্যা (ভাগ্যক্রমে) ময়া (আমি) গুপ্তেন (গুপ্তভাবে অনুসন্ধানপূর্ব্বক) অত্র (এস্থানে) স [ত্বং] বিধৃতো অসি (সেই তোমাকে ধরিতে পারিয়াছি, [অতএব]) পূর্ব্বং (প্রথমতঃ) ইহ (এস্থানে) রাজকৃতে (রাজার নিমিত্ত) ত্বদ্দণ্ডং সন্দত্ত্য (তোমার অর্থদণ্ড করিয়া) পুনঃ (পুনরায়) স্বার্থং ([তোমা কর্ত্তৃক অপহৃত] আমার ধনের [পুনরুদ্ধার দ্বারা প্রাপ্তি দণ্ডপ্রদান পূর্ব্বক]) যদা (যখন) গণযুতা এব (নিজ-গণের সহিতই) ত্বং (তোমাকে) রাজ্ঞে (কন্দর্প-রাজের নিকট) অর্পয়ে (অর্পণ করিব), তদা (তখন) অশ্রুতচরং (অশ্রুত-পূর্ব্ব) তং অপি (সেই কন্দর্পচক্রবর্তীকেও) ঈক্ষিতাসে (দেখিতে পাইবে)॥৩১॥

৩২। ইহ (এই) সাধনকাননে (সর্ব্বসাধারণের বনমধ্যে) রক্ষকঃ অপি (কোন রক্ষক) ন অস্তি (নাই) ইতি জানন্ নু (ইহা জানিয়াই) ময়া (আমি) অত্র (এস্থানে) তে (তোমার নিকটে) অপরাধঃ কৃতঃ (অপরাধ করিয়াছি, [অতএব]) ভবতা (তুমি) করুণাময়ত্বাৎ (কারুণ্য-বশতঃ) ক্ষন্তব্যঃ এব (ক্ষমাই করিবে), তৎ (এইহেতু) মাং (আমাকে) মুঞ্চ (পরিত্যাগ করিও) ইতি (এইরূপ) কিমু আত্থ (বলিতেছ কেন? [কারণ]) মে (আমার) অত্র (এই বিষয়ে) শক্তিঃ ন (কিছুই করিবার সামর্থ্য নাই)॥৩২॥

৩৩। যত: (যেহেতু) স: নৃপ: (কন্দর্পরাজ) আকুলাভি: (ব্যগ্রতাপন্ন) স্থিরচরাদিভি: (স্থাবর-জঙ্গমাদি) প্রজাভি: (প্রজাগণকর্তৃক) বিজ্ঞাপিতং (বিজ্ঞাপিত) তে (তোমার) অখিলং (সমগ্র) চরিতং (আচরণ) শ্রুত্বা (শ্রবণ করিয়া) রুষা আগ্রহেণ (ক্রুদ্ধচিত্তে আগ্রহসহকারে) ময়ি (আমার প্রতি) শাস্ত্রদণ্ডং (শাস্ত্রোক্ত দণ্ড) বিধায় (বিধানপূর্বক) অশ্রুতচরাং (অশ্রুতপূর্ব অর্থাৎ পূর্বে যাহার কথা শ্রবণ করেন নাই, এবম্বিধা) ত্বাং (তোমাকেই) যাচতে (প্রার্থনা করিতেছেন) ॥৩৩॥

৩৪। 'যোজনচতুষ্টয়ং (চারিযোজনপরিমিত) অরণ্যং হি (এই অরণ্যই) রাজ্যং (রাজ্য) ইতি (ইহা) জাতং ([আমরা] জ্ঞাত আছি); অত্র (এখানে) নৃপ: অপি (রাজাও) অতনু: (তনুহীন, অর্থান্তরে মহেশ), তৃণাদি বিত্তং (তৃণাদিই সম্পদ; [কিন্তু]) তা: প্রজা: কা:? ([তুমি যে প্রজাগণের কথা বলিতেছ], সেই প্রজাগণ কে? [যদি]) ইতি (এরূপ) বদাসি (বল, [তবে বলি]) অবধেহি (শ্রবণ কর); যা: সমস্তজগতাং উপজীব্যলক্ষ্মী: (যাঁহাদের সম্পদ নিখিল জগতের জীবনরক্ষার উপযোগী), তা: সাধব: (সেই উত্তম বস্তুসমূহই প্রজাস্বরূপ) ॥৩৪॥

[হে সুন্দরি !] কিশলয়নলিনাদর্শ-মত্তেভ-হংসা: (নবীন পল্লব, পদ্ম, দর্পণ, মত্ত হস্তী, হংস), করভ-কনক-রম্ভাসম্পুটী-হস্তিহস্তা: (করিশাবক, কনক-কদলী, কনক সম্পুট [কৌটা], করি শুণ্ড), স্মররথপদ-কূলাকূল-সদ্‌বেদি-সিংহা: (কন্দর্পের রথচক্র, যমুনা কূল, উত্তম বেদি, সিংহ), অমৃতহ্রদ-ভুজঙ্গী-পর্ণ-কামাসনানি (অমৃতহ্রদ, ভুজঙ্গী, অশ্বত্থপত্র, কন্দর্পের আসন), কমল-মুকুল-তাল-শ্রীফলেভেন্দ্রকুম্ভা: (পদ্মকলিকা, তাল, বিল্বফল, করিকুম্ভ), বিস-স্মরমিত পাশাশোক-সৎপল্লবাশ্চ (মৃণাল, কন্দর্পের পাশ, অশোকবৃক্ষের উত্তম পল্লব), রতিপতিবরশক্তি-ব্রাত-সদ্‌গন্ধফল্য: (কন্দর্পের উত্তম শক্তিনামক অস্ত্রস্বরূপ উত্তম চম্পককলিকা), তড়িদলিচয়মুক্তাহারজাম্বূনদাদ্যা: (বিদ্যুৎ, ভ্রমর বৃন্দ, মুক্তাহার, সুবর্ণ প্রভৃতি), শুক-পিক-শিখি-ভৃঙ্গী-কুন্দ-বন্ধূকোৎপলাদ্যা: (শুক, কোকিল, ময়ূর, ভৃঙ্গী, কুন্দ পুষ্প, বন্ধূকোৎপল প্রভৃতি), শফর-মৃগ-চকোরী-খঞ্জনেন্দীবরাণি (শফর-মৎস্য, হরিণ, চকোরী, খঞ্জন, নীলকমল), স্মরশরখরচাপ-জ্যা-লতা-বন্ধুজীবা: (কন্দর্পের তীক্ষ্ণ বাণ, ইন্দু:, ইন্দুর গুণ

দ্বয়ের, হস্তকর্তৃক মৃণালের ও কন্দর্পের পাশের, করতল-
কর্তৃক অশোকফুলের স্তবকের, অঙ্গুলীদলকর্তৃক কন্দর্পের
পঞ্চশায়ক অস্ত্ররূপিণী চম্পককলিকার, চিবুকের
নিম্নভাগের কান্তিকর্তৃক বিদ্যুতের, অলকগুচ্ছকর্তৃক
ভ্রমরশ্রেণীর, দন্তরাজিকর্তৃক মুক্তাহারের, অঙ্গকান্তি-
কর্তৃক সুবর্ণাদির, নাসিকাকর্তৃক শুকপক্ষীর, কণ্ঠস্বর-
কর্তৃক কোকিলের, নৃত্যকর্তৃক ময়ূরের, নেত্রচাঞ্চল্য-
কর্তৃক ভ্রমরীর, সূক্ষ্ম দন্তরাজিকর্তৃক কুন্দপুষ্পের,
পদতলকর্তৃক রক্তোৎপল প্রভৃতির, নেত্রকর্তৃক
শফরীর, মৃগের, চকোরীর, খঞ্জনের ও নীলকমলের,
কটাক্ষকর্তৃক কন্দর্পের তীক্ষ্ণ শরের, ভ্রূকর্তৃক তদীয়
ধনুকের, কর্ণমূলকর্তৃক ধনুর গুণের, ওষ্ঠকর্তৃক
জবা-ও-বাঁধুলী-পুষ্পের, দন্তরাজি-কর্তৃক পক্ক দাড়িম্ব-
বীজের ম্লানির, কণ্ঠকর্তৃক শঙ্খের, কেশরাশি-
কর্তৃক চমরীর, ত্রিবলীকর্তৃক যমুনার তরঙ্গলহরীর
যথাক্রমে সমস্ত রাশির অপহরণের উপমা
হইয়াছে]) ॥৩৫—৩৮॥

৩৯॥ [অন্বয়] সা (শ্রীরাধা) কর্ণামৃতং
(কর্ণযুগলের পক্ষে অমৃততুল্য সুমঙ্গলক), ইতি

তদুদিতনর্ম (শ্রীকৃষ্ণের তাদৃশ পরিহাস-বচন) আকর্ণ্য (শ্রবণ করিয়া) অলম্ (সতত) অভ্যুদিত-তনুবিকারান্ (প্রকাশিত দৈহিক বিকারসমূহকে) যত্নাৎ (যত্নসহকারে) আবৃত্য (সম্বরণপূর্বক), "কা: (কোন নারী) কামিন: (কামুক ব্যক্তির) ইদং (এইরূপ) অসত্যং লপনং (মিথ্যা বাক্যকে) স্বকর্ণে (নিজ কর্ণে) বিদধাতি (স্থান দান করে)? তৎ (অতএব [আমি]) ইত: (এস্থান হইতে) যামি (চলিয়া যাইতেছি)" ইতি নীচৈ: বদন্তী (অনুচ্চস্বরে এইরূপ বলিতে বলিতে [এবং]) দয়িতং তম্ অপি (প্রিয়তম শ্রীকৃষ্ণের প্রতিও) সাবজ্ঞদৃষ্ট্যা (অবজ্ঞাযুক্ত নেত্রে) মনাক্ বীক্ষ্য (কিঞ্চিৎ দৃষ্টিপাত করিতে করিতে) মুগ্ধাবিব্বোক-দিগ্ধা (বিব্বোক-নামক বিলাসবিশেষে ভূষিতা হইয়া) অগ্রে চলিতা (অগ্রগামিনী হইলে), "ধূর্তে! (হে ধূর্তে!) ননু মাং ([তুমি] আমাকে) অনাদৃত্য (অনাদরপূর্বক) ভঙ্গ্যা (ভঙ্গী-সহকারে) ক্ব চলসি? (কোথায় যাইতেছ?)" স: হরি: (শ্রীকৃষ্ণ) ইতি বদন্ (এইরূপ বলিতে বলিতে) তাং (তাঁহার) অংশুকান্তং (বস্ত্রাঞ্চল) দধার (আকর্ষণ করিলেন)॥ ৩৯।৪০॥

৪১। রাধা ([তৎকালে] শ্রীরাধা) তৎস্পর্শং (শ্রীকৃষ্ণের স্পর্শ) অনুভূয় এব (অনুভব করিয়াই) আনন্দোত্থৈঃ (আনন্দ-জনিত) নানাভাবৈঃ (নানা ভাবের প্রভাবে) বিচালিতা (বিচালিতা হইয়া) তির্যগ্‌গ্রীবা (গ্রীবাদেশ বক্র করিয়া) প্রিয়ং (প্রিয়তমের প্রতি) ব্যলোকয়ৎ (দৃষ্টিনিক্ষেপ করিলেন)॥ ৪১॥

৪২। [তৎকালে] রাধাদৃষ্টিঃ (শ্রীরাধার দৃষ্টি) তারানর্তন-সূচিতাত্যবজ্ঞাতিঃ (তারকাযুগলের নৃত্যভঙ্গীদ্বারা অবজ্ঞা-প্রকাশপূর্বক) স্মেরা (ঈষৎ বিকশিত হইয়া) তৃষিতা অলিনী ইব (তৃষ্ণার্তা ভ্রমরীর ন্যায়) তদাস্যাম্বুজং (শ্রীকৃষ্ণের মুখপদ্মের দিকে) ধাবন্তী (ধাবিত হইল; [অতঃপর উহা]) কুটিলপ্রান্তা (কোণ-দ্বয়ে কুটিলতা ধারণ করিয়া) ততঃ (তাঁহার দিক্ হইতে) নিবৃত্তা (নিবৃত্ত হইয়া) কিঞ্চিদ্‌বাষ্পকলাকুলা (বাষ্পকণায় কিঞ্চিৎ আর্দ্র [উহা]) অরুণতয়া স্ফুটা (অরুণভাব ধারণ করিয়াছিল; [অনন্তর উহা]) অক্ষুলোল্লাসিনী (প্রান্তভাগের উল্লাসপূর্বক) প্রিয়ং (প্রিয়তমকে) অপারানন্দবারাংনিধৌ (অসীম আনন্দসাগরে) অমজ্জয়ৎ (নিমজ্জিত করিল)॥ ৪২॥

৪৩। [তৎকালে] সা (শ্রীরাধা) তৎকরধৃতং (শ্রীকৃষ্ণের হস্তধৃত) বসনাঞ্চলং (স্বীয় বস্ত্রাঞ্চল) আকৃষ্য (আকর্ষণপূর্বক) উন্মদাক্ষ্যা (অতিশয় উন্মত্ততাবশে) প্রিয়ং (প্রিয়তম শ্রীকৃষ্ণকে) তির্যগ্‌-দৃগঞ্চল-কলম্ব-শরাবলীভিঃ

(তির্যগ্‌ [বক্র]ভাবে প্রসারিত নয়নকোণের [কটাক্ষরূপ শরের] লেশমাত্র রূপ কন্দর্প শর বর্ষণ-দ্বারা) মুহুঃ (বারম্বার) বিদ্ধং বিদধতী (বিদ্ধ করিতে করিতে) স্মিত-সুধা-শুভমান-নাস্যং (মৃদু হাস্য-শোভিত রমণীয় মুখকমল মণ্ডিত হইয়া) তং প্রতি আহ (শ্রীকৃষ্ণকে প্রত্যুত্তরে বলিতে লাগিলেন) ॥ ৪৩॥

৪৪। "প্রাকৃতে অপ্রাকৃতে বা (প্রাকৃত, কিম্বা অপ্রাকৃত) লোকে (লোকে) মধুর-সরস-রম্যং (মধুর, সরস ও রমণীয়) যৎ যৎ (যে যে) বস্তুজাতং (বস্তুসমুদয়) নিবসতি হি কিল (বর্তমান রহিয়াছে), ত্বং (তুমি) উরু-তনুচৌর্য্যেণ (নিজ-তনুরূপ মহাচৌরী দ্বারা) অস্য (সেই সমুদায়ের) শ্রিয়ং (সৌন্দর্য) হরন্ (অপহরণ করিয়াও) হি (যেহেতু) ইহ (জগতে) স্বয়ং (স্বয়ং) সাধুঃ

অপি (সাধু হইয়াও) তৎ (সেই হেতু) অন্যত্র অপি (অপরের সম্বন্ধেও) চৌর্যাপবাদী (চৌর্যাপবাদ প্রদান করে) ॥ ৪৪ ॥

মম তে (আমার ও তোমার) সাধুত্বে (সাধুতা [ ]) ধার্মিকত্বে চ (ধর্মশীলতা-সম্বন্ধে) কোট্টবীনাং (নগ্না) কুমারীনাং (কুমারীগনের) মূর্ধ্নি (মস্তকে) বদ্ধাঞ্জলি স্তুতিঃ (কৃতাঞ্জলি-সহকারে অনুষ্ঠিত স্তুতিবাদই) সাক্ষিনী ভাতি (সাক্ষীরূপে বিদ্যমান রহিয়াছে) ॥ ৪৫ ॥

৪৬। যৎ (যেহেতু) পারিনয়বিধিযোগ্যানন্ত-কন্যাপূতায়াং (পরিণয়যোগ্যা অসংখ্য কন্যাগনের দ্বারা পরিপূর্ণ) ব্রজভুবি (এই ব্রজধামে) সর্বসদ্গুণাঢ্যঃ (নিখিল-সদ্গুনসমৃদ্ধ) অভিনব-তরুণঃ (নবীন কিশোর বয়স্ক) যুবরাজঃ অপি (যুবরাজ হইয়াও [তুমি]) অপ্রাপ্ত-পানিগ্রহঃ (বিবাহ করো নাই); তৎ উ (সেই হেতু নিশ্চয়ই [তুমি যে]) ধৃতনিয়মঃ (নৈষ্ঠিক) ব্রহ্মচারী অসি (ব্রহ্মচারী হও) ইতি সত্যম্ (ইহা সত্যই বটে) ॥ ৪৬ ॥

৪৭। কিম্বা (অথবা) ত্বয়ি (তোমার মধ্যে) অসাধারণঃ (অসাধারণ রূপে) কাশ্চিৎ (কোন একটি) মহান্

গুণৈঃ (মহাগুণে) ভাতি (প্রকাশ পাইতেছ) মধু আকর্ণ্য (যে-গুণের কথা শ্রবণ করিয়া) ক্বচিৎ (কখনও) বা অপি কন্যা (কোন কন্যাই) ত্বাং (তোমাকে) ন বৃতবতী (পতিরূপে বরণ করে নাই)॥ ৪৭॥

৪৮। মন্যে (আমার মনে হয়, তাই) ততঃ (সেই দুঃখেই) ভবতা (তুমি) তুরঙ্গং ব্রহ্মচর্যকং (কৌটিল্য-ব্রহ্মচর্য) অঙ্গীকৃত্য (অবলম্বনপূর্বক) ব্রজে (ব্রজ-মধ্যে) স্বস্য (নিজের) মৃষা বটুতা (মিথ্যা বটুত্ব অর্থাৎ কপট ব্রহ্মচারিত্ব) খ্যাপিতা (প্রচার করিয়াছ)॥৪৮॥

৪৯। বটুঃ চেৎ ([তুমি] যদি ব্রহ্মচারী হও, [তবে]) পরস্ত্র্যাস্যালোকনে (পরস্ত্রীর মুখদর্শনে) কুতঃ (কীহেতু) কুতুকী (কৌতূহল প্রকাশ কর?) বা (আর) বংশীচৌরীহৃতাভিঃ (বংশী কথা চৌরীকর্তৃক আহৃতা) পরস্ত্রীভিঃ (পর-নারীগণের সহিত) কুতঃ (কীহেতু) রতিঃ (রমণ কর?)॥ ৪৯॥

৫০। তৎ (সেইহেতু) ভবান্ (তুমি) বর্ণিত-সমাপ্তিচ্ছলেন (পূর্বোক্ত ব্রহ্মচর্যের সমাপ্তিচ্ছলে) স্বার্থসার্থকঃ (স্বার্থসাধনে তৎপর হইয়া) কন্যানাং সতীনাং চ

৫৩। ইদং মৎকুণ্ডতীরোদ্ভব কেল্যরণ্যং তু (আমার কুণ্ডের তীরভাগে উদ্ভূত এই ক্রীড়াবন) অস্মদীয়ম্ অসাধারণং (আমার নিজস্ব সম্পদ [এবং]) মদীয়াসিংহাসন-ধাম (আমার সিংহাসনের অধিষ্ঠান-ক্ষেত্র); ইহ তু (এই বনে) কাম-সর্ব-প্রদাখ্যং (কামসর্ব-প্রদ-নামক) কুঞ্জং ভাতি (কুঞ্জ শোভা পাইতেছে)॥ ৫৩॥

৫৪। [এস্থানে] পুংসাম্ অগম্যা (পুরুষগণের প্রবেশের অযোগ্য), কান্তবার্তাসুধাধুক্ নাম্নী ('কান্তবার্তাসুধাধুক্' নামক [মনোজ্ঞ-বার্তাসুধীয় দোহনকারী, অর্থাৎ — কান্ত অর্থাৎ প্রিয়তমের বার্তাসুধার দোহনকারী]), অস্মাকং (আমাদের) ইয়ং (এই) আস্থানী (উপবেশনস্থলী) ভাতি (শোভা পাইতেছে); মদ্বয়স্যাঃ (আমার বয়স্যাগণ) যস্যাং (যেস্থানে) নিষণ্ণাঃ (উপবেশন করিয়া) নিত্যং (সর্বদা) প্রিয়বার্তামৃতানি (প্রিয় অর্থাৎ প্রীতিদায়ক বার্তারূপ অমৃত, অর্থাৎ প্রিয়তমের বার্তামৃত) সংসেবন্তে (আস্বাদন করেন)॥ ৫৪॥

৫৫। বয়ং (আমরা) ইহ (এই বনে) ইন-সেবাবিধয়ে (সূর্য পূজার নিমিত্ত) কুসুমং চিনুমঃ (পুষ্পচয়ন করিতেছি); যূয়ং (তোমরা) রোদ্ধুং কে বা ([জন্যতে] বাধা

দিশায় কে)? ঈক্ষণীবৃত্তি (অলসের দেশে) নিজতাম্বন-
মুক্তঃ ত্বং তুমি (স্বপ্ন আরোপ করিলে) হ্রীপ্রিয়া
অপি (নিজের প্রেয়সী লজ্জাও) মুক্তঃ কিং ([তোমাকে] ত্যাগ
করিয়াছে কি)? ।। ৫৫।।

(৫৬) বটো (হে ব্রহ্মচারিন্ !) অবলা স্বৈরবিহার ধাম্নি
(নারী গণের স্বচ্ছন্দ বিচরণ ক্ষেত্র রূপ) ইহ (এই)
সুখারামে (সুখোদ্যানে) তে (তোমার) কৃত্যং
ন অস্তি ([কোনও] কার্য নাই); সন্ধ্যালয়ম্ভী (সন্ধ্যাপালক-
গণের সঙ্গে) সম্পূর্ন অবন্ ত্বং (তুমি সন্ধ্যাপালন-
রত বলিয়া) তচ্চারণীয় (সন্ধ্যাচারণের নিমিত্ত) শাদ্বলেষু
ব্রজ" (নবীন তৃণযুক্ত তুমি বা সেই স্থানসমূহে গমন কর")।। ৫৬।।

(৫৭) [তৎকালে] হরিচকোরে (শ্রীকৃষ্ণরূপ চকোর), স্মিতরুচি-
শীলিতাৎ (ঈষৎ হাস্যরূপ দীপ্তির সংযোগে সুশীতল,
[অথচ]) চলনয়নকুরঙ্গোৎপ্লাবরম্যাৎ (চঞ্চল
নয়নরূপ হরিণের উল্লম্ফনে রমণীয়), তদ্বক্ত্র-
পীযূষরশ্মেঃ (শ্রীরাধার মুখচন্দ্র হইতে) স্রবন্তীং
(ক্ষরিত) নর্মপীযূষধারাং (উক্ত পরিহাসরূপ সুধা-
ধারা) পিবতি (পান করিতে প্রবৃত্ত হইলে) ইহ
(তথায়) সখীনাং (সখীগণের) দৃক্চকোরীচয়ঃ অপি

(নয়নরূপিণী চকোরীগণও) অতৃপ্যৎ (তৃপ্তিলাভ করিয়াছিল)।। ৫৭।।

৫৮। সা ([এই সময়ে] শ্রীরাধা) তৎস্পর্শভীতা ইব (শ্রীকৃষ্ণের স্পর্শভয়েই যেন) কন্ধরাং (গ্রীবা) বিবৃত্য (বক্র করিয়া) কটাক্ষনীলোৎপলমালয়া (কটাক্ষরূপ নীলোৎপলের মালাদ্বারা) প্রিয়ং (প্রিয়তমকে) ভূষয়ন্তী (অলঙ্কৃত করিতে করিতে), অস্ফুটভর্ৎসনোক্তিকা (অস্ফুট ভর্ৎসনা-সহকারে) সাবজ্ঞং (অবজ্ঞাভরে) লীলয়া (ভঙ্গীর সহিত) অগ্রে অপসসার (সম্মুখভাগে দূরে চলিয়া গেলেন)।। ৫৮।।

৫৯। অথ (অতঃপর) কান্তাতনূচিত্রনর্তকী-লাস্যাবলোকোচ্ছলিতাতিলালসঃ (প্রিয়তমার তনুরূপা বিচিত্রা নর্তকীর নৃত্যদর্শনের নিমিত্ত অতিশয় লালসার উদ্রেকহেতু) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) দ্রুতং (সত্বর) সমেত্য (তাঁহার নিকটে যাইয়া) উচ্চালিতেন অঞ্চলিনা (চঞ্চল হস্তে) অস্যাঃ (তাঁহার) চলকঞ্চুকাঞ্চলং (চঞ্চল কঞ্চুকের (কাঁচুলির বা কঞ্চুলিকার অর্থাৎ জামার) প্রান্তভাগ) দধার (ধারণ করিলেন)।। ৫৯।।

৬০। কাপি ([তৎকালে] শ্রীরাধা) বিভুগ্নীকৃতাচিল্লি-কার্মুকা (ভ্রূযুগলরূপ ধনু বক্র করিয়া) শোণান্তাক্ষিকোণেক্ষণ-

বামাক্ষৈঃ (আরক্ত নয়নকোণের [কটাক্ষপাতের] দৃষ্টরূপ শরসমূহ-দ্বারা) তূর্ণং (সত্বরই) প্রিয়ধৈর্যকঞ্চুকং (প্রিয়তমের ধৈর্যরূপ কবচ) ছিত্বা (ছেদনপূর্বক) লীলারবিন্দেন (লীলাকমলদ্বারা) তং (তাঁহাকে) মুহুঃ (বারম্বার) অতাড়য়ৎ (তাড়না করিতে লাগিলেন) ॥৬০॥

৬১। তস্য অস্য ([তৎকালে] সেই শ্রীকৃষ্ণের) বিশ্বাশ্রয়ে দেহে অপি (বিশ্বের আশ্রয়স্বরূপ দেহমধ্যেও) অরবিন্দাহতি-জাত-জাতং (সেই লীলাকমলের আঘাতজনিত সুখ) ন মমৌ (অনুরূপ স্থান লাভে সমর্থ হইল না [অপরিমেয় হইল অর্থাৎ]); যস্মাৎ ততঃ ([সেইহেতু] তাঁহার কম্পমান দেহ হইতে) প্রস্বেদ-বাষ্পোৎপুলকচ্ছলেন (ঘর্মজল ও পুলকচ্ছলে) বাহ্যে ([সেই সুখ] শরীরের বাহিরেও) প্রসসার (বিস্তৃত হইয়া পড়িয়াছিল) ॥৬১॥

৬২। তৎস্পর্শসংফুল্লতনোঃ (শ্রীকৃষ্ণের স্পর্শে দেহের প্রফুল্লতাহেতু) নতভ্রুবঃ (সুন্দরী [শ্রীরাধার]) কঞ্চুক-বন্ধবীটিকা নীবী চ (কঞ্চুকবন্ধনরজ্জু ও নীবীবন্ধ) স্বয়ং ছিন্না (স্বয়ংই ছিন্ন হইল); পরং (কিন্তু) স্বেদজলং (ঘর্মজলই) নিতম্বকে (নিতম্বদেশে) চীনং স্খলদন্তরীয়কং (স্খলিত সূক্ষ্ম অর্দ্ধবসনকে) রুরোধ (অবরুদ্ধ করিয়াছিল) ॥৬২॥

৬৩। অথ (অনন্তর) সা (শ্রীরাধা) আলিবর্গাস্মিতলোলনেত্রা (সখীগণের হাস্যহেতু চঞ্চলনেত্রা হইয়া) তৎপাণিরোধাৎ (শ্রীকৃষ্ণের হস্তরোধ হইতে) বসনং (নিজ-বস্ত্রকে) বিমোচ্য (মোচন করিয়া) ততঃ (সেস্থান হইতে) অপসৃত্য (দূরে যাইয়া) দ্রুতনীবিবন্ধে (স্খলিত নীবীর বন্ধন কার্যে) দক্ষহস্তা অপি (সুদক্ষহস্তা হইলেও) বিহস্তা অভবৎ (ব্যস্ত-ব্যাকুলা হইয়া পড়িলেন)।। ৬৩।।

৬৪। তাবৎ (তৎকালে) কৃষ্ণঃ অপি (শ্রীকৃষ্ণও) বরভাক্তি (উত্তমশক্তিশালী [ ]) স্বেদাম্বুভিঃ পূর্ণে (ঘর্মজল-পূর্ণে), তৎস্তনহেমকুম্ভে (তদীয় স্তনরূপ স্বর্ণকুম্ভে) স্মরোৎসবারম্ভমিষেণ (কন্দর্পোৎসব আরম্ভের ছলে) পাণিযুগ অর্পয়িতুং (হস্তার্পণের নিমিত্ত) উৎকঃ (উৎসুক হইয়া) তস্যাঃ (তাঁহার) অন্তিকম্ আপ (নিকটে উপস্থিত হইলেন)।। ৬৪।।

৬৫। কান্তা ([তৎকালে] শ্রীরাধা) কথঞ্চিৎ (কোন প্রকারে) নীবিং (নীবি) বিনিবধ্য (বন্ধন করিয়া) অরুণাঞ্চলেন (প্রান্তভাগে আরক্ত) বামেন নেত্রেণ (বামনেত্রদ্বারা) তং (শ্রীকৃষ্ণকে [ ]) পরেণ (দক্ষিণনেত্রদ্বারা) স্মেরসখীঃ (হাস্যরতা সখীগণের

পাণির প্রতি)} পশ্যন্তী (দৃষ্টিপাত করিতে করিতে) তৎপাণিরোধং প্রতি (শ্রীকৃষ্ণের হস্তনিবারণে) সত্বরা আসীৎ (ত্বরান্বিতা হইয়াছিলেন)॥৬৫॥

সা ([এইরূপ] শ্রীরাধা) প্রণয়সুখজবাম্যোদ্ভ্রান্তা (প্রণয়সুখজনিত বামভাবদ্বারা উদ্ভ্রান্তা [হইয়া]) উৎসুকা অপি (চিত্তে ঔৎসুক্যযুক্তা হইলেও) অনৃজু-নেত্রা (কুটিল দৃষ্টিপাতসহকারে) স্মিতরুদিতবিমিশ্রং (হাস্য ও রোদনমিশ্রিত), গদগদাস্পষ্টবর্ণং (গদগদ অস্পষ্টাক্ষরে) রমণং (প্রিয়তম শ্রীকৃষ্ণকে) ভৎর্সয়ন্তী (ভর্ৎসনা করিতে করিতে) অস্য (তাঁহার) বাঞ্ছা-প্রতিহতিরহিতং (বাঞ্ছাপূর্তির প্রতিকূলে) তৎপাণি-রোধং কৃতবতী (তদীয় হস্তকে নিরোধিকা নিবারণ করিয়াছিলেন)॥৬৬॥

[তৎকালে] সমীরণগত্যা (বায়ুবেগে) সমন্ততঃ (ইতস্ততঃ) চলয়োঃ (চঞ্চল, [অতএব]) কূজন্মদালিব্রজয়োঃ (গুঞ্জনরত ভ্রমরবৃন্দ-শোভিত) অব্জয়োঃ ইব (কমলযুগলের ন্যায়), স্নিগ্ধঃ নিরুদ্ধয়োঃ করয়োঃ (পরস্পরের নিবারিত করযুগলের) চলৎকঙ্কণ-নাদ-মঞ্জুলঃ (চঞ্চল কঙ্কণধ্বনি হেতু শ্রুতিমধুর অর্থাৎ মনোহর) সংঘট্টঃ আসীৎ (সংঘর্ষ উপস্থিত হইয়াছিল)॥৬৭॥

উপস্থিত হইয়াছিল)॥ ৬৭॥

৬৮ অথ (অতঃপর) ললিতা (ললিতা) তয়োঃ (তাঁহাদের) ঐক্যম্ এত্য (একস্থানে উপস্থিত হইয়া) কৃষ্ণং নমস্কৃত্য (শ্রীকৃষ্ণকে নমস্কার করিলেন [এবং]) কুন্দবল্লী (কুন্দলতা) আহ ([শ্রীকৃষ্ণকে] বলিলেন) কৃষ্ণ! (হে শ্রীকৃষ্ণ!) ত্বং (তুমি) লক্ষদেবার্চনং কুরু (লক্ষ দেবতার অর্চন কর) ॥ ৬৮॥

৬৯ কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) কুন্দলতাম্ আহ (কুন্দলতাকে বলিলেন) ত্বং (তুমি) মম (আমার) অস্মিন্ (এই) স্মরক্রতৌ (মদন-যজ্ঞে) আচার্যা ভব (আচার্যা হও [এবং]) সামগ্রীম্ অধিষ্ঠানং চ ([পূজার] সামগ্রী ও [মূর্তিপ্রতিষ্ঠার] অধিষ্ঠান বিষয়ে) মে দিশ (আমাকে উপদেশ কর) ॥ ৬৯॥

৭০ সা চ আহ (তখন তাহাতে কুন্দলতা বলিলেন) অহং (আমি) আচার্যা ন (আচার্যা নহি, [তথাপি]) নান্দীমুখী-মুখাৎ (নান্দীমুখীর মুখ হইতে শ্রুত) তৎ (পূর্বোক্ত বিষয়) সুগোপ্যম্ অপি (অতি-গোপনীয় হইলেও) ব্রুয়াম্ (বলিতেছি) যৎ (যেহেতু) ত্বং (তুমি) মৎপ্রিয়-দেবরঃ (আমার প্রিয় দেবর) ॥৭০॥

৭১। [আমি] পুর: (প্রথমত:) মদনেশ্বর-স্মর-শির: কুসুমায়িতে (মদনেশের মস্তকের শির:স্থিত কুসুমরূপে প্রকাশিতে) (কাম্পিত), অস্যা: সব্যকুচে (শ্রীরাধার এই বামস্তনে) মদনেশায় তে নম: ('মদনেশরূপী তোমাকে নমস্কার') ইতি উদীরয়ন্ (এইরূপ উচ্চারণপূর্বক) আদৌ (অগ্রে) স্বকং (স্বকীয়) করহল্লকং (রক্তোৎপলসদৃশ একটি হস্ত) সমর্পয় (স্থাপন কর) ।। ৭১।।

৭২। নম: শিবায় ('নম: শিবায়') ইতি পঠন্ (এই মন্ত্র পাঠ করিয়া) অপরে বক্ষোজলিঙ্গে (তদীয় দক্ষিণস্তনরূপ শিবলিঙ্গে) পরং পাণি-পঙ্কজং (স্বীয় অপর হস্তরূপ পদ্মটি) অর্পয় (স্থাপন কর, [এবং]) হ্রীং চণ্ডিকায়ৈ নম: ('হ্রীং চণ্ডিকায়ৈ নম:') ইতি (এইরূপ মন্ত্রে) পুন: (পুনরায়) কুটিলভ্রুব: অমুষ্যা: (সুন্দরী শ্রীরাধার) শিরসি অপি (মস্তকে) তৎ অদ: (দক্ষিণ হস্ত [অর্পণ কর]) ।। ৭২।।

৭৩। অথ ত্বং (অতঃপর তুমি) এতয়া বারিতাভ্যাম্ অপি (ইঁহার নিবারিত) নিজকরাভ্যাং (স্বীয় করযুগলদ্বারা)

অস্যাঃ (ইঁহার) সুচিবুকং (সুন্দর চিবুকদেশ) যোনি-
মূলং চ (ও যোনিমূল) ধৃত্বা (ধারণ করিয়া)
মুখমিন্দুম্ অনু ([ইঁহার] মুখচন্দ্রে) অস্মৈ বিশ্বকে
নমঃ ('অস্মৈ বিশ্বকে নমঃ') ইতি (এইরূপ) মনুবরং
(উত্তম মন্ত্র) আখ্যান্ (উচ্চারণপূর্বক) স্বং মুখাব্জং
(নিজ মুখপদ্ম) নিধেহি (স্থাপন কর) ॥৭৩॥

৭৪। পুনঃ (পুনরায়) অনয়া কৃতাবরোধঃ অপি (ইঁহার
নিবারণ সত্ত্বেও) সবিত্রে নমঃ ('সূর্যায় নমঃ') ইতি তু
উদীরয়ন্ (এইরূপ উচ্চারণপূর্বক) অস্যাঃ (ইঁহার)
ভাস্বতি (সমুজ্জ্বল) অরুণে (অরুণবর্ণ) অধরে (অধরে)
স্বদন্তকুন্দাধর বন্ধুজীবকৌ (তোমার নিজ দন্তরূপ কুন্দপুষ্প
ও অধররূপ বন্ধুজীব পুষ্প) সমর্পয় (অর্পণ কর) ॥৭৪॥

৭৫। অথ (অনন্তর) অর্চনায়াং যদি কৃতোদ্যমঃ অস্যৈ
সঃ (শ্রীকৃষ্ণ তাঁহার অর্চনাবিষয়ে উদ্যত হইলে)
তাং কুন্দবল্লীং কিল (কুন্দবল্লীকে) ভর্ৎসয়ন্তীং
(ভর্ৎসনাপূর্বক) প্রবলোৎপলেন (কর্ণোৎপলদ্বারা)
স্বং (নিজেকে [শ্রীকৃষ্ণকে] প্রতি) তাড়য়ন্তীং প্রিয়াং
(তাড়নারতা প্রিয়তমার
দিকে) পশ্যন্ (দৃষ্টিপাত করিয়া) প্রিয়ালীঃ অমদং
([শ্রীকৃষ্ণ] প্রিয়সখীগণকে আনন্দিত করিলেন) ॥৭৫॥

৭৬। সখ্যঃ (হে সখীগণ!) ময়া (আমার) স্মরসমারম্ভে (মদন-মহোৎসবের আরম্ভে) বিঘ্নশান্ত্যৈ (বিঘ্ন শান্তির নিমিত্ত) পক্ষদেবার্চনা (পক্ষ দেবতার পূজা) কর্তব্যা (কর্তব্য) তৎ বঃ (তাহাতে তোমাদের) সখী (সখী) শুভে (এই শুভ কার্যে) কিং খিদ্যতি (খেদ করিতেছেন কেন?) ।।৭৬।।

৭৭। অথ বিলাসিকা (অতঃপর বিলাসা) কুটিলভ্রুবঃ (কুটিল-ভ্রূভঙ্গী সহকারে [অর্থাৎ]) স্মিতাননাঃ (সহাস্য-বদনে) সূক্ষ্মাটোপগিরঃ (মিথ্যা আক্ষেপবচনদ্বারা) হরিং সমাক্ষিপন্তীঃ তাঃ সখীঃ (সেই সখীগণ শ্রীকৃষ্ণকে তিরস্কার আরম্ভ করিলে তাঁহাদিগকে) নিবার্য (নিবারণপূর্বক) দৃগিঙ্গিতৈঃ (নয়নসঙ্কেতদ্বারা) কুন্দলতাং (কুন্দলতাকে) নুদন্তী ([উভয়ের গ্রন্থি-বন্ধনের নিমিত্ত] প্রেরণা দান করিয়া) তং (শ্রীকৃষ্ণকে) অবাদীৎ (বলিলেন) ।।৭৭।।

৭৮। পিত্রা সমং (পিতার সহিত) ধর্মকৃত্যিঃ বিধেয়া (ধর্মকর্মের অনুষ্ঠান শাস্ত্রবিহিত); অত্র (আর, এ বিষয়ে) অঞ্চলবন্ধনেন (উভয়ের অঞ্চল বন্ধন-দ্বারাই) সমত্বং (সমতা সিদ্ধ হয়, [অতএব]) ত্বং (তুমি) তৎ বিনা (অঞ্চলবন্ধন ব্যতীত) একাকী হইলে

(যজ্ঞানুষ্ঠানে) প্রবৃত্তঃ (প্রবৃত্ত হইয়াছ; [অতএব]) ধর্মনিষ্ঠা সতী ([আমাদের এই] ধর্মপরায়ণা সতী) কথং ন ঈর্ষ্যতু? (ঈর্ষা করিবেন না কেন?) ।। ৭৮ ।।

৭৯। [তৎকালে] তস্যাং (শ্রীরাধা) কুটিলীভবদ্‌ভ্রূবি (ভ্রূযুগল বক্র করিয়া) স্ফুরিতাধরাননং (অধর ও বদনের স্ফুরণসহকারে) বিলাসাৎ (বিলাসার্থ প্রীতি) বিলোকয়ন্ত্যাং (দৃষ্টিপাত করিতে থাকিলে), পশ্চাৎ স্থিতা (পশ্চাদ্ভাগে অবস্থিতা) কুন্দলতা (কুন্দলতা) মুদা (হর্ষভরে) তয়োঃ (উভয়ের) সংব্যানয়োঃ (উত্তরীয় যুগলের) অঞ্চলবন্ধনং ব্যধাৎ (অঞ্চল বন্ধন করিয়াছিলেন) ।। ৭৯ ।।

৮০। [অনন্তর] অলক্ষিতা সা (কুন্দলতা [তাঁহাদের] অলক্ষ্যে) দ্রুতং (সত্বর) সম্মুখম্‌ এত্য (সম্মুখে আসিয়া) স্মেরবক্ত্রা তুষ্টং (স্বকৃত সেবাদ্বারা পরিতুষ্ট) মাধবং (শ্রীকৃষ্ণকে) উবাচ (বলিলেন ও) ইহ (এই) মঙ্গলারম্ভে (মঙ্গল কার্যের আরম্ভে) অন্যচর্চয়া কিম্‌? (অন্য চর্চার প্রয়োজন কী?) [অতঃ] সর্বসিদ্ধয়ে (সর্বপ্রকার সিদ্ধিলাভের নিমিত্ত) নবগ্রহান্‌ অর্চয় (নবগ্রহের পূজা কর) ।। ৮০ ।।

[নিশান্তে]

৮১। অথ (শ্রীকৃষ্ণ) তাং (কুন্দলতাকে) অবাদীৎ (বলিলেন, "[তুমি] মহ্যং (আমাকে) প্রসূনাস্ত্রবিধিং (প্রসূনাস্ত্রের বিধান) দিশ (উপদেশ কর)"; সা অপি ([তখন] কুন্দলতাও) তং (তাঁহাকে) দৃশা (নয়ন-সঙ্কেতে) রাধিকাঙ্গানি (শ্রীরাধার অঙ্গসমূহ) দর্শয়ন্তী অবদৎ (দর্শন করাইতে করাইতে বলিলেন) ॥৮১॥

৮২। যদ্ অপি (যদিও) ইহ (এস্থলে) অধর-নয়ন-গণ্ডোরোজ-ভালভ্রূনবানাং (অধর, নয়নযুগল, গণ্ডযুগল, স্তনযুগল, ললাট ও ভ্রূমণ্ডল [এই] নয়টি) অঙ্গকানাং (অঙ্গের) প্রসূনত্বং (প্রসূনত্ব) প্রসূনার্চা (প্রসূনপূজা), তৎ অপি (তথাপি) তেষাং (প্রসূনের) সুষ্ঠু সন্তোষহেতোঃ (সম্যক্ সন্তোষবিধানের নিমিত্ত) তেষু (উক্ত নব-অঙ্গে) অধর-বিকচ-বন্ধূকার্পণং কুর্যাঃ (অধররূপ প্রস্ফুটিত বন্ধূকপুষ্পের অর্পণ করিবে) ॥৮২॥

৮৩। [তখন] আচার্যে! (হে আচার্যে!) ত্বং (তুমিই) অগ্রে (অগ্রে) অমুং স্বশিষ্যং (নিজের এই শিষ্যকে) স্বাঙ্গানি (স্বীয় অঙ্গসমূহ) গ্রাহয়িত্বা (গ্রহণ করাইয়া) প্রসূনার্চাং শিক্ষয় (প্রসূনপূজা শিক্ষা দাও), তাং (কুন্দলতাকে) ইতি উক্ত্বা (এইরূপ বলিয়া)

কৃষ্ণভীতা (শ্রীকৃষ্ণের ভয়ে) অপযান্তী রাধা
(শ্রীরাধা দূরে চলিয়া যাইতে উদ্যতা হইলে)
স্বাঞ্চলগ্রন্থিনা (স্বীয় অঞ্চলের গ্রন্থিদ্বারা) অবরুদ্ধা (নিকটেই আবদ্ধা হইলেন)।। ৮৩।।

৮৪ সা ([তখন] শ্রীরাধা তিনি) তির্যগ্গ্রীবং (গ্রীবা বক্র করিয়া) বদ্ধাঞ্চলান্তং (স্বীয় অঞ্চলের প্রান্তভাগ আবদ্ধ) বীক্ষ্য (দেখিয়া) স্বান্তর্বাঞ্ছাপূর্তিফুল্লাননা অপি (মনস্কামনাপূরণহেতু প্রফুল্লমুখী হইলেও) কৃষ্ণে সখ্যোঃ কুন্দবল্ল্যাং চ (শ্রীকৃষ্ণ, সখীযুগল ও কুন্দলতার প্রতি) ঈর্ষ্যা (ঈর্ষা প্রকাশপূর্বক) শীঘ্রং (সত্বর) গ্রন্থিং মোচয়ন্তী (গ্রন্থি মোচন করিতে করিতে) অব্রবীৎ ([এরূপ] বলিয়াছিলেন)।। ৮৪।।

৮৫ অস্য নটস্য (নটবর এই শ্রীকৃষ্ণের) ধার্ষ্ট্য-নাট্যে (ধৃষ্টতারূপ নাট্যব্যাপারে) ইয়ং (এই) বিশাখা (বিশাখা) বরা নটী (উত্তম নটী), ললিতা (ললিতা) সভ্যেশা (শ্রেষ্ঠ সভ্যা [এবং]) সা ইয়ং (এই) কুন্দবল্লী (কুন্দলতা) বিদূষিকা (বিদূষিকা)।। ৮৫।।

৮৬ সঃ অয়ং (এই শ্রীকৃষ্ণ) পল্লীরক্ষঃ অপি (পল্লী-

হীন হইয়াও) অন্যপত্ন্যাং (অন্যের পত্নীর প্রতি)
স্বপত্নীভাবং বিধ্রৎ (নিজ-পত্নীর ভাব ধারণ করিয়া)
স্বীয়বাঞ্ছাং পূরয়ন্ (স্বীয় বাঞ্ছাপূরণে প্রবৃত্ত হইলে)
স্বসখ্যা (নিজ সখী) লজ্জয়া অপি (লজ্জাও)
মুক্তঃ ([তাঁহাকে] ত্যাগ করিয়াছে); লোভতঃ
([পরন্তু আমাদের পক্ষে] লোভহেতু) ধর্মে ত্যক্তে
(ধর্ম ত্যাগ ঘটিলে) মূলহানিঃ? (মূল বিষয়েরই
হানি হইবে?) ॥ ৮৬॥

৮৭। অথ (অতঃপর) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) তাং (শ্রীরাধাকে)
তত্র (অঞ্চলগ্রন্থিমোচনে) নিবারয়ন্ অপি (নিবারণ
করিতে করিতে) মুখচুম্বনাদিষু (মুখচুম্বনাদি-কার্যে)
প্রবৃত্তঃ আসীৎ (প্রবৃত্ত হইলেন ; [আর]) কান্তা অপি
(শ্রীরাধাও) তং (শ্রীকৃষ্ণকে) তেষু (মুখচুম্বনাদি-
কার্যে) নিবারয়ন্তী অপি (নিবারণ করিতে করিতে)
পটবন্ধমোচনে (বস্ত্রগ্রন্থিমোচনে) প্রাগল্ভ্যাগ্রহা
অভূৎ (অতিশয় আগ্রহান্বিতা হইলেন) ॥ ৮৭॥

৮৮। এবং (এইরূপে) তয়োঃ (তাঁহারা উভয়ে) স্বস্বকৃত্যে
(নিজ-নিজ-কার্যে) সমুৎকয়োঃ (উৎসুক হইয়া)
অন্যোন্যসংরোধবলাৎ (পরস্পরের নিবারণহেতু)

বিস্রস্তয়োঃ (ব্যস্ত- ব্যাকুল হইলে) দৃপ্তা (গর্বান্বিতা)
সা ললিতা (ললিতা) উপেত্য (নিকটে আসিয়া)
সের্ষ্যয়া (ঈর্ষ্যাসহকারে) তং (শ্রীকৃষ্ণকে)
অভর্ৎসয়ৎ (ভর্ৎসনা করিলেন [এবং]) পটাঞ্চলমপি
অমোচয়ৎ (বস্ত্রপ্রান্তও মুক্ত মোচন করিয়া দিলেন) ॥৮৮॥

[ললিতার ভর্ৎসনা]

৮৯। চেৎ (যদি) স্বপত্ন্যঞ্চলবন্ধনং (নিজ-পত্নীর অঞ্চল-বন্ধনে কর্তুং) ভবল্লালসা (তোমার লালসা হয়, [তবে])
ব্রজে (এই ব্রজমধ্যে) তে (তোমার পক্ষে) কন্যা
দুর্লভা (বিবাহযোগ্যা কন্যা দুর্লভা, [অতএব])
প্রজাবত্যা অনয়া (ভ্রাতৃজায়া এই কুন্দলতার
সহিতই) তৎ অস্তু (অঞ্চলবন্ধন হউক) ॥৮৯॥

৯০। সা ([অনন্তর] শ্রীরাধা) মুক্তং পটাঞ্চলম্ আকৃষ্য
(মুক্ত বস্ত্রাঞ্চল আকর্ষণপূর্বক) আরাৎ স্থিতা
(দূরে থাকিয়া) চলদ্ভ্রূঃ স্মিতশোভিতাস্যা
(হাস্যমুখে ভ্রূযুগল চালিত করিয়া) আননে
(স্বীয় মুখের প্রতি) ন্যস্তেক্ষণং (নিবদ্ধদৃষ্টি) তং
(শ্রীকৃষ্ণকে) স্বদৃগিঙ্গিতেন (নিজ-নয়নের ইঙ্গিতদ্বারা)
প্রেরয়ন্তী (প্রেরণা দান সহকারে) ইতি অবাদীৎ
(এরূপ বলিয়াছিলেন) ॥৯০॥

৯১। যৎ (যেহেতু) যা (যিনি) আদৌ (সর্বাগ্রে) বিধেয়াং (কর্তব্য) দিক্‌পালার্চাং (দিক্‌পালের পূজা) বিহায় (ত্যাগ করিয়া) অজ্ঞং ভবন্তং (অজ্ঞ তোমাকে) গ্রহানাম্‌ অর্চাং (গ্রহগণের পূজা) কারয়ন্তী (করাইতে করাইতে) অস্মিন্‌ কর্মণি (এই ক্রিয়ায়) ছিদ্রম্‌ আদধাতি (ছিদ্র অর্থাৎ দোষ ঘটাইয়াছেন) তে (তোমার, [সেই]) আচার্যা (আচার্যা) ভ্রান্তা (ভ্রান্তা)॥ ৯১॥

৯২। কুন্দবল্লী (কুন্দবল্লী) অব্রবীৎ (বলিলেন) অয়ি অজ্ঞে (হে মূঢ়ে!) অহং (আমি) ভ্রান্তা ন (ভ্রান্তা নহি); অস্মিন্‌ (এই) স্মরক্রতৌ (মদনযজ্ঞে) দিগ্‌দেবার্চনাৎ পূর্বং (দিক্‌পালগণের পূজার পূর্বে) গ্রহপূজা (গ্রহগণের পূজা [কর্তব্য]) ইতি অয়ং বিধিঃ (ইহাই শাস্ত্রের নিয়ম)॥ ৯২॥

৯৩। অচ্যুতে [অনন্তর] (শ্রীকৃষ্ণ) তেষাং (দিক্‌পালগণের) স্থানাধিষ্ঠান-নামানি (স্থান, অধিষ্ঠান ও নাম) পৃষ্টা (জিজ্ঞাসা করিলে) সা কুন্দবল্লিকা (কুন্দলতা) দৃশা (দৃষ্টিপাত দ্বারা) তং (শ্রীকৃষ্ণের নিকট) আলীঃ (সখীগণকে) দর্শয়ন্তী (দেখাইতে দেখাইতে) বভাষে (এইরূপ বলিয়াছিলেন)॥ ৯৩॥

বিভাত্যেবং (এইরূপে শোভিয়াছিলেন) ॥৯৩॥

প্রেক্ষতে (তোমার) কৃতার্থায়াং
(অনুষ্ঠিত পূজায়) বাঞ্ছিতদানে সমুন্মুখা:
(বাঞ্ছিতদানে উন্মুখ হইয়া) স্বয়ম্ আগতা:
(স্বয়ং আগত [illegible]) স্ব-স্ব-দিশি (নিজের নিজের দিকে)
স্থিতা: (অবস্থিত), এতা: (এই সকল) দিক্‌পাল-
মূর্তী: (দিক্‌পালমূর্তি) পশ্য (দর্শন কর) ॥৯৪॥

(ক)# বিশাখা (বিশাখা) শাঙ্করী (শঙ্করের), (খ)# ললিতা
(ললিতা) শাতমন্যবী (ইন্দ্রের), (গ)# সুদেবিকা (সুদেবী)
শৌচী (অগ্নির), তথা (এইরূপ) (ঘ)# তুঙ্গবিদ্যা
(তুঙ্গবিদ্যা) দাণ্ডধরী (যমের), (ঙ)# চিত্রা (চিত্রা)
নৈশাচরী (নির্ঋতির), (চ)# রঙ্গদেবী (রঙ্গদেবী)
প্রাচেতসী (বরুণের) (ছ)# ইন্দুলেখা তু (ইন্দুলেখা)
সাদাগতী (বায়ুর), (জ)# চম্পকালিকা (চম্পকলতা)
ধানদী (কুবেরের), অগ্রত: (অগ্রভাগে)
নিপুণা (নিপুণা) সা ইয়ং (এই) (ঝ)# শ্রীরূপমঞ্জরী
(শ্রীরূপমঞ্জরী) বৈধাত্রী (ব্রহ্মার [illegible])
রসোল্লাসকরী (রসের উল্লাসকারিণী), দক্ষা
(সুনিপুণা) সা (সুপ্রসিদ্ধা) (ঞ)# অনঙ্গমঞ্জরী

(অনন্ত-সঙ্কুচরী) শৈলশ্রী (সহস্রবদন ধরণীধরের অর্থাৎ অনন্তদেবের) মূর্ত্তিঃ মূর্ত্তা (মূর্ত্তিরূপে কল্পিত হন)॥ ৭৬—৭৭॥

৭৮। এতাঃ দিক্পালমূর্ত্তয়ঃ (দিক্পালগণের মূর্ত্তিরূপে এই সখীগণ) সদা (সর্ব্বদাই) স্বার্থে (স্বার্থবিষয়ে) ত্বদ্ধিতাঢ্যাঃ (তোমার হিতসাধনে প্রবৃত্ত হইয়া) ত্বদর্চায়ৈ (তোমার পূজাদির নিমিত্ত) উন্মুখ্যঃ সন্তি (উন্মুখ হইয়াছেন; [অতএব]) ত্বয়া (তুমি) ফলসিদ্ধয়ে (ফলসিদ্ধির নিমিত্ত) অর্চ্যাঃ ([ইঁহাদের] অর্চনা কর)॥ ৭৮॥

৭৯। [অনন্তর মুখপদ্ম] তাঃ (সেই সখীগণ!) মায়াবি ধূর্ত্ত! (হে মায়াবি, ধূর্ত্ত!) ত্বং (তুমি) অমুনা স্বপ্রিয়দেবয়েন (নিজের এই প্রিয় দেবত্ব দ্বারা) স্বমূর্ত্তিপূজাং কারয় (নিজমূর্ত্তির পূজা সম্পাদন করাও) ইতি রুষা (এইরূপে রোষের সহিত) তং (কৃষ্ণকে) ভর্ৎসয়ন্তীঃ (ভর্ৎসনা করিতে আরম্ভ করিলে) অপাঙ্গৈঃ ([তাঁহাদিগের প্রতি] দৃষ্টিপাত করিতে করিতে শ্রীকৃষ্ণ) অর্চিতুং (পূজা করিবার নিমিত্ত) উৎসসর্প (তাঁহাদের অভিমুখে অগ্রসর হইলেন)॥ ৭৯॥

৮০। [তৎকালে] তাঃ (তাঁহারা) তদাগতিসশঙ্কাঃ

(তাঁহার আগমনে ভীতা হইয়া) স্বরক্ষনে (নিজেদের রক্ষায়) সাবধানাঃ (সাবধানতা অবলম্বনপূর্বক) তং (তাঁহাকে) অন্যাং মাগুং (অন্য সখীর প্রতি সরিতে) পশ্যন্ত্যঃ (দেখিতে থাকিলেও [সম্মুখস্থেও]) স্ব-স্ব-সান্নিধ্যৌ দদৃশুঃ (আপনাদের নিকটেই দেখিতে লাগিলেন)॥ ১০০॥

১০১॥ [তৎকালে] সঃ (শ্রীকৃষ্ণ) যাং যাং চঞ্চলাক্ষীং প্রতি (চঞ্চলনয়না যে যে সখীর দিকে) ইয়ায় (অগ্রসর হইতেছিলেন), সা সা (সেই সকল সখী) অপসরন্তী (পলায়নে উদ্যতা হইয়া) অমুনা (শ্রীকৃষ্ণ কর্তৃক) অবরুদ্ধা (অবরুদ্ধা হইলেন, [এবং]) কৃতার্দ্ধপূজা অপি (অর্দ্ধপূজা অর্থাৎ আংশিকভাবে চুম্বনালিঙ্গনাদি লাভ করিয়াও) আলীসাহায্যতঃ (সখীগণের সাহায্যে), ছিদ্রতঃ হঠাৎ বা (ছল বা বলপূর্বক) পলায়িতা অভূৎ (পলায়নে সমর্থা হইলেন)॥ ১০১॥

১০২॥ কা অপি (কোন সখী) সকাকু বিনয়াৎ (দৈন্যের সহিত বিনয় প্রকাশ), পরা (অন্য কোন সখী) সাটোপ-তর্জনাৎ (আক্রোশপূর্বক তর্জন), অন্যা (অপর কোন সখী) অন্যাং বিধায় ([তাঁহার সম্মুখে]

অন্য সখীকে স্থাপন, [এবং]) অপরা (কোন সখী) সংব্যান ত্যাগতঃ (উত্তরীয় বস্ত্র পরিত্যাগ করিয়া) অপেতা (পলায়ন করিলেন)॥১০২॥

১০৩৷ [তৎকালে] সঃ (শ্রীকৃষ্ণ) সস্মিত-রোদ-হেলং (মৃদু হাস্য, রোদন ও হেলা-ভাব-মিশ্রিত [এবং]) সংফুল্ল-ভ্রূগ্নারুণচঞ্চলাক্ষং (প্রফুল্ল, কুটিল, অরুণবর্ণ ও চঞ্চল-নয়নদ্বয়-শোভিত), তাসাং মুখং (তাঁহাদের মুখমণ্ডল) বীক্ষ্য (দর্শন করিয়া) অভীষ্টাং মুদং প্রাপ (নিজ অভীষ্ট প্রীতি লাভ করিলেন); বিঘ্নহেতো কর্মণি (নেতৃবর্গ দ্বারা প্রাপ্ত হইলেও) যৎ ফলাপ্তিঃ (এইরূপে যে ফললাভ হইল, [ইহাই]) চিত্রং (বিচিত্র)॥১০৩॥

১০৪৷ ইতস্ততঃ ([এইরূপে] ইতস্ততঃ) প্রপলায্য (পলায়ন-পূর্বক) তাং রাধাং (শ্রীরাধাকে) দুর্গম্ আসাদ্য (দুর্গরূপে আশ্রয় করিয়া) পরিতঃ স্থিতানাং ([তাঁহার] চতুর্দিকে অবস্থিত) তাসাং (সেই সখী-গণের) স্ফুরচ্চঞ্চলদৃক্চকোর্যঃ (উজ্জ্বল ও চঞ্চল দৃষ্টিরূপা চকোরীগণ) তৃষিতাঃ (তৃষ্ণার্ত হইয়া) কৃষ্ণাননেন্দৌ (শ্রীকৃষ্ণের মুখচন্দ্রের প্রতি) নিপেতুঃ (ধাবিত হইল)॥১০৪॥

১০৫। দৃপ্যদ্‌বৃষভানুজাং (গর্ব্বযুক্তা শ্রীরাধারূপ) শ্রিয়ং (দুর্লভসম্পত্তি) আসাদ্য (লাভ করিয়া) তাসাং (সখীগণের) প্রফুল্লানি মুখাম্বুজানি (মুখপদ্মরাজি প্রফুল্ল হইলে) সমীক্ষ্য (তদ্দর্শনে) ধৃষ্টক্ সঃ মধুসূদনঃ (চঞ্চল ভ্রমরসদৃশ শ্রীকৃষ্ণ) তদা (তৎকালে) পিপাসয়া (মধুপানের ইচ্ছায়) উপসর্ত্তুম্ উদ্যতঃ আসীৎ (নিকটে যাইতে উদ্যত হইয়াছিলেন)॥ ১০৫॥

১০৬। [তৎকালে] সঃ (শ্রীকৃষ্ণ) রাধাং (শ্রীরাধাকে) উল্লঙ্ঘ্য (লঙ্ঘন পূর্ব্বক) সহসা (সহসা) উৎপতিষ্ণুঃ (সখীগণের নিকটে গমনের ইচ্ছুক হইলে) তয়া (শ্রীরাধাকর্ত্তৃক) রুষা (ক্রোধভরে) হুঙ্কৃতিভিঃ (হুঙ্কার দ্বারা) নিরুদ্ধঃ (বাধাপ্রাপ্ত হইয়া) স্তব্ধঃ (স্তব্ধভাবে) অস্যাঃ (তাঁহার) পুরঃ (সম্মুখে) ভিয়া ইব তিষ্ঠন্ (যেন-ভয়েই অবস্থান করিয়া) কুন্দলতাননে (কুন্দলতার মুখের দিকে) স্বাং দৃশং ন্যধাৎ (স্বীয় দৃষ্টি নিক্ষেপ করিলেন)॥ ১০৬॥

৭। শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে (যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ শ্রীমদ্ রূপগোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত

হইয়াছে) শ্রীরঘুনাথদাসকৃতিনা। দিষ্টে (পরমধার্মিক
সুপণ্ডিত শ্রীমদ্ বিদ্বান্ রঘুনাথ দাস গোস্বামিপাদ যাহার বিষয়ে
উপদেশ করিয়াছেন), শ্রীজীবসঙ্গোদ্গতে
(শ্রীজীবগোস্বামিপাদের সঙ্গ-ফলে যাহার উদ্ভব
হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরজে (শ্রীমদ্
রঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরে বা অনুগ্রহে-ফলে
যাহার রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে
(গোবিন্দলীলামৃত নামক সেই মহাকাব্যের অনুগত),
মধ্যাহ্নলীলাস্বনু (মধ্যাহ্নলীলাবর্ণনাত্মক) অয়ং
(এই) নবমঃ সর্গঃ (নবম সর্গ) সমাপ্তিম্ অগমৎ
(সমাপ্ত হইল)॥ ৭৮॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে মধ্যাহ্নলীলাবর্ণনময়
নবমসর্গের অন্বয়মুখে বঙ্গানুবাদ সমাপ্ত।

দশম সর্গ ॥

১। অথ কিল (অনন্তর) ইঙ্গিতজ্ঞা (শ্রীকৃষ্ণের অভিপ্রায়-বিষয়ে অভিজ্ঞা) কুন্দবল্লী (কুন্দলতা) সর্বেষ্টদানঙ্গ-মখক্রিয়ায়াং (সকলের অভীষ্টদায়ক মদনযজ্ঞকার্যে) বিঘ্নাৎ (বিঘ্নহেতু) বিষীদন্তী ইব (বিষাদগ্রস্তের ন্যায় অবস্থিত) কৃষ্ণম্ অভ্যুপেত্য (শ্রীকৃষ্ণের নিকটে যাইয়া) স্বয়ং বিষণ্ণা ইব (স্বয়ং বিষণ্ণার ন্যায়) তদা আহ (তৎকালে বলিতে লাগিলেন)॥ ১॥

২। শিবশান্তিঃ আসি ([তুমি] শিবশান্তি); যৎ (যেহেতু) তে (তোমার) লীলয়া (লীলাদ্বারা) কামনাশঃ (কামের বিনাশ ঘটিয়াছে); তস্মাৎ (আর সেইহেতু) ক্রতুহতিঃ আসি (যজ্ঞের ও নাশ হইল); দেবকৃত্যনাশে (দেবকৃত্যের বিনাশ হইলে) ইহ (এস্থলে) ফলপ্রাপ্তিঃ কথং (ফললাভ কীরূপে সম্ভবপর)? তৎ (সেইহেতু) আশু (সত্বর) অন্যধর্মং ত্যজ (অন্য ধর্ম ত্যাগ কর); প্রণয়পরবশ! (হে প্রণয়পরবশ!) ত্বং (তুমি) স্বীয়ধর্মং (স্বধর্মের) বিধেহি (অনুষ্ঠান কর)॥ ২॥

৩। [শ্রীকৃষ্ণ বলিলেন] আং (হাঁ!) সর্বশঙ্করতয়া (সকলের শঙ্কর অর্থাৎ মঙ্গলজনক বলিয়া [ও]) শিবমূর্তিতঃ চ (শিবমূর্তি [মঙ্গল]মূর্তি বলিয়া)

প্রাক্ত: অপি (প্রাচীনগণও) মাং কিল (আমাকেই) মহেশ্বরম্ আমনন্তি (মহেশ্বর বলেন); তৎ (সেই হেতুই) অহং (আমি) নিত্যং (সর্বদা) স্বপ্রেয়সীং প্রতি (নিজ-প্রেয়সীর প্রতি) নিজাঙ্গসমর্পনাখ্যং (স্বীয় অঙ্গসমর্পনরূপ) তৎ ঐশ্বর্য্যম্ অপি (মহেশ্বরীয় ঐশ্বর্যও) করোমি (আচরণ করিতেছি)॥ ৩॥

১৪৩। একা (কোন সখী) অব্রবীৎ (বলিলেন [শ্রীমতী] (শ্রীরাধা) স্বগৃহং (নিজ গৃহে) প্রযাতা (চলিয়া গিয়াছেন); পরা অব্রবীৎ (অপর সখী বলিলেন [তিনি] সূর্য-সমর্চনায় (সূর্য পূজায় [গমন করিয়াছেন]) অন্যা (অন্য এক সখী) অব্রবীৎ (বলিলেন [তিনি]) তে স্পৃষ্টা (তোমার স্পর্শে) অপবিত্রা (অপবিত্রা হইয়া) পুনঃ (পুনরায়) আপ্লবায় (স্নানের নিমিত্ত) মানস-জাহ্নবীং (মানস-গঙ্গায় [গমন করিয়াছেন])॥১৪৩॥

১৪৪। অসৌ (শ্রীকৃষ্ণ) আলীভিঃ (সখীগণকর্তৃক) ইতি (এইরূপে) প্রলব্ধঃ (উপহাসিত হইয়া) কুন্দলতাননং পশ্যন্ (কুন্দলতার মুখের দিকে দৃষ্টিপাত করিলে) তয়া (তিনি) দৃশা (নয়ন-ভঙ্গী দ্বারা) নিকুঞ্জায় প্রেরিতঃ (কুঞ্জাভিমুখে প্রেরণা দান করায়) তং প্রবিষ্টবান্ (কুঞ্জমধ্যে প্রবেশ করিলেন)॥১৪৪॥

১৪৫। অথ (অতঃপর) তস্মিন্ (শ্রীকৃষ্ণ) নিকুঞ্জ-গহ্বরং (নিকুঞ্জের অভ্যন্তর ভাগে) প্রবিষ্টে (প্রবেশ করিলে), অথ (অতঃপর) সকুন্দবল্লিকাঃ (কুন্দ-

লতার সহিত) সখ্য: (সখীগণ) চতুর্ষু দ্বারেষু
(চারি দ্বারে) লতাপাশচয়ৈ: (লতাপাশসমূহ-
দ্বারা) কবাটিকা: (কবাটসমূহ) বদ্ধা (আবদ্ধ
করিয়া) তা: (তাঁহারা) কুঞ্জাঙ্গনে এব (কুঞ্জের
প্রাঙ্গনেই) স্থিতা: (অবস্থান করিলেন)। ১৪৫।

১৪৬। সা (শ্রীরাধা) কান্তং (প্রিয়তমকে) অন্তিকায়াতং
বীক্ষ্য (নিকটে আসিতে দেখিয়া) অপসর্তুং (দূরে
সরিয়া যাইবার বা পলায়ন করিবার) কৃতোদ্যমা (চেষ্টা করিলে) দ্বাঃসু অলব্ধ-
নির্গমা (কোন দ্বার দিয়াই নির্গত হইতে পারি-
লেন না: [তখন]) অমুনা (প্রিয়তম শ্রীকৃষ্ণ) বলাৎ
(বলপূর্বক [তাঁহাকে]) তল্পং নীতা (শয্যায় লইয়া
গেলেন)।১৪৬।

১৪৭। [তৎকালে] স্মরদাবপ্রতপ্ত: (কন্দর্পরূপ দাবানলে
সন্তপ্ত) অসৌ (সেই) কৃষ্ণমত্তগজ: (শ্রীকৃষ্ণরূপ
মত্ত হস্তী) রহ: (নিভৃতে) সুরতরঙ্গিনীং
(সুরনদী গঙ্গাস্বরূপিনী, অর্থান্তরে-সুরত-
ক্রীড়ায় রঙ্গযুক্তা) রাধাং (শ্রীরাধাকে) লব্ধ্বা
(লাভ করিয়া) যথাকামং (যথেচ্ছভাবে) রেমে
(বিহার করিয়াছিলেন)।১৪৭।

সপ্রেমোৎসবের আবির্ভাব হইল (অর্থাৎ সুরত-); শীৎকারাঞ্চিত-কণ্ঠ-কূজিত-সমুৎপীযূষধারোৎকরা: (শীৎকারযুক্ত কণ্ঠকূজন হেতু পীযূষধারাসমূহ নির্গত হইতে লাগিল); অন্যোন্যাগ্রহ-নর্মপূর্বক-কৃতাকল্পাদি-শোভা: ([এবং] পরস্পর পরস্পরকে দৃঢ়ভাবে গ্রহণপূর্বক পরিহাসসহকারে নখচিহ্নাদিরূপ ভূষণ সম্পাদন করিতে লাগিলেন; [এইরূপে]) কুঞ্জে (কুঞ্জমধ্যে) দ্বয়ো: রাধামাধবয়ো: (শ্রীরাধাকৃষ্ণ উভয়ের) মধুরা: (সুমধুর) রহ:কেলয়: (নিভৃত কেলিরাজি) জয়ন্তি (অর্থাৎ সর্বোৎকর্ষের সহিত বিরাজমান থাকুন) ([illegible]) ॥ ১৪৮৭-১৪৯১॥

১৩। শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে (যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ শ্রীমদ্ রূপগোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত হইয়াছে), শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে (সেরূপ ধার্মিক বিদ্বান পণ্ডিত শ্রীমদ্ রঘুনাথদাস গোস্বামিপাদ যাহার বিষয়ে উপদেশ করিয়াছেন), শ্রীজীবসঙ্গোদ্গতে (শ্রীল জীবগোস্বামিপাদের সঙ্গফলে যাহার উদ্ভব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরকে

(শ্রীমদ্ রঘুনাথ ভট্ট গোস্বামিপাদের বরের অর্থাৎ অনুগ্রহের ফলে যাহার রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃত নামক সেই কাব্যের অন্তর্গত রূপে) তদালি-সুখকৃন্মধ্যাহ্নলীলাশ্রয় অনু (শ্রীকৃষ্ণের, শ্রীরাধার ও সখীগণের সুখজনক মধ্যাহ্ন লীলাদি বিষয়ক) দশম: (দশম) সর্গ: অগাৎ (সর্গ সমাপ্ত হইল)॥১০॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে শ্রীরাধাকৃষ্ণের মধ্যাহ্ন-লীলা-বিষয়ক দশম সর্গের সমীক্ষা-সমেত অন্বয়মুখে বঙ্গানুবাদ সমাপ্ত।

একাদশ সর্গ

১। অথ (অতঃপর) বৃন্দা (বৃন্দাদেবী) নান্দীমুখীং (নান্দীমুখীর) অনুসৃতা (অনুগামিনী-রূপে), তাং মুরলিকাং (সেই মুরলীটিকে) হৃদি (বক্ষঃস্থলে) নিগূহানা (গোপনে ধারণপূর্বক) সখীনাং (সখীগণের) সভায়াম্ আগত্য (সভায় আসিয়া) অব্রবীৎ (বলিলেন), সখ্যঃ! (হে সখীগণ!) ব্রজকাননেশৌ (বৃন্দাবনের অধীশ্বরী ও অধীশ্বর) ক্ব নু গতৌ (কোথায় গেলেন)? অনয়োঃ পদে (তাঁহাদের শ্রীচরণে) নৌ (আমাদের উভয়ের) ইহ (এখানে) নিবেদ্যম্ অস্তি (কোন ~~বিষয়~~ বক্তব্য বিষয় রহিয়াছে)।।১।।

২। তাঃ (সখীগণ) ঊচুঃ (বলিলেন), এতৌ (তাঁহারা উভয়ে) কলহায়মানৌ (বিবাদ করিতে করিতে) স্মরসার্বভৌম-পার্শ্বং (কন্দর্প-মহারাজের নিকটে) প্রযাতৌ (গমন করিয়াছেন); তৎ নিবেদ্যং কিং বদ ([তোমাদের] ~~নিবেদনীয়~~ বক্তব্য কী? তাহা বল); চেৎ (যদি) তৎ (তাহা) সুগোপ্যং (অতি গোপনীয় হয়, তবে) নিকুঞ্জ-পট্টগেহং (উপবনস্থিত পট্টভবনে) গচ্ছতং (গমন কর)।।২।।

৩। বৃন্দা (বৃন্দা) আহ (বলিলেন), রাধামনঃ-প্রাণ-বপুঃ-সমাঃ ভবতীঃ (তোমরা মনঃ, প্রাণ ও শরীরতুল্যা

শ্রীরাধার সখার বলিয়া তোমাদের নিকটে) এতৎ (ইহা) গোপ্যং ন (গোপনীয় নহে); কিন্তু (পরন্তু) খলয়োঃ (অসাধ্বী ও অসাধ্বীর) সান্নিধি-রাজিতাসু (নিকটে উপস্থিত থাকিলেই) সচিবাসু (তোমাদের ন্যায় নর্মদাসীগণের নিকটে) অবশ্যং (অবশ্যই [উহা]) নিবেদনীয়ম্ (নিবেদন করিব)॥ ৩॥

৪। ততঃ (তদনন্তর) তাঃ (সখীগণ) ক্রীড়াবসানং (রতিক্রীড়ার সমাপ্তি) অবধার্য (নিশ্চয় করিয়া) তয়োঃ (শ্রীরাধা-কৃষ্ণের) নিধুবনান্ত-বিলাসং (সম্ভোগাবসানকালীন বিলাস) দ্রষ্টুং (দর্শনের নিমিত্ত) উৎকাঃ (উৎসুক হইয়া) কুঞ্জম্ অনু (কুঞ্জে) আগত্য (আগমনপূর্বক) মুক্ত-কবাটবন্ধাঃ (কবাট বন্ধন মোচন করিয়া) ছিদ্রেষু দত্ত-নয়নাঃ (ছিদ্রসমূহের মধ্যে দৃষ্টিসংস্থাপন করিয়া) পরিতঃ (চতুর্দিকে) স্থিতাঃ (অবস্থান করিলেন)॥ ৪॥

৫। সঃ (শ্রীকৃষ্ণ) অনয়া (শ্রীরাধাকর্তৃক) স্বাঙ্গ-বিভূষণায় (স্বীয় অঙ্গের ভূষণসম্পাদনের নিমিত্ত) আম্রেড়িতঃ (পুনঃ পুনঃ অনুরুদ্ধ হইয়া) তৎ (তাহা) কর্তুং (সম্পাদন করিবার নিমিত্ত) প্রবৃত্তঃ অপি (প্রবৃত্ত হইলেও) সমুচ্ছলদ্বিভ্রময়া (বিভ্রমসমূহের উল্লাস-

বশে [শ্রীরাধা তাঁহাকে]) নিবারিত: (নিবারণ করিলেন)। তৎ অপি (তথাপি [তিনি]) অমূং (শ্রীরাধাকে) বিভূষয়ন্ (ভূষণ সম্পাদন করিতে করিতে) তয়া (তৎকর্তৃক) ভূষিত: আস ([স্বয়ংও] ভূষিত হইলেন)॥ ৫॥

৬। অথ (অতঃপর) সঃ (শ্রীকৃষ্ণ) পুণ্ডরীকাচ্ছদলে (শ্বেতপদ্মের স্বচ্ছ পত্রমধ্যে) কৌঙ্কুম-দ্রবেণ (কুঙ্কুম-রসদ্বারা) কাঞ্চিৎ (একটি) পত্রিকাং (পত্র) প্রতিলিখ্য (লিখিয়া) স্বকে (স্বীয়) শিরোবেষ্টনকে (উষ্ণীষে) দধৎ (ধারণপূর্বক) প্রিয়াং (প্রিয়তমা শ্রীরাধাকে লক্ষ্য করিয়া) "উত্তিষ্ঠ বহি: যাব:" ("উঠ, বাহিরে যাইব") ইতি (এইরূপ) অভাষত (বলিয়াছিলেন)॥ ৬॥

৭। [অনন্তর] সখীভ্য আ-কুণ্ঠিতানির্গমেচ্ছাং (সখীগণের নিকট হইতে লজ্জাহেতু প্রস্থান করিবার ইচ্ছা-বিষয়ে কুণ্ঠাযুক্তা [শ্রীরাধাকে]) নায়ক্লিতং (বিচারশীল রাজিত) চৌরীং ইব (চৌরীর ন্যায়) বলাৎ (বলপূর্বক) করে গৃহীত্বা (হাতে ধরিয়া) ফুল্লবিলোচন: (প্রফুল্লনয়ন) অসৌ (শ্রীকৃষ্ণ) কুঞ্জালয়াৎ (কুঞ্জগৃহ হইতে) প্রাঙ্গণং (প্রাঙ্গণে) আসসাদ (উপস্থিত হইলেন)॥ ৭॥

৮। [তৎকালে] আলয়ঃ (সখীগণ) পুরঃস্থিতৌ (সম্মুখস্থিত), সঙ্কুচৎ-ফুল্লনয়নৌ প্রাণপ্রেষ্ঠৌ (সঙ্কুচিত-নয়না প্রাণপ্রেষ্ঠা [শ্রীরাধাকে ~~[illegible]~~] প্রফুল্ললোচন প্রাণপ্রেষ্ঠ [শ্রীকৃষ্ণকে]) হৃষ্টতাঃ (হর্ষসহকারে) পরিবার্য (পরিবেষ্টনপূর্বক) সসম্ভ্রমং (বড়প্রভাবে) সখীম্ আহুঃ (সখী [শ্রীরাধাকে]) আহুঃ (বলিলেন) ॥ ৮ ॥

৯। [হে সখি!] নঃ (আমাদিগকে) মুক্ত্বা (ত্যাগ করিয়া) ভবত্যা (তুমি) কুত্র যাতম্ (কোথায় গিয়াছিলে?) অস্মাভিঃ (আমরা) অন্বিষ্য চ ([তোমাকে] অন্বেষণ করিয়া) কুতঃ অপি (কোথাও) ন লব্ধা (পাই নাই); বা (আর) অমুনা (এই) ধূর্তেন (ধূর্তের সহিত) ক্ব (কোথায়) প্রসঙ্গঃ আসীৎ (মিলন হইল)? ভাগ্যতঃ (সৌভাগ্যক্রমে) অস্মাৎ (ইঁহার নিকট হইতে) তে (তোমার) অভিভূতিঃ ন জাতা (লাঞ্ছনাভোগ হয় নাই) ॥ ৯ ॥

১০। অথো ([তখন] শ্রীরাধা) তাসাং (সখীগণের) পরিহাসভঙ্গীং (পরিহাসভঙ্গী) নিশম্য (শ্রবণ করিয়া) চ (এবং) নিজালীঃ প্রতি (নিজ-সখীগণের প্রতি) কান্তং (প্রিয়তমকে) রতিলক্ষণানি

(রতিচিহ্নসমূহের) সূচয়ন্তং (সূচনা করিতে) নিশাম্য (দর্শন করিয়া) তদা (তৎকালে) হ্রিয়া ঈর্ষ্যয়া চ (লজ্জা-ও-ঈর্ষ্যা~~হেতু~~ভরে) উচ্চলিতা আসীৎ (বিচলিতা হইলেন)॥ ১০॥

১১। সা (তিনি) কুটিলীকৃতভ্রূঃ (ভ্রূযুগল কুটিল করিয়া) চলাধরা (অধরের স্পন্দনসহকারে) গদ্গদরুদ্ধকণ্ঠী (গদ্গদ রুদ্ধকণ্ঠে), হসন্তং কান্তং (হাস্যরত প্রিয়তমকে) তর্জ্জনীচালনয়া (তর্জ্জনীসঞ্চালনে) তর্জ্জ (তর্জ্জন ~~করিতে~~ লাগিলেন [এবং]) হসন্তীঃ (হাস্যরতা) আলীঃ (নিজ-সখীগণকে) ভঙ্গ্যা (ভঙ্গীক্রমে) অবদৎ চ (এইরূপ বলিলেন)॥ ১১॥

১২। [তোমরা] সুহৃত্তমাং মাং (সুহৃত্তমা [illegible] আমাকে) বস্ত্রকর্ষং কর্ষথ (বস্ত্র ধরিয়া আকর্ষণ কর); ক্বচিৎ লীনং (কোনস্থানে লুকাইয়া থাকিলে) অমুষ্মৈ (ইঁহার নিকটে) আশু (শীঘ্রই) সূচয়থ (প্রকাশ করিয়া দাও; [আবার]) সঙ্গে স্থিতাং (সঙ্গে থাকিলেও) অমুনা (ইঁহার দ্বারা) খেদয়থ (উৎপীড়ন করাও); অথ (ইহার পর) অদ্য (আজি) কথং (কীরূপে) বঃ (তোমাদের) সখ্যং বিদধীয় (সখ্য করিব)? ॥ ১২॥

১৩ কণ্টকবাল্লিসখ্যঃ (কণ্টকলতারূপা সখীগণ), কুঞ্জাঃ চ (কুঞ্জসমূহ [-ও]) রক্ত-সিত-সংবৃতপত্রিকাঃ চ (রক্ত ও শ্বেত গোলাপ-লতারাজি) সপদি (অধুনা) চঞ্চলাৎ অশোণ্ডমুকাৎ (চঞ্চল ও অশোণ্ডমুক), যুষ্মাভিঃ প্রেরিত-সুমত্ত-ভুজঙ্গ-প্রবরাৎ (তোমাদের প্রেরিত মত্ত ভুজঙ্গপ্রবর হইতে) অপসৃতাং চকিতাং (চকিতভাবে পলায়নরতা) মাং (আমাকে) ররক্ষুঃ (রক্ষা করিয়াছে)॥১৩॥

[এই শ্লোকে ব্যাজোক্তি-নামক অলঙ্কার হইয়াছে। যে অলঙ্কারে অপহ্নুতি-অলঙ্কারের ন্যায় বাস্তব বস্তুর নিষেধ না করিয়া কেবলমাত্র তাহার সম্বরণের ছল করা হয়, উহাই ব্যাজোক্তি। এস্থলে শ্রীরাধা নিজের গাত্রাস্থিত কৃষ্ণনখক্ষতাদিরূপ সম্ভোগচিহ্নের সম্বরণের নিমিত্ত কণ্টকলতাদিকর্তৃক আত্মরক্ষায় উল্লেখ করিয়াছেন; অর্থাৎ তাঁহার গাত্রে কণ্টকাদিদ্বারাই যে ক্ষত হইয়াছে ইহাই তাঁহার বাক্যের অভিপ্রায়।]

১৪ কুন্দবল্লী (কুন্দলতা) অবদৎ (বলিলেন) রাধে! (হে রাধে!) তে (তোমার) বচঃ (বাক্য) সত্যং

(সত্যই বটে), অনুভং ন (মিথ্যা নহে); যৎ (যেহেতু)
কৃষ্ণাঙ্গে (শ্রীকৃষ্ণের অঙ্গেও) তন্নিরোধজং (কন্টক-
লতাদির অবরোধজনিত) চিহ্নং (চিহ্ন) স্ফুটং দৃশ্যতে
(সুস্পষ্ট দৃষ্ট হইতেছে)॥ ১৪॥

১৫। সখি! (হে সখি!) চটুলাভিঃ (চঞ্চলস্বভাবা) আভিঃ (এই)
লতাসখীভিঃ (লতা-সখীগণ) ত্বদ্গোপনায় (তোমাকে
রক্ষা করিবার নিমিত্ত) তীক্ষ্ণৈঃ (তীক্ষ্ণ) সূক্ষ্ম-কণ্টক-নখৈঃ (সূক্ষ্ম কণ্টক-
নখদ্বারা) অস্য (এই শ্রীকৃষ্ণের) বপুঃ (শরীরকে)
আচোটিতং (ক্ষতবিক্ষত করিয়াছে); তৎ এতৎ (এ কার্য)
তদৌপায়িকং (তাহাদের সঙ্গতই হইয়াছে); তু (কিন্তু)
ইদং (ইহাই) চিত্রং যৎ (বিচিত্র যে), তব অপি ইদং
(তোমার শরীরকেও) তদধিকং (তদপেক্ষা অধিকভাবে
[ক্ষতবিক্ষত করিয়াছে]) ॥ ১৫॥

এই শ্লোকে রূপক অলঙ্কারের সহিত 'বিভাবনা'
অলঙ্কারের মিলন হইয়াছে।

উপমান ও উপমেয় বস্তুর তাদাত্ম্য অর্থাৎ অভেদ-
কল্পনাকে রূপক বলা হয়। এস্থলে উপমেয় লতা ও
উপমান সখীর এবং উপমেয় কণ্টক ও উপমান নখের
অভেদ কল্পিত হইয়াছে।

[কারণের অভাবে ফল অর্থাৎ কার্যের উৎপত্তি বর্ণিত হইলে উহাকে 'বিভাবনা' বলা হয়। এস্থলে নখাঘাতী-কর্তৃক শ্রীরাধার শরীরকে ক্ষত করার কারণ না থাকিলেও ক্ষত করায় 'বিভাবনা' অলঙ্কার হইয়াছে।]

২৬। সখি! (হে সখি!) গোপাঙ্গনা-গণরতে: (গোপাঙ্গনাগণের প্রতি আসক্ত), অতিলম্পটস্য (অতিলম্পট) অস্য (এই শ্রীকৃষ্ণের সম্বন্ধে) উরসি (বক্ষঃস্থলে) চন্দ্রাবলে: (নখচিহ্ন-রূপ চন্দ্রশ্রেণির, অর্থান্তরে— চন্দ্রাবলী নাম্নী গোপীর) স্থিতি: (ধারণ) অলং যুক্তা (অতিশয় সঙ্গতই হয়, [পরিক্ষু]) ত্বং যৎ (তুমি যে), অতিভাগ্যাপি তং (নিজের ~~অধ্যের~~ অধরের পাত্রী সেই চন্দ্রাবলিকেও) হৃদি (বক্ষঃস্থলে) বিভর্ষি (ধারণ করিতেছ), ইদং (ইহাই) পরং চিত্রং (অতিশয় আশ্চর্যজনক); অত্র তত্র চ (এই চন্দ্রাবলীর ধারণ ~~ও~~ পূর্বোক্ত কণ্টকক্ষত ধারণের) হেতুং বদ? (কারণ বল?)॥ ২৬॥

[এস্থলে 'শব্দশ্লেষ' অলঙ্কার। একার্থক শব্দদ্বারা অনেক অর্থের প্রতিপাদন হইলে 'শব্দশ্লেষ' বলা হয়। এই শ্লোকে 'চন্দ্রাবলী' শব্দে একাধিক অর্থ প্রতিপাদিত হইয়াছে।]

১৭। ললিতা ([অনন্তর] ললিতা) তাং (কুন্দলতাকে) আললাপ (বলিলেন), সখি! (হে সখি!) অত্র (এস্থলে) শঙ্কাং (কোনরূপ শঙ্কা) মা কুরু (করিও না); অতিচপলাৎ (অতি চপল), স্মরোৎসুকাৎ (সম্ভোগাভিলাষী) নরাৎ পুংসঃ (নর পুরুষের নিকট হইতে) ভয়-বিদ্রুতানাং (ভয়বশতঃ পলায়নরতা) সতীনাং (সতী-গণের) বপুষি (শরীরে) বনকণ্টকক্ষতানাং (বনের কণ্টকজনিত ক্ষতসমূহের) দারিদ্র্যং (অভাব) কথম্ অস্তু? (হইবে কেন?) ১৭।।

[এই শ্লোকে 'ব্যাজোক্তি' অলঙ্কার। বনকণ্টকজনিত ক্ষতের সম্ভাবনার বর্ণনদ্বারা বাস্তব নখক্ষতের আশঙ্কা-সম্বরণের চেষ্টা করায় ঐ অলঙ্কার সঙ্গত হইয়াছে।]

১৮। ইতো ([তৎকালে] শ্রীকৃষ্ণ) অস্যাঃ (শ্রীরাধার) প্রত্যঙ্গানাং (প্রত্যেক অঙ্গের) বর্ণনং শ্রোতুং (বর্ণন শ্রবণ [করিতে]) ভাবশাবল্যরম্যং (বিভিন্ন ভাবের উদয়ে রমণীয়) আস্যং (মুখমণ্ডল) দ্রষ্টুং চ (দর্শন করিবার নিমিত্ত) উৎকঃ (উৎকণ্ঠিত হইয়া) নানোপায়ান্ (বিভিন্ন উপায়সমূহের) চিন্তয়তি (চিন্তা আরম্ভ করিলে) আলিঃ (সখীগণে)

হাস্যং (হাস্য করিয়া) স্বশরীরং (নিজ-শরীর) বর্ণয়ামাস (বর্ণন করিতে লাগিলেন)॥ ১৮॥

[এই শ্লোকে 'সমাধি'-নামক অলঙ্কার। কর্তার প্রযত্ন-ব্যতীত কারণান্তরের সাহায্যে কার্য সুকর হইলে 'সমাধি'-অলঙ্কার হয়। এস্থলে কর্তা শ্রীকৃষ্ণের প্রযত্নব্যতীতই তাঁহার অভীষ্ট বিষয়ের প্রথন ও দর্শন সখীগণের হাস্যহেতু সুকর হইয়াছে।]

১৯,২০। অথ (অতঃপর) বয়স্যাঃ (বয়স্যগণ) কুটিলভ্রুবা (কুটিলভ্রূভঙ্গীশালিনী) তয়া (শ্রীরাধার) নিষিদ্ধাঃ অপি (নিষেধ সত্ত্বেও) মুরারেঃ (শ্রীকৃষ্ণের) হৃষ্টৈত্য (প্রীতি-বিধানের নিমিত্ত) তদীঙ্গিতজ্ঞাঃ (তাঁহার ইঙ্গিত বুঝিতে পারিয়া) স্বাং কবিতা-রসালাং (স্বীয় কবিত্বরূপ সুস্বাদু পানীয় দ্রব্যকে) রাধিকায়াঃ (শ্রীরাধার) মাধুর্য-কর্পূর-সুবাসিতাং (মাধুর্যরূপ কর্পূরসংযোগে সুবাসিত) বিধাতুকামাঃ (করিবার ইচ্ছায়) সংফুল্ল গোবিন্দ-মুখারবিন্দ-মন্দাক্ষিতামন্দ মরন্দসিক্তাঃ (শ্রীকৃষ্ণের প্রফুল্ল মুখকমলের মৃদুহাস্যরূপ উৎকৃষ্ট মধুরসে অভিষিক্ত হইয়া) ক্রমতঃ (ক্রমশঃ) চলাক্ষীং তাং (চঞ্চললোচনা শ্রীরাধার) বর্ণয়ন্ত্যঃ (বর্ণনা করিতে) জহসুঃ (হাস্য করিয়াছিলেন)॥ ১৯,২০॥

অথ (অনন্তর) আলয়ঃ (সখীগণ) ভঙ্গ্যা (ভঙ্গীক্রমে) তাং কুন্দবল্লীং (কুন্দবল্লীকে) বর্ণয়ন্ত্যঃ ইব (বর্ণনা করিতে যেন প্রবৃত্ত হইয়া) স্বামিনীং (শ্রীরাধাকে) অপ্রস্তুত-প্রশংসয়া (অপ্রস্তুত প্রশংসার) বিষয়ং চক্রুঃ (বিষয় করিয়াছিলেন)॥ ২১॥

ততঃ (অনন্তর) সা ললিতা (ললিতা) অবাদীৎ (বলিলেন), আলয়ঃ! পশ্যত (হে সখীগণ! দেখ), অসৌ (এই) কুন্দবল্লিকা (কুন্দলতা) মধুসূদনসম্ভোগ-চিহ্নানি (মধুসূদনের সম্ভোগচিহ্নসমূহ) বিভর্তি (ধারণ করিতেছে)॥ ২২॥

[এই শ্লোকে শ্লেষ ও অপ্রস্তুত প্রশংসাত্মক অলঙ্কারদ্বয় সূচিত হইয়াছে। 'কুন্দবল্লিকা'-শব্দে কুন্দপুষ্পলতা ও কুন্দলতানাম্নী গোপী এবং 'মধুসূদন'-শব্দে ভ্রমর ও শ্রীকৃষ্ণরূপ দ্বিবিধ অর্থের প্রতিপাদনহেতু শ্লেষ হইয়াছে। প্রাসঙ্গিকের বর্ণনকালে অপ্রাসঙ্গিকের বর্ণনকে 'অপ্রস্তুত প্রশংসা' বলা হয়। এস্থলে প্রাসঙ্গিক শ্রীরাধার বর্ণনকালে অপ্রাসঙ্গিক কুন্দলতার বর্ণনহেতু উক্ত অলঙ্কার হইয়াছে।]

৩। ভুবি (ভূতলে) শিবলিঙ্গানি (শিবলিঙ্গসমূহ) ইন্দো: (চন্দ্রের) একৈকয়া কলয়া (এক একটি কলাদ্বারা) ধানিতানি (মুক্ত রাখিয়াছেন); মন্যে (মনে হয়) অস্যা: (ইঁহার) কুচশম্ভূ (স্তনরূপ শিবমূর্তি-যুগল) তদ্বিজিগীষয়া (ঐ সকল শিবলিঙ্গকে জয় করিবার ইচ্ছায়ই) প্রচুরা: তা: (প্রভূত চন্দ্রকলা) দধত: (ধারণ করিতেছে) ॥২৩॥

এই শ্লোকে রূপক, উৎপ্রেক্ষা ও ব্যতিরেক অলঙ্কারের সাঙ্কর্য্য হইয়াছে। শম্ভু ও কুচ এই উপমান ও উপমেয় যুগলের অভেদবর্ণন-হেতু 'রূপক' হইয়াছে। উপমেয়ের উৎকর্ষহেতু উপমানের সহিত যে সম্ভাবনা করা হয়, তাহাকেই 'উৎপ্রেক্ষা' বলা হয়। এস্থলে উপমানস্বরূপ ভূতলাস্থিত শম্ভুর সহিত উপমেয় কুচশম্ভুযুগলের উৎকর্ষহেতুক 'উৎপ্রেক্ষা' সম্ভাবনা হইয়াছে। ন্যূন বা দোষ-হেতু বৈলক্ষণ্যকেই 'ব্যতিরেক' বলা হয়। এস্থলে উপমান শম্ভু-লিঙ্গ অপেক্ষা কুচরূপ শম্ভুর বৈলক্ষণ্য বা আধিক্য হওয়ায় ব্যতিরেক অলঙ্কার উক্ত হইয়াছে।

৪। হাস-বিকাস-শ্রীরদপংক্তি: (হাস্যবিকাশহেতু যাঁহার দন্তপংক্তির অপূর্ব শোভার উদয় হইয়াছে), সা

তদ্বাক্‌ক্ষুব্ধা (বিশাখার বাক্যে পরিক্ষুব্ধা হইয়া) তনুমধ্যা (ক্ষীণমধ্যা) শ্রীচম্পকবল্লী (চম্পকলতা) কৃষ্ণং সুমধুরং (শ্রীকৃষ্ণকে আনন্দদান করিতে) অভাষত (বলিলেন) ॥ ২৬॥

হরেঃ (শ্রীকৃষ্ণের) করাম্বুজে (করকমলযুগল) পদাম্বুজে (তদীয় পাদপদ্মযুগলকে) নাগরঙ্গার্পিত-লাস্য লাঞ্ছনে বীক্ষ্য ('নাগ-রঙ্গ' অর্থাৎ কালিয়নাগরূপ রঙ্গক্ষেত্রে নৃত্যচিহ্ন স্থাপন করিতে দেখিয়া) তৎস্পর্দ্ধয়া কিং (তোমার সহিত স্পর্দ্ধা করিয়াই কি) অস্যাঃ (ইহার) কুচনাগরঙ্গকে (স্তনরূপ নাগরঙ্গ অর্থাৎ তন্নামক ফলবিশেষে) মুদা (হর্ষসহকারে) নটনৈঃ (নৃত্য করিয়া) ক্ষতানি নখীতাম্ (ক্ষতচিহ্নসমূহ অর্পণ করিয়াছে [illegible]) ॥

এই শ্লোকে 'শ্লেষ', 'রূপক' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার। একই 'নাগরঙ্গ' শব্দে অর্থদ্বয়ের প্রতীতিহেতু 'শ্লেষ' হইয়াছে। 'কুচ' ও 'নাগরঙ্গের' অভেদ-বর্ণনহেতু 'রূপক' হইয়াছে। আর, পদকৃত চিহ্ন অপেক্ষা করকৃত চিহ্নের গুণগত উৎকর্ষহেতু স্পর্দ্ধাকে করকৃত চিহ্নের কারণরূপে সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' হইয়াছে।

২৮। শ্রীপু প্রেক্ষা ([তখন] ললনা নগরের মধ্যে প্রেক্ষা) চিত্রা (চিত্রা) আচক্ষে (এইরূপ বলিলেন) ॥ ২৮ ॥

২৯। ইয়ং (এই) চিত্রা (বিচিত্রা) কনকলতা (স্বর্ণলতা) স্ফুটং (নিশ্চয়ই) শ্যামতমালাশ্রিতা (শ্যাম তমালকে আশ্রয় করিয়া) তচ্চলশাখোপশাখাস্থিকোল্লাসিতং (তাহারই শাখা ও উপশাখাসমূহের অগ্রে উচ্চকযুক্ত) শঙ্কং (শঙ্খ) শ্রীফলযুগলং (বিল্বফলযুগলকে) ধত্তে (ধারণ করিতেছে) ॥ ২৯ ॥

[এই শ্লোকে 'উৎপ্রেক্ষা' ও 'অতিশয়োক্তি' অলঙ্কার। এস্থলে 'স্ফুটম্' (নিশ্চয়ই) এই পদটিই উৎপ্রেক্ষার দ্যোতক হইয়াছে। 'চিত্রা' এই পদে সাধারণ স্বর্ণলতা অপেক্ষা শ্রীরাধিকারূপা স্বর্ণলতার উৎকর্ষ জ্ঞাপিত হইয়াছে। যেস্থলে উপমান উপমেয়কে গ্রাস করায় উপমেয়ের পৃথক অস্তিত্ব লক্ষ্য হয় না, উহাই অতিশয়োক্তি অলঙ্কারের স্থল। বস্তুত: এস্থলে স্বর্ণলতা, তমাল, তাহার শাখা উপশাখা, বিল্বফল উপমান, আর শ্রীরাধা, শ্রীকৃষ্ণ, তাঁহার নখরাজি ও শ্রীরাধার স্তনযুগল উপমেয় হইলেও উপমান হইতে উপমেয়ের পৃথক অস্তিত্ব লক্ষ্য হইতেছেনা।]

২) শ্রীশ্রী গোবিন্দলীলামৃতের
অন্বয় ও অনুবাদ
একাদশ সর্গ (Contd)

৩০। কবীন্দ্রা (কবিশ্রেষ্ঠা) তুঙ্গবিদ্যা (তুঙ্গবিদ্যা) স্ববাক্যৈঃ (নিজ বাক্যদ্বারা) সভাং প্রীণয়ন্তী (সভার প্রীতি উৎপাদন [এবং]) সখীং (সখী শ্রীরাধার) লজ্জয়ন্তী (লজ্জা সঞ্চার করাইতে) অবদৎ (বলিলেন)॥ ৩০॥

৩১। "অস্যাঃ (ইঁহার) লসত্তনুবনীষু অনু (সুরম্য দেহ-কাননে) কামগম্ভীর-বোদি-গজরাট্ (কন্দর্পরূপ মদমত্ত দুর্দান্ত গজরাজ) ভাতি (বিরাজ করিতেছে); যৎ (যেহেতু) ইহ (ইঁহার এই বক্ষঃস্থলে) কুচয়োঃ মিষেণ (স্তনযুগলচ্ছলে) হরিপাণিজন্ম-কামাঙ্কুশ-ক্ষতলসৌ (শ্রীকৃষ্ণের [illegible] নখরূপ কন্দর্পরাজের অঙ্কুশের অসংখ্য ক্ষতচিহ্নযুক্ত হইয়া) মদলেখাচিত্রৌ (মদধারার সংস্পর্শে বিচিত্ররূপেই) অস্য (উক্ত গজরাজের) কুম্ভৌ (কুম্ভযুগল অর্থাৎ গণ্ডস্থলের উভয় পার্শ্বস্থ মাংসপিণ্ডদ্বয়) ভাতঃ (শোভা পাইতেছে)॥ ৩১॥

[এই শ্লোকে 'রূপক', 'অনুমান', 'অপহ্নুতি' ও 'শ্লেষ'-নামক অলঙ্কারসমূহের পরস্পর অঙ্গাঙ্গিভাবহেতু সাঙ্কর্য ঘটিয়াছে। "তনুর ও বনের, কামের ও মত্ত-হস্তীর, শ্রীকৃষ্ণের নখের ও কন্দর্পের অঙ্কুশের অভেদ-উক্তিহেতু 'রূপক' হইয়াছে। হেতুদর্শনে কোন

বিষয়ের অনুমান হইলেই সেইস্থলে 'অনুমান' নামক অলঙ্কার হয়। এস্থলে কুচরূপ কুম্ভযুগলের দর্শন-রূপ হেতুদ্বারাই কামরূপ মত্তগজের অস্তিত্ব অনুমিত হইয়াছে। বিষয়বস্তুর অনভিবর্ণনে 'অপহ্নুতি'-অলঙ্কার হয়। এস্থলে স্তনযুগলকে পদ্মকুঁড়িরূপে অন্যথা বর্ণন করা হইয়াছে। 'হরি'-শব্দটি শ্রীকৃষ্ণ ও সিংহ—এই উভয়ার্থ প্রতিপাদন করায় 'শ্লেষ' হইয়াছে।

৩২। ততঃ (অনন্তর) বিরাজৎ-সুদন্তোল্লসৎসোমরাজী (যাঁহার সুশোভন দন্তপংক্তি চন্দ্রশ্রেণীর ন্যায় সমুজ্জ্বল, সেই) ইন্দুরেখা (ইন্দুরেখা) অতিপ্রমোদাৎ (অতিশয় হর্ষহেতু) জগাদ (বলিলেন)॥ ৩২॥

৩৩। অসৌ সুরতরঙ্গিণ্যাং (এই সুন্দরী সুরতরঙ্গিণীর অর্থাৎ মন্দাকিনীর মধ্যে, অর্থান্তরে সুরতবিষয়ক রঙ্গিণীর মধ্যে) কৃষ্ণঃ মত্তেভঃ (কৃষ্ণ হস্তী) অক্রীড়ৎ (ক্রীড়া করিয়াছে); স্তনকোরকৌ ([এইহেতুই] স্তনরূপ পদ্মমুকুলযুগল) তৎকরাস্ফালনাক্লিষ্টৌ (তাহার করের অর্থাৎ হস্তের, অর্থান্তরে শুণ্ডের, স্বেচ্ছা-সঞ্চালন বা আলোড়ন-হেতু প্রপীড়িত ও ক্ষতচিহ্নযুক্ত হইয়াছে)॥ ৩৩॥

[এই শ্লোকে 'শ্লেষ', 'উৎপ্রেক্ষা' ও 'রূপক' অলঙ্কার।
'সুরতরঙ্গিণী' ও 'কর' শব্দদ্বয়ের দ্ব্যর্থকত্বহেতু 'শ্লেষ' হইয়াছে। সখীর মত হস্তীর বিহার অপেক্ষা শ্রীরাধার শ্রীকৃষ্ণের বিহারের উৎকর্ষ-সম্ভাবনা-হেতু 'উৎপ্রেক্ষা' হইয়াছে। স্তনের ও কোরকের তাদাত্ম্য-বা-অভেদ-বর্ণনহেতু 'রূপক' হইয়াছে। এইরূপ কুচের ও মতঙ্গের অভেদোক্তিহেতুও 'রূপক' হইয়াছে।]

৩৪। [অন্বয়:] সা রঙ্গদেবী (রঙ্গদেবী) অস্যা (শ্রীরাধা-কর্তৃক) দৃশা (দৃষ্টিসঙ্কেত দ্বারা) বারিতা অপি (নিবারিতা হইয়াও) স্বয়া গিরা (স্বীয় বাক্য দ্বারা) কৃষ্ণকর্ণৌ (শ্রীকৃষ্ণের কর্ণযুগলকে) সুধাপূর্ণৌ রচয়ন্তী (সুধারসে পরিপূর্ণ করিয়া) জগাদ (বলিলেন—)॥ ৩৪॥

৩৫। ধাত্রা (বিধাতা) অস্যাঃ (ইঁহার) উরসি (বক্ষঃস্থলে) ধ্রুবং (নিশ্চয়ই) নিভৃতং (অপরের অগোচরে) তরুণিম-রস-পূর্ণৌ (তারুণ্য রসে পরিপূর্ণ [হইয়া]) মুদ্রিতৌ (আবদ্ধ) হেমকুম্ভৌ (সুবর্ণ কলসদ্বয়) গোপিতৌ (লুকাইয়া রাখিয়াছেন; [আর]) লুব্ধকৃষ্ণচৌরিতেঃ (লুব্ধ শ্রীকৃষ্ণকর্তৃক

প্রেরিত), উৎ: নখর-মনকচৌরৈঃ (নখরূপ সেই
মনক চোরগণ) তত্র (তথায়) সুরসং কর্তুমিব
(গর্ত, অর্থান্তরে উত্তম বিলাস করিবার নিমিত্তই যেন)
ইতঃ ততঃ (নানা স্থানে) খাতো (খনন করিয়াছে) ॥৩৫॥

[এই শ্লোকে রূপক, উৎপ্রেক্ষা ও অতিশয়োক্তি-
অলঙ্কার। স্তনযুগলও সুবর্ণকুম্ভ, নখ ও মনক চোর,
এবং তাম্বুল ও রত্নরাজির অভেদত্ব বর্ণনাহেতু 'রূপক' হইয়াছে।
উপমান—স্বর্ণকুম্ভ, মনক চোর ও তৎকৃত খাত
অপেক্ষা উপমেয়—স্তন, নখর ও তৎকৃত খাতের
উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' হইয়াছে। আর,
এস্থলে স্তন উপমেয় এবং স্বর্ণকুম্ভ উপমান হইলেও
উপমানকর্তৃক উপমেয়ের গ্রাসহেতু অর্থাৎ উপমেয়ের
পৃথক উল্লেখ না থাকাতেই 'অতিশয়োক্তি'
হইল।]

৩৬। তৎ অনু (অনন্তর) সুদেবী (সুদেবী) গিরিধর-
তুষ্ট্যৈ (শ্রীকৃষ্ণের প্রীতির নিমিত্ত) শশিবদনাং তাং
(চন্দ্রমুখী শ্রীরাধাকে) পরিহসতি স্ম (পরিহাস
করিয়া বলিলেন—)। ৩৬॥

৩৭। [হে সখীগণ!] পীতাং (পীতবর্ণা), ইহ

- - বনপ্রিয়প্রিয়াং (বনপ্রিয় অর্থাৎ কোকিলের প্রিয়া) ইমাং (এই) সুবর্ণদাড়িমীং (সুবর্ণময়ী দাড়িম্বলতাটি) শুকনখক্ষুণ্ণং (শুকপক্ষীর নখদ্বারা বিদীর্ণ), সৎফলদ্বয়ং (সুন্দর ফলযুগল) দধতীং বিত্ত (ধারণ করিতেছে, জানিবে ॥ অর্থান্তরে — 'পীতাং শুকনখক্ষুণ্ণং' অর্থাৎ পীতবসন শ্রীকৃষ্ণের নখদ্বারা ক্ষত, 'সৎফলদ্বয়ং' অর্থাৎ স্তন-রূপ উত্তম ফলযুগলকে 'দধতীং' অর্থাৎ ধারণ কারিণী, 'ইমাং' অর্থাৎ এই, 'সুবর্ণদাড়িমীং' অর্থাৎ সুবর্ণদাড়িম্বলতারূপা শ্রীরাধাকে, 'বনপ্রিয়প্রিয়াং বিত্ত' অর্থাৎ বনপ্রিয় শ্রীকৃষ্ণের প্রিয়া বলিয়া জানিবে)॥ ৩৭॥

[এই শ্লোকে রূপক, শ্লেষ ও অতিশয়োক্তি-অলঙ্কার।

সুবর্ণদাড়িমী লতা ও নায়িকা শ্রীরাধা এবং ফল-যুগল ও স্তনের তাদাত্ম্যহেতু 'রূপক' হইয়াছে। 'বনপ্রিয়' শব্দের দ্ব্যর্থতাহেতু 'শ্লেষ' হইয়াছে। দাড়িম্বফলরূপ উপমান হইতে উপমেয় স্তনের পার্থক্যের অনুল্লেখহেতু 'অতিশয়োক্তি' অলঙ্কার হইয়াছে।]

৩৮। অথ (অতঃপর) সা চন্দ্রমুখী (চন্দ্রমুখীনাম্নী সখী) স্বাবসরাপ্ত্যা (স্বীয় অবসর প্রাপ্তিহেতু) হৃষ্টা (হৃষ্টচিত্তে) তাং বর্ণয়তি স্ম (শ্রীরাধাকে বর্ণন করিতে লাগিলেন)॥ ৩৮॥

'ইয়ং (এই) হাটক দাড়িমী (সুবর্ণ দাড়িম্ব লতা)
লোকোত্তরা (অলৌকিক-শোভাধারা); যৎ (যেহেতু) উৎফলে দ্বাবপি (যে দুইটি ফল ধারণ করিয়াও),
অলিধিক্ষতেন (ভ্রমর কর্তৃক বিক্ষত), কুসুম-দ্বয়েন
(পুষ্প যুগল দ্বারা) পিধায় (আচ্ছাদন পূর্বক) আভ্যাং
পৃথক্ (ফলদ্বয় হইতে পৃথক ভাবেই) সুপক্ক বীজানি
ধত্তে' (পরিপক্ক বীজসমূহ ধারণ করিতেছে')॥ ৩৯॥
[এই শ্লোকে 'ব্যতিরেক' ও 'অতিশয়োক্তি' অলঙ্কার।
উপমান— সাধারণ দাড়িমী লতা অপেক্ষা উপমেয়— শ্রীরাধারূপা দাড়িমী-
লতা ফল হইতে পৃথক্ ভাবে বীজ ধারণ-হেতু উৎকর্ষ-
যুক্তা হওয়ায় 'ব্যতিরেক' অলঙ্কার হইয়াছে; আর,
উপমান— ফল, বীজ, অলি ও কুসুমদ্বারা যথাক্রমে
উপমেয়— স্তন, দন্তপংক্তি, শ্রীকৃষ্ণ এবং ওষ্ঠযুগলের
গ্রাসহেতু অর্থাৎ ঐ সকল উপমেয়ের পৃথক্ অনুল্লেখ-
হেতু 'অতিশয়োক্তি' হইয়াছে।]

৪০। [অনন্তর] নারীনাং ললনা (… গণের মধ্যে
শ্রেষ্ঠ স্থানীয়া) সা জ্যেষ্ঠা (জ্যেষ্ঠা) অবাদীৎ
(বলিলেন)॥ ৪০॥

৪১। অস্যাঃ (ঈশ্বর) দৃগঞ্জনলেপাৎ (নয়নের অঞ্জনের লেপন-হেতু) কৃষ্ণাধরঃ (শ্রীকৃষ্ণের অধর) পক্বজম্বূফলায়তে (পক্ব জম্বূফলের ন্যায় আচরণ করিতেছে; [আর]) অস্যাঃ (ঈশ্বর) দন্তঃ (দন্ত) অস্মিন্ (এই কৃষ্ণাধরে) বুভুক্ষিত-শুকায়তে (ক্ষুধার্ত শুকপক্ষীর আচরণ করিতেছে) ॥ ৪১ ॥

[এই শ্লোকে 'লুপ্তোপমা' ও 'কাব্যলিঙ্গ'-নামক অলঙ্কারদ্বয়ের সন্নিবেশ হইয়াছে। এস্থলে 'পক্ব-জম্বূ-ফলায়তে' এই পদে 'পক্বজম্বূফলম্ ইব আচরতি' এইরূপ ব্যাসবাক্যের উপমা-দ্যোতক 'ইব'-শব্দ এবং 'বুভুক্ষিত-শুকায়তে' এই পদে 'বুভুক্ষিতঃ শুক ইব আচরতি' এইরূপ ব্যাসবাক্যের উপমা-দ্যোতক 'ইব'-শব্দের লোপহেতু 'লুপ্তোপমা' অলঙ্কার হইল। যেস্থলে কোন পদের বা বাক্যের অর্থ কোন কার্যবিশেষের হেতুরূপে প্রতিপন্ন হয়, তথায়ই 'কাব্যলিঙ্গ'-অলঙ্কার হয়। এস্থলে শ্রীকৃষ্ণের অধরের পক্বজম্বূফলের ন্যায় আচরণ-বিষয়ে শ্রীরাধার নয়নাঞ্জনলেপই হেতু এবং শ্রীরাধার দন্তের বুভুক্ষিত শুকের ন্যায় আচরণ-বিষয়ে শ্রীকৃষ্ণের অধরের পক্বজম্বূফলের ন্যায় আচরণই হেতুরূপে প্রতিপন্ন হওয়ায় 'কাব্যলিঙ্গ' হইয়াছে।]

৪২। [অনন্তর] কাঞ্চনলতা (কাঞ্চনলতা-নাম্নী সখী) হৃদীশেন (হৃদয়েশ্বর শ্রীকৃষ্ণকর্তৃক) ভ্রুবা (ভ্রূভঙ্গীদ্বারা) প্রেরিতা (প্রেরিতা, [অথচ]) শীলয়া (শ্রীরাধাকর্তৃক) দৃশা (নয়নসঙ্কেতদ্বারা) বারিতা অপি (নিবারিতা হইয়াও) তাং রাধাং (সেই শ্রীরাধাকে) [illegible] (নামোচ্চারণপূর্বকই) অবর্ণয়ৎ (বর্ণনা করিতে লাগিলেন) ॥৪২॥

৪৩। শ্রীরাধায়াং (শ্রীরাধার দেহমধ্যে) নাভিঃ (নাভিগর্ত), রোমাবলিঃ (রোমরাজি), উরসিজ-দ্বন্দ্বং (স্তনযুগল) আস্যং (মুখমণ্ডল) বিভাতি (শোভা পাইতেছে) ইতি এষা (ইহা) পশ্যতাং (দর্শকগণের) বিধিকৃতা ভ্রান্তিঃ (দৈবকল্পিত ভ্রান্তিমাত্র); সত্যং (পরন্তু সত্য এই যে), সান্দ্রামৃতময়সরসি (প্রগাঢ় সুধারসময় সরোবরে) একনালোত্থং (একটি নালের অগ্রভাগে উৎপন্ন) পদ্মদ্বন্দ্বং (পদ্মযুগলকে) শশ্বৎকরপরিচয়ৈঃ (নিরন্তর কিরণস্পর্শদ্বারা) মীলয়ন্ (নিমীলিত করিতে করিতে) ইন্দুঃ (চন্দ্রই) দীব্যতি (ক্রীড়া করিতেছে) ॥৪৩॥

[এই শ্লোকে 'অপহ্নুতি' নামক অলঙ্কার। বাস্তব বস্তুকে গোপন করিয়া অন্যরূপে প্রতিপাদনই 'অপহ্নুতি'।

এস্থলে রাধার নাভি, রোমরাজি, স্তনযুগল ও মুখ-মণ্ডলকে গোপন পূর্বক যথাক্রমে অমৃত-সরোবর, পদ্মনাল, পদ্মযুগল ও চন্দ্ররূপে সূচনা করা হইয়াছে।]

৪৪। [অনন্তর] মৃগীলোচনা (হরিণনয়না) মা মাধবী (মাধবী) বাহরহ (বলিলেন)॥ ৪৪॥

৪৫। রাধা (শ্রীরাধা) অস্য (শ্রীকৃষ্ণের) যজ্ঞশালা বভৌ (যজ্ঞশালা রূপে শোভা পাইতেছেন); তস্যা নাভিঃ (তাঁহার নাভিদেশই) কুণ্ডং (যজ্ঞকুণ্ড); ত্রিবলি-বিততিঃ (ত্রিবলির বিস্তারই) মেখলা (মেখলা); অবলগ্নং চ (দেহমধ্য ভাগই) বেদিঃ (বেদি); লোমাবলিঃ (রোমরাজিই) স্রুক্ (স্রুক্ অর্থাৎ আহুতিদানের পাত্রবিশেষ); শ্রীকুচৌ (স্তনযুগলই) ভদ্রকুম্ভৌ (মঙ্গলঘটদ্বয়); কামঃ (কন্দর্পই) যজ্বা (যাজ্ঞিক); গুরুজঘন-গলৌ (সুবিপুল জঘন ও গলদেশই [যথাক্রমে]) পীঠ-মণ্ডপৌ (পীঠ ও মণ্ডপ); বকারেঃ ([আর] শ্রীকৃষ্ণের) চিন্তাকৃষ্টিঃ (চিন্তাকর্ষণই) ইহ (এই স্থলে) ফলম্ (যজ্ঞের ফল)॥ ৪৫॥

[এই শ্লোকে শ্রীরাধাকেও তদীয় অঙ্গসমূহকে যজ্ঞশালা ও যজ্ঞকুণ্ডাদির সহিত অভেদ-বর্ণনা হেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।]

৪৬। [অনন্তর] সা বাসন্তী (বাসন্তী নাম্নী সখী) স্মিতাস্যা এনাং (এই স্মিতা) ভাবেন: কন্যাং (বৃষভানুনন্দিনীর প্রতি) পশ্যন্তী (দৃষ্টিপাতসহকারে) আখ্যাৎ (বলিলেন)। ৪৬॥

ভ্রূরোমালেয়ৌ ([শ্রীরাধার] ভ্রূযুগল এবং রোমরাজিই) ধনুরসিলতে ([যথাক্রমে] ধনুক ও অসি); শ্রীকটাক্ষাঃ (কটাক্ষবৃন্দই) পৃষৎকাঃ (বাণসমূহ); বাহূ (বাহুযুগলই) পাশৌ (দুইটি পাশ); গলঃ ইহ দরঃ (গলদেশই এস্থলে শঙ্খ); শ্রীনিতম্বঃ (নিতম্বদেশই) রথাঙ্গং (রথচক্র); দীব্যদ্‌গণ্ডৌ (সমুজ্জ্বল গণ্ডযুগলই) কনকফলকে (স্বর্ণরচিত ফলক বা চর্ম অর্থাৎ ঢাল); শ্রীনখাঃ অঙ্কুশাঃ (নখরাজিই অঙ্কুশবৃন্দ; [আর]) রাধা (শ্রীরাধাই) স্মরনরপতেঃ (কন্দর্পরাজের) বিশালা (বিশাল) শস্ত্রশালা (শস্ত্রশালারূপে) ভাতি (প্রকাশ পাইতেছেন)॥ ৪৭॥

[এই শ্লোকে শ্রীরাধার ও তদীয় অঙ্গচ্ছবির সহিত শস্ত্রশালা ও বিভিন্ন শস্ত্রাদির তাদাত্ম্য বর্ণনহেতু 'রূপক'-অলঙ্কার হইয়াছে।]

৪৮। তদ্বাক্‌তুষ্টা ([তখন] বাসন্তীর বাক্যে সন্তুষ্টা হইয়া) বৃন্দা (বৃন্দা) অবাদীৎ (বলিতে লাগিলেন)॥ ৪৮॥

৪৯। রাধায়াঃ (শ্রীরাধার) সুতনুঃ (সুন্দর তনুটি) সুধাময়সরসী (সুধাময়ী সরসী), বাহু (বাহুযুগল) বিসে (দুইটি মৃণাল); সৎকুচৌ (সুরম্য স্তনদ্বয়) কোকৌ (চক্রবাক যুগল); শ্রীমুখ-নাভি-পাণি-চরণাঃ (মুখ, নাভি, হস্ত ও পদ) পদ্মানি (কমলরাজি); বক্রালকাঃ (বক্র অলকরাজি) — রোলম্বাঃ (ভ্রমর-মালা); মধুর-স্মিতং চ (মধুর হাস্য) — কুমুদং (কুমুদ-পুষ্প); তথা নেত্রে (নয়নযুগল) — ইন্দীবরে (দুইটি নীল কমল); রোমালী (রোমরাজি) — জলনীলিকা (শৈবাল); শ্রীকৃষ্ণহৃৎকুঞ্জরঃ (শ্রীকৃষ্ণের চিত্তহস্তী) ইহ (এই সুধাময়সরসীতে) রমতি (বিহার করে)॥ ৪৯॥

[এই শ্লোকে 'রূপক' অলঙ্কার। শ্রীরাধার সহিত সরসীর, তদীয় বাহু-প্রভৃতি অঙ্গরাজির সহিত মৃণাল প্রভৃতির এবং শ্রীকৃষ্ণের চিত্তের সহিত কুঞ্জরের আরোপ বর্ণনাহেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।]

৫০। পুনঃ (পুনরায়) কৃষ্ণেঙ্গিতজ্ঞাঃ (শ্রীকৃষ্ণের ইঙ্গিতাভিজ্ঞা) ললিতাদয়ঃ (সখী ললিতা প্রভৃতি) তাঃ (সেই) বয়স্যাঃ (বয়স্যাগণ) প্রেম্ণা (প্রীতির সহিত) একৈকশঃ (প্রত্যেকে) পৃথক্ (পৃথক ভাবে) বয়স্যাং তাং (সেই প্রেয়সী) (বয়স্যা শ্রীরাধার) বর্ণয়ামাসুঃ (বর্ণন করিয়াছিলেন)॥ ৫০॥

(৩) 'সুকটকং (নূপুরমঞ্জীরাদি বলয়শোভিত, অর্থান্তরে—সেনাগণের বসতিস্থলস্বরূপ) শ্রীরাধাচরণদ্বয়ং (শ্রীরাধার এই চরণযুগল) শঙ্খার্ধেন্দু-যবাঙ্কুশ-কুঞ্জর-রথৈঃ (শঙ্খ, অর্ধচন্দ্র, যব, অঙ্কুশ, হস্তী, রথ), সীরাঙ্কুশেষু-ধ্বজৈঃ (হল, অঙ্কুশ, বাণ, ধ্বজ), চাপ-স্বস্তিক-মৎস্য-তোমরমুখৈঃ (ধনুঃ, স্বস্তিক, মৎস্য ও তোমর প্রভৃতি) সল্লক্ষণৈঃ (উত্তম লক্ষণসমূহ দ্বারা) অঙ্কিতং (চিহ্নিত [এবং]) লাক্ষানুবিম্বিতং (লাক্ষারূপ বর্ণাবৃত হইয়া) এভিঃ (পূর্বোক্ত) আহবোপকরণৈঃ (যুদ্ধোপকরণ-রাজিদ্বারা) অখিলং (বিশ্বরাজ্য) বিজিত্য (জয় করিয়া) সাম্রাজ্যলক্ষ্ম্যা বহেতে (সাম্রাজ্য-শোভার সহিত শোভা পাইতেছেন অর্থাৎ বিরাজ করিতেছেন)॥ ৫১॥

এই শ্লোকে 'স্বভাবোক্তি', 'উৎপ্রেক্ষা', 'রূপক' ও 'শ্লেষ' অলঙ্কার। বাস্তব স্বভাবের বর্ণনাস্থলেই 'স্বভাবোক্তি' অলঙ্কার হয়। এস্থলে শঙ্খাদি বাস্তব লক্ষণের বর্ণনাহেতুই 'স্বভাবোক্তি' হইয়াছে। অন্যান্য যুদ্ধোপকরণের অবস্থানের নিমিত্ত সাম্রাজ্য লক্ষ্মীর অপেক্ষা শ্রীরাধার সাম্রাজ্য লক্ষ্মীর উৎকর্ষের সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা'।

লতাদি সাধারণ মুখ্যোপকরণসমূহের এস্থলে চরণ-চিহ্ন লতাদির সহিত তাদাত্ম্যবর্ণন হেতু 'রূপক'। 'কটাক্ষ'লিপিটি দ্ব্যর্থক বলিয়া 'শ্লেষ' হইয়াছে।]

(২) যা অসৌ (যে শ্রীরাধা) যৎকান্ত্যা (যে পদযুগলের কান্তিদ্বারা) কিসলয়ে (কিসলয়ের অর্থাৎ নবীন কোমল রক্তবর্ণ পত্রের) শ্রিয়ঃ (সৌন্দর্যের) লবনাৎ (লবন অর্থাৎ ছেদনহেতু [উহাকে]) পল্লবাখ্যাং ন্যধাৎ ('পল্লব' এই সংজ্ঞা দান করিয়াছেন ['পল্লব' = পাদলব = পাদ বা পদদ্বারা সৌন্দর্যের 'লব' বা ছেদন হইয়াছে, যাহাতে এইরূপ অর্থ জ্ঞাপক]) নলিনে ([এইরূপ যিনি পদদ্বারা] কমলে) মালিনীভাবং বিধায় (মালিন্য বিধানপূর্বক) পদ্মাখ্যাং ('পদ্ম' ['পদ্‌দ্বারা 'ম' অর্থাৎ মালিন্য যাহাতে,] উহাই 'পদ্ম' এই সংজ্ঞা [দান করিয়াছেন]), (এবং যিনি নিজ পদশোভাদ্বারা) নিশায় (রাত্রিকালে) কোকবৎ ('কোক' অর্থাৎ চক্রবাকের ন্যায়) বিলপতৈঃ (বিলাপ অর্থাৎ মুদ্রিতভাবে বিলাপের ন্যায় 'নদ' বা রব করে বলিয়াই) রক্তোৎপলে চ (রক্তোৎপলের) কোকনদাভিধাং ('কোকনদ' এই সংজ্ঞা [দান

করিয়াছেন), ইতি (এই হেতু) সা রাধা (সেই শ্রীরাধা)
ভুবি (ভূমণ্ডলে) ইদং তৎপদদ্বয়ং (এবং তদীয় এই
পদযুগল) ভুবি (ভূতলে) কেন (কাহার সহিত)
উপমেয়ং ভবেৎ? (তুলনা লাভ করিতে পারেন?) ॥৫২॥
[এই শ্লোকে 'ব্যতিরেক'-নামক অলঙ্কার।
(উপমানস্বরূপ পার্থিব পদার্থমাত্র হইতে উপমেয়-
স্থানীয়া শ্রীরাধার ও তদীয় পদযুগলের উৎকর্ষবর্ণন-
হেতুই 'ব্যতিরেক' অলঙ্কার হইয়াছে।]

(৫৩) ইয়ং শ্রীরাধাচরণ-নখচন্দ্রাবলি: (শ্রীরাধার চরণের
এই নখচন্দ্রাবলী অর্থাৎ নখরূপ চন্দ্ররাজি),
নিরঙ্কা (নিষ্কলঙ্কা), অরুণরুচি: (রক্তবর্ণা [illegible])
সদা পূর্ণা (সর্বদা পরিপূর্ণারূপে) হরিহৃদি (শ্রীকৃষ্ণের
হৃদয়ে) ভান্তী (প্রকাশিতা হইয়া) অপূর্বা (অপূর্ব-
ভাব ধারণ করিতেছে) যা (যাহা) তস্য (শ্রীকৃষ্ণের)
ইন্দ্রিয়কুমুদবৃন্দং (ইন্দ্রিয়রূপ কুমুদরাজিকে) সমুৎ-
ফুল্লং বিদধতী (অতিশয় উৎফুল্ল করিয়া) হঠাৎ
(হঠাৎ) চন্দ্রাবল্যা: অপি (চন্দ্রাবলীর সম্বন্ধেও)
বিস্মৃতিং জনয়তি (বিস্মরণ জন্মাইয়া থাকে) ॥৫৩॥
[এই শ্লোকে 'রূপক', 'বিরোধাভাসরূপ 'বিরোধ', 'ব্যতিরেক'
ও 'শ্লেষ' অলঙ্কার। এস্থলে শ্রীরাধার নখচন্দ্রের ও

চন্দ্রের তাদাত্ম্য বর্ণনহেতু 'রূপক'। বাস্তব চন্দ্র নিষ্কলঙ্ক,
অরুণবর্ণ ও সর্বদা পূর্ণ নহে বলিয়া এস্থলে 'চন্দ্রাবলি'
অর্থাৎ চন্দ্রসমূহকে নিষ্কলঙ্কাদিরূপে বর্ণিত হওয়ায়
আপাততঃ বিরোধ হইলেও নখরূপ চন্দ্রাবলির
পক্ষে নিষ্কলঙ্কত্বপ্রভৃতি সম্ভবপর বলিয়া 'বিরোধাভাস'।
উপমান-চন্দ্র অপেক্ষা উপমেয় নখচন্দ্রের উৎকর্ষ-
হেতু 'ব্যতিরেক'। আর, 'চন্দ্রাবল্যাঃ' এই পদে
'চন্দ্রাবলী' শব্দটি চন্দ্রশ্রেণী ও চন্দ্রাবলী গোপী—
এই উভয়ার্থ-প্রতিপাদক বলিয়া 'শ্লেষ' হইল।]

৫১৪। নবরাজি তারুণ্যে (যৌবনরূপ নবীন রাজার) নীতি-
শিথিলে (নীতি শিথিল হইলে) রাধাবপুঃপত্তনে
(শ্রীরাধার দেহরূপ পুরীর মধ্যে) সুস্তনেন (স্তনের
সহিত) বক্ষোজদ্বয়দস্যুনা (স্তনরূপ দস্যুদ্বয়) বলাৎ
(বলপূর্বক) মধ্যং (মধ্যদেশ) আক্রম্য (আক্রমণপূর্বক)
নিখিলং স্থৌল্যং ([তথায়] সমগ্র স্থূলতা) হৃতং
(হরণ করিয়াছে [এবং]) ফুৎকারভীত্যা ([মধ্যভাগ]
ফুৎকারপূর্বক রোদন করিতে পারে, এই ভয়ে) ত্রিবলিভিঃ
গুণৈঃ (ত্রিবলিরূপ রজ্জুদ্বারা) বদ্ধা স্থাপিতং ([উক্ত
মধ্যদেশকে] আবদ্ধ করিয়া রাখিয়াছে), ইতি অন্বেতব্য

(ইহা জানিতে পারিয়া) গুল্‌ফৌ (গুল্‌ফদ্বয়) নিজীয়
স্থিতৌ (স্থূলতায়িতভাবে অবস্থান করিতেছে [গুল্‌ফ-
দেশের স্থূলতা বস্তুত: অসৌন্দর্য্যকর; পরন্তু শ্রীরাধার গুল্‌ফ-
দ্বয় স্বভাবতঃই স্থূলতাহীন। এস্থলে কবি ধ্বনিত করিতেছেন
যে, পূর্ব্বোক্ত দস্যুদল কর্তৃক সর্ব্বদেশের স্থূলতার অপ-
হরণ জানিতে পারিয়া গুল্‌ফ স্বয়ংই স্বীয় স্থূলতা
গোপন করিয়া রাখিয়াছে]) ॥ ৫৪॥

এই শ্লোকে 'রূপক' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার। তারুণ্য ও
নবীন রাজা, শ্রীরাধার দেহ ও পুরী, স্তন সচিব
জঘন ও দস্যু এবং ত্রিবলি ও রজ্জু — ইহাদের
তাদাত্ম্যহেতু 'রূপক' হইয়াছে। সাধারণ রাজার
গুণ অপেক্ষা শ্রীরাধার তারুণ্য, স্তন, জঘন ও রজ্জু —
প্রভৃতির উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' হইয়াছে।

(৫৫) অন্বয়: (শ্রীরাধার) মুক্তজেৰ (মনোহর চরণ-
যুগল) স্বাস্থিতা এবং (স্বীয় স্থিতিভঙ্গীদ্বারাই) স্তম্ভিত-
স্বর্ণরম্ভা-স্তম্ভায়মে (সুবর্ণময় কদলীবৃক্ষের নির্মাণ-
প্রণালী স্তব্ধ করিয়া) দীক্ষিত: (লোভ পাইতেছে) যে (উৎক্ষিপ্ত উরুমূলকে)
ধাত্রা (বিধাতা) অনঙ্গোৎকার্ত-কুচেভ-শীতছায়া-
লালন-সুযুদ্ধাং লাঞ্ছিতে (কামসন্তাপপীড়িত

শ্রীকৃষ্ণরূপ মাতঙ্গেন্দ্র শীতল ছায়াবৃক্ষের স্কন্ধদেশে
আরোপিত করিয়াছেন)॥ ৫৫॥
[এই শ্লোকে রূপক ও উৎপ্রেক্ষা অলঙ্কার। এস্থলে
শ্রীকৃষ্ণের ও হস্তীর এবং ভুজার ও স্কন্ধের তাদাত্ম্য-
হেতুই 'রূপক' হইয়াছে। স্বর্ণকদলী-স্তম্ভ অপেক্ষা
ভুজযুগলের উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা'
হইয়াছে।]

(৫৬) বিধিঃ (বিধাতা) অমুনা অর্থিতঃ (মদনের
অর্থনানুসারেই) মদনায় (তাহাকে) অস্যাঃ (শ্রীরাধার)
প্রসূতয়োঃ মিষাৎ (উচ্চস্তনদ্বয়ের ছলে) হৈমালানদ্বয়ং
(সুবর্ণময় গজবন্ধনস্তম্ভদ্বয়) অদাৎ কিং (প্রদান করিয়া-
ছেন কি)? যৎ (যেহেতু) সঃ চ (সেই মদন) তন্মাধুরী-
সুদৃঢ়শৃঙ্খলয়া (উহার মাধুর্যরূপ সুদৃঢ় শৃঙ্খল দ্বারা)
কৃষ্ণচিত্তমদমত্তগজং (শ্রীকৃষ্ণের চিত্তরূপ মদমত্ত
হস্তীকে) আস্মিন্ ববন্ধ (উহাতে আবদ্ধ করিয়াছেন)॥ ৫৬॥
[এই শ্লোকে রূপক, উৎপ্রেক্ষা, অপহ্নুতি ও অনুমান-
নামক অলঙ্কার। মাধুর্যের ও শৃঙ্খলের এবং কৃষ্ণচিত্তের
ও মদমত্ত গজের তাদাত্ম্য বর্ণনাহেতু 'রূপক'। আলান
অপেক্ষা কুচভার উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা'।

কদলীর বাহ্যবস্তু গোপনপূর্বক আলান-রূপেই প্রতি-পাদনহেতু 'অপহ্নুতি'। আর, শ্রীকৃষ্ণের চিত্তহস্তীর বন্ধনরূপ হেতু দ্বারাই ~~[illegible]~~ কদলীর আলানত্ব সাধিত হওয়ায় 'অনুমান' হইয়াছে।]

৫৭। তৎ ইদং (এই দুইটি) বৃষভানুজায়াঃ (শ্রীরাধার) জানুদ্বয়ং ন (জানু-যুগল নহে, [পরন্তু]) তে (এ দুইটি) কামস্য (কন্দর্পের) সুগুপ্তে (গোপনে রক্ষিত) কনক-সম্পুটিকে (সুবর্ণময় 'সম্পুট' অর্থাৎ কৌটা); যৎ (যেহেতু) সঃ অয়ং (উক্ত কন্দর্প) কৃষ্ণহৃন্নয়নরত্নং (শ্রীকৃষ্ণের চিত্ত ও নয়নরূপ রত্নকে) সংমুষ্য (অপহরণপূর্বক) অনেকযত্নৈঃ (অতিশয় যত্নসহকারে) অনয়োঃ (এই দুইটির মধ্যে) ~~[illegible]~~ ~~[illegible]~~ নিধায় (স্থাপন করিয়া) সুমুদে (সন্তুষ্ট হইয়াছেন)॥ ৫৭॥

[এই শ্লোকে 'অপহ্নুতি', 'রূপক', 'উৎপ্রেক্ষা' ও 'অনুমান' অলঙ্কার। জানুযুগলকে সম্পুটরূপে অন্যথাকরণহেতু 'অপহ্নুতি'; শ্রীকৃষ্ণের হৃদয়ের ও নয়নের এবং রত্নের তাদাত্ম্য বর্ণন-হেতু ~~[illegible]~~ 'রূপক'; সাধারণ সম্পুট অপেক্ষা জানুরূপ সম্পুটের উৎকর্ষ-সম্পাদনহেতু 'উৎপ্রেক্ষা'; আর, জানুদ্বয়ে শ্রীকৃষ্ণের চিত্তের ও নয়নের অবস্থিতি-

রূপ হেতুদ্বারাই আনুকূল্যের সম্পুষ্টি সাধিত হওয়ায় 'অনুমান' হইয়াছে।]

[৫৮] করিণাং (হস্তিদিগের) ত্বচি কঠিনকরেভ্যঃ (কঠিন চর্মযুক্ত শুণ্ডসমূহ হইতে) কবেঃ (কবির) ভীঃ স্যাৎ (ভয় হয় [অর্থাৎ উহার কাঠিন্যহেতু উহার সহিত শ্রীরাধার উরুযুগলের তুলনা করিতে কবি ভীত হন; আর]) জলময়-কদলীনাং (জলাংশবহুল কদলীবৃক্ষসমূহের) অসারাৎ কাণ্ডাৎ (কাণ্ডের অসারতাহেতু [উহার সহিত তুলনা করিতেও]) হ্রীঃ চ (লজ্জা [হয়]); তৎ (সেইহেতু), হরি-করভ-বিলাসায়াসলভ্যে ([যাহা] শ্রীকৃষ্ণের মুষ্টিযুগলের বিলাসবিশেষদ্বারা অতিশয় প্রযত্নেই লভ্য হয়), অস্যাঃ (শ্রীরাধার) তে (তাদৃশ) নিরুপম-মধুরে (অতুলনীয় মধুর) সক্থিনী (উরুযুগল) কেন তুল্যে (কাহার সহিত তুলনীয় হইতে পারে)? ॥ ৫৮ ॥

[এই শ্লোকে 'ব্যতিরেক' অলঙ্কার। করিশুণ্ড ও কদলীকাণ্ডরূপ প্রসিদ্ধ উপমান অপেক্ষা শ্রীরাধার উরুযুগলরূপ উপমেয় বস্তুর উৎকর্ষাধিক্যবর্ণন-হেতুই 'ব্যতিরেক' অলঙ্কার হইয়াছে।]

(৮৯) সঃ (যিনি) মনোজ্ঞং শ্রীগোবর্দ্ধনগিরিকটকং (গোবর্দ্ধনগিরির মনোরম নিতম্বদেশে) অটন্ (ভ্রমণ করিতে করিতে) কালিন্দ্যাঃ (যমুনার) পুলিন-গুণ-লীলা-স্মরণজাং (পুলিনদেশের গুণ ও লীলার স্মরণজনিত) মুদং (হর্ষ) ন লভতে (লাভ করেন নাই, [আর]) অস্যাঃ (যমুনার) পুলিনম্ অনুবিন্দন্ (পুলিনে বিচরণ করিয়া) তত্রত্যাং চ ন (গোবর্দ্ধনের নিতম্ব-ভ্রমণজনিত হর্ষ লাভ করেন নাই), সঃ (সেই) অঘরিপুঃ (শ্রীকৃষ্ণ) অস্যাঃ (শ্রীরাধার) নিতম্বং পশ্যন্ (নিতম্ব দর্শন করিতে করিতে) উভয়জাং তাং (গোবর্দ্ধনের নিতম্ব-ভ্রমণ-জনিত ও যমুনা-পুলিনের গুণলীলাস্মরণজনিত হর্ষ) সমলভত (অনুভব করিয়াছিলেন)॥ ৮৯॥

[এই শ্লোকে 'ব্যতিরেক' অলঙ্কার। গোবর্দ্ধনের নিতম্ব ও যমুনাপুলিনরূপ উপমান অপেক্ষা শ্রীরাধার নিতম্বরূপ উপমেয়ের উৎকর্ষাধিক্য বর্ণনহেতু ব্যতিরেক অলঙ্কার হইয়াছে।]

(৯০) ইয়ং রাধাশ্রোণিঃ (শ্রীরাধার এই নিতম্বদেশ) পুলিনৈঃ সমা ন (যমুনার পুলিনের সমান নহে), ইয়ং (এইরূপ) কবেঃ গীঃ (কবিবাক্য) সত্যা (সত্য), যৎ

(যেহেতু) বেণী যমুনা ([নিতম্বের প্রান্তসংলগ্না] বেণীই স্বয়ং যমুনা); তৎ এব (নিতম্বই) পুলিনং (পুলিন); কাঞ্চী (চন্দ্রহারই) মরালী-ততিঃ (হংসী-শ্রেণি); সো চেৎ (যদি না হইল) হরেঃ (শ্রীকৃষ্ণের) মনোনটবরঃ (চিত্তরূপ নটবর) কথং (কিহেতু) স্বাভিঃ বৃত্তিসখী-নটীভিঃ (স্বায় বৃত্তিরূপা সখী-নর্তকীগণের সহিত) তত্র (তথায়) অনিশং (নিরন্তর) শ্রীরাসলাস্যং কুর্বন্ (রাসনৃত্য করিয়া) ন বিশ্রাম্যতি (বিশ্রাম লাভ করিতেছেন না)? [শ্রীরাধার নিতম্ব যমুনাপুলিনের তুল্য একটি ভিন্ন বস্তু, ইহা নহে; পরন্তু উহাই যমুনার পুলিন। বেণী-প্রভৃতিকে যমুনা-প্রভৃতিরূপে প্রতিপাদন-পূর্বক পূর্ববাক্যের সমর্থন হইয়াছে]) ॥৬০॥

[এই শ্লোকে রূপক, অনুমান ও ব্যতিরেক অলঙ্কার। বেণী-প্রভৃতির সহিত যমুনা-প্রভৃতির তাদাত্ম্যবর্ণন-হেতু 'রূপক', শ্রীকৃষ্ণের চিত্তরূপ নটবরের নৃত্যরূপ হেতু দ্বারা নিতম্বকে পুলিনরূপে সিদ্ধ করায় 'অনুমান' এবং পুলিন অপেক্ষা নিতম্বের উৎকর্ষ বৈলক্ষণ্য-হেতুই 'ব্যতিরেক' অলঙ্কার হইয়াছে।]

৬১ শঠগুরু-নিতম্বোরুবিম্বোরু-চৌরৈঃ (নিতম্ব, উরু ও

স্তনযুগলরূপ অতিধূর্ত চোরগণ) পীনোন্নত্যৈঃ মদকরিতনুস্থূলতা-হস্ত-কুম্ভৈঃ (পীনোন্নত্যে, করিদেহের স্থূলতা, শুণ্ড ও কুম্ভদ্বয়ের সহিত) মৈত্রীং কৃত্বা (মিত্রতা করিয়া) যে (আমার) স্থৌল্যং (সমগ্র স্থূলতা) হৃতং (হরণ করিয়াছে) ইতি (এইরূপে) ভয়-ক্রোধ-শোকাৎ ইব (ভয়, ক্রোধ ও শোকহেতুই যেন) দুঃস্থং (দুঃখিত হইয়া) অস্যাঃ (শ্রীরাধার) মধ্যং (কটিদেশ) ত্বরিতং (সত্বর) সিংহমধ্যেন (সিংহের কটির সহিত) সখ্যম্ অকরোৎ (সখ্য স্থাপন করিয়াছে)।। ৬১।।

[এই শ্লোকে 'রূপক' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার।

~~নিতম্ব প্রভৃতির সহিত করিদেহগত স্থূলতাদির~~

[এই শ্লোকে করিকুম্ভ প্রভৃতির সহিত স্তনাদির এবং সিংহের মধ্যভাগের সহিত শ্রীরাধার মধ্যভাগের তাদাত্ম্য নির্দেশহেতু 'রূপক' হইয়াছে; বস্তুতঃ করি-কুম্ভ প্রভৃতি অপেক্ষা স্তনাদির উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' হইয়াছে।]

~~বিধিঃ (বিধাতা), অস্যাঃ (শ্রীরাধার) দারিদ্র্যেণ (দারিদ্র) নিতম্ব-স্তনয়োঃ (নিতম্ব ও স্তন) আহৃত-মধ্যসম্পদোঃ ([শ্রীরাধার] মধ্যদেশের সম্পদ বা পুষ্টি হরণ করিলে [উভয়ের অর্থাৎ নিতম্ব ও স্তনের])~~

১২। অস্যাঃ (শ্রীরাধার) দারিদ্র্যয়োঃ (দারিদ্র) নিতম্ব-
স্তনয়োঃ (নিতম্ব ও স্তন) সার্ধং বিবাদ ([প্রথমতঃ]
মিলিত ভাবে) আহৃতসর্বসম্পদোঃ (সর্বদেহের
সম্পদ বা পুষ্টি হরণ করিয়া) পশ্চাৎ (পশ্চাৎ)
প্রলুব্ধয়োঃ (লুব্ধ হইয়া) কলিং বীক্ষ্য (বিবাদ
[আরম্ভ করিলে, তাহা] দেখিয়া) বিধিঃ (বিধাতাই)
ত্রিবলিচ্ছলেন (ত্রিবলি-রেখার ছলে) সীমাং চকার
কিম্? ([উভয়ের মধ্যে] সীমা করিয়া দিয়াছেন কি?) ॥১২॥

[এই শ্লোকে 'উৎপ্রেক্ষা' ও 'অপহ্নুতি' অলঙ্কার।
এস্থলে উপমান সাধারণ দারিদ্র্যদ্বয়, তাহাদের
বিবাদ ও সীমা অপেক্ষা উপমেয় নিতম্ব ও স্তনরূপ
দারিদ্র্যদ্বয়, উহাদের বিবাদ ও সীমার উৎকর্ষসম্ভাবনায়
'উৎপ্রেক্ষা' হইয়াছে; আর, বাস্তব ত্রিবলিরেখাকে
সীমারেখারূপে অন্যথা বর্ণনহেতুই 'অপহ্নুতি'
হইয়াছে।]

১৩। বিধিঃ (বিধাতা) অস্যাঃ (শ্রীরাধার) অবলগ্নং
(মধ্যদেশকে) বাল্যমিত্রবিরহাৎ (বাল্যরূপ মিত্রের
বিরহ দুঃখে) ক্ষীণতামুপগতং (ক্ষীণতা প্রাপ্ত)
প্রসমীক্ষ্য (দেখিয়া) ভঙ্গভীতিবিধুরঃ (ভঙ্গভয়

কাতর হইয়াই কি) বলি-গুণৈঃ (বলিরূপ গুণদ্বারা) ত্রিধা প্রবদ্ধং কিম্ (তিনবার বন্ধন করিয়াছেন কি ?) ॥ ৬৩॥

[এই শ্লোকে উৎপ্রেক্ষা ও রূপক অলঙ্কার। এস্থলে 'কিম্' এই শব্দদ্বারা অপরের অপেক্ষা শ্রীরাধার মধ্যদেশ-প্রভৃতির উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' এবং ত্রিবলী প্রভৃতির সহিত রজ্জুর তাদাত্ম্যবর্ণন-হেতু 'রূপক' হইয়াছে।]

৬৪। এতৎ কিং (ইহা কি) সুষমা-সরসাৎ (অপূর্ব্ব সরোবরে) ভৃঙ্গালি-ফুল্লাব্জ-বিরাজদন্তরং (ভৃঙ্গপাঙ্‌ক্তি ও প্রফুল্ল কমলদ্বারা মধ্যভাগে সুশোভিত) কনকাব্জিনী দলং (স্বর্ণপদ্মলতিকার দলই হইবে ?) ন (না, তাহা নহে); কিন্তু [ইহা] রোমাবলি-নাভি ভূষিতং (রোমাবলি ও নাভি-বিভূষিত), রাধিকা-তুন্দং (শ্রীরাধার উদর-দেশই বটে) ॥ ৬৪॥

[এই শ্লোকে নিশ্চয়ান্ত সন্দেহ অলঙ্কার। প্রথমতঃ শ্রীরাধার উদরকে স্বর্ণপদ্মিনীদলরূপে সন্দেহ করিয়া অন্তে উদররূপে নিশ্চয় করা হইয়াছে।]

৬৫। অস্যাঃ (শ্রীরাধার) তৎ উদরং (সেই উদর)
([illegible] নাভির [illegible] মধ্যবর্তি অন্তরে) ... নির্জ্জয়েন (সম্পূর্ণ রূপে পরাজয়দ্বারা)

চলদলদলজালে (অশ্বত্থপত্রসমূহের) কম্পদং (কম্পন-জনক [এবং]) কমল-নবদলজালে (পদ্মের নবীন পত্ররাজির) জাড্যদং (জড়তা-জনক হইয়া) রোমশ্রেণি-কস্তূরিকাভিঃ (রোমরাজি রূপ কস্তূরি-দ্বারা) তিলকিতম্ ইব (তিলক-চিহ্নযুক্ত হইয়াই যেন) সাম্রাজ্যলক্ষ্ম্যা ভাতি (সাম্রাজ্য-লক্ষ্মীর সহিত বিরাজ করিতেছে)॥ ৬৫॥

[এই শ্লোকে 'রূপক', 'ব্যতিরেক' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার। ~~উক্ত~~ রোমরাজির ও কস্তূরীর তাদাত্ম্য বর্ণনহেতু 'রূপক', উপমান-অশ্বত্থপত্রাদি অপেক্ষা উপমেয় উদরের উৎকর্ষহেতু 'ব্যতিরেক' এবং তাদৃশ উৎকর্ষ-সম্ভাবনা-জনক 'ইব' শব্দের প্রয়োগে 'উৎপ্রেক্ষা' হইয়াছে ~~জানিতে~~।]

৬৬। রাধিকা (শ্রীরাধা) ভৃঙ্গারাম্বুজমালা-ব্যজন-শশিকলা-কুণ্ডল-ছত্র-যূপৈঃ (ভৃঙ্গার, পদ্মমালা, ব্যজন, চন্দ্রকলা, কুণ্ডল, ছত্র, যূপ), শঙ্খ-শ্রীবৃক্ষ-বেদ্যাসন-কুসুম-লতা-চামর-স্বস্তিকাদ্যৈঃ (শঙ্খ, বিল্ববৃক্ষ, বেদী, আসন, পুষ্প, লতা, চামর ও স্বস্তিক প্রভৃতি), অমীভিঃ (এই সকল) সৌভাগ্যাঙ্কৈঃ (সৌভাগ্য-চিহ্নদ্বারা)

যুতকরযুগলা (কর যুগলে অলঙ্কৃত হইয়া) রাজতে (বিরাজ করিতেছেন); মন্যে (মনে হয় [তিনি]) তত্তন্মিষাৎ (ঐ সকল চিহ্নছলে) স্বপ্রিয়-পরিচর্যায় (নিজ-প্রিয়তমের পরিচর্যার উদ্দেশ্যে) উপচারান্ (উপচার-স্বরূপ [উক্ত ভৃঙ্গারাদি সৌভাগ্যচিহ্নসমূহ]) বিভর্তি (ধারণ করিতেছেন)॥৬৬॥

[এই শ্লোকে স্বভাবোক্তি, উৎপ্রেক্ষা ও অপহ্নুতি অলঙ্কার। স্বভাবসিদ্ধ ভৃঙ্গারাদি-চিহ্ন-বর্ণনহেতু 'স্বভাবোক্তি', করাঙ্কিত ভৃঙ্গারাদি-অঙ্কের উৎকর্ষ-সম্ভাবনাসূচক 'মন্যে' শব্দের প্রয়োগহেতু 'উৎপ্রেক্ষা' এবং বাস্তব ভৃঙ্গারাদি সৌভাগ্য-সমৃদ্ধ চিহ্নকে সেবোপকরণ ভৃঙ্গারাদি-রূপে অন্যথাকরণহেতু 'অপহ্নুতি' হইয়াছে।]

৬৭। চেৎ (যদি) ক্বচিৎ (কোন কালে) পদ্মে (দুইটি পদ্ম), শ্রীকামাঙ্কুশ-তীক্ষ্ণ চারু নখরৈঃ (কামদেবের অঙ্কুশের ন্যায় তীক্ষ্ণ ও সুরম্য অগ্রভাগবিশিষ্ট), মাণিক্য-পূর্ণেন্দুভিঃ (মাণিক্য-রচিত পূর্ণচন্দ্ররাজি দ্বারা), শ্লিষ্টাগ্রার্ধ-বিভাগসঙ্গ কলিকা-শ্রেণিদলৈঃ (অগ্রভাগের অর্ধাংশে সংযুক্ত চম্পককুসুমরাজির পত্রসমূহ দ্বারা) শোভিতে অভবিষ্যতাং (শোভিত হইত), তদা (তাহা হইলে তখনই) তে (উক্ত পদ্মযুগল) জিতপল্লবাঙ্ঘ্রি চরণযোঃ (পল্লব ও

[illegible] পল্লবাদিক মনোহর), শ্রীরাধিকা-হস্তয়োঃ
(শ্রীরাধার করদ্বয়ের) উপমাং (উপমা) সংপ্রাপ্স্যতাং
(লাভ করিতে পারে)॥ ৬৭॥
[এই শ্লোকে 'রূপক', 'ব্যতিরেক' ও 'অতিশয়োক্তি' অলঙ্কার।
এস্থলে কামাঙ্কুশ প্রভৃতির সহিত শ্রীরাধার নখাগ্রপ্রভৃতির
তাদাত্ম্যহেতু 'রূপক', উপমান কামাঙ্কুশাদি অপেক্ষা উপমেয়
নখাগ্রাদির উৎকর্ষহেতু 'ব্যতিরেক' এবং উপমান—
কামাঙ্কুশাদিদ্বারা উপমেয়—নখাগ্রাদির গ্রাসহেতু
'অতিশয়োক্তি' হইয়াছে।]
৬৮। সুখদাঃ রাধা-করাব্জ-নখরাঃ (শ্রীরাধার করকমলের
সুতীক্ষ্ণ নখরাজি) বকারেঃ (শ্রীকৃষ্ণের) বক্ষস্থলী-
গরুড়-রত্নকবাটিকায়াং (বিশাল বক্ষঃস্বরূপ ইন্দ্রনীল-
মণিবিরচিত কবাট-পাত্রে) উৎকীর্ণ-চিত্র-করণায়
(খোদিত চিত্র রচনার নিমিত্ত) রতীশ-কারোঃ
(কন্দর্পরূপ শিল্পীর) সুসূক্ষ্ম-নিশিতাঃ (অতিসূক্ষ্ম
তীক্ষ্ণ) টঙ্কাঃ (পাষাণ-ভেদী অস্ত্ররূপে) স্ফুটং
(সুস্পষ্টরূপে) উল্লসন্তি (শোভা পাইতেছে)॥ ৬৮॥
[এই শ্লোকে 'রূপক' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার। এস্থলে
নখের ও টঙ্কের তাদাত্ম্যহেতু 'রূপক' এবং সাধারণ

উক্ত অপেক্ষা নবের উৎকর্ষ-সম্ভাবনাহেতু উৎপ্রেক্ষা হইয়াছে।]

৬৯। যে ইমে রাধা-বাহুলতে (শ্রীরাধার যে বাহুলতা-দ্বয়) বিল্বৎকুচার্দ্ধঃফলে (অর্ধোত্থিত বিল্বতুল্য কুচরূপ দুইটি ফল ধারণ করিয়া [এবং]) করযুগশ্রীপল্লবে (করযুগলরূপ দুইটি পল্লবযুক্ত হইয়া) রতিপতেঃ (কন্দর্পের) পাশতাং আগতে (পাশরূপে পরিণত হইয়া) কৃষ্ণোৎফুল্ল-তমাল-বেষ্টন-পটু (শ্রীকৃষ্ণরূপ তমালতরুর বেষ্টনে নৈপুণ্য প্রকাশপূর্বক) দীপ্যতঃ (শোভা পাইতেছে), এতে (সেই দুইটি) মূলে (মূলদেশে) অধোবদনং (অধোমুখ) বরাটকযুগং (বীজকোষদ্বয় [ও]) অগ্রে চ (অগ্রভাগে) অম্বুজে বিভ্রতী (পদ্মযুগলের ধারণকারী) স্বর্ণমৃণালকে ন [কিম্?] (স্বর্ণময় মৃণাল নহে কিম্বা?) ॥ ৬৯॥

[এই শ্লোকে 'সন্দেহ', 'রূপক' ও 'উৎপ্রেক্ষা'-অলঙ্কার। এস্থলে শ্রীরাধার বাহুলতাকে স্বর্ণমৃণাল রূপে সংশয় করায় 'সন্দেহ', বাহুযুগলের ও লতাযুগলের তাদাত্ম্যহেতু 'রূপক' এবং 'পাশতাম্ আগতে ইব' অর্থাৎ যেন পাশরূপে পরিণত হইয়া — এরূপ না

বলিয়া, উপমাসূচক 'ইব'-শব্দের লোপ করিয়া 'লোলতায়ু আননে' অর্থাৎ লোলরূপে পরিণত হইয়া— এরূপ বলায় 'লুপ্তোপমা' হইয়াছে।]

৭০। বিধাত্রা (বিধাতা) হরেঃ কামার্তি-সিন্ধুতরণায় (শ্রীকৃষ্ণের কামপীড়ারূপ সমুদ্র উত্তীর্ণ হইবার নিমিত্ত), রাধা (শ্রীরাধাকে) মণিচিত্রহৈমী (মণিখচিত বিচিত্র সুবর্ণময়ী) তরণিঃ (নৌকারূপে) ব্যধায়ি কিমু? (নির্মিত করিয়াছেন কি?) শুভ-রোমরাজিঃ (আর ও সুরম্য রোমরাজিকে) উৎক্ষেপণী নির্মিতা (উৎকৃষ্ট ক্ষেপণী অর্থাৎ নৌকা[চালন]দণ্ডরূপে নির্দেশ করিয়াছেন [কি?] [এবং] দোর্যুগলং (বাহুদ্বয়কে) অরিত্রযুগ্মং ন্যস্তং চ (দুইটি কর্ণ [অর্থাৎ হাইল] রূপে যুক্ত করিয়াছেন কি?) ॥ ৭০ ॥

[এই শ্লোকে 'উৎপ্রেক্ষা' ও 'রূপক' অলঙ্কার। অন্য-লোকাপেক্ষা শ্রীরাধারূপা নৌকার অতুল কাম-মহাসিন্ধুর তরণ হেতু উৎকর্ষ সম্ভাবনা হেতু 'উৎপ্রেক্ষা' এবং শ্রীরাধা প্রভৃতির সহিত নৌকা প্রভৃতির তাদাত্ম্যহেতু 'রূপক' হইয়াছে।

৭১। শুভে শ্রীরাধিকা-পার্শ্ব-সত্তাল্লিকে (শ্রীরাধার সুরম্য ও

উত্তম পার্শ্বদ্বয়) সৌন্দর্য-কন্যে (সৌন্দর্যের দুইটি কন্যা [কন্যাদ্বয়]) সমে (যাহারা উভয়ে) মাধুর্য-পুত্রৌ (মাধুর্যের পুত্রদ্বয়) হরিপার্শ্ব-সদ্‌বরৌ (শ্রীকৃষ্ণের পার্শ্বদ্বয়রূপ উত্তম বরযুগলকে) সব্যাপসব্যক্রমবৈপরীত্যতঃ (বাম ও দক্ষিণ—এইরূপ ক্রমের বৈপরীত্যক্রমে [অর্থাৎ শ্রীরাধার বাম ও দক্ষিণ পার্শ্ব যথাক্রমে শ্রীকৃষ্ণের দক্ষিণ ও বাম পার্শ্বকে]) বৃণুতঃ স্ম (বরণ করিয়াছে)॥৭১॥

[এই শ্লোকে 'রূপক' অলঙ্কার। শ্রীরাধার পার্শ্বদ্বয় ও সৌন্দর্যের কন্যাদ্বয় এবং শ্রীকৃষ্ণের পার্শ্বদ্বয় ও মাধুর্যের পুত্রদ্বয়রূপ পার্শ্বদ্বয়ের তাদাত্ম্য-হেতুই 'রূপক' হইয়াছে।]

৭২ ইয়ং (ইহা) স্মরজয়ালিপিযুক্তা (কন্দর্পরাজের জয়পত্রযুক্ত) হাটকী (সুবর্ণময়) পট্টিকা কিমু? (পট্টিকা কী?) উ বিধৃত-মনোজ-শাস্ত্রিকং (কন্দর্পের আজ্ঞাধারী) স্বর্ণপীঠং [কিমু] (সুবর্ণপীঠ কী?) উত মদনভুজগ-পালাধার-তূণং নু (মদনের নাগপালের আধার সুবর্ণময় তূণ কী?) [অহো!—] [অহো] ন হি (না, তাহা নহে); বিরাজদ্‌বেণি ([প্রকম্প] বেণীশোভিত) রাধাসুপৃষ্ঠং (শ্রীরাধার সুন্দর পৃষ্ঠই) লসতি (শোভা পাইতেছে বটে)॥৭২॥

[উপমান — উচ্চশিরস্কা সকল ললনাকুল অপেক্ষা উপমেয় — শ্রীরাধার স্বভাবাবনত স্কন্ধদ্বয়ের উৎকর্ষ হেতু 'ব্যতিরেক', সাধারণ ও উচ্চশিরস্কা উন্নতস্কন্ধ রমণীর ~~ললনাগণের~~ নতশিরস্কা অবনতস্কন্ধের পরাভব দুষ্ট হয়; কিন্তু এস্থলে নতস্কন্ধের বিজয় ও উন্নতশিরস্কার পরাজয় হেতু 'বিরোধ' এবং আমার মতে এই — এই কারণে উৎপ্রেক্ষা অলঙ্কার হইয়াছে।]

[এই শ্লোকে 'নিশ্চয়ান্ত সন্দেহ' অলঙ্কার। প্রথমতঃ তিন প্রকার সন্দেহ করিয়া পশ্চাৎ শ্রীরাধার মুখরূপে নিশ্চয় হইয়াছে।]

৭৩। কবীন্দ্রাঃ (শ্রেষ্ঠ কবিগণ) অস্যাঃ (শ্রীরাধার) সহজ-বিনতং (স্বভাবতঃ অবনত) অংসদ্বন্দ্বং (স্কন্ধদ্বয়কে) গিরিধর-কর-লম্বদ্-ভারতঃ (শ্রীকৃষ্ণের করযুগলের সর্বকালীন ভারহেতুই) নম্রম্ আহুঃ (অবনত বলিয়া বর্ণন করেন); তু (কিন্তু) মম মতং (আমার ধারণা এই যে), অদঃ (উক্ত স্কন্ধদ্বয়) অনুচ্চৈঃ অপি (অবনত হইয়াও) ~~সর্বং উচ্চৈঃশিরস্কা~~ ~~সর্বং~~ তৎ সৌভগেন (তাদৃশ সৌভাগ্যহেতু) সর্বম্ উচ্চৈঃশিরসমনং (উচ্চশিরস্কা চন্দ্রাবলী-প্রমুখ সকল ললনাকুলকে) অতীত্য (অতিক্রম করিয়াই) ভাতি (বিরাজ করিতেছে)॥৭৩॥

[এই শ্লোকে 'ব্যতিরেক', 'বিরোধ' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার।]

৭৪। হরেঃ (শ্রীকৃষ্ণের) মুদে (প্রীতির নিমিত্ত) ইহ (এই শ্রীরাধার কণ্ঠদেশে) পূর্ণা (পরিপূর্ণা) সৌন্দর্যলক্ষ্মীঃ (সৌন্দর্য-লক্ষ্মী), কাব্যলক্ষ্মীঃ (কাব্যলক্ষ্মী [ও]) সঙ্গীতলক্ষ্মীঃ চ

আস্তি (অমিতলক্ষ্মী বিদ্যমান রহিয়াছেন); বিধাতুঃ
(বিধাতার) ইতি (এইরূপ) মননাৎ (মননহেতুই)
অস্যাঃ (শ্রীরাধার) কণ্ঠঃ (কণ্ঠদেশ) রেখাত্রয়েণ
ভাতি কিম্ (তিনটি রেখাদ্বারা শোভা পাইতেছে কী) ॥৭৪॥

[এই শ্লোকে 'উৎপ্রেক্ষা' অলঙ্কার। এস্থলে অপর
কণ্ঠ অপেক্ষা ত্রিবিধ লক্ষ্মীর আস্তিত্বহেতু শ্রীরাধার
কণ্ঠের উৎকর্ষসম্ভাবনাহেতুই 'উৎপ্রেক্ষা' হইয়াছে।]

৭৫। রাধাবপুর্ভূতি (শ্রীরাধার দেহরূপ জনপদে)
উচ্চৈঃশিরসোঃ [মধ্যভাগে] (উন্নত [illegible]) বালিষ্ঠ-নামান্তরয়োঃ
[illegible] (বালিষ্ঠ ও [illegible]) সীমার্থং (সীমার নির্দেশের
নিমিত্ত) বিবাদে (বিবাদ উপস্থিত হইলে) বিধাতা (বিধাতা)
কণ্ঠমধ্যে (কণ্ঠস্থলে) রেখাত্রয়েণ (রেখাত্রয়-
দ্বারাই) সীমাং চকার ইব (যেন সীমা নিরূপণ
করিয়া দিয়াছেন) ॥৭৫॥

[এই শ্লোকে 'উৎপ্রেক্ষা' ও 'রূপক' অলঙ্কার।
বিধাতৃ-কল্পিত বলিয়া সীমান্তর অপেক্ষা রেখা-
ত্রয় সীমার উৎকর্ষসম্ভাবনায় 'উৎপ্রেক্ষা' এবং
শ্রীরাধার শরীরের জনপদত্বহেতু রেখাত্রয়ের
সীমাত্বরূপে নির্দেশহেতু 'রূপক' হইয়াছে।]

৭৬। যস্যা (যাঁহার) স্বরগুণৈঃ (স্বরের গুণ দ্বারা) বশীকৃতা (বশ্যতা লাভ করিয়া) পিকালী (কোকিলগণ) গহনং (অরণ্য), সুধা চ (অমৃত) কটুতাং (কটুতা [illegible]) তন্ত্রী: (বীণাপ্রভৃতি যন্ত্রাদি) জড়তাং ভেজে (জড়ত্ব প্রাপ্ত হইয়াছে; [আর]) প্রিয়া ([যাঁহার] শোভা দ্বারা [কর্ম হইয়া]) দরততিঃ চ (শঙ্খগণ) সমুদ্রং (সমুদ্র [আশ্রয় করিয়াছে]), অস্যাঃ (শ্রীরাধার) তদিদং (তাদৃশ-এই) সুকণ্ঠং ~~সুকণ্ঠ~~ (সুকণ্ঠকে) কবয়ঃ (কবিগণ) কেন উপমান্তু (~~কাহার~~ কোন বস্তুর সহিত উপমা প্রদান করিবেন)? ৭৬।।

[এই শ্লোকে 'দীপক' ও 'ব্যতিরেক' অলঙ্কার।

কারকের একত্ব ও ক্রিয়ার বহুত্ব, অথবা কারকের বহুত্ব ও ক্রিয়ার একত্ব হইলে 'দীপক' নামক অলঙ্কার হয়। এস্থলে কোকিল, সুধা, বীণা-যন্ত্রাদি ও শঙ্খসমূহ এইরূপ অনেক কর্তৃকারক এবং বন, কটুতা, জড়তা ও সমুদ্ররূপ অনেক কর্মকারক, কিন্তু 'ভেজে' এই ক্রিয়া একটি হওয়ায় 'দীপক' হইল। কোকিলের স্বরাদি-রূপ উপমানের অপেক্ষা শ্রীরাধার স্বরাদিরূপ উপমেয়ের উৎকর্ষহেতু 'ব্যতিরেক' হইয়াছে।]

৭৭। যঃ বালার্ক-বিকাশি-সুপ্তমধুপ-স্বর্ণাম্বুজৈকচ্ছদঃ (যাহাতে ভ্রমর সুপ্ত রহিয়াছে, নবীন সূর্যকিরণে প্রস্ফুটিত পদ্মের এইরূপ যে একটি পত্র [এবং]) যঃ বিশ্রাম্যৎ-পিক-হেম-মন্দির-গবাক্ষাগ্রো বিটঙ্কঃ আলি (যাহাতে কোকিল বিশ্রাম করিতেছে, সুবর্ণ-মন্দিরের গবাক্ষের নিম্নস্থিত এইরূপ যে একটি বিটঙ্ক [অর্থাৎ কপোতপ্রভৃতির বাসগৃহ]), তৌ (এই দুইটিকে) স্বসাম্যোৎসুকৌ দৃষ্ট্বা (স্বীয় সাম্যলাভে উৎসুক দেখিয়া) রাধামদাবিন্দু-চারু-চিবুকং (শ্রীরাধার কস্তূরীবিন্দু-চিহ্নিত সুন্দর চিবুকদেশ) শ্রীকৃষ্ণাঙ্গুলি-সঙ্গ-সৌভগ-গুণৈঃ (শ্রীকৃষ্ণের অঙ্গুলিসংস্পর্শ-জনিত সৌন্দর্য-গুণদ্বারা) ন্যক্কৃত্য ([পদ্মপত্র ও বিটঙ্ক — এই উভয়কে] তিরস্কার করিয়া) বিভ্রাজতে (বিরাজ করিতেছে)॥৭৭॥

[এই শ্লোকে 'ব্যতিরেক' অলঙ্কার। এস্থলে অতুল পদ্মদল ও বিটঙ্করূপ উপমান অপেক্ষা শ্রীরাধার চিবুকরূপ উপমেয়ের উৎকর্ষহেতুই 'ব্যতিরেক' হইয়াছে।]

৭৮। অস্য (এই) বক্ষঃ (প্রশস্ত বক্ষ) হরেঃ (শ্রীকৃষ্ণের)

জীবতয়া ('জীব' অর্থাৎ জীবন-স্বরূপ বলিয়া) তথা
(বন্ধুজীবস্থ [পুষ্পের]) অস্য (শ্রীকৃষ্ণের) প্রেমনঃ
(প্রেমের) বাহির্বিম্বতয়া (বাহ্য বিম্বস্বরূপ বলিয়াই)
তথা (বিম্বস্থ বিম্ব হয়) ইতি (এইহেতু) রাধাধরোষ্ঠৌ
(শ্রীরাধার অধর ও ওষ্ঠ) স্বয়ং (স্বয়ংই) বন্ধুজীব-
বিম্বৌ (বান্ধুলিপুষ্প ও বিম্ব); তৎ (সেইহেতু)
আভ্যাং (বান্ধুলিপুষ্প ও বিম্বফলের সহিত)
সাম্যং ন হি ([শ্রীরাধার অধর ও ওষ্ঠের]
তুলনা হইতে পারেনা)।। ৭৮।।

[এই শ্লোকে 'রূপক' ও 'ব্যতিরেক' অলঙ্কার।
এস্থলে অধর ও ওষ্ঠের সহিত বন্ধুজীব-পুষ্পের ও বিম্বফলের
তাদাত্ম্যহেতু 'রূপক' এবং উপমান—বন্ধুজীব ও
বিম্বফল অপেক্ষা উপমেয়—অধর ও ওষ্ঠের
উৎকর্ষহেতু 'ব্যতিরেক' হইয়াছে।]

৭৯। আনন্দপূর্ণামৃত-সত্ত্বমূর্তেঃ (আনন্দ ও পূর্ণামৃতময়
বিশুদ্ধ সত্ত্বমূর্তি) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) জীবাতুতয়া
(জীবনৌষধরূপে) আপ্তকীর্তেঃ (যাহা খ্যাতি লাভ
করিয়াছে), এতাবতা বর্ণিতমস্যা ইহ:
(এইরূপ বলিলেই ইহার উত্তম মহিমা বর্ণিত

হইল, তাদৃশ) রাধাধরস্য (শ্রীরাধার অধরের) অন্য-
গুণৈঃ উচ্চৈঃ কিমু (আর অন্য গুণসমূহের বর্ণনের
প্রয়োজন কী) ?]॥ ৭৯॥

[এই শ্লোকে 'স্বভাবোক্তি' ও 'আক্ষেপ' অলঙ্কার।
শ্রীরাধার অধরের স্বভাব-বর্ণনহেতু 'স্বভাবোক্তি'
হইয়াছে। কোন বিষয়ের বিশেষত্ব জ্ঞাপনের
ইচ্ছায় বক্তব্য অন্য বিষয়ের নিষেধই 'আক্ষেপ' নামক
অলঙ্কার হয়। এস্থলে শ্রীরাধার অধরের অন্যান্য
গুণবর্ণন অভীষ্ট হইলেও তাহারই নিষেধ হইয়াছে বলিয়া 'আক্ষেপ' অলঙ্কার হইয়াছে।]

৮০। বেধাঃ (বিধাতা) বিজিতদলিম্বফুল্লকুন্দাদ্যমিত্রান্
(পক্ব দাড়িম্ব বীজের ন্যায় উজ্জ্বল মাণিক্যশ্রেণী ও অস্ফুট কুন্দপুষ্প প্রভৃতি রিপু-
গণের পরাভবকারী) রাধা-দন্তান্ (শ্রীরাধার দন্ত-
বৃন্দকে) বিশ্বব্যাপ্তীরিতানিজকরান্ উন্মদার্থে বীক্ষ্য
(নিখিল ব্রহ্মাণ্ডের আক্রমণের নিমিত্ত উন্মত্তভাবে
কিরণনিচয় প্রসারণরত দেখিয়া) চেৎ (যদি)
দ্রাক্ (সত্বর) ওষ্ঠাধরাভ্যাং পিহিতান্ ([তাহাদিগকে]
ওষ্ঠ ও অধরদ্বারা আচ্ছাদিত)
ন অকারিষ্যৎ (না করিতেন), তদা (তাহা হইলে)
তে (তাহারা) নানাবর্ণমপি (এই জগৎ নানা-

(বিশেষ) বর্ণ হইলেও তাহাকে) মিতাদ্বৈতং এর বাধাম্যপ (একমাত্র শুভ্রবর্ণবিশিষ্টই করিত)॥ ৮০॥

[এই শ্লোকে উদাত্ত, ব্যতিরেক ও অতিশয়োক্তি অলঙ্কার হইয়াছে। কোন বস্তুর অতিশয় সমৃদ্ধি-বর্ণনই 'উদাত্ত' অলঙ্কার। এস্থলে দন্তরাজির অতুল সমৃদ্ধি বর্ণিত হইয়াছে। মানিক্য ও কুন্দকলিকারূপ উপমান অপেক্ষা উপমেয় দন্তরাজির বৈলক্ষণ্য-বর্ণনহেতু 'ব্যতিরেক' অতুল উপমান দ্বারা দন্তরাজির উৎকর্ষনিরূপণহেতু 'অতিশয়োক্তি' হইয়াছে।]

৮১। শ্রীরাধিকায়াঃ (শ্রীরাধার) রদ-কীররাজিঃ (দন্তরূপ শুকবৃন্দ) কুন্দাকৃতিঃ (কুন্দকলিকার ন্যায় আকৃতি [ও]) হীররুচিঃ (হীরকের ন্যায় দীপ্তিযুক্ত হইয়া) বিচিত্রা (বৈচিত্র্য ধারণ করিয়াছে) যা (যে দন্তরূপ শুকবৃন্দ) নিত্যকৃষ্ণাধরবিম্বমাস্বাদেন (সর্বদা শ্রীকৃষ্ণের অধররূপ বিম্বফলমাত্রের আস্বাদনহেতু) শ্রীমরুহযবিম্বং (দাড়িম্ববীজের ন্যায় দীপ্তিশালী মানিক্যবিশেষের পক্ব কান্তি) লেভে (লাভ করিয়াছে)॥ ৮১॥

[এই শ্লোকে রূপক ও তদ্‌গুণ-নামক অলঙ্কার। দন্তরাজির কুন্দকলিকাদির সহিত তাদাত্ম্যহেতু 'রূপক' হইয়াছে। যেস্থলে উৎকৃষ্ট বস্তুর গুণযোগে স্বগুণ পরিত্যাগপূর্বক উৎকৃষ্টের গুণ গৃহীত হয় তাহায় 'তদ্‌গুণ' অলঙ্কার হয়। এস্থলে শ্রীকৃষ্ণের অধরের রক্তিমাসংযোগে শ্রীরাধার দন্তরাজি স্বীয় শুক্লগুণ ত্যাগ করিয়া রক্তগুণ গ্রহণ করাতেই উক্ত অলঙ্কার হইয়াছে।]

৮২। রাধারসজ্ঞারুণ-রত্নদর্বী (শ্রীরাধার রসনারূপ অরুণবর্ণ রত্নময়ী দর্বী বা হাতা) কৃষ্ণায় (শ্রীকৃষ্ণকে) ~~স্ববাগ্‌বিলাসামৃত-সদ্‌বিকারান্~~ Runner সন্নর্ম-সঙ্গীত-সুকাব্য-রূপান্ (উৎকৃষ্ট পরিহাস, সঙ্গীত ও সৎকাব্যরূপ) স্ববাগ্‌বিলাসামৃত-সদ্‌বিকারান্ (নিজের-বাক্য-বিলাসাত্মক অমৃতময় মিষ্টান্নাদি) পরিবেশয়ন্তী (পরিবেশন করিতে করিতে) রেজে (শোভা করিয়াছে ~~পাইয়াছে~~) ॥ ৮২॥

৮২ [এই শ্লোকে শ্রীরাধার রসনার দর্বীর সহিত তাদাত্ম্য বর্ণনহেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।]

~~ধাত্র্য (বিধাতা), শ্রীকৃষ্ণ-সৎকীর্ত্ত্যভিধান-নাম্না: (শ্রীকৃষ্ণের সৎকীর্তি ও নামসংজ্ঞক), সুনব্যপুষ্পৈ: হিন্দোলবীণাভিরতম্ সুমুখম্ (সুনবীন, সুমুখর~~

~~হিন্দোলনলীলায় বদ্ধ হইতে) রাধারসজ্ঞাকন্দবন্ধুদোলা চক্রে (শ্রীরাধার রসনারূপ বকুলবন্ধ বন্ধের দোলা রচনা করিয়াছিলেন) ॥৮৪॥~~

~~এই শ্লোকে রূপক ও উৎপ্রেক্ষা অলঙ্কার।~~

৮৩। রাধা (শ্রীরাধা) যাং কৃষ্ণসৎকীর্তিবিদগ্ধনর্তকীং (শ্রীকৃষ্ণের সৎকীর্তিরূপা যে সুনিপুণা নর্তকীকে) স্বকণ্ঠে নিলয়ে (নিজ-কণ্ঠ-গৃহে) নটীবিলাসং (প্রবেশ করাইয়াছেন), রসনাচ্ছলেন ([শ্রীরাধার] জিহ্বাচ্ছলে) তস্যাঃ (সেই নর্তকীর) সূক্ষ্মারুণশাটিকাঞ্চলং (সূক্ষ্ম রক্তবর্ণ শাটিকার অঞ্চলই) বহিঃস্থং (বহির্ভাগে) চকাস্তি কিম্ (শোভা পাইতেছে কি?) ॥৮৩॥

[এই শ্লোকে রূপক, অপহ্নুতি ও উৎপ্রেক্ষা অলঙ্কার। শ্রীকৃষ্ণের সৎকীর্তি ও নর্তকী, শ্রীরাধার কণ্ঠ ও রঙ্গগৃহ এবং জিহ্বা ও রক্তবর্ণ শাটিকার অঞ্চলের তাদাত্ম্যহেতু 'রূপক', জিহ্বার বাস্তবত্ব অপনয়নপূর্বক শাটিকাঞ্চলরূপে অন্যআরোপকরণহেতু 'অপহ্নুতি' এবং নর্তকীর নৃত্যগৃহরূপে জিহ্বার উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

৮৪] ধাত্রা (বিধাতা), শ্রীকৃষ্ণ-সৎকীর্ত্যভিধাননাম্না:
(শ্রীকৃষ্ণের সৎকীর্তি ও নাম-সংজ্ঞক) সূনব্যসূত্রৈ:
হিন্দোললীলাভিরতস্য যূনস্য (নবীন যুবক-
যুগল হিন্দোলনক্রীড়ায় আসক্ত হইলে) রাধারক্তা-
রুণবস্ত্রদোলা চক্রে (শ্রীরাধার জিহ্বারূপ রক্তবর্ণ
বস্ত্রের দোলা রচনা করিয়াছেন)।। ৮৪।।
[এই শ্লোকে 'রূপক' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার।
জিহ্বা-ও অরুণবর্ণ বস্ত্রদোলার তাদাত্ম্য-
বর্ণনহেতু 'রূপক' এবং শ্রীকৃষ্ণের সৎকীর্তির ও
নামের উচ্চারণহেতু রসনার উৎকম্পসম্ভাবনায়
'উৎপ্রেক্ষা' হইয়াছে।]
৮৫] পীযূষাব্ধি-তরঙ্গ-বর্ণ-মধুরং ([যাহা] সুধাসমুদ্রের
তরঙ্গের ন্যায় প্রয়োগহেতু মনোহর), নর্মপ্রহেলীময়ং
(পরিহাসযুক্ত বাক্‌চাতুর্যময়); শব্দার্থোভয়শক্তি-
সংস্মিত-রসালঙ্কার-বস্তুধ্বনি (শব্দ ও অর্থ উভয়ের
শক্তিদ্বারা প্রকাশিত রস-অলঙ্কার-ও-বস্তুধ্বনিযুক্ত),
ভৃঙ্গী-ভৃঙ্গ-পিকী-পিক-ধ্বনিকলাসু অর্চাপকং
(ভ্রমর, ভ্রমরী, কোকিল ও কোকিলাদিগের
স্বরোচ্চারণ-ব্যাপারের শিক্ষক [এবং]) শ্রীকৃষ্ণ-

শ্রবসোঃ (শ্রীকৃষ্ণের কর্ণযুগলের) রসায়নং (রসায়ন-স্বরূপ), ইদং (এতাদৃশ) শ্রীরাধিকা-ভাষিতং (শ্রীরাধার বাক্যালাপ) হ্লাদতে (উৎকর্ষসহকারে বিরাজ করিতেছে) ॥ ৮৫॥

[এই শ্লোকে 'রূপক' ও 'স্বভাবোক্তি' নামক অলঙ্কার। শ্রীরাধার বাক্যের রসায়নের সহিত তাদাত্ম্যহেতু 'রূপক' এবং শ্রীরাধার বাক্যের স্বভাব-বর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার হইয়াছে।]

৮৬। প্রেমাজ্য-নর্মালি-সিতা-রসাবলী-মাধ্বীক-মন্দ-স্মিত-চন্দ্র-সংযুতা (প্রেমরূপ ঘৃত, পরিহাসরূপ শর্করা, রসরূপ মধু ও মৃদুহাস্যরূপ কর্পূরদ্বারা সংযুক্ত [এবং]) সুষেৰ্ষা-মরিচান্বিতা (কপট ঈর্ষারূপ মরিচ-মিশ্রিত), অস্যাঃ (শ্রীরাধার) অদ্ভুতা (বিচিত্র) বাণী-রসালা (বাক্যরূপ রসালা নামক সরবৎ পানীয়বিশেষ) শ্রীশ-তৃপ্তিদা (শ্রীকৃষ্ণের তৃপ্তিদায়করূপে) উল্লসতি (শোভা পাইতেছে) ॥ ৮৬॥

[এই শ্লোকে রূপক অলঙ্কার। রসালার সহিত শ্রীরাধার বাণীর তাদাত্ম্যহেতু 'রূপক' অলঙ্কার হইয়াছে।]

৮৭। হংস: (হংস) হরে: (শ্রীকৃষ্ণের) মনোমরালাশ্রয়: (চিত্তরূপ হংসের আশ্রয়) সুধাসরিৎ কিমু (অমৃত নদী কি?) উত তাপিত-দৃক্-চকোরীগতি: ([অথবা শ্রীকৃষ্ণের] তৃষ্ণার্তা দৃষ্টি চকোরীর আশ্রয়) সুধাকিরণ-কৌমুদী কিমু (চন্দ্রের জ্যোৎস্না কি?) উত সুতনু-চাতকী-জীবনী ([অথবা শ্রীকৃষ্ণের মনোহর তনুরূপা চাতকীর জীবনদায়িনী) সুধাসিত-ঘনাবলী (সুধার ন্যায় শুক্লবর্ণ মেঘপংক্তি) বিরাজতি [কিমু] (বিরাজ করিতেছে কি?) উত ন (তাহা নহে); রাধিকা-স্মিত-সুধোর্মি: (শ্রীরাধার মৃদুহাস্য সুধার তরঙ্গ-রাজি) উন্মীলতি (উদ্গত হইতেছে)॥ ৮৭॥

[এই শ্লোকে 'রূপক' ও 'নিশ্চয়ান্ত সন্দেহ'-অলঙ্কার। শ্রীরাধিকার মৃদুহাস্যেরও সুধার তাদাত্ম্যহেতুই 'রূপক' হইয়াছে। উহাকে প্রথমত: সুধাসরিৎ-প্রভৃতি বিবিধরূপে সন্দেহ করিয়া পশ্চাৎ স্মিত-সুধোর্মিরূপে নিশ্চয় করায় 'নিশ্চয়ান্ত সন্দেহ' অলঙ্কার হইয়াছে।]

৮৮। রাধাহৃদারামম্ অনু (শ্রীরাধার হৃদয়োদ্যানে মধ্যে(স্থিত))

স্ম: স্ম: হরে: গুণালী-বর-কল্পবল্ল্যঃ (শ্রীকৃষ্ণের গুণরাজিরূপা যে-সকল উত্তম কল্পলতা) প্রফুল্লাঃ সন্তি (প্রফুল্লভাবে শোভা পাইতেছে), তাসাং (তাহাদের) কুসুমানি (পুষ্পসমূহই) স্মিতচ্ছলাৎ (হাস্যচ্ছলে) বহিঃ (বহির্ভাগে) স্খলন্তি। কিংনু (বিচ্যুত হইতেছে কি?) ॥ ৮৮॥

[এই শ্লোকে রূপক, অপহ্নুতি ও উৎপ্রেক্ষা-অলঙ্কার। শ্রীরাধার হৃদয়ের ও উদ্যানের এবং শ্রীকৃষ্ণের গুণরাজির ও কল্পলতার তাদাত্ম্যহেতু 'রূপক'-অলঙ্কার, হাস্যকে কুসুমরূপে অন্যথা-করণহেতু 'অপহ্নুতি'-অলঙ্কার এবং শ্রীকৃষ্ণের গুণশ্রেণীরূপ কল্পলতিকার অপেক্ষা হাস্যের উৎকর্ষ-সম্ভাবনা-হেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

অন্বয় যৎ (যেহেতু) শ্রীরাধাবদনং (শ্রীরাধার মুখ) সুধাময়সরঃ (অমৃতময় অপার সরোবর), ততঃ ([সেই হেতু] তাহা হইতে) ক্বচিৎ (কখনও) ইয়ং পঞ্চম-স্বরসুধা-স্রোতস্বতী (পঞ্চমস্বররূপ অমৃতনদী), ক্বাপি (কখনও) সঙ্গীতামৃতবাহিনী (সঙ্গীতামৃত-বাহিনী নদী, [কখনও]) বাণীসুধানিম্নগা (বাণী-রূপা সুধাতরঙ্গিণী, [কখনও]) আমোদ-সুধাধুনী

(সৌরভপূর্ণা সুধীনদী), অন্ততঃ (আবার কখনও বা)
স্মিতসুধা দিব্যা নদী (হাস্যামৃতবাহিনী দিব্য নদী)
নিষ্ক্রম্য (নির্গত হইয়া) কৃষ্ণার্ণবং (শ্রীকৃষ্ণরূপ
সমুদ্রের অভিমুখে) অক্ষতি (ধাবিত হইতেছে) ॥৮৯॥
[এই শ্লোকে রূপক, তুল্যযোগিতা, অনুমান ও ক্রিয়া-
দীপক অলঙ্কার। শ্রীরাধার মুখপ্রভৃতির সহিত সুধা-
সরোবর-প্রভৃতির তাদাত্ম্যহেতু 'রূপক' অলঙ্কার।
প্রকৃত অর্থাৎ প্রাসঙ্গিক অনেক বস্তুর একসঙ্গে
উল্লেখ হইলে 'তুল্যযোগিতা' অলঙ্কার হয়।
এস্থলে পক্কসম্বয়-সুধানদী-প্রভৃতি অনেক প্রাসঙ্গিক
বস্তুর একসঙ্গে উল্লেখ হইয়াছে। পক্কসম্বয়সুধা-
নদী প্রভৃতির নিষ্ক্রমণ-হেতু শ্রীরাধার বদনমণ্ডলের
সুধাময় আশ্রয় সরোবরত্ব সিদ্ধ হওয়ায় 'অনুমান'
এবং 'অক্ষতি' (ধাবিত হইতেছে) এই এক ক্রিয়ার
সহিত পক্কসম্বয়সুধানদী প্রভৃতি অনেক কর্তৃকারকের
সম্বন্ধহেতু 'দীপক' অলঙ্কার হইয়াছে।]
৯০। রাধায়াঃ (শ্রীরাধার) বদনং (শ্রীমুখ) সুমেরু-
শিখরং (সুমেরু পর্বতের শৃঙ্গদেশকে) ন্যক্কৃত্য
(তিরস্কার করিয়া) বিভ্রাজতে (বিরাজ করিতেছে);

যৎ (যেহেতু) তস্মাৎ (সেই শ্রীমুখ হইতে)। স্মিতমদ-
সুধা-সুরধুনী (মনোহর হাস্যসুধা-সুরনদী), দিব্যা-
মোদ-সুধা-সুপর্ব-তটিনী (দিব্য সৌরভপূর্ণ সুধা-
সুরতরঙ্গিনী), বাণী-সুধা-স্বর্নদী (বাণীরূপা সুধা-
সুরধুনী), সঙ্গীতামৃতজাহ্নবী (সঙ্গীতরূপা সুধা-
গঙ্গা [এবং]) স্বরসুধা-মন্দাকিনী চ (স্বরসুধা-
মন্দাকিনী) কৃষ্ণামৃতাম্ভোনিধিং (শ্রীকৃষ্ণরূপ
অমৃত সমুদ্রে) অঞ্চতি (ধাবিত হইতেছে)॥ ১০॥

[এই শ্লোকে 'ক্রিয়াদীপক', 'অনুমান', 'রূপক' ও 'তুল্যযোগিতা' অলঙ্কার। 'অঞ্চতি' এই এক ক্রিয়ার সহিত
স্মিত-মদ-সুধা-সুরধুনী প্রভৃতি অনেক কর্তৃকারকের
সম্বন্ধ হেতু 'ক্রিয়াদীপক' অলঙ্কার,
শ্রীরাধার মুখ হইতে তাদৃশ সুরধুনী প্রভৃতি
নির্গত হইয়া কৃষ্ণামৃত সমুদ্রে গমন হেতুই
উক্ত বদন কর্তৃক সুমেরুশৃঙ্গের পরাভব সিদ্ধ
হওয়ায় 'অনুমান', সুধানদী প্রভৃতির
সহিত স্মিত প্রভৃতির তাদাত্ম্য হেতু 'রূপক' এবং স্মিতসুধা-
সুরধুনী প্রভৃতি অনেক প্রাসঙ্গিক বস্তুর
এক সঙ্গে উল্লেখ হেতু 'তুল্যযোগিতা'
অলঙ্কার হইয়াছে।]

৭১। বিধি: (বিধাতা) অখলয়োঃ (শ্রীকৃষ্ণের) নয়ন-পাখিকযোঃ মঞ্জনায় (নয়নরূপ পাখিকের খাদ্যের সংস্থানের নিমিত্ত) ইহ (এস্থানে) রাধিকায়াঃ (শ্রীরাধার) মুখপদ্মং (মুখরূপ পদ্মটি) বিধায় (নির্মাণ করিয়া) তৎ অধি (তাহার উপর) নিহিত চক্ষুঃ খঞ্জনৌ (স্থাপিত নয়নরূপ খঞ্জনযুগলকে) লোলৌ বীক্ষ্য (চঞ্চলভাবাপন্ন দেখিয়া) নিভৃতং (নির্জনে) নাসা-স্বর্ণ-দণ্ডে (নাসিকারূপ স্বর্ণদণ্ডে) নিবদ্ধৌ অকৃত (আবদ্ধ করিয়া রাখিয়াছেন)॥ ৭১॥

[ইহ শ্লোকে মুখ, নেত্র ও নাসিকার যথাক্রমে পদ্ম, খঞ্জন ও স্বর্ণদণ্ডের সহিত অভেদাধ্যবসায়হেতু 'রূপক' এবং পদ্মাদি অপেক্ষা মুখাদির উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।] রূপক ও উৎপ্রেক্ষা-অলঙ্কার।

৭২। ধাতা (বিধাতা) হরিনয়ন-চকোর-প্রীতয়ে (শ্রীকৃষ্ণের নেত্ররূপ চকোরযুগলের প্রীতিবিধানের নিমিত্ত) রাধিকায়াঃ অপূর্বং পূর্ণং মুখশশিনং (শ্রীরাধার মুখরূপ অপূর্ব-পূর্ণ চন্দ্রের) উৎপাদ্য (সৃষ্টি করিয়া) তস্মিন্ (তন্মধ্যে) সুলোলং নয়ন-হরিণযুগ্মং (নয়নরূপ অতিচঞ্চল হরিণযুগলকে)

ন্যস্য (স্থাপন করিয়া) তৎ (তাহাদিগকে) অবরোদ্ধুং (আবদ্ধ করিয়া রাখিবার নিমিত্ত) পার্শ্বয়োঃ (দুই পার্শ্বে) কর্ণপাশৌ (কর্ণযুগলরূপে দুইটি পাশ বা রজ্জু) ন্যহিত (স্থাপন করিয়াছেন)।। ৯২।।

[এই শ্লোকে 'রূপক' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার শ্রীকৃষ্ণের নেত্রাদির চকোরাদির সহিত তাদাত্ম্যবর্ণনহেতু 'রূপক' এবং অন্য চকোরাদি অপেক্ষা নয়নাদির উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

৯৩) চন্দ্রঃ (চন্দ্র) কলঙ্কী (কলঙ্কযুক্ত), ক্ষয়ীঃ (ক্ষয়রোগাক্রান্ত), অতিবিহ্বলঃ ([এবং] অতিশয় কাতর); তৎপাদঘাতৈঃ (তাহার পদাঘাতে অর্থাৎ কিরণস্পর্শে) অম্বুজং (পদ্মপুষ্পও) তথা মলিনং (তাহার ন্যায় মলিন; [পরন্তু]) সুনির্মলং (অতিনির্মল [শ্রীঃ]) সততপূর্ণমণ্ডলং (সর্বদা পরিপূর্ণমণ্ডলশালী) রাধিকাননং (শ্রীরাধার মুখ) কেন (কোন বস্তুর সহিত) উপমেয়ং বদ (তুলনীয় হইতে পারে? বল তো)।। ৯৩।।

[এই শ্লোকে 'ব্যতিরেক' অলঙ্কার। উপমান চন্দ্র ও পদ্ম অপেক্ষা উপমেয় শ্রীরাধার মুখের উৎকর্ষাধিক্যবর্ণনহেতু 'ব্যতিরেক' অলঙ্কার হইয়াছে]

৭৪। রাধায়াঃ (শ্রীরাধার) জিতহেমদর্পনমদং (সুবর্ণ-দর্পনগর্বপরাভবকারী), সুন্দরং (সুন্দর) গণ্ডদ্বয়ং (গণ্ডযুগল) হি (নিশ্চয়ই) কনক-শৈলনগং (সুবর্ণ-ময় ভূতলে [বিরাজমান]) লাবণ্যামৃতপূর্ণিতং (লাবণ্যসুধাপূর্ণ) সরোযুগ্মকম্ ([স্বরূপ বিরাজমান] দুইটি সরোবর); যৎ (যেহেতু [উহা]) তাটঙ্ক সুবর্ণ-পদ্মকলিকং ([তাহাতে কর্ণালঙ্কার] রূপ সুবর্ণনির্মিত কমলের কলিকাযুক্ত), কস্তূরিকা-চিত্র-সচ্ছৈবালং (কস্তূরীদ্বারা চিত্রিত চিত্ররূপ সুন্দর-শৈবাল-শোভিত), মকরীবিলাসবলিতং (মকরাকৃতি কুণ্ডলরূপী মকরাদি জলজন্তুগণের বিলাসসম্পৃক্ত [এবং]) কৃষ্ণাতিতৃষ্ণাহরং (শ্রীকৃষ্ণের প্রবল তৃষ্ণানিবারক) ॥ ৭৪ ॥

'রূপক', 'অনুমান' ও 'ব্যতিরেক' অলঙ্কার।

[এই শ্লোকে শ্রীরাধার গণ্ডযুগলের সহিত সরোবর-যুগলের তাদাত্ম্য বর্ণনাহেতু 'রূপক', শ্রীকৃষ্ণের তৃষ্ণানিবারকরূপ হেতুদ্বারা গণ্ডদ্বয়ের সরোবর-রূপত্ব সাধ্য হওয়ায় 'অনুমান' এবং উপমান-সরোবর অপেক্ষা উপমেয় গণ্ডযুগলের উৎকর্ষ-হেতু ব্যতিরেক অলঙ্কার হইয়াছে।]

৭৫। ধাতা (বিধাতা) শ্রীকৃষ্ণ-শ্রীনয়নমধুপ-দ্বন্দ্ব-শোভায়

(শ্রীকৃষ্ণের নয়নযুগলরূপ ভ্রমরযুগলের স্ফূর্ত্তির নিমিত্ত) আমির (এই) রাধিকায়া: (শ্রীরাধার) আননে (মুখরূপ) শ্রীলাবণ্যামৃত-ময়-সরসি (লাবণ্যামৃতসরোবরে) নয়নযুগলচ্ছদ্মনা (নয়নযুগলের ছলে) দ্বে (দুইটি) ইন্দীবরে (নীল উৎপল) উৎপাদ্য (সৃষ্টি করিয়া) স: (তিনিই) উৎফুল্লত্বায় : ([উক্ত ~~[illegible]~~ উৎপল দ্বয়ের ~~[illegible]~~] প্রফুল্লতা-বিধানের নিমিত্ত) ~~[illegible]~~ তয়ো: (তাহাদের) পার্শ্বে (উভয়ের পার্শ্বে) শ্রীসচ্চেন্দু নাস্থিত (সচ্চন্দ্রদ্বয়রূপ চন্দ্রদ্বয় স্থাপন ~~[illegible]~~ করিয়াছেন) ॥ ৭৫ ॥

['রূপক', 'উৎপ্রেক্ষা' ও 'অপহ্নুতি' অলঙ্কার। #

এই শ্লোকে শ্রীকৃষ্ণের নয়ন ও শ্রীরাধার মুখ প্রভৃতির ভ্রমর ও সরোবরাদির সহিত তাদাত্ম্যহেতু 'রূপক', অন্য ভ্রমরাদি অপেক্ষা নয়নরূপ ভ্রমরাদির উৎকর্ষ সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' এবং বাস্তব নয়নযুগলের নীলোৎপলরূপে অন্যথাকরণহেতু 'অপহ্নুতি'-অলঙ্কার হইয়াছে।]

৭৬। ইহ রাধা-ভালশালায়কান্ত: (শ্রীরাধার ললাটরূপ এই সিন্দুরের মধ্যে) ননু (নিশ্চয়ই) সতৃষ: (তৃষ্ণার্ত) কশ্চিৎ (কোন) কীররাজ: (শুক পক্ষী) বৃততনু: (দেহ গোপন করিয়া) নিবসতি (বাস করিতেছে);

বত (অহো!) কলয়ত (ঐ দেখ), রসময়দধরবিম্ব-প্রেক্ষণাৎ ([শ্রীরাধার] সুরম্য অধররূপ বিম্বফলদর্শনে) অস্য (এই শুকপক্ষীর) চক্ষুঃ (চক্ষুটিই) নাসাচ্ছদ্মনা (নাসারূপে) নির্গতম্ আস্তি (নির্গত হইয়াছে) ।।৯৬।।

[এই শ্লোকে 'রূপক', 'অপহ্নুতি' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার। নাসিকার শুকচক্ষুর সহিত তাদাত্ম্য বর্ণন হেতু 'রূপক', বাস্তব নাসার শুকচক্ষুরূপে অন্যথাকরণহেতু 'অপহ্নুতি' এবং শুকচক্ষু অপেক্ষা নাসার উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

৯৭। অস্যাঃ (এই শ্রীরাধার) সুনাসা (সুন্দর নাসিকা) মদনাদ্ভুতেষুঃ (মদনের বিচিত্র বাণই), যা (যে বাণটি) হ্যালোলচিল্লীধনুর্বলিতঃ অপি (চঞ্চল ভ্রূলতারূপ ধনুকে সংলগ্ন থাকিয়াই [এবং]) মুক্তাফলকাগ্রকঃ অপি (অগ্রে মুক্তাফলযুক্ত হইয়াও) দ্রুতং (দ্রুতবেগে) ধৃতিবর্মিতং (ধৈর্যরূপ বর্মাবৃত) হরেঃ হৃৎ (শ্রীকৃষ্ণের হৃদয়ে) বিবেশ (প্রবেশ করিয়াছে)।।৯৭।।

[এই শ্লোকে 'বিরোধ', 'রূপক' ও 'বিশেষোক্তি' অলঙ্কার। সাধারণতঃ বাণ ধনুক হইতে ত্যক্ত হইয়াই লক্ষ্য ভেদ করে; কিন্তু এস্থলে ধনুকে সংযোজিতমাত্রেই হৃদয়বেধ-

হেতু 'বিরোধ' (অলঙ্কার) হইল। নাসিকার সহিত বাণের এবং
ভ্রূলতার সহিত ধনুকের তাদাত্ম্য বর্ণনাহেতু 'রূপক'
এবং বিদ্ধ না হইবার কারণরূপে ধৈর্যবর্মের
আবরণ সত্ত্বেও তদনুরূপ ফল না হওয়ায়
'বিশেষোক্তি' অলঙ্কার হইল। কারণ সত্ত্বেও
কার্য না হইলে 'বিশেষোক্তি' অলঙ্কার হয়।]

৩৮। অমুষ্যাঃ (শ্রীরাধার) বক্ত্রে শ্রীনাসা-তিলকুসুম-তূণঃ (শ্রীনাসারূপ তিলপুষ্পের ন্যায় তূণটি) চিত্র-মৃগয়োঃ (বিচিত্র ব্যাধরূপী) রতিপতেঃ (কন্দর্পের) কুসুম-বিশিখৈঃ (পুষ্পবাণে) পূর্ণঃ (পূর্ণ রহিয়াছে); তস্মাৎ ([আর] সেই তূণ হইতে) মুখদ্বারা (মুখ দিয়া) স্মিতচয়মিষাৎ (হাস্যরাশির ছলে) তে (সেই বাণ-সমূহ) নিপতিতাঃ (নির্গত হইতেছে)। হরেঃ (শ্রীকৃষ্ণের) চিত্তহরিণঃ (চিত্তরূপ মৃগ) যেষাং (যে বাণ সকলের) শরব্যত্বম্ অলভত (লক্ষ্য হইয়াছে)॥ ৩৮॥

[এই শ্লোকে 'রূপক', 'অপহ্নুতি' ও 'বিভাবনা' অলঙ্কার। নাসিকা ও তূণের এবং চিত্ত ও হরিণের তাদাত্ম্যহেতু 'রূপক' অলঙ্কার। বাস্তব হাস্যরাশিকে বাণরূপে

অন্যথাকরণ হেতু 'অপহ্নুতি' অলঙ্কার। হেতু ব্যতীত কার্য উৎপন্ন হইলে 'বিভাবনা' অলঙ্কার হয়। এস্থলে বিন্দুঃসং মৌক্তিকত্বহেতু ঘর্মধারা পতিত ধানের চিত্তহরণকে (রূপ) লক্ষ্য করা অসম্ভব, অথচ তাহা হওয়ায় 'বিভাবনা' অলঙ্কার হইয়াছে।

৯৯। রাধিকায়া: (শ্রীরাধার) এতৎ নাসামৌক্তিকং (নাসিকার অগ্রবর্তী এই মুক্তাফলটি) নয়নাঞ্জনাধররুচা (নেত্রাঞ্জনের কৃষ্ণবর্ণ ও অধরের রক্তবর্ণদ্বারা) ব্যাপ্তং নু (ব্যাপ্ত হইয়াই) গুঞ্জায়তে (গুঞ্জাফলের ন্যায় শোভা ধারণ করিয়াছে) ইতি (ইহা) অবিদুষাং কাব্যং (অজ্ঞজনের কবিত্বমাত্র; [পরন্তু]) মম (আমার) এতৎ (ইহাই) মতং (অভিমত যে), তৎ (উক্ত মুক্তাফলটি) শশ্বৎকৃষ্ণবিরাজি-রাগি-হৃদয়শ্বাসানিলৈঃ (নিরন্তর শ্রীকৃষ্ণে বিরাজমান [এবং] অনুরাগযুক্ত নিজ-হৃদয়ের শ্বাসবায়ুদ্বারা) ভাবিতং (মিশ্রিত হইয়াই) আশু (সত্বর) তেষাং (ঐ শ্বাসবায়ুসমূহের) তত্তদ্গুণৈঃ হি (কৃষ্ণ ও রক্ত-বর্ণহেতু) তত্তদ্বর্ণতয়া (কৃষ্ণ ও শুক্লবর্ণরূপে) পরিণতং (পরিণত হইয়াছে)॥ ৯৯॥

[এই শ্লোকে 'লুপ্তোপমা' ও 'তদ্‌গুণ' অলঙ্কার।
উপমা-বাচক শব্দের লোপ হইলে লুপ্তোপমা হয়।
এই শ্লোকে 'পরিণতম্‌ ইব' অর্থাৎ যেন পরিণত
হইয়াছে — এইরূপ অর্থে উপমা-বাচক 'ইব' লোপ
করায় 'লুপ্তোপমা' হইল। ‖ স্বীয় গুণ পরিত্যাগপূর্বক
অপরের উৎকৃষ্ট গুণ গ্রহণ করিলে 'তদ্‌গুণ' নামক
অলঙ্কার হয়। এস্থলে মুক্তা স্বীয় শুক্ল গুণ ত্যাগ
করিয়া কৃষ্ণ ও রক্ত গুণ গ্রহণ করায় 'তদ্‌গুণ'-
অলঙ্কার হইয়াছে।।

১০০| বিধাত্রা (বিধাতা) রাধিকায়াঃ (শ্রীরাধার) নয়ন-
যুগ-বিধানে (নয়নযুগলের সৃষ্টির নিমিত্ত) জগতি
(ব্রহ্মাণ্ডমধ্যে) মধুর-সারাঃ (মধুর ও সারবান্‌)
যে (যে সকল) সদ্‌গুণাঃ (সদ্‌গুণের) সঞ্চিতাঃ
(সঞ্চয় করিয়াছিলেন), অসারৈঃ ভুবি পতিত-
তদংশৈঃ (তাহাদেরই ভূ-পতিত অসার অংশ-
সমূহদ্বারা) তেন (তিনি) ভ্রমর-মৃগ-চকোরাম্ভোজ-
মীনোৎপলানি (ভ্রমর, মৃগ, চকোর, পদ্ম,
মীন ও উৎপলের) সৃষ্টানি (সৃষ্টি করিয়া-
ছেন)।। ১০০।।

[এই শ্লোকে 'বিশেষ' নামক অলঙ্কার হইয়াছে। একটি অতিবিচিত্র বস্তুর রচনায় তত্তুল্য অন্যান্য বস্তুর নির্মাণ হইলেই একজাতীয় 'বিশেষ'-অলঙ্কার হয়। এস্থলে শ্রীরাধার নয়ন-রচনায় ভ্রমরাদির সৃষ্টিহেতুই উক্ত অলঙ্কার হইয়াছে।]

১০১। সুমুখি (হে সুমুখি!), নন্দননাচ্যুত-রঞ্জনলীলং ([যাহা] স্বভাবতঃই আনন্দপ্রদ শ্রীকৃষ্ণের অনুরঞ্জন[আনন্দদান] করে), কঞ্জনবস্ময়-ভঞ্জন-দৃপ্তং ([যাহা] কমলের নবীন গর্ব খর্ব করিয়া গর্বিত হয়, [এবং যাহা]) অগুরুগঞ্জনলীলং (মৎস্যের তিরস্কার লীলা প্রকাশ করে), তব (তোমার) অঞ্জনলিপ্তং (অঞ্জন-রঞ্জিত [অদৃশ্য]) অক্ষিং (নয়ন) খঞ্জনাতি (খঞ্জনের ন্যায় আচরণ করিতেছে)॥ ১০১॥

[এই শ্লোকে 'অনুপ্রাস' ও 'লুপ্তোপমা' অলঙ্কার 'ঞ্জ' এই যুক্ত বর্ণের বার বার প্রয়োগ-হেতু 'অনুপ্রাস' অলঙ্কার এবং 'খঞ্জন ইব আচরতি' এইরূপ বাক্যে উপমাবোধক পদের লোপ করিয়া 'খঞ্জনাতি' এইরূপ প্রয়োগহেতু 'লুপ্তোপমা' অলঙ্কার হইয়াছে।]

১০২। দাতা (বিধাতা) হরেঃ (শ্রীকৃষ্ণের) কুণ্ডলমীনরাজ-

নটয়োঃ (কুণ্ডলযুগলাকৃতি নর্তকী মৎস্যরাজদ্বয়ের) দাম্পত্যসিদ্ধ্যৈ (দাম্পত্য-বিধানের নিমিত্ত) রাধায়াঃ (শ্রীরাধার) মুখসুষমসুধাসরসি (মুখরূপ সৌন্দর্য সুধা-সরোবরে) তন্নেত্রদ্বয়ীব্যাজতঃ (তাঁহার নেত্রযুগল ছলে) লাস্যং (নৃত্য) শিক্ষয়িতুং (শিক্ষাপ্রদানের উদ্দেশ্যে) বালে ঝষবর-তনয়ে (মৎস্যরাজের দুইটি অল্পবয়স্কা কন্যাকে) বিধায় (রাখিয়া) অনয়োঃ (ইহাদের) লোলতয়া (চঞ্চলতাহেতু) পলায়নভিয়া (পলায়নের ভয়ে) পার্শ্বে (পার্শ্ব-দেশে) শ্রীকর্ণ-জালে (কর্ণরূপ দুইটি জাল) নদ্ধৌ (স্থাপন করিয়াছিলেন) ॥ ১০২ ॥

[এই শ্লোকে রূপক, অপহ্নুতি ও উৎপ্রেক্ষা অলঙ্কার। কুণ্ডলের ও মকরের, মুখের ও সুধাসরোবরের এবং কর্ণের ও জালের তাদাত্ম্যহেতু 'রূপক', বাস্তব নয়নযুগলের মকর-কন্যাদ্বয়রূপে অন্যথা-করণহেতু 'অপহ্নুতি' এবং অন্য মীন অপেক্ষা কুণ্ডলের ও নেত্রাদিরূপ মীনের উৎকর্ষসম্ভাবনা-হেতু 'উৎপ্রেক্ষা' হইয়াছে।]

১০৩। রাধাক্ষিপদ্মদ্বয়ধাম্নি (শ্রীরাধার নয়নকমলরূপ গৃহদ্বয়ে) ভ্রমর-প্রজাবতী (ভ্রমরতুল্য তারকা-

[শ্রীরাধার নয়নযুগলকে কমলের পুষ্পের আরোপ করাহেতু 'রূপক'; 'কটাক্ষধারাকে প্রজাপতির সন্তানরূপে আরোপ করাহেতু' [illegible] এবং তাহার নেত্র [illegible] কটাক্ষ প্রভৃতি [illegible] হেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

যুগলরূপ প্রজাপতিদ্বয়) সদা (সর্বদা) মানসিকীং (মনোবৃত্তিরূপ) প্রজাবতীং (সন্তানসমূহকে) সৃজন্তৌ (সৃষ্টি করিয়া) তিষ্ঠত: (অবস্থান করিতেছেন); যত: (যেহেতু) অত: (উক্ত নয়নপদ্মযুগলরূপ গৃহ হইতে) কটাক্ষধারামিষত: (কটাক্ষধারার ছলে) অমকৌ (সেই সন্তানগণ) নির্যাতি (নির্গত হইয়াছে)।।১০৩।।

[এই শ্লোকে 'রূপক', 'অপহ্নুতি' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার।]

১০৪। অস্যা: (এই শ্রীরাধার) তির: প্রসারিতৈ (বক্রভাবে প্রসারিত) ভ্রুবৌ (ভ্রূযুগল) ধ্রুবং (নিশ্চয়ই) বিষ্ণুক্রান্তা-লতে (দুইটি অপরাজিতা লতা), যয়ো: (যে লতাদ্বয়ের) কৃষ্ণে (কৃষ্ণবর্ণ) কুসুমে (দুইটি কুসুম) নেত্রযো: মিষাৎ (নেত্রযুগলের ছলে) জাত: (শোভা পাইতেছে)।।১০৪।।

['রূপক' ও 'অপহ্নুতি' অলঙ্কার।]

[এই শ্লোকে ভ্রূযুগলেরও অপরাজিতা লতার তাদাত্ম্যহেতু 'রূপক' এবং বাস্তব নেত্রযুগলকে কুসুমদ্বয়রূপে অন্যথাকরণহেতু 'অপহ্নুতি' অলঙ্কার হইয়াছে।]

১০৫। এতে (এই) দুইটি রাহুনা (রাহু কর্তৃক) কবলিতেন্দুকলে (শ্রেষ্ঠ চন্দ্রকলা দুইটি) তদ্দন্তদংশ-গলিত-শিথিলাঙ্কলেখে (তাঁহার দন্তদংশনহেতু গলিত শিথিল কলঙ্ক-

লেখযুক্ত হইয়া) রহিয়াছে কিম্বা (বহির্ভাগে অবস্থান করিতেছে কী) ? ইহা ন (তাহা নহে) কিন্তু (পরন্তু) কচচিল্লীলতান্তরালে (কেশের ও ভ্রূলতার মধ্যভাগে) ইদং (ইহা) বিমলং (সুনির্মল) শ্রীরাধিকালিকং (শ্রীরাধিকার ললাটই) বিভাতি (শোভা পাইতেছে) ॥১০৫॥

'নিশ্চয়ান্ত-সন্দেহ' অলঙ্কার।

[এই শ্লোকে ললাটকে প্রথমতঃ চন্দ্রকলা দ্বয়রূপে সন্দেহ করিয়া পশ্চাৎ ললাটরূপে স্থির করায় 'নিশ্চয়ান্ত সন্দেহ' অলঙ্কার হইয়াছে।]

১০৬। নবেন্দুলেখামদহারি (নবীন চন্দ্রকলার দর্পহারী) রাধালিকং (শ্রীরাধার ললাটদেশ) চিল্ল্যলকালি-সঙ্কুলং (ভ্রূলতা ও অলকরাজির মধ্যদেশে সমাকুল হইয়া) উপর্যধঃ (উপরি ও নিম্ন ভাগে) ষট্পদপালি-বেষ্টিতং (ভ্রমর বৃন্দ-বেষ্টিত) নবং (নবীন) কাঞ্চন-মাধবী দলং যথা (স্বর্ণমাধবী পত্রের ন্যায়) দীপ্যতি (বিরাজ করিতেছে) ॥১০৬॥

[এই শ্লোকে 'উপমা' অলঙ্কার হইয়াছে।]

১০৭। গুণমণিখনিঃ (গুণরত্নরাজির আকর) কৃষ্ণঃ এব (শ্রীকৃষ্ণই) অস্যাঃ (শ্রীরাধার) বল্লভঃ (প্রিয়তম) ভবিতা (হইবেন, [এবং]) প্রণয়িনি (প্রণয়ী)

কৃষ্ণে এব (শ্রীকৃষ্ণের প্রতিই) অস্যাঃ (এই শ্রীরাধার) অনুরাগঃ (অনুরাগ [প্রসিদ্ধি]), অলিকান্তঃ ([শ্রীরাধার] ললাটের অভ্যন্তরে) ইতি (এইরূপ) যা (যে) বৈধাত্রী লিপিঃ (বিধাতৃ-রচিত লিপি) আস্তি (বিদ্যমান রহিয়াছে), অসৌ (তাহা) মদ-সিন্দূরেন্দু-দম্ভাৎ (মৃগমদ, সিন্দূর ও চন্দ্রচ্ছলে) বহিঃ অপি (বহির্ভাগেও) স্ফুটা অভূৎ কিমু (সুস্পষ্ট হইয়াছে কি?) ।।১০৭।।

[এই শ্লোকে (রূপক, অপহ্নুতি ও উৎপ্রেক্ষা অলঙ্কার।) মৃগমদ প্রভৃতির বিধাতৃ-লিপির সহিত তাদাত্ম্যহেতু 'রূপক', বিধি-লিপি অপেক্ষা উহাদের উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' এবং বাস্তব মৃগমদ প্রভৃতিকে বিধি-লিপিরূপে অন্যথাসিদ্ধকরণহেতু 'অপহ্নুতি' অলঙ্কার হইয়াছে।]

১০৮। সীমন্তরেখাক্ত্যরুণাম্বরাবৃতং (সীমন্তরেখা-শোভিত রক্তবসনাবৃত), অস্যাঃ (শ্রীরাধার) সৈন্দূরং বা তিলকং (সিন্দূর-রচিত তিলকটি) করাবগুণ্ঠনমুদ্রয়া (হস্তের অবগুণ্ঠনমুদ্রাদ্বারা) আবৃতং (আবৃত), সার্শিমং ([illegible] অপ্রভাসযুক্ত), স্মরস্য তাম্রার্ঘ্যপাত্রং বা (কন্দর্পের তাম্র অর্ঘ্যপাত্রের ন্যায়) বিভাতি (শোভা পাইতেছে) ।।১০৮।।

[এই শ্লোকে 'উপমা' অলঙ্কার। চতুর্থ পাদানুস্থিত 'ইব' শব্দটি উপমা-বাচক বলিয়া।]

১০৯। রাধা-কচ-কাননান্তঃ (শ্রীরাধার কেশরূপ বনমধ্যে) আবিষ্টস্য (প্রবিষ্ট) অস্য শ্রীকৃষ্ণচিত্ত-মত্তমতঙ্গজস্য (শ্রীকৃষ্ণের চিত্তরূপ এই মত্ত হস্তীর) বর্ত্ম (গমনপথটি) তদ্গণ্ড-সিন্দূর-মদাভিষিক্তং (উহার গণ্ডস্থিত সিন্দূর ও মদ-ধারায় সিক্ত হইয়া) সীমন্তমিষাৎ (সীমন্ত-রেখাচ্ছলে) বিভাতি (শোভা পাইতেছে)॥ ১০৯॥

('রূপক' ও 'অপহ্নুতি' অলঙ্কার।)

[এই শ্লোকে চিত্তের ও মত্ত হস্তীর এবং কেশের ও বনের তাদাত্ম্য হেতু 'রূপক' এবং সীমন্তরূপ বাস্তব বস্তুকে পথরূপে অন্যথাকরণ হেতু 'অপহ্নুতি' অলঙ্কার হইয়াছে।]

১১০। অহো (অহো) কেশাননব্যাজতঃ (কেশরাশি ও মুখচ্ছলে) শ্রীরাধা-শ্রয়নাৎ (শ্রীরাধাকে আশ্রয় করিয়া) সুখং নিবসতোঃ নির্বৈরিণোঃ অপি (শত্রুতাশূন্য হইয়া সুখে বাস করিলেও) ধ্বান্তেন্দ্বোঃ (অন্ধকারের ও চন্দ্রের) হৃদি (হৃদয়ের) শঙ্কিতং (শঙ্কা) ন হি গতং (নিশ্চয়ই দূর হয় নাই); যৎ (যেহেতু) ভয়াৎ (ভয়বশতঃ) স্বগুপ্তৈষ্যৎ (নিজকে রক্ষা করিবার নিমিত্ত) ধ্বান্তং (অন্ধকার) নিজসীমনি (নিজ সীমায়) পুরঃ (সম্মুখে) ভ্রমরক-

ভ্রূযুগং (অলকরাজিরূপ নিজ-সৈন্যকে [এবং]) ইন্দুঃ চ
(চন্দ্রও) আলিক-সৎকলাগ্রগ-নিকৃৎযং (ললাটরূপী
নিজ-কলারূপ অগ্রগামী সৈন্যকে) ন্যধাৎ (স্থাপন
করিয়াছে) ॥১১০॥ রূপক, অপহ্নুতি ও অনুমান অলঙ্কার।
[এই শ্লোকে ললাট ও ইন্দুকলার তাদাত্ম্যহেতু 'রূপক',
ধনুর কেশের ও মুখের অলকরূপে ও চন্দ্ররূপে অন্যথা-
করণহেতু 'অপহ্নুতি' এবং তাদৃশ সৈন্য স্থাপনরূপ
হেতুদ্বারা উভয়ের হৃদয়স্থিত শঙ্কা সাধ্য (অনুমেয়)
হওয়ায় 'অনুমান' অলঙ্কার হইয়াছে।]

১১১। রাধিকায়াঃ (শ্রীরাধার) মুখকমল-মধুশ্রী-পান-
লুব্ধা (মুখকমলের মধুপানের লোভে) উপরিষ্টাৎ
(উপরিভাগে) যা অলক-মধুপমালা (অলকরাজি-
রূপে যে ভ্রমরপঙ্‌ক্তি) ভাতি (বিরাজ করিতেছে),
মদনমৃগয়ুনা (কন্দর্পরূপ ব্যাধ) অশ্বস্রোঃ
(শ্রীকৃষ্ণের) নয়নহরিণযুগ্মারোধনায় (নয়নরূপ
হরিণযুগলকে অবরোধ করিবার নিমিত্ত) অসৌ
(উহাকে) বাগুরাত্বং (বাগুরা অর্থাৎ ফাঁদরূপে)
লম্ভিতা (পরিণত করিয়াছে) ॥১১১॥ রূপক ও উৎপ্রেক্ষা অলঙ্কার।
[এই শ্লোকে অলকরাজির ও মধুকরের, মুখের ও কমলের,

নয়নের ও হরিণের এবং মদনের ও কামদেবের তাদাত্ম্যহেতু 'রূপক' এবং ভ্রমরাদির অপেক্ষায় অলকরাজির উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

১১১॥ যে রাধামনোবৃত্তিলতাঙ্কুরাঃ (শ্রীরাধার মনোবৃত্তি-রূপা লতিকার যে অঙ্কুরসমূহ) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) ভাবনয়া (ভাবনাহেতু) তদাত্মতাং গতাঃ (কৃষ্ণবর্ণ হইয়াছে), তে (তাহারা) ধ্রুবং (নিশ্চয়ই) প্রেম-সুধাভিষেকতঃ (প্রেমসুধা দ্বারা অভিষিক্ত হওয়ায়) সূক্ষ্মায়তাঃ (সূক্ষ্ম ও দীর্ঘ হইয়া) কেশমিষাৎ (কেশরাশির ছলে) বহিঃ নিঃসৃতাঃ (বহির্গত হইয়াছে)॥ ১১১॥

['রূপক', 'অপহ্নুতি' ও 'উৎপ্রেক্ষা' অলঙ্কার। এই শ্লোকে মনোবৃত্তির ও লতার এবং প্রেমের ও সুধার তাদাত্ম্যহেতু 'রূপক', বাস্তব কেশের লতাঙ্কুররূপে অন্যথাকরণহেতু 'অপহ্নুতি' এবং কেশাঙ্কুর অপেক্ষা শ্রীরাধার কেশরাশির কৃষ্ণ-তাদাত্ম্য [কৃষ্ণবর্ণত্বলাভ] হেতু উৎকর্ষসম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

১১২॥ স্বাভ্রিয়া (নিজকান্তিদ্বারা) চামরাণ্ (চামর-রাজির) পুরস্তাৎ (পুরস্কারবিধানপূর্বক) শিতিকণ্ঠ-কলাপদং (ময়ূরপুচ্ছের শোভাহরণকারী),

বৃন্দাবনেশ্বর্যাঃ (শ্রীরাধার) কৈশ্যং (কেশরাজি) বিষ্ণোঃ (শ্রীহরির) ~~ঐশ্বর্য্য~~ ঐল্যক্ষ্ম ইব (শ্রেষ্ঠ মেঘবরের ন্যায়) আবভৌ (বিরাজমান রহিয়াছে)। [বিষ্ণুর পক্ষে — 'স্বাশ্রিয়া চ' অর্থাৎ নিজ সম্পদ দ্বারা 'অমরান্ পুষ্যৎ' অর্থাৎ দেবগণের পুষ্টিবিধানকারী ও 'নীলকণ্ঠ' অর্থাৎ মহাদেব, তাঁহার 'কলা'র অর্থাৎ অর্দ্ধাঙ্গের 'পদ' অর্থাৎ স্থানস্বরূপ)॥ ১১৩॥

[এই শ্লোকে ('শ্লেষ' ও 'উপমা' অলঙ্কার।) 'স্বাশ্রিয়া চামরান্' ইত্যাদি পদের দ্ব্যর্থকত্বহেতু 'শ্লেষ' এবং শ্রীরাধার কেশরাশি ও বিষ্ণুর শ্যামত্বের তুলনাহেতু 'উপমা' অলঙ্কার হইয়াছে।]

১১৪। শ্রীরাধা (শ্রীরাধা) মনসা দৃশা চ (মন ও নেত্র দ্বারা) সুসূক্ষ্মাঃ যাঃ কৃষ্ণাঙ্গভাসঃ (শ্রীকৃষ্ণের অঙ্গের অতিসূক্ষ্ম যে কান্তিসমুদয়) নিচিতাঃ (একত্র সংগ্রহ করিয়াছেন), বন্দ্যাঃ (বন্দনীয়া) তাঃ এব (সেই কান্তিসমূহই) ধম্মিল্যমিষেন (সুসংহত যে কবরী কেশরাশির ছলে) পুঞ্জীকৃতাঃ (পুঞ্জীভূতরূপে) মূর্দ্ধ্নি (মস্তকে) ধৃতাঃ (ধৃত হইয়া) বিভান্তি (শোভা পাইতেছে)॥ ১১৪॥

[এই শ্লোকে 'উৎপ্রেক্ষা' ও 'অপহ্নুতি' অলঙ্কার।]
শ্রীকৃষ্ণের অঙ্গকান্তিরূপে কেশরাশির উৎকর্ষ-সম্ভাবনা-
হেতু 'উৎপ্রেক্ষা' এবং বাস্তব কেশরাশির
শ্রীকৃষ্ণকান্তিরূপে অন্যথাকরণহেতু 'অপহ্নুতি'
অলঙ্কার হইয়াছে।] অস্যাঃ (এই)

১১২। নতভ্রুবঃ (সুন্দরী শ্রীরাধার) বেণী (বেণী) রত্নাবলী-
কান্তিসরস্বতী-যুতা (রত্নরাজির কান্তিরূপ সরস্বতীনদীর
সহিত যুক্তা [এবং]) মুক্তা-প্রসূনাবলি-গঙ্গয়া আপ্লুতা
(মুক্তা ও পুষ্পরাশিরূপা গঙ্গার সহিত মিলিতা হইয়া)
নিজ-ত্বিষা (নিজ কান্তিদ্বারা) স্বয়ং (স্বয়ং) যমুনায়িতা
(যমুনার ন্যায় আচরণ করিয়া) ত্রিবেণী ইব বভৌ
(ত্রিবেণীর ন্যায় প্রকাশ পাইতেছে) ॥ ১১২ ॥

['রূপক', 'উৎপ্রেক্ষা' ও 'উপমা' অলঙ্কার।]
এই শ্লোকে রত্নাবলীর কান্তির সহিত সরস্বতীর এবং
মুক্তার ও পুষ্পরাশির সহিত গঙ্গার তাদাত্ম্যহেতু
'রূপক', ত্রিবেণী অপেক্ষা বেণীর উৎকর্ষ-সম্ভাবনা-
হেতু 'উৎপ্রেক্ষা' এবং 'ত্রিবেণী ইব' এইরূপে
সাদৃশ্য-বর্ণনহেতু 'উপমা' অলঙ্কার হইয়াছে।]

১১৩। চমর্যঃ শিখণ্ডিনঃ (চমরী ও ময়ূরগণ) বিলাস-
বিস্রস্তং (বিলাসহেতু বিকীর্ণ) রাধিকা-শ্রীকেশ-
পাশং (শ্রীরাধার কেশপাশ) অবেক্ষ্য (দর্শন

~~সহিত~~ পূর্বক) নিজ-পুচ্ছ-পিচ্ছয়োঃ (যথাক্রমে নিজ-পুচ্ছ ও পক্ষসমূহের) লজ্জায়া আশঙ্ক্য (লজ্জাভয় আশঙ্কা করিয়া) ক্রিয়া ইব (লজ্জাবশতঃই যেন [যথাক্রমে]) গিরিং বিপিনং (পর্বতে ও কাননে) ভেজিরে (আশ্রয় গ্রহণ করিয়াছে) ॥ ১১৬ ॥

(উৎপ্রেক্ষা অলঙ্কার ।#)

[এই শ্লোকে চমরীপুচ্ছ ও ময়ূরের পক্ষ অপেক্ষা কেশপাশের উৎকর্ষ-সম্ভাবনাহেতু 'উৎপ্রেক্ষা' অলঙ্কার হইয়াছে।]

১১৭। রাধায়াঃ (শ্রীরাধার) অঙ্গিনাঙ্গাৎ (সর্বাঙ্গ হইতে) কুঙ্কুমানাং (কুঙ্কুমের), ~~[illegible]~~ নাভি-ভ্রূ-কেশ-নেত্রাৎ (নাভি, ভ্রূ, কেশ ও নেত্র হইতে) অগুরু-মৃগমদা-লিপ্ত-নীলোৎপলানাং (অগুরু ও কস্তূরীলিপ্ত নীলোৎপল-রাজির), বক্ষঃ-শ্রোত্রাস্য-নাসা-করপদযুগলাৎ (বক্ষঃ, কর্ণ, মুখ, নাসিকা, হস্ত ও পদযুগল হইতে) ইন্দুলিপ্তাম্বুজানাং (কর্পূরলিপ্ত পদ্মসমূহের [এবং]) কক্ষশ্রোণী-নখেভ্যঃ (কক্ষ, নিতম্ব ও নখসমূহ হইতে) মলয়জরস-সংসিক্ত-সৎকেতকীনাং (চন্দনরসসিক্ত উত্তম কেতকী-পুষ্পের) পরিমলবিততিঃ (সৌরভরাশি) নির্জিহীতে (নির্গত হইতেছে) ॥ ১১৭ ॥

(দীপক ও স্বভাবোক্তি নামক অলঙ্কারদ্বয় ।#)

[এই শ্লোকে কুঙ্কুম-পরিমল, নীলোৎপল-পরিমল, পদ্ম-পরিমল এবং কেতকী-পরিমল রাশিরূপ অনেক কর্তৃ-কারকের সহিত একটি 'নির্জিহীতে' এই এক ক্রিয়ার অন্বয়হেতু 'দীপক' অলঙ্কার এবং শ্রীরাধার অঙ্গগন্ধের যথাযথ বর্ণনহেতু 'স্বভাবোক্তি' অলঙ্কার হইয়াছে।]

WEIGHTS AND MEASURES.

INDIAN BAZAAR WEIGHT

- 4 Sikis = 1 Tola.
- 5 Sikis = 1 Kancha.
- 4 Kanchas or 5 Tolas = 1 Chatak.
- 4 Chataks = 1 Powah.
- 4 Powahs = 1 Seer.
- 5 Seers = 1 Pasari.
- 8 Pasaris or 40 Seers = 1 Maund.

JEWELLER'S WEIGHT

- 4 Dhans = 1 Rati.
- 6 Ratis = 1 Anna.
- 8 Ratis = 1 Masha.
- 12 Mashas or 16 Annas = 1 Tola or Bhari.

INDIAN TIME

- 60 Anupal = 1 Vipal.
- 60 Vipal = 1 Pal.
- 60 Pal = 1 Dundo.
- 60 Dundo = 1 Deen.
- 7 Deen = 1 Hafta.
- 30 Deen = 1 Mahina.
- 12 Mahina = 1 Baras.

INDIAN LIQUID MEASURE

- 4 Chataks = 1 Powah.
- 4 Powahs = 1 Seer.
- 40 Seers = 1 Maund.

INDIAN MONEY TABLE

- 3 Pies = 1 Pice.
- 2 Pice = 1 Half-anna.
- 6 Pies = 1 Half-anna.
- 4 Pice = 1 Anna.
- 12 Pies = 1 Anna.
- 16 Annas = 1 Rupee.

INDIAN MONEY TO STERLING

- 1 Anna = 1 Penny.
- 12 Annas = 1 Shilling.
- 1 Rupee = 1 Shilling & 6 Pence.
- 13 Rupees & 5 Annas = 1 Pound.

CEYLON MONEY TABLE

- 100 Cents = 1 Rupee.

BENGAL BAZAAR WEIGHT

- 5 Chataks = 1 Kunka.
- 2 Kunkas = 1 Khunchi.
- 2 Khunchis = 1 Rek.
- 2 Reks = 1 Pali.
- 2 Palis = 1 Done.
- 2 Dones = 1 Kati.
- 8 Katis = 1 Arhi.
- 20 Arhis = 1 Bish.
- 16 Bishes = 1 Kahan.
- 16 Palis = 1 Maund.
- 8 Dones = 1 Maund
- 20 Dones = 1 Sali.

BENGAL LINEAL MEASURE

- 3 Jaubs = 1 Anguli.
- 4 Angulis = 1 Musti.
- 3 Mustis = 1 Bitasti.
- 2 Bitastis = 1 Hat.
- 2 Hats = 1 Gaz.
- 2 Gazes = 1 Dhanu.
- 2000 Dhanus = 1 Kosh.
- 4 Koshes = 1 Yojan

BENGAL GRAIN MEASURE

- 5 Chataks = 1 Koonkee.
- 4 Koonkees = 1 Raik.
- 32 Raiks = 1 Maund.

BENGAL PHYSICIAN'S WEIGHT

- 4 Dhans = 1 Rati.
- 10 Ratis = 1 Masha.
- 12 Mashas = 1 Tola.

BENGAL CLOTH MEASURE

- 3 Angulis = 1 Girah.
- 8 Girahs = 1 Hath.
- 2 Haths = 1 Gaz.

BENGAL MEASURE OF LAND SURFACE

- 20 Square Cubits (or Gandas) = 1 Chatak.
- 16 Chataks = 1 Katha.
- 20 Kathas = 1 Bigha.

BOMBAY BAZAAR MEASURE

- 36 Tanks = 1 Tipari.
- 2 Tiparis = 1 Seer.
- 4 Seers = 1 Payli.
- 16 Paylis = 1 Phara.
- 8 Pharas = 1 Kandi.
- 25 Pharas = 1 Muda.

BOMBAY MEASURE OF LAND SURFACE

- 39¼ Square Cubits = 1 Kathi.
- 20 Kathis = 1 Pand.
- 20 Pands = 1 Bigha.
- 6 Bighas = 1 Rukeh.
- 20 Rukehs = 1 Chahur.

BOMBAY CLOTH MEASURE

- 2 Angulis = 1 Tasu.
- 24 Tasus = 1 Gaz.

MADRAS LOCAL WEIGHT

- 180 Grains = 1 Tola.
- 3 Tolas = 1 Palam.
- 8 Palams = 1 Seer.
- 5 Seers = 1 Vis.
- 8 Vis = 1 Maund.
- 20 Maunds = 1 Kandi.

MADRAS BAZAAR MEASURE

- 8 Ollaks = 1 Paddi.
- 8 Paddis = 1 Markal.
- 5 Markals = 1 Phara
- 80 Pharas = 1 Garce.

UNITED PROVINCES MEASURE OF LAND

- 20 Kachvansi = 1 Bisvansi.
- 20 Bisvansis = 1 Bisva.
- 20 Bisvas = 1 Bigha.

PUNJAB MEASURE OF LAND

- 9 Sarsi = 1 Marla.
- 20 Marlas = 1 Kanal.
- 4 Kanals = 1 Bigha.
- 2 Bighas = 1 Ghuma.

BRITISH AVOIRDUPOIS WEIGHT

- 16 Drams = 1 Ounce.
- 16 Ounces = 1 Pound.
- 14 Pounds = 1 Stone.
- 2 Stones = 1 Quarter.
- 4 Quarters = 1 Hundred-weight.
- 20 Hundred-weights = 1 Ton.

CAPACITY

- 4 Gills = 1 Pint.
- 2 Pints = 1 Quart.
- 4 Quarts = 1 Gallon.
- 2 Gallons = 1 Peck.
- 4 Pecks = 1 Bushel.
- 8 Bushels = 1 Quarter.

BRITISH LINEAL MEASURE

- 12 Inches = 1 Foot.
- 3 Feet = 1 Yard.
- 5½ Yards = 1 Pole.
- 40 Poles = 1 Furlong.
- 22 Yards = 1 Chain.
- 10 Chains = 1 Furlong.
- 8 Furlongs = 1 Mile.
- 1760 Yards = 1 Mile.

BRITISH MONEY TABLE

- 4 Farthings = 1 Penny.
- 12 Pence = 1 Shilling.
- 20 Shillings = 1 Pound.
- 2 Shillings = 1 Florin.
- 2 Shillings & 6 Pence = 1 Half-crown.

BRITISH MEASURE OF LAND

- 144 Sq. Ins. = 1 Sq. Foot.
- 9 Sq. Feet = 1 Sq. Yd.
- 1210 Sq. Yds. = 1 Rood.
- 4 Roods = 1 Acre.
- 640 Acres = 1 Sq. M.

BRITISH TABLE OF TIME

- 60 Seconds = 1 Minute.
- 60 Minutes = 1 Hour.
- 24 Hours = 1 Day.
- 7 Days = 1 Week.
- 4 Weeks = 1 Month.
- 12 Months = 1 Year.
- 365 Days = 1 Year.
- 366 Days = 1 Leap Year.
- 52 Weeks = 1 Year.

(মোট ১০খানা খাতার মধ্যে) খাতা নং— ১০

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতের
অন্বয় ও অনুবাদ :
একাদশ সর্গ (Contd)

১১৮। কৃষ্ণেন্দ্রিয়াহ্লাদি-গুণৈঃ (শ্রীকৃষ্ণের সর্বেন্দ্রিয়ের আনন্দদায়ক গুণরাজি দ্বারা) উদারা (উদার-স্বভাবা) শ্রীরাধিকা (শ্রীরাধা) রাধিকা ইব (শ্রীরাধারই ন্যায়) রাজতি (বিরাজ করিতেছেন, [আর]) সর্বোপমানাবলি-মর্দিলীলানি (সর্ব-প্রকার উপমান-বস্তুর পরাভবকারী) অমুষ্যাঃ (তদীয়) অঙ্গানি চ (অঙ্গসমূদয়ও) অঙ্গানি ইব (অঙ্গসমূহেরই ন্যায়) ভান্তি (শোভা পাইতেছে)॥১১৮॥

[এই শ্লোকে 'অনন্বয়' নামক অলঙ্কার। একই বস্তু উপমানরূপে ও উপমেয়রূপে বর্ণিত হইলে 'অনন্বয়' অলঙ্কার হয়। এস্থলে শ্রীরাধার সহিত শ্রীরাধার এবং তদীয় অঙ্গের সহিত তদীয় অঙ্গেরই উপমা হওয়ায় উক্ত অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।]

১১৯। অনন্যসমা (অতুলনীয়া) অসৌ (এই) শ্রীরাধিকা (শ্রীরাধা) অঘবিদ্বিষঃ (শ্রীকৃষ্ণের) মাধুর্যসম্পত্তিঃ ইব (মাধুর্যসম্পদের ন্যায়) লসতি (শোভা পাইতেছেন; [আর]) ইয়ং মাধুর্যসম্পত্তিঃ অপি (শ্রীকৃষ্ণের মাধুর্যসম্পদও) শ্রীরাধিকা ইব (শ্রীরাধিকার ন্যায়) উচ্চকৈঃ (অতিশয়) অনুপমা (অতুলনীয়রূপেই) বিরাজতে (বিরাজ করিতেছেন)॥১১৯॥

[এই শ্লোকে 'উপমেয়োপমা' অলঙ্কার। যেস্থলে উপমান একবার উপমেয় এবং উপমেয় একবার উপমান হয়, সেইস্থলেই এই অলঙ্কার হয়। এস্থলেও শ্রীরাধা ও মাধুর্যসম্পত্তি উভয়েই একবার উপমান ও একবার উপমেয় হইয়াছেন।]

১২০। সখি! (হে সখি!) রাধিকায়াঃ (শ্রীরাধার) প্রেমা (প্রেম) প্রমাণরহিতঃ (অপরিমিত), গুণশ্রীঃ (গুণসম্পদ) অনুপমা (অতুলনীয়া), সৌন্দর্যসম্পৎ (সৌন্দর্য-সম্পত্তি) অসমা (অসামান্যা), শীলং চ (স্বভাবও) রুচিরং শ্রীকৃষ্ণ- (মনোহর [এবং]) তারুণ্যং (কৈশোরও) অদ্ভুততমং (অতিবিচিত্র; [অতএব]) গুণজ্ঞঃ (গুণগ্রাহী) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) কথং (কেনই বা) বশগঃ (বশীভূত) ন ভবিতা (হইবেন না)॥ ১২০॥

[এই শ্লোকে 'সদ্‌যোগরূপ' 'সমুচ্চয়' অলঙ্কার। যেস্থলে কার্যের সাধক একটি বস্তুর বিদ্যমানতা-সত্ত্বেও অন্যান্য সাধক বস্তুর নির্দেশ হয়, সেইস্থলেই উক্ত অলঙ্কার হয়। অপর সাধকসমূহ সৎ, অসৎ ও সদসৎ হইলে যথাক্রমে সদ্‌যোগ, অসদ্‌যোগ ও সদসদ্‌যোগভেদে সমুচ্চয় ত্রিবিধ হয়।

এস্থলে শ্রীকৃষ্ণের বশীকরণকার্যে শ্রীরাধারূপ একটি সাধক বস্তুর বিদ্যমানতাসত্ত্বেও তদীয় প্রেমাদি অপর সাধকসমূহের উপন্যাসহেতু 'সমুচ্চয়' অলঙ্কার হইয়াছে। আর, উক্ত অপর সাধকসমূহ প্রত্যেকেই সৎ বা উত্তমজাতীয় বলিয়া 'সদ্‌যোগ'রূপ সমুচ্চয়ের অবকাশ ঘটিয়াছে।]

১২১। অস্যাঃ (শ্রীরাধার) পাতিব্রত্যং ক্ব নু (পাতিব্রত্যই কোথায়)? পরবধূত্বাপবাদঃ চ ক্ব (আর, পরবধূ বলিয়া অপবাদই বা কোথায়)? প্রেমোদ্রেকঃ চ ক্ব (প্রেমের উদ্রেকই কোথায়)? অথচ পরবশত্বাদি-বিঘ্নঃ চ ক্ব (আর, পরাধীনতাদি বিঘ্নই বা কোথায়)? এষা উৎকণ্ঠা ক্ব (এরূপ প্রবল উৎকণ্ঠাই বা কোথায়)? বকরিপোঃ (আর, শ্রীকৃষ্ণের) নিত্যসঙ্গাদ্যলব্ধিঃ ক্ব নু (নিত্য সঙ্গাদির অপ্রাপ্তিই বা কোথায়)? ইয়ং কা অপি (এইরূপ অনির্বচনীয়) শল্যত্রয়ী (তিনটি শল্য) নঃ (আমাদের) হৃদয়ং (হৃদয়কে) মূলং কৃন্তন্তি (সমূলে উৎখাত করিতেছে)।।১২১।।

এই শ্লোকে 'সদসদ্‌যোগ-সমুচ্চয়' নামক অলঙ্কার।

[এস্থলে হৃদয়ের উৎখাতরূপ কার্যের প্রতি পাতিব্রত্য, প্রেমোদ্রেক ও উৎকণ্ঠারূপ তিনটি

'সং' এবং বরবধূরূপ অলকাদ, বরাধীনতাদি বিঘ্ন ও নিজ সঙ্গাদির অপ্রাপ্তিরূপ। তিনটি অসং সাধকের বা হেতুর সমাবেশহেতু সিদ্ধ সদ্‌ যোগাযোগে 'সমুচ্চয়' অলঙ্কার হইয়াছে।]

১২২। [প্রশ্ন] কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) প্রণয়-জনিভূঃ কা? (প্রণয়ের জন্মভূমি কে? [উত্তর]) একা (একমাত্র) শ্রীমতী রাধিকা এব (শ্রীরাধাই); অস্য ([প্রশ্ন] শ্রীকৃষ্ণের) অনুপমগুণা (অতুল্যগুণশালিনী) প্রেয়সী কা? (প্রেয়সী কে? [উত্তর]) একা এব (একমাত্র) রাধিকা এব (শ্রীরাধাই), অন্যা ন চ (অন্য কেহ নহেন); অস্যাঃ (এই শ্রীরাধার) কেশে (কেশেই) জৈহ্ম্যং (কুটিলতা), দৃশি (নয়নেই) তরলতা (চাঞ্চল্য [এবং]) কুচে (স্তনেই) নিষ্ঠুরত্বং (কঠিনত্ব [বিদ্যমান]); অস্য (শ্রীকৃষ্ণের) বাঞ্ছাপূর্ত্যৈ (বাঞ্ছাপূরণের নিমিত্ত) সদা (সর্বদা) রাধা এব (শ্রীরাধাই) প্রভবতি (সমর্থা হ'ন), অন্যা ন (অন্য কেহ নহেন)॥১২২॥

[এই শ্লোকে চারি প্রকার 'পরিসংখ্যা' নামক অলঙ্কার। প্রশ্নপূর্বক অথবা অপ্রশ্নপূর্বক বর্ণিত বস্তু হইতে

যদি অপরের ত্যাগ বা নিরাস হয়, তাহা হইলে পরিসংখ্যা-অলঙ্কার হয়। উহা চারি প্রকার। (১) প্রশ্নপূর্বক কোন বস্তুর কথন ; (২) প্রশ্নপূর্বক কোন বস্তুর কথন ও অন্যের নিরাস ; (৩) অপ্রশ্নপূর্বক কোন বস্তুর কথন এবং (৪) অপ্রশ্নপূর্বক কোন বস্তুর কথন ও অন্যের নিরাস। ইহাদের মধ্যে প্রথম ও তৃতীয় স্থলে অন্যের নিরাস ব্যঙ্গ্য অর্থাৎ বাক্যদ্বারা প্রকাশ্য হয় না এবং অপর দুই স্থলে বাক্যদ্বারা প্রকাশ্য হয়।

এই শ্লোকে প্রথম পাদে প্রশ্নপূর্বক শ্রীরাধাকে শ্রীকৃষ্ণের প্রণয়জন্মভূমি বলা হইয়াছে এবং অপর কেহ তাহা নহেন, ইহা অব্যক্তরূপে ব্যঙ্গ্য (গূঢ় ব্যঞ্জনোদ্দিষ্ট) রহিয়াছে। দ্বিতীয় পাদে প্রশ্নপূর্বক শ্রীরাধাকে কৃষ্ণপ্রেয়সীরূপে স্বীকার ও অন্যকে বর্জন, ব্যক্তিবাচি বাক্যদ্বারাই ব্যক্ত হইয়াছে। তৃতীয় পাদে অপ্রশ্নপূর্বক কেশপ্রভৃতির কুটিলতা, চঞ্চলতা ও কঠোরতা— পুনরায় বাক্যদ্বারাই ব্যক্ত হইয়াছে এবং হৃদয়াদির কুটিলতা, চঞ্চলতা ও কঠোরতাদির নিরাস অব্যক্তরূপে ব্যঙ্গ্য (গূঢ় ব্যঞ্জনোদ্দিষ্ট) হইয়াছে। চতুর্থ পাদে অপ্রশ্নপূর্বক শ্রীকৃষ্ণের বাঞ্ছাসিদ্ধি পূরণে শ্রীরাধার সামর্থ্য ও অন্যের অসামর্থ্য বাক্যদ্বারাই ব্যক্ত হইয়াছে।]

১২৩। প্রফুল্ল পুন্নাগ কৃতাশ্রয়া (যিনি প্রস্ফুটিত পুন্নাগকে অর্থাৎ পুরুষশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণকে আশ্রয় করিয়াছেন, [মাধবী লতা পক্ষে] প্রফুল্ল নাগকেশর বৃক্ষকে আশ্রয় করিয়াছে), সদা প্রফুল্লিতাঙ্গী (সর্বদা যাঁহার অঙ্গসমূহ প্রফুল্ল), মধুসূদনাশ্রয়া (যিনি মধুসূদনের অর্থাৎ কৃষ্ণের, পক্ষে ভ্রমরের আশ্রিতা), আমোদপূর্ণা (যিনি সৌরভশালিনী), বরপত্রভঙ্গিকা (যিনি উত্তম পত্রভঙ্গ অর্থাৎ পত্রাকার তিলকচিহ্ন ধারণ করেন, পক্ষে উত্তম পত্রশোভাযুক্তা), অসৌ (সেই) রাধিকা (শ্রীরাধা) ইহ (এই) বৃন্দাবনে (বৃন্দাবনে) লসতি (নিত্য বিলাস করিতেছেন)॥ ১২৩॥

[এই শ্লোকে 'সমাসোক্তি' অলঙ্কার। বিশিষ্ট বিশেষণসমূহ দ্বারা বিশেষ্যের অন্য প্রকার স্থিতি হইলে এই অলঙ্কার হয়। এস্থলে বিশিষ্ট বিশেষণসমূহের সামর্থ্যবশতঃ বিশেষ্য শ্রীরাধার মাধবীলতারূপে স্থিতি সম্ভবপর হইয়াছে।]

১২৪। অস্যাঃ (এই শ্রীরাধার) গুরুমুখাৎ (গুরুমুখ হইতে) দীক্ষা (দীক্ষা), শিক্ষা (শিক্ষা), শ্রবণ-পঠনে বা ন (শ্রবণ বা পাঠ-গ্রহণ হয় নাই), তথাপি

(তথাপি) সা ইয়ং (এই) রাধা (শ্রীরাধা) ত্রিজগদঙ্গনা-
বিস্ময়ভূরাং (ত্রিলোকাঙ্গনা ললনাগণের বিস্ময়-
জনক [এবং]) কলাভেদৈঃ (কলাসমূহ) শৌরেঃ
অপি (শ্রীকৃষ্ণের ও) পরমসন্তোষণকৃতাং (পরম-
সন্তোষদায়ক)) কলানাং (কলা-বিদ্যাজ্ঞান বিষয়ে)
ব্রজসুদৃশাম্ অপি (ব্রজসুলোচনাগণের ও) আচার্য্যা
অজনি (আচার্য্য বা শিক্ষয়িত্রী হইয়াছেন)॥১২৪॥
[এই শ্লোকে 'বিভাবনা' অলঙ্কার। কারণব্যতীত কার্য্য
উৎপন্ন হইলে উক্ত অলঙ্কার হয়। এস্থলে দীক্ষা-
প্রভৃতি কারণের অভাবেও কলাবিদ্যায় আচার্য্যত্ব-
লাভরূপ কার্য্য উৎপন্ন হইয়াছে বলিয়া এই
অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।]
১২৫। যা (যিনি) তৃণীকৃত-ত্যক্ত-কুলীন-নারী-ধর্ম্মা অপি
(কুলনারীর ধর্ম্মকে তৃণের ন্যায় ত্যাগ করিলেও
[এবং]) দূরোজ্ঝিত-ভর্তৃকা অপি (স্বামি-সংসর্গ
দূরে পরিত্যাগ করিলেও) সতী অভীপ্সিত সচ্চরিত্রা
(সতী এবং অভীষ্ট সচ্চরিত্র শালিনী [সেই]) রাধা
(শ্রীরাধাকে) বিধাত্রা (বিধাতা) চিত্রলীলা অরচি
(বিচিত্র স্বভাবান্বিতরূপে সৃষ্টি করিয়াছেন)॥১২৫॥

(কেহ নিন্দিত হইলেও নিন্দার কারণ না থাকিলে এই অলঙ্কার হয়।)

[এই শ্লোকে 'বিশেষোক্তি' অলঙ্কার। এস্থলে অসতীত্ব ও অনভীপ্সিত চারিত্রতার কারণ রূপে কুলনারীধর্ম ও স্বামিসংসর্গের পরিত্যাগ বর্ণিত হইলেও অসতীত্ব প্রভৃতির অনুদয়হেতু এই অলঙ্কার সঙ্গত হইয়াছে।]

১১৩। শ্রীরাধিকায়াঃ (শ্রীরাধিকার) প্রজাগর-স্বপ্ন-সুষুপ্তিষু (জাগরণ, স্বপ্ন ও সুষুপ্তি-দশায়) সততং হি (সর্বদাই) মনোবপুর্বাগখিলেন্দ্রিয়াণাং (মন, কায়, বাক্ ও সকল ইন্দ্রিয়বর্গের) কৃষ্ণৈকতানত্বং ঋতে (কৃষ্ণৈকতানতা ব্যতীত) অন্যা (অপর) বৃত্তিঃ ন অস্তি (কোন বৃত্তি নাই)॥ ১১৩॥

('তুল্যযোগিতা' অলঙ্কার — বহু বিষয়ে যুগপৎ এককর্তৃক বা এক ধর্মপ্রাপ্তি বর্ণিত হইলে এই অলঙ্কার হয়।)

[এই শ্লোকে প্রস্তাবিত মন, কায়, বাক্ ও ইন্দ্রিয়বর্গের একালে কৃষ্ণৈকতানতা কথিত হওয়ায় 'তুল্যযোগিতা' অলঙ্কার হইয়াছে।]

১১৪। হরিধৃতি-ধন চৌরৈঃ (যাহারা শ্রীকৃষ্ণের ধৈর্যরূপ ধন হরণ করে), রাধিকায়াঃ প্রবীণৈঃ সহজনয়ন-লীলানর্তনৈঃ (শ্রীরাধার নয়নযুগলের একাদশ স্বাভাবিক সুনিপুণ লীলানৃত্যসমূহ) শফর-মৃগ-চকোরী-খঞ্জনাম্ভোজ-ভৃঙ্গী-নিকর-মদন বাণ-শ্রেণী-নীলোৎপলানি (শফর অর্থাৎ পুঁটিমাছ, মৃগ,

চকোরী, খঞ্জন, পদ্ম, ভৃঙ্গী, কন্দর্পের শরবৃন্দ ও নীলোৎপল সমূহকে) নির্জিতানি (পরাজিত করিয়াছে)।

এই শ্লোকেও তুল্যযোগিতা অলঙ্কার। [যেস্থলে প্রস্তাবিত খঞ্জন প্রভৃতি অনেকের এক কালে নয়ন-লীলানৃত্য কর্তৃক পরাভব বর্ণন হেতু 'তুল্যযোগিতা' অলঙ্কার হইয়াছে।]

১২৮। কৃষ্ণৈকতানে রাধিকে (হে শ্রীকৃষ্ণৈকপরায়ণে শ্রীরাধে!) চকোর-চাতক-সরোজিনীনাং পালি: (চকোর, চাতক ও পদ্মিনীগণ) দীনা (দৈন্যগ্রস্ত হইয়া) কথং (কি নিমিত্ত যে) হ্রিয়া ইব (লজ্জাবশতঃ যেন) নভোঽরুণজলানি (আকাশ, অরুণ ও জলকে) ভেজে (আশ্রয় করিয়াছে), অত্র (এ বিষয়ে) নঃ (আমাদের নিকটে) হেতুং (কারণ) বদ (বল)॥১২৮॥

[এই শ্লোকে 'পর্যায়োক্তি'-নামক অলঙ্কার। অভীষ্ট বস্তুর সাক্ষাদ্‌রূপে বর্ণন না করিয়া প্রকারান্তরে বর্ণন হইলে এই অলঙ্কার হয়। এস্থলে, শ্রীরাধার কৃষ্ণৈকতানতা যেরূপ প্রবল, চকোরের চন্দ্রপরায়ণতা, চাতকের মেঘ-পরায়ণতা ও পদ্মিনীর সূর্যপরায়ণতা যে সেরূপ প্রবল নহে, ইহাই বর্ণনীয় অভীষ্ট বস্তু: পরন্তু

উহা সাক্ষাৎ রূপে না বলিয়া প্রকারান্তরে বলা হইয়াছে। অর্থাৎ শ্রীরাধার কৃষ্ণৈকতানতার ন্যায় উঁহাদের নিজ-নিজ-প্রিয়তমের প্রতি আসক্তি না হওয়াতেই উঁহারা লজ্জাবশত: আকাশ-প্রভৃতি স্থান আশ্রয় করিয়াছে — এইরূপ বাক্যভঙ্গীক্রমেই অভীষ্ট-বিষয় জ্ঞাপিত হইয়াছে।]

১২৯। রাধে (হে রাধে!) চকোরাবলি-চাতকালি-সরোজিনী-শ্রেণিষু (চকোর, চাতক ও পদ্মিনীগণের মধ্যে) সদা একতানত্বভব: ([নিজ-নিজ-প্রিয়তমের প্রতি] নিরন্তর একতানতা-হেতু) য: (যেরূপ) অতিগর্ব: (প্রবল গর্ব ছিল), স: (তাহা) তে (তোমার) কৃষ্ণৈক-তানত্বং (কৃষ্ণৈকতানতা) অবেক্ষ্য (দেখিয়া) লুপ্ত: অভূৎ (বিলুপ্ত হইয়াছে)॥১২৯॥

[এই শ্লোকেও ‘পর্য্যায়োক্ত’ নামক অলঙ্কার। চকোরাদির একতানতা অপেক্ষা শ্রীরাধার একতানতা অধিক — এই বর্ণনীয় বিষয়টি প্রকারান্তরে বর্ণনহেতু ‘পর্যায়োক্ত’ অলঙ্কার হইয়াছে।]

১৩০। যুবতিষু (যুবতীগণের মধ্যে) শ্রী: ভূ: লীলা (শ্রী, ভূ ও লীলাশক্তি) বরৈ: (উত্তম) সদ্গুণৈ: (সদ্গুণরাশিদ্বারা) সারভূতা: (শ্রেষ্ঠা); তাভ্য:

(তাঁহাদের অপেক্ষা) মা শ্রীঃ (লক্ষ্মী [শ্রেষ্ঠা]); ততঃ (তদপেক্ষা) ইহ (এই বৃন্দাবনে) তাঃ মহাপ্রেমগোপাঙ্গনাঃ (পরমপ্রেমবতী গোপাঙ্গনাবৃন্দ [শ্রেষ্ঠা]); তাভ্যঃ (তদপেক্ষা) চন্দ্রাবলীমুখ-নমদ্যূথনাথাঃ (চন্দ্রাবলী-প্রভৃতি সুন্দরী যূথেশ্বরীগণ [শ্রেষ্ঠা, এবং]) অমূভ্যঃ (তাঁহাদের অপেক্ষাও) শ্রীরাধা (শ্রীরাধা [শ্রেষ্ঠা]); যৎ (যেহেতু) ইহ (বৃন্দাবনে) সঃ কৃষ্ণঃ অপি (সেই শ্রীকৃষ্ণও) অস্যাং (এই শ্রীরাধার প্রতি) নিতরাং (অতিশয়) সস্পৃহঃ (সস্পৃহ [রহিয়াছেন]) ॥১৩০॥

[এই শ্লোকে 'সার' ও 'অনুমান' অলঙ্কারের সাঙ্কর্য্য হইয়াছে। বস্তুসমূহের উত্তরোত্তর উৎকর্ষ-বর্ণন হইলে 'সার' নামক অলঙ্কার হয়। এস্থলে 'শ্রীঃ' হইতে শ্রীরাধা পর্য্যন্ত সুন্দরীগণের উত্তরোত্তর উৎকর্ষ বর্ণিত হইয়াছে। আর, শ্রীরাধাবিষয়ে শ্রীকৃষ্ণের সস্পৃহতারূপ সাধনের বা হেতুর দ্বারা শ্রীরাধার সর্বশ্রেষ্ঠত্ব সাধ্য হওয়ায় 'অনুমান' অলঙ্কার হইয়াছে।]

১৩১। চন্দ্রাবলী (চন্দ্রাবলী) প্রযত্নাৎ (অতিশয় যত্ন-সহকারে) ব্যক্তীকৃতৈঃ (প্রকাশিত) প্রণয়-রূপ-

গুণৈঃ (প্রণয়, রূপ ও গুণ দ্বারা) বকারিং (শ্রীকৃষ্ণকে) স্ববশং ব্যরচয়ৎ (বশীভূত করিয়াছিলেন); তু (কিন্তু) শ্রীরাধিকা (শ্রীরাধা) ইহ (এই বৃন্দাবনে) সহজপ্রকটৈঃ (স্বাভাবিকরূপে প্রকাশিত) নিজৈঃ (স্বীয়) তৈঃ (প্রণয়, রূপ ও গুণ দ্বারা) তং (শ্রীকৃষ্ণকে) তাম্ অপি (চন্দ্রাবলীর সম্বন্ধেও) ব্যস্মারয়ৎ (বিস্মৃতি উৎপাদন করিয়াছেন)। হা (অহো!) অন্যাঃ কুতঃ? (অন্য সুন্দরী-গণ কোথায়? অর্থাৎ তাঁহাদের কথা আর কী বলিব)॥ ১৩১॥

[এই শ্লোকে 'ব্যাঘাত' নামক অলঙ্কার। যে সাধনদ্বারা যে বস্তুটির সাধন হয়, যদি উহা দ্বারাই উহার অন্যথাকরণ হয়, তবে এই অলঙ্কার হয়। এস্থলে চন্দ্রাবলীর প্রণয়াদিরূপ সাধনদ্বারা যে কৃষ্ণবশীকরণ সাধিত হইয়াছে, শ্রীরাধার সহজ-প্রণয়াদিরূপ সেই সাধনদ্বারাই উক্ত কৃষ্ণ-বশীকরণের অন্যথাকরণহেতু 'ব্যাঘাত' অলঙ্কারের সঙ্গতি হইল।]

১৩২। গুণৈঃ লসন্ত্যাং (গুণবিলাসশালিনী) শ্রীরাধিকায়াং (শ্রীরাধার মধ্যে) দোষলেশঃ অপি ন (দোষের লেশমাত্রও নাই) ইতি যঃ (এইরূপ বাক্য)

সত্যং ন (সত্য নহে); যৎ (যেহেতু [তাঁহার])
কেশেষু (কেশরাশির মধ্যে) কৌটিল্যং (কুটিলতা),
উরোজ-যুগ্মে (স্তনযুগলে) কাঠিন্যং (কাঠিন্য)
অক্ষ্ণোঃ চ (এবং নয়নযুগলে) লৌল্যং (চঞ্চলতা)
অস্তি (বিদ্যমান রহিয়াছে)॥ ১৩২॥

ব্যাজস্তুতি অলঙ্কার। # নিন্দাচ্ছলে স্তুতি করা হইলে ব্যাজস্তুতি অলঙ্কার হয়।

[এই শ্লোকে নিন্দাচ্ছলে অর্থাৎ কেশ প্রভৃতির কুটিলতা-
প্রভৃতি দোষবর্ণনচ্ছলে বস্তুতঃ শ্রীরাধার স্তুতিই করা
হইয়াছে; কারণ কেশপ্রভৃতির কুটিলতা প্রভৃতি
উৎকর্ষেরই সাধক। অতএব নিন্দাচ্ছলে স্তুতিহেতু
ব্যাজস্তুতি অলঙ্কার হইয়াছে।]

১৩৩। সখি! (হে সখি!) কৃষ্ণাননেন্দোঃ (শ্রীকৃষ্ণের মুখচন্দ্রে)
স্মিতকৌমুদীনাং (হাস্যরূপ জ্যোৎস্নারাশির) পানাৎ
(পানহেতু) রাধিকায়াঃ (শ্রীরাধার) দৃশৌ চকোর্য্যৌ
(নয়নযুগল নিশ্চয়ই দুইটি চকোরী; [এবং])
মুখং চ ([শ্রীরাধার] মুখটিও) অম্বুরুহং
([নিশ্চয়ই] পদ্ম); যৎ (যেহেতু) কৃষ্ণাক্ষিভৃঙ্গৌ
(শ্রীকৃষ্ণের নয়নরূপ ভ্রমরযুগল) মত্তৌ (তৃষ্ণাযুক্ত
হইয়া) অস্মিন্ (শ্রীরাধার মুখের প্রতি) পততঃ
([নিপতিত] ধাবিত হইতেছে)॥ ১৩৩॥

'অনুমান' অলঙ্কার। এস্থলে

[এই শ্লোকে শ্রীকৃষ্ণের মুখচন্দ্রের হাস্যজ্যোৎস্নার পানরূপ সাধনের বা হেতুর দ্বারা শ্রীরাধার নয়নযুগলের চকোরীত্ব সাধ্য হওয়ায় এবং শ্রীকৃষ্ণের নয়নরূপ ভ্রমরযুগলের শ্রীরাধার মুখের প্রতি ধাবনরূপ সাধনের বা হেতুর দ্বারা তদীয় মুখের পদ্মত্ব সাধ্য হওয়ায় 'অনুমান' অলঙ্কার হইয়াছে।]

১৩৪। শ্রীবৃষরবিসুতা (শ্রীরাধা) কৃষ্ণসবিধে (শ্রীকৃষ্ণের নিকটে) আকল্পৈঃ হীনা অপি (বেশভূষাব্যতীতও) মুদা উৎফুল্লা (হর্ষোৎফুল্লা [এবং]) ভাবাভরণবলিতা (ভাবরূপ অলঙ্কারে সজ্জিতা হইয়াই) আলীঃ (সখীগণকে) সুখয়তি (আনন্দ দান করেন; [আর]) কৃষ্ণং বিনা (শ্রীকৃষ্ণের সান্নিধ্য ব্যতীত) এষা (ইনি) তৃষ্ণাকুলিতহৃদয়া (চিত্তে তৃষ্ণার্তা [এবং]) অলঙ্কৃতিচয়ৈঃ যুতা অপি (নানালঙ্কারে ভূষিতা হইয়াও) ম্লানা (ম্লান ভাবাপন্না হইয়া) তাসাং (সখীগণের) তনুমনঃ (দেহ ও মনকে) মলিনয়তি (মালিন্যযুক্ত অর্থাৎ পীড়িত করেন)॥১৩৪॥

[এই শ্লোকে 'বিনোক্তি' নামক অলঙ্কার। এস্থলে কোন বস্তু ব্যতীত অপর কোন বস্তুর সাধুতা বা

অসাদৃশ্যতার অর্থাৎ উৎকর্ষের ও গ্লানির উদয় হইলেই
এই অলঙ্কার হয়। এস্থলে পূর্বার্ধে অলঙ্কারদ্বারাও
শ্রীরাধার উৎকর্ষের উদয় এবং দ্বিতীয়ার্ধে শ্রীকৃষ্ণ-
ব্যতীত তাঁহার গ্লানির উদয়হেতু এই অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।

১৩৫। যতঃ (যেহেতু) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) শশ্বৎ (সর্বদা)
অস্যাঃ (শ্রীরাধার) পুরঃ (সম্মুখভাগে), পার্শ্বযুগে চ
(পার্শ্বদ্বয়ে), পশ্চাৎ (পশ্চাদ্ভাগে), চিত্তস্য
বৃত্তিষু (চিত্তের বৃত্তিসমূহে), দৃশোঃ বিষয়ে চ
(নয়নযুগলের দর্শনপথে), শ্রীমদ্গণ্ডয়োঃ চ (উজ্জ্বল
গণ্ডযুগলে), কুচয়োঃ (স্তনযুগলে [এবং])
তরলে চ (হারমধ্যস্থিত মণির মধ্যে) স্ফুরতি
(প্রকাশ পাইতেছেন), তৎ (সেইহেতু) শ্রীরাধিকা
(শ্রীরাধা) [যে] ইহ (এই বৃন্দাবনে) 'কৃষ্ণময়ী' (শ্রীকৃষ্ণ-
ময়ী) ইতি সত্যং (এই বাক্য সত্যই হয়)।।১৩৫।।

[এই শ্লোকে 'পর্যায়' নামক অলঙ্কার। যদি এক বস্তু
ক্রমশঃ অনেক স্থলে অথবা অনেক বস্তু একই স্থলে
স্বয়ং নিষ্পন্ন বা অন্যকর্তৃক সম্পাদিত হয়, তাহা
হইলে এই অলঙ্কার হয়। এস্থলে এক শ্রীকৃষ্ণ

শ্রীরাধার সম্ভ্রম ভাব প্রভৃতি অনেক স্থলে প্রকাশিত হওয়ায় এই অলঙ্কারের সংগতি হইয়াছে।]

১৩৯। অসৌ কামঃ (সুপ্রসিদ্ধ কন্দর্প) কৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) সৌন্দর্যভরৈঃ (সৌন্দর্যাতিশয়দ্বারা) বিনির্জিতঃ (পরাজিত হইয়া) অস্য (তাঁহার) কিঞ্চিৎ (কোনরূপ) প্রতিকর্তুম্ অক্ষমঃ (অপকারবিধানে অসমর্থ হইয়া) রাধাং (শ্রীরাধিকে) ইহ প্রীতিমতীং (কৃষ্ণানুরাগিণী) সমীক্ষ্য (দেখিয়া) তদগোচরে (শ্রীকৃষ্ণের অসাক্ষাতে) অবলাং (অবলা) তাং (শ্রীরাধিকাকে) সন্তাপয়তে (পীড়াদান করিতেছে)।।

[এই শ্লোকে 'প্রত্যনীক' নামক অলঙ্কার। শত্রুর অপকারে অক্ষম হইয়া তাহার প্রিয় জনের অপকার করিলে এই অলঙ্কার হয়। এস্থলে কন্দর্প নিজশত্রু শ্রীকৃষ্ণের পরাভবে অক্ষম হইয়া তাঁহার প্রিয়তমাকে পীড়া-দান করায় এই অলঙ্কারের সংগতি হইয়াছে।]

১৪০। যদি (যদি) মুকুন্দঃ (শ্রীকৃষ্ণ) রাধিকাং (শ্রীরাধাকে) স্পৃশতি (স্পর্শ করেন, [তাহা হইলে]) তৎসখীনাং (তাঁহাদের সখীগণের) বপুষি (শরীরে) কম্প-স্বেদ-রোমাঞ্চ-বাষ্পং ভবতি (কম্প, স্বেদ, রোমাঞ্চ ও বাষ্পের উদয় হয়; [আর]) এষঃ (এই শ্রীকৃষ্ণ) চেৎ

(যদি) মুদা (প্রীতিভরে) মন্ত্রাৎ (মন্ত্রসহকারে) অস্যাঃ (শ্রীরাধার) অধর-মধু (অধরের মধু) পিবতি (পান করেন), তৎ (তাহা হইলে) আসাং (সখীগণের) মত্ততা ভবতি (মত্ততার উদয় হয়); বত (অহো!) এতৎ চিত্রম্! (ইহা বড়ই আশ্চর্য্য বটে) ১৩৭॥

[এই শ্লোকে 'অসঙ্গতি' অলঙ্কার। কার্য্যের ও কারণের আধার পৃথক হইলেই এই অলঙ্কার হয়। বস্তুতঃ শ্রীকৃষ্ণ কর্তৃক শ্রীরাধার অধরপান কারণ হইতে শ্রীরাধার অঙ্গেই কম্পাদির উদয়রূপ কার্য হওয়া সঙ্গত, কিন্তু উহা অন্য আধারে অর্থাৎ সখীগণের দেহে উদিত হইয়াছে। এইরূপ শ্রীকৃষ্ণ কর্তৃক শ্রীরাধার অধরপানরূপ কারণ হইতে শ্রীকৃষ্ণেরই মত্ততারূপ কার্য হওয়া উচিত, কিন্তু তাহাই অন্য আধারে অর্থাৎ সখীগণের মধ্যে উদিত হওয়ায় এই অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।]

১৩৮ পুরুষেষু (পুরুষগণের মধ্যে) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) সদ্গুণৈঃ (সদ্গুণরাজিদ্বারা) বরীয়ান্ (শ্রেষ্ঠ); স্ত্রীষু (ললনাগণের মধ্যে) শ্রীরাধিকা (শ্রীরাধা) গুণৈঃ বরীয়সী (গুণসমূহদ্বারা শ্রেষ্ঠা); অনয়োঃ পরস্পরং (ইঁহাদের

উভয়ের পরস্পরের) সখ্যং : মিথীভু: (মিলন-সম্পাদন-কারী) ধীভু: (বিধাতার) গুনচ্ছটা-যশ: (গুনচ্ছটা-জনিত কীর্তি) নরীনর্তি (অতিশয়রূপে বিরাজ করিতেছে) ॥ ১৩৮॥

[এই শ্লোকে "সম্য" নামক অলঙ্কার। যেস্থলে উভয়ের যোগ শ্লাঘ্যরূপে বর্ণিত হয়, তথায় এই অলঙ্কার সঙ্গত হয়। এস্থলে শ্রীরাধা কৃষ্ণের মিলন শ্লাঘ্যরূপে বর্ণিত হওয়ায় এই অলঙ্কার হইয়াছে।]

১৩৯। বদান্যা (দানশীলা) ইয়ং (এই) রাধা (শ্রীরাধা) কৃষ্ণাৎ (শ্রীকৃষ্ণের নিকট হইতে) রুচিরাম্ উরুং (মনোহর ও উত্তম), অঙ্ক-গ্রহং (বক্ষ:স্থিত মালাটি অথবা আলিঙ্গনরূপ মালা) উপাদায় (লাভ করিয়া) ইহ (এস্থলে) অস্মৈ (শ্রীকৃষ্ণকে) রুচির-মণিমালাং (মণিময় মনোহর মাল্যটি, চুম্বন দ্বারা অথবা দন্তক্ষত রাজি) দদৌ (দান করিয়াছেন ; [এইরূপ]) কৃষ্ণ: তু (শ্রীকৃষ্ণও) অস্যা: (শ্রীরাধার) অধর-মধু (অধর-মধু) নিপীয় (পান করিয়া [তাঁহাকে]) দন্তক্ষতম্ অদাৎ (দন্তক্ষত দান করিয়াছেন ; [অতএব]) আলয়: (সখীগণ) আভ্যাং (উভয়ের নিকট হইতে) দর-তদবলোকং গৃহীত্বা (উক্ত ব্যাপারের

ঈদৃশং দর্শনং লাভ করিয়া) তনুভৃদ্ভ্যঃ (তাঁহাদের উদ্দেশ্যে দেহ সমর্পণ করিয়াছেন)॥ ১৩৯॥

[এই শ্লোকে 'পরিবৃত্তি' অলঙ্কার। পদার্থেরও পদার্থের পরস্পর বিনিময় হইলে এই অলঙ্কার হয়। এস্থলে শ্রীকৃষ্ণ, শ্রীরাধা ও সখীগণের মধ্যে পরস্পর পূর্বোক্তরূপ আদান-প্রদানমূলক বিনিময়-হেতু এই অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।]

১৪০। প্রিয়সঙ্গমেন (প্রিয়তমের সঙ্গমহেতু) অস্যাঃ (শ্রীরাধার) সৌন্দর্যসমৃদ্ধিঃ (সৌন্দর্যসমৃদ্ধি) অন্যা এব (অন্যই হইয়াছে), তস্যা (এইরূপ) বপুষঃ দৃশোঃ চ (দেহের ও নয়নযুগলের) ভঙ্গী অন্যা (ভঙ্গীও অন্যই হইয়াছে); তস্যা (এবং) স্বান্তস্য (চিত্তের) উল্লাসভরঃ চ (উল্লাসাতিশয্যও) অন্যঃ (অন্যই হইয়াছে; [আর]) সা (সেই) রাধা অন্যা এব (শ্রীরাধাও অন্যই হইয়াছেন)॥ ১৪০॥

[এই শ্লোকে দ্বিতীয় প্রকার অতিশয়োক্তি নামক অলঙ্কার। বাস্তব বস্তুকেই যদি অন্য বলিয়া বর্ণন হয়, তবে দ্বিতীয় প্রকার অতিশয়োক্তি হইয়া থাকে। এস্থলে শ্রীরাধার বাস্তব সৌন্দর্যাদিকেই অন্য বলিয়া বর্ণনহেতু এই দ্বিতীয় প্রকার অতিশয়োক্তি অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।]

১৪১। অয়ে মধুসূদন: (হে ভ্রমরটি), যশোরভাপূরিত-দিগ্‌বিতানাং (নিজ-সৌরভদ্বারা দিক্‌গুলির পূরণ-কারিণী [ও]) কৌমল্য-সৌন্দর্য-মকরন্দপূর্ণাং (কোমলতা, সৌন্দর্য ও মধুদ্বারা পরিপূর্ণা), তাং (তাদৃশী) পদ্মিনীং (পদ্মিনীকে) হিত্বা (ত্যাগ করিয়া) কথং (কী নিমিত্ত) তাং (কণ্টকাদি-দোষ-সঙ্কীর্ণা) কেতকীং (কেতকীর দিকে) ধাবতি? (ধাবিত হইতেছ)১ ১৪১॥

[অপ্রস্তুতপ্রশংসা নামক অলঙ্কার। অপ্রস্তাবিত) এই শ্লোকে 'অপ্রস্তুত' বা অপ্রাসঙ্গিক বস্তুর বর্ণন-দ্বারা প্রস্তাবিত বা প্রাসঙ্গিক বস্তুর উদ্দেশ ঘটিলেই 'অপ্রস্তুত-প্রশংসা' অলঙ্কার হয়। এস্থলে ভ্রমরের পদ্মিনী পরিত্যাগপূর্বক কেতকীর প্রতি গমন—অপ্রাসঙ্গিক এই বিষয়ের বর্ণনদ্বারা শ্রীকৃষ্ণের শ্রীরাধাকে পরিত্যাগপূর্বক অপর নায়িকাগমনরূপ প্রাসঙ্গিক বিষয়ের উদ্দেশ হইয়াছে।]

১৪২। সর্বস্যা: (সর্বস্বীর) শ্রী: (শোভা) সর্বথেন এব (সর্বথের সাহচর্যেই) রম্যা (রমণীয়া হয়);

[আবার]) মাধব-শ্রী: (মাধবের শোভাও) উৎফুল্লয়া
(প্রফুল্লা) মাধব্যা এব (মাধবীর সহযোগেই [রমনীয়া
হয়]) ইতি অন্যোন্য-শ্রী-সমুল্লাস-হেতু
(এইরূপে পরস্পরের শোভা-সম্বর্ধনের কারণস্বরূপ)
এতৌ (এই উভয়ের) যুক্তৌ: (সংযোগ[মিলন]সম্পাদক)
ধাতু: (বিধাতার) অভিজ্ঞতা আসীৎ (যোগ্যযুগলের
মিলনসম্পাদনবিষয়িণী অভিজ্ঞতা জন্মিয়াছে) ॥ ১৪২ ॥

[এই শ্লোকে 'অপ্রস্তুত-প্রশংসা', 'অন্যোন্য' ও 'সম'
অলঙ্কারের সাঙ্কর্য হইয়াছে। এস্থলে অপ্রস্তুত বা
অপ্রাসঙ্গিক 'মাধবী' অর্থাৎ মাধবীলতা এবং 'মাধব'
অর্থাৎ বৈশাখ মাসের পরস্পর সমাগমজনিত সৌন্দর্য-
বর্ণনদ্বারা প্রস্তুত বা প্রাসঙ্গিক শ্রীরাধার ও শ্রীকৃষ্ণের
পরস্পর মিলন-মূলক সৌন্দর্যের উন্মেষহেতু
'অপ্রস্তুত-প্রশংসা' হইয়াছে। বস্তুদ্বয় এক ক্রিয়ার
কারণ হইলে 'অন্যোন্য' অলঙ্কার হয়। এস্থলে
মাধবীর শ্রী ও মাধবের শ্রী - এই বস্তুদ্বয় পরস্পর-
রমণীয়তাসম্বর্ধনরূপ এক ক্রিয়ার কারণ
হওয়ায় 'অন্যোন্য' অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।
যোগ্য বস্তুদ্বয়ের মিলন হইলে 'সম' অলঙ্কার হয়।
এস্থলে মাধবী ও মাধব উভয়ের শোভাসম

যোগ্যতাহেতু উভয়ের মিলনহেতু: 'সম' অলঙ্কার হইয়াছে।]

১৪৩। ধাতা (বিধাতা) কেন অপি (অন্য কোন) নিপুণ-বিধিনা (সুনিপুণ বিধাতা-কর্তৃক) সুষ্ঠু সৃষ্টাং (সুন্দরভাবে নির্মিতা) রাধাং দৃষ্ট্বা (শ্রীরাধাকে দর্শন করিয়া) হ্রীণৈঃ (লজ্জাবিনতঃ) অনয়া সদৃশং (শ্রীরাধার তুল্য) যৌবতং (যুবতীসমূহ) নির্মিমিৎসুঃ (নির্মাণ করিতে উৎসুক হইয়া) স্বস্য সৃষ্টেঃ (স্বীয় পূর্ব-সৃষ্টি হইতে) সারং চিন্বন্ (সারাংশ সংগ্রহপূর্বক) ইহ (এইজগতে) তৎ অসৃজৎ (যুবতীগণকে সৃষ্টি করিলেন; [পরন্তু]) একা অপি (একটি যুবতীও) অস্যাঃ সমা (শ্রীরাধার তুল্যা) ন আসীৎ (হইল না); অপি তু (পরন্তু) পূর্বসৃষ্টিঃ (পূর্বসৃষ্টিও) নিরর্থা সমভূৎ (নিষ্ফলা হইল)॥ ১৪৩॥

[এই শ্লোকে 'বিষম' অলঙ্কার। কর্তার ক্রিয়ার ফলের অভাব ও অনর্থের উৎপত্তি হইলে এই অলঙ্কার হয়। এস্থলে শ্রীরাধার তুল্য অপর যুবতী-গণের সৃষ্টি করিতে প্রবৃত্ত হইয়াও ফলের অভাব এবং পূর্বসৃষ্টির ব্যর্থতারূপ অনর্থের উৎপত্তিহেতু এই অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।]

১৪৪। বিধাত্রা (বিধাতা) অস্যাঃ (শ্রীরাধার) বদনে
(মুখমণ্ডল) বিনির্মিতে (নির্মাণ করিলে পর)
অম্বুজেন্দূ (পদ্ম ও চন্দ্রকে) বহুদোষপূর্ণৌ দৃষ্ট্বা
(নানা দোষে পরিপূর্ণ দেখিয়া) তয়োঃ (উভয়ের)
অশুদ্ধতাং সূচয়তা (অশুদ্ধি-জ্ঞাপনের ~~[illegible]~~ উদ্দেশ্যে) তৌ
(উহাদের দুইটিকে [যথাক্রমে]) দ্বিরেফাঙ্ক-মসী-
বিলিপ্তৌ কৃতৌ (ভ্রমর ও কলঙ্করূপ মসীদ্বারা
লিপ্ত করিয়া দিয়াছেন। [লেখনকালে কোনস্থলে
অশুদ্ধি ঘটিলে উহা মসীদ্বারা লেপন করিয়া
দেওয়া হয়; এস্থলেও তদ্রূপ কল্পনা করা হইয়াছে]) ॥১৪৪॥

[এই শ্লোকে 'প্রতীপ'-নামক অলঙ্কার। ~~হইয়াছে~~
~~[illegible]~~ উপমেয় বস্তুর স্তুতিতে উপমানের
ধিক্কার বা নিন্দা হইলে এই অলঙ্কার হয়।
এস্থলে উপমেয় শ্রীরাধার বদনের স্তুতিতে
উপমান পদ্মের ও চন্দ্রের নিন্দা হইয়াছে বলিয়া এই অলঙ্কার হইয়াছে]

১৪৫। গণনাতিগানাং (যাহা গণনার অতীত [এবং])
বাণীবচঃসম্পদগোচরাণাং (সরস্বতীর ও বাক্-
বৈভবের অগোচর, অদ্ভুত) রাধা-গুণানাং
(শ্রীরাধার গুণরাজির) মহিমা (মহিমা)

বর্ণনীয়ঃ ন (বর্ণনা করা যাইতে পারে না); ইতি (এইহেতু) যূয়ং (তোমরা) নঃ (আমাদের) তত্তৎকথনৈঃ (উক্ত গুণসমূহের বর্ণনীয় বিষয়ে) অলং (এ অসংখ্য অচিন্ত্য বাহুল্য-হেতু বিরতি কর) ॥১৪৫॥

[এই শ্লোকে 'আক্ষেপ' অলঙ্কার। কোন বস্তু বলিতে ইচ্ছুক হইয়া যদি বিচারপূর্বক তাহার নিষেধ করা হয়, তাহা হইলে এই অলঙ্কার হয়। এস্থলে শ্রীরাধার গুণ বর্ণনে ইচ্ছাসত্ত্বেও তাহার অসংখ্যতা এবং সরস্বতীরও বাক্যবৈভবের অগোচরতা বিচার করিয়া সেই বর্ণন-ব্যাপারে নিষেধ বা বিরতি অর্থাৎ নিবৃত্তি হওয়ায় 'আক্ষেপ' অলঙ্কারের সঙ্গতি হইয়াছে।]

১৪৬। সখীভিঃ (সখীগণ) ইত্থং (এইরূপে) সালঙ্কারকাব্যৈঃ (অলঙ্কারযুক্ত কাব্যদ্বারা) সহাসং (হাস্যসহকারে) বর্ণিতাঙ্গীং (অঙ্গসমূহের বর্ণনা করিলে) ফুল্লসঙ্কুচদ্-ভুগ্ননেত্রাং (নেত্রযুগল কখনও প্রফুল্ল, কখনও সঙ্কুচিত, আবার কখনও কুটিলভাবাপন্ন হইলে তদবস্থায়) কান্তাং (শ্রীরাধাকে) পশ্যন্ (দর্শন করিতে করিতে) কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) নেত্রশ্রুত্যোঃ (নয়ন-ও-শ্রবণযুগলের) উচ্চৈঃ (অতিশয়) তৃপ্তিং (তৃপ্তি) অবাপ (লাভ করিয়াছিলেন)॥১৪৬॥

~~তুষ্টিং (তুষ্টি) অবাপ (লাভ করিয়াছিলেন) ॥১৪॥~~

॥ শ্রীচৈতন্যপদারবিন্দ-মধুপ-শ্রীরূপ-সেবাফলে (যাহা শ্রীচৈতন্যদেবের পাদপদ্মাশ্রিত ভ্রমরস্বরূপ শ্রীমদ্ রূপ-গোস্বামিপাদের সেবার ফলরূপে প্রকাশিত হইয়াছে), শ্রীরঘুনাথদাসকৃতিনা দিষ্টে (ধার্মিক বিজ্ঞ পুণ্যবান্ শ্রীমদ্ রঘুনাথ দাসগোস্বামিপাদ যাহার বিশিষ্ট উপদেশ করিয়াছেন), শ্রীজীবসঙ্গোদ্গতে (শ্রীজীবগোস্বামিপাদের সঙ্গ ফলে যাহার উদ্ভব হইয়াছে [এবং]) শ্রীরঘুনাথভট্টবরজে (শ্রীরঘুনাথ ভট্টগোস্বামিপাদের বরে বা অনুগ্রহের ফলে যাহার রচনা হইয়াছে), গোবিন্দলীলামৃতে কাব্যে (শ্রীগোবিন্দলীলামৃতনামক সেই কাব্যের অন্তর্গত), শ্রীরাধাতনুবর্ণনময়ঃ (শ্রীরাধার সর্বাঙ্গপ্রত্যঙ্গাত্মক মূর্তির বা শ্রীবিগ্রহের বর্ণনময়) অয়ং (এই) একাদশঃ (একাদশ) সর্গঃ (সর্গ) ইতঃ (সমাপ্ত হইল) ॥১১॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃত-মহাকাব্যে শ্রীরাধা-কৃষ্ণের মধ্যাহ্নলীলা-মধ্যে শ্রীরাধার সর্বাঙ্গপ্রত্যঙ্গাত্মক শ্রীবিগ্রহের (তাঁহার শ্রীমূর্তির) বর্ণনময় একাদশসর্গের অনুবাদ

বঙ্গানুবাদ সমাপ্ত।

শ্রীবৃন্দাবন
ছিপিগলি, কামিনীর
শ্রীশিবচন্দ্র দর্শী
বাং ৫ই ফাল্গুন ১৩৬৪
ইং ১৭ই ফেব্রুয়ারী, ১৯৫৮

১। অথ (অনন্তর) বৃন্দা (শ্রীবৃন্দাদেবী) ব্রজকাননেশৌ
(বৃন্দাবনের ঈশ্বর ও ঈশ্বরীকে) আহ (বলিলেন)
ষড়্ভিঃ ঋতুকারুমুখ্যৈঃ (ছয় ঋতুরূপ শিল্পিগণ)
ইহ (এস্থানে) বাং (আপনাদের উভয়ের) পাদাম্বুজে
(পাদপদ্মে) যৎ (যাহা) নিবেদিতম্ অস্তি (নিবেদন
করিয়াছে), সখীভিঃ সার্ধং (সখীগণের সহিত) তৎ
(তাহা) সমাকর্ণয়তং (শ্রবণ করুন)।।১।।

২। "নাথৌ (হে বৃন্দাবনেশ্বরি! হে বৃন্দাবনেশ্বর!) যুবয়োঃ
(আপনাদের উভয়ের) প্রীত্যর্থং (প্রীতির নিমিত্ত) অস্মাভিঃ
(আমরা) কিঙ্করৈঃ (সেবকগণ) বহুযত্নতঃ (প্রভূত
যত্নসহকারে) নিপুণতা-সর্বস্ব-প্রত্যর্পণৈঃ (নিজ-নিজ-
কৌশলরূপ সর্বস্ব সমর্পণ করিয়া) ইদং (এই)
বৃন্দাবনং (বৃন্দাবনকে) সুচিত্রিতং (সুন্দররূপে
চিত্রিত করিয়াছি); যুবাং (আপনারা)
কৃপয়া (কৃপাসহকারে) তৎ (তাহা) সমীক্ষ্য (দর্শন
করিয়া) সফলং কর্তুম্ অর্হতং (সফল করুন);
হি (যেহেতু) ঈশাবলোকঃ (প্রভুকর্তৃক দর্শনই)
ভৃত্যানাং (সেবকগণের) বিশেষকৌশলকৃতেঃ
(সুনিপুণ ক্রিয়াকৌশলের) ফলং ভবতি (ফলস্বরূপ হয়)।।২।।

প্রভূ! (হে ঈশ্বরি! হে ঈশ্বর!) তত্তল্লীলাস্থলী-স্থিতৈ: (বিভিন্ন লীলাস্থলী-নিবাসী), বৃন্দাবন-স্থির চরৈ: (বৃন্দাবনস্থিত স্থাবর ও জঙ্গমগণ) পদাব্জে ([আপনাদের] পাদপদ্মে) যৎ (যাহা) নিবেদিতং (নিবেদন করিয়াছে), তৎ (তাহাও) আকর্ণয়তং (শ্রবণ করুন)॥ ৩॥

৪। [তাহাদের নিবেদন এই রূপ—] অনেহস্য সর্বস্য সর্বসুখহেতু উল্লাসযুক্ত) ভবন্তৌ (আপনাদের উভয়কে) দ্রষ্টুং (দর্শন করিবার নিমিত্ত [এবং]) বাং (আপনাদের উভয়ের) করুণোদ্ভবৈ: (কৃপা-ফলে উদ্ভূত) নিজার্থৈ: (নিজ-সম্পৎসমূহ দ্বারা) নিষেবিতুং চ (সেবা করিবার নিমিত্ত) ন: (আমাদের) যা মনীষা (যে অভিলাষ) অজনি (জন্মিয়াছে), তাং ([আপনাদের দ্বারা] সেই অভিলাষ) সফলী বিধাতুং (সফলীভূত করিতে) অর্হতথ: (যোগ্য হউক)॥ ৪॥

৫। তাবৎ (তখনই) সুবলেন সমং (সুবলের সহিত) বটু: (মধুমঙ্গল) এত্য (আসিয়া) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) অব্রবীৎ (বলিলেন),— কৃষ্ণ! (হে শ্রীকৃষ্ণ!) রাধয়া (শ্রীরাধা) তে

(তোমার) বৃন্দাবনপ্রজা: (বৃন্দাবনের প্রজাগণকে) নি:স্বা: কৃতা: (নি:স্ব করিয়াছেন) ॥ ৫ ॥

বনস্য (বৃন্দাবনের) সৌন্দর্যমাধুর্যময়ী (সৌন্দর্য ও মাধুর্যরূপা) যা লক্ষ্মী: (যে শোভা), সা (তাহা) অস্যা: (এই শ্রীরাধার) তনুশোভয়া এব (দেহশোভা-দ্বারাই) হৃতা (অপহৃত হইয়াছে; [আর]) বাহি: চ (বাহিরের) ফলপ্রসূনাদিময়ী যা (ফল পুষ্পাদিরূপিণী যে [শোভা]), এষা অপি (ইহাও) আবয়ো: সমক্ষং (আমাদের উভয়ের সম্মুখে) সখীভি: (সখীগণকর্তৃক [অপহৃত হইয়াছে]) ॥ ৬ ॥

৭। ততঃ (অনন্তর) নান্দীমুখী (নান্দীমুখী) সমুপসৃত্য (সেখানে আসিয়া) তৌ (শ্রীরাধাকৃষ্ণকে) অবদৎ (বলিলেন), "সহচরীগণ-সংযুতাভ্যাং (সহচরীগণের সহিত মিলিত) বাং (তোমাদের উভয়ের) স্বস্তি অস্তু (মঙ্গল হউক); ভগবতী (পৌর্ণমাসী দেবী) ইহ (এখানে) বাং (তোমাদের উভয়কে) আশী:শতং (শত আশীর্বাদসহকারে) যৎ (যাহা) আদিশৎ (আদেশ করিয়াছেন), শুভংযূ (কল্যাণভাজন [তোমরা উভয়ে]) তৎ (তাহা) কর্ণয়ো: (কর্ণযুগলের) পান্থিকতাং নয়তম্ (পথগোচর কর) ॥ ৭ ॥

৮। [পৌর্ণমাসীদেবীর আদেশ এইরূপ—] তীব্রদণ্ডঃ (প্রচণ্ড দণ্ডবিধাতা) সঃ (সুবিখ্যাত) স্মর-চক্রবর্তী (কন্দর্প চক্রবর্তী) বৃন্দাটবী-রাজ্যপদে (বৃন্দাবনের রাজত্বপদে) ভবন্তৌ (তোমাদের উভয়কেই) সমান-সামন্ততয়া (তুল্য ভাবে সর্বাধিকারিরূপে) অভিষিচ্য (অভিষিক্ত করিয়া) ভৃঙ্গ-পিকাদি চারান্ (ভ্রমর ও কোকিল-প্রভৃতিকে চররূপে) ন্যযোজয়ৎ (নিযুক্ত করিয়াছেন)॥৮॥

৯। তৎ (অতএব) আত্মমধ্যে (তোমাদের নিজেদের মধ্যে) কলিনা সংযুক্তিঃ ন (কলহ-সংযোগ করিও না; [কারণ, কলহহেতু]) সংগ্রামহানিঃ (সংগ্রামের ব্যাঘাত) তথা নৃপতেঃ ভয়ং (ও রাজভয় উভয়েই উপস্থিত হয়); ততঃ (সেইহেতু) যুবাং (তোমরা) মদাজ্ঞয়া (আমার আদেশে) সমঞ্জসেন (সামঞ্জস্য প্রকারে) রাজ্যে (রাজ্যমধ্যে) সুখং (সুখে) নির্বিশতম্ ইতি (ভোগ কর)॥৯॥

১০। সা ঈশা (সেই পৌর্ণমাসী দেবী) পুনঃ (পুনরায়) মাং (আমাকে) ইত্থং (এইরূপ) আবদৎ (বলিয়াছেন)।

তয়োঃ (শ্রীরাধাকৃষ্ণের মধ্যে) চেৎ (যদি) প্রথমং
(প্রথমেই) বিবাদঃ আসীৎ (স্মর-কলহ হইয়া থাকে),
বৃন্দয়া ([তাহা হইলে] বৃন্দার সহিত) ত্বং (তুমি)
সুবিচার্য (সম্যক্‌ভাবে বিচার করিয়া) অত্র (এবিষয়ে)
কস্য (কাহার) দোষঃ (দোষ), ইতি (ইহা) আশু
(সত্বর) মহ্যং (আমাকে) নিবেদয় (জানাইবে)॥১০॥

১১। অথ (অনন্তর) হরিঃ (শ্রীকৃষ্ণ) নান্দীমুখীং (নান্দী-
মুখীকে) জগাদ (বলিলেন), ত্বং (তুমি) অস্যাঃ
(এই শ্রীরাধার) অখিলং বৃত্তং (সকল বৃত্তান্ত) জানাসি
(অবগত আছ); নৌ (আমাদের) মিলনং (মিলন)
কুতঃ (কিরূপে সম্ভবপর)? সমস্যয়া (সমস্যা-
পাঠের সহিত) অনয়া (এই) (ধূর্তা শ্রীরাধা)
মে (আমার) ইদং (এই) বনং (বনকে) নিঃস্বীকৃতং
(নিঃস্ব করিয়াছে [এবং]) অদ্য (অদ্য) সা বংশী চ
(প্রিয় বংশীটিকেও) বিমুষিতা (হরণ করিয়াছে)॥১১॥

১২। কৌন্দী (কুন্দলতা) অব্রবীৎ (বলিলেন), হরে!
(হে শ্রীকৃষ্ণ!) ভবন্তৌ (তোমরা উভয়ে) যৎ (যে)
কলহায়মানৌ (বিবাদ রত থাকিয়া) সুষুগর্ববন্তৌ
(অতিশয় গর্বের সহিত) স্মর-সার্বভৌম-সার্থং

(কন্দর্প মহারাজের নিকটে) প্রযাতো (গমন করিয়াছিলে), তত্র (তাহাতে) কিং বৃত্তং (কী হইল)? অত্র (এবিষয়ে) সত্যং কথয় (সত্য বল)॥১২॥

১৩। কৃষ্ণঃ (শ্রীকৃষ্ণ) অবদৎ (বলিলেন, হাসিয়া উত্তর) এতাং (ইঁহাকে) তস্য (কন্দর্পমহারাজের) সমীপে (নিকটে) নীত্বা (লইয়া যাইয়া) উক্তং (বলিলাম), ইয়ং (ইনি) বনলুণ্ঠিকা (বনের সম্পদ লুণ্ঠন করেন), নিগৃহ্যতাং ([অতএব ইঁহাকে] শাস্তি দান করুন), দাণ্ডিতং (এবং দণ্ডরূপে নির্ধারিত) এতদর্থং (ইঁহার অর্থ) মদর্থং (আমার অর্থ অর্থাৎ আমার প্রাপ্য বলিয়া) অস্যাঃ (ইঁহার নিকট হইতে [আদায় করিয়া]) মহ্যং দাপয় ইতি (আমাকে অর্পণ করুন)॥১৩॥

১৪। [তখন] অমুনা পৃষ্টা (কন্দর্পমহারাজ জিজ্ঞাসা করিলে) ইয়ং (এই শ্রীরাধা) তং (তাঁহাকে) উবাচ (বলিলেন), ফলপুষ্পলুব্ধৈঃ (ফল-ও-পুষ্পলোভী) গোপৈঃ (গোপগণ) অসংখ্যগোচারণৈঃ (অসংখ্য গোচারণ দ্বারা) তে (আপনার) তৎ বনং (সেই বন) উন্মূলিতং (উন্মূলিত করিয়াছে, [পরন্তু]) নঃ (আমাদের) স্বয়া শ্রিয়া (নিজের কান্তি বা সম্পদ্দ্বারা)

অদ: (সেই বন) শোভিতম্ আস্তি" (শুদ্ধি লাভ করিয়াছে") ॥১৪॥

১৫। অস্যাঃ (এই শ্রীরাধার) মুগ্ধা গিরা (মিথ্যাপ্রলাপে) শৈথিল্যভাজঃ অস্য (কন্দর্পমহারাজ শৈথিল্যযুক্ত হইলে) অস্যাং (ইঁহার প্রতি [তাঁহার]) দৃঢ়পক্ষপাতঃ (অতিশয় পক্ষপাতিত্বই) ময়া দৃষ্টঃ (আমি দেখিতে পাইলাম); দোষে সিদ্ধে অপি ([ইঁহার] দোষ প্রমাণিত হইলেও) যৎ সাক্ষাৎ বিচারঃ ন কৃতঃ (যেহেতু [তিনি] সাক্ষাৎ বিচার করিলেন না, [সেইহেতু আমি]) যুষ্মাসু (তোমাদের প্রতি) সঃ (সেই বিচার) সমর্পিতঃ (অর্পণ করিতেছি)" ॥১৫॥

১৬। সা (কুন্দলতা) অব্রবীৎ (বলিলেন") যদি (যদি) অস্যাং (ইঁহার প্রতি) তস্য (কন্দর্প-মহারাজের) পক্ষপাতঃ (পক্ষপাতিত্বই থাকে), তদা (তাহা হইলে) কেন (কে) অমুকো (শ্রীরাধার) তারুণ্যরত্নং সংদত্ত্য (যৌবনরত্ন দণ্ডরূপে স্থির করিয়া) নির্বচনীকৃতা ([তাঁহাকে] বাক্যরহিত করিয়াছে অর্থাৎ তাম্বুল-দণ্ড-বিষয়ে তাঁহার যৌবনসম্পত্তির ব্যবস্থা করিয়াছে)" ॥১৬॥

১৭। [শ্রীকৃষ্ণ বলিলেন] ময়া (আমি) বৃন্দোদিতের (কন্দর্প মহারাজের ইঙ্গিত-ক্রমে) অধ্বনি (পথমধ্যে) তং নিজার্থং (নিজের প্রাপ্য সেই অর্থ) অর্থিতা অপি (প্রার্থনা করিলেও) চেৎ (যখন [ইনি তাহা]) দাতুং (দান করিতে) ন ইচ্ছতি (ইচ্ছা করেন নাই), তদা (তখন) ইমাং ([আমি] ইঁহাকে) দণ্ডয়িতুং (দণ্ড দান করিতে) প্রবৃত্ত: (প্রবৃত্ত হইলে) প্রত্যুত (পক্ষান্তরে) অনয়া (ইনিই) বলাৎ (বলপূর্বক [আমাকে]) দাণ্ডিত: অস্মি (দণ্ড দান করিয়াছেন) ।। ১৭ ।।

১৮। গদ্গদরুদ্ধকণ্ঠয়া ([তখন] গদ্গদভাবে রুদ্ধ-কণ্ঠা), কুটিলীভবদ্ভ্রুবা (কুটিল ভ্রূভঙ্গীযুক্তা) তয়া (শ্রীরাধা [কর্তৃক]) কটাক্ষবাণৈ: (কটাক্ষ-শরে) বিদ্ধ: (বিদ্ধ হইয়া) স: (শ্রীকৃষ্ণ) কিল মুদং লেভে (সত্য-সত্যই হর্ষ বোধ করিলেন [আর শ্রীরাধা]) সা (সেই) কুন্দবল্লিকাম্ অপি (কুন্দলতাকেও) স্বলীলাকমলেন (নিজ-লীলা-পদ্মদ্বারা) তাড়িতা (তাড়না করিলেন) ।। ১৮ ।।

১৯। তত: (তদনন্তর) স: (শ্রীকৃষ্ণ) শিরোবেষ্টনত: (স্বীয় উষ্ণীষ হইতে) শারিকাং (শুক) নিষ্কাস্য (বাহির করিয়া) নান্দীবদনাকরে (নান্দীমুখীর হস্তে)

ন্যধাৎ (অর্পণ করিলেন); সা (নান্দীমুখী) তাং (সেই পত্রটি) অস্ফুটং পঠন্তী (অস্ফুটস্বরে পড়িতে আরম্ভ করিলে) উৎসুকৈঃ তৈঃ সখ্যৈঃ (ঔৎসুক্যযুক্তা কুন্দলতা-প্রভৃতির) অর্থিতা (প্রার্থনানুসারে) পুনঃ অপি (পুনরায়) স্ফুটম্ অবাচয়ৎ (স্পষ্টস্বরে তাহা পাঠ করিলেন)॥১৯॥

[পত্রটি এইরূপ—] "স্বস্তি (স্বস্তি), সনান্দীমুখী-বৃন্দা-কুন্দলতাদি-সখ্যনিচয়েষু (নান্দীমুখী, বৃন্দা ও কুন্দলতা-প্রভৃতি সখ্যগণের প্রতি) শ্রীমৎসার্বভৌমচরণানাং (মহামান্য শ্রীকন্দর্পমহারাজের) এতৎ সমাজ্ঞাপনং (আদেশ এই যে), শ্রীরাধয়া (শ্রীরাধা) কাননসংপ্রজাঃ প্রতি (বৃন্দাবনের সচ্চরিত্র প্রজাগণকে) হৃতা শ্রীঃ (অপহৃত সম্পদ) দেয়া (দান করিবেন), ততঃ (তৎপরে) বঃ (তোমরা) রাধামাধবয়োঃ (শ্রীরাধা-কৃষ্ণের) মুরলিকা-ন্যায়ঃ (মুরলী-সম্বন্ধী বিচার) সম্যক্ (যথাযোগ্যরূপে) বিধেয়ঃ তু (প্রথমে সম্পাদন করিবে)॥২০॥

২১॥ অথ (অতঃপর) সখ্যেষু (সখীগণ সকলে) তাং রাধিকাং (শ্রীরাধাকে) পৃচ্ছৎসু (প্রশ্ন করিতে আরম্ভ করিলে) তদা (তৎকালে) পুরঃস্থিতা (সম্মুখস্থিতা) বিশাখা (বিশাখা) উবাচ (এইরূপ বলিয়াছিলেন)—কিনয়া

(এই শ্রীরাধা) পুরা (পূর্বেই) নৃপাগ্রতঃ (কন্দর্পমহারাজের
নিকটে) আত্মায়ি মৎ (বলিয়াছেন যে), মা ইয়ং
(ইনি স্বয়ংই) আত্মনাম্না (নিজ-শোভা বা সম্পদ্‌দ্বারা)
বনং (বৃন্দাবনের) পুষ্ণাতি (পুষ্টি সাধন করিতেছেন)॥২১॥

২২। অথ (অতঃপর) ললিতা (ললিতা) আহ (বলিলেন),—
মুগ্ধে! (হে মুগ্ধে!) ত্বদেতৎকথনেন কিং (তোমার
এ কথার প্রয়োজন কী?) হি (যেহেতু) ব্রজকাননং
(এই বৃন্দাবন) রাধায়াঃ (শ্রীরাধার) শ্রীমূর্তেঃ (শ্রীমূর্তির)
প্রতিবিম্বম্ (প্রতিবিম্ব-স্বরূপ)॥২২॥

২৩। সূচকৈঃ উপলালিতঃ (সূচক অর্থাৎ পিশুন ব্যক্তিগণের
পরামর্শে বিরোধী হইয়া) রাজা (কন্দর্প চক্রবর্তী)
নঃ (আমাদের) কিং করিষ্যতি? (কী করিবেন?) স্বীয়াং
অটবীং ([আমরা] নিজ বন) পালয়ামঃ (পালন করিতে
থাকিব [এবং]) অস্যাঃ (ইহার) ফলাদিকং (ফলপ্রভৃতিও)
গৃহ্ণীমঃ (লইয়া যাইব)॥২৩॥

২৪। তথাপি (তথাপি) অস্য (কন্দর্পমহারাজের) আজ্ঞা
(আদেশ) পাল্যা চেৎ (যদি তোমাদের পালনীয়
হয়, তবে) অগ্রে গত্বা (সম্মুখে যাইয়া) বৃন্দা-
বনেশ্বর্যা (বৃন্দাবনেশ্বরী কর্তৃক) আত্মশোভং পুষ্টাং

(নিজের ন্যায় পরিশোভিতা), সখীবৃন্দৈব (সখীতুল্যা) অটবীং (বৃন্দাবনভূমিকে) পশ্যত (দর্শন কর) ॥ ২৪ ॥

[২৫] যা (যে) সতীনাং (পতিব্রতাগণের) ধর্মোঘ্নিত্বে (ধর্মবিঘাত-কার্যে) দীক্ষিতা (দীক্ষা গ্রহণ করিয়াছে, [সেই]) বংশী (বংশীটিকে) অস্মাভিঃ (আমরা) ক্বাপি (কোথায়ও) ন এব দৃষ্টা অস্তি (দর্শনই করি নাই); চেৎ (যদি) অস্মদ্ভাগ্যাৎ (আমাদের সৌভাগ্যক্রমে) সা লভ্যতে (তাহাকে পাই), তদা (তাহা হইলে) এনাং (ইহাকে) কৃষ্ণাপূরৈঃ (যমুনার তরঙ্গপ্রবাহের মাধ্যমে) মধুরং (সোৎকণ্ঠিমুখে) বাহয়ামঃ (ভাসাইয়া দিব অর্থাৎ প্রেরণ করিব) ॥ ২৫ ॥

[২৬] নান্দী (নান্দীমুখী) অব্রবীৎ (বলিলেন) উত্তরে — ময়া (আমি) কৃষ্ণবনপ্রাণিভ্যঃ (শ্রীকৃষ্ণের বনবাসী প্রাণিগণকে) শ্রীঃ (শোভা বা সম্পদ্) দত্তা (দান করিয়াছি) — অস্যাঃ (শ্রীরাধার) ইতি (এইরূপ) যৎ বচঃ (যে বাক্য, [তাহা]) সত্যং মৃষা বা ইতি (সত্য বা মিথ্যা, ইহা) পূর্বং বিচার্য (প্রথমে বিচার করিয়া) পরতঃ (পরে) বংশ্যাঃ (বংশীর) বিচারঃ (বিচার) বিধেয়ঃ (করিতে হইবে) ॥ ২৬ ॥

২৭। ললিতা ([অনন্তর] ললিতা) রাধাং (শ্রীরাধাকে) অগ্রেকৃত্য (অগ্রে করিয়া) বনং অনু (বনের দিকে) চলন্তী (যাইতে যাইতে) প্রেষ্ঠয়োঃ (প্রিয় যুগলের) বিপিন বিহরণেচ্ছুঃ (প্রিয়যুগলের বনবিহার সম্পাদনের ইচ্ছায়) সভ্যান্ (সভ্যগণকে) প্রাহ (বলিলেন), — [তোমরা] সখ্যা সহ এব (আমার সঙ্গেই) চলত (চল [এবং]) রাধয়া (শ্রীরাধাকর্তৃক) স্বশ্রিয়া (নিজ-কান্তি বা সম্পদ্ দ্বারা) অদ্ধা (যথার্থরূপে) শোভিতং ভূষিতং চ (শোভিত ও অলঙ্কৃত) এতৎ বনং (এই বনটিকে) কলয়ত (দর্শন কর)।। ২৭।।

২৮। [শ্রীরাধার কান্তিদ্বারা] স্থলস্থগত-তরুবল্লী-পত্র-পুষ্পাদি-বৃন্দে (স্থলী, স্থল, বৃক্ষ, লতা, পত্র ও পুষ্পাদি সমুদয় পদার্থ) প্রকট-কনক গৌরাদ্বৈতবর্ণে জাতে (সুস্পষ্টরূপে কেবল সুবর্ণের ন্যায় গৌরবর্ণ ধারণ করিলে) অস্য

(পারে) অপারিপুরুষ-সভ্যানাং তু (শ্রীকৃষ্ণপ্রমুখ সভ্যগণের নিকটে) তে তে (ঐ সকল) পদার্থাঃ (পদার্থ) কেবলাকারভেদৈঃ (কেবলমাত্র আকৃতিগত পার্থক্যহেতুই) পরিচয়পদং (পরিচয়ের যোগ্যতা) যযুঃ (লাভ করিয়াছিল) ॥২৮॥

২৯। নান্দী (নান্দীমুখী) সভ্যান্ (সভ্যগণের) পুরস্কৃত্য (সম্মুখে) জগাদ (বলিলেন) শ্রীকৃষ্ণভানুজায়াঃ (শ্রীরাধার) বচঃ (বাক্য) সত্যং (যথার্থই বটে); যৎ (যেহেতু) অস্যাঃ (ইঁহার) স্বকান্ত্যা (নিজকান্তি-দ্বারা) পুষ্টং (পুষ্ট হইয়া) বিপিনম্ (এই বন) অখিলানাং (আমাদের সকলের) নেত্রোৎসবং তনুতে (নয়ন[illegible] আনন্দ বিস্তার করিতেছে) ॥২৯॥

৩০। কৃষ্ণঃ ([তেমন] শ্রীকৃষ্ণ) অবদৎ (বলিলেন) যদা (যখন) ইয়ম্ (এই শ্রীরাধা) আলয়ং যাতি (গৃহে গমন করেন, [তখন]) বনস্য (বনের) সম্পত্তিং (সম্পদ) কৃৎস্নশঃ আদায় (সম্পূর্ণরূপে লইয়াই [যান; আর]) চেৎ (যদি) আয়াতি ([বনে] আগমন করেন, তবে) ভূপাতিয়া (সমীপ-রোকার ভয়ে) অমূঃ অর্পয়তি (ঐ সমুদয় সম্পত্তি প্রত্যর্পন করেন); তৎ (সেই হেতু) রাধিকা (শ্রীরাধা)

ইন্দ্রজালং বেত্তি কিমু ? (ইন্দ্রজাল (অর্থাৎ কুহক) জানেন বলিয়া মনে হয় ?)॥ ৩০॥

৩১ বটুনা ([এই সময়ে] মধুমঙ্গল) সর্বাঃ বয়স্যাঃ (শ্রীরাধার বয়স্যাগণকে) হর্ষোৎফুল্লাঃ (হর্ষোৎফুল্লা [এবং]) প্রহসিতমুখীঃ (হাস্যমুখী) বীক্ষ্য (লক্ষ্য করিয়া) সপদি (তৎক্ষণাৎ) কৃষ্ণে (শ্রীকৃষ্ণকে) সম্রাট্ (সম্রাট্-সংস্কারে) অগ্রসরস্থং প্রাপিতে (সম্মুখে স্থানদান করিলে বা লইয়া গেলে) শ্রীরাধায়াঃ দ্যুতিসংবলিতা (শ্রীরাধার কান্তিরাশির সংমিশ্রণে) মরকতনিভা (মরকত-তুল্য) কৃষ্ণকান্তিঃ (শ্রীকৃষ্ণের কান্তি) সমৃদ্ধা (সমৃদ্ধি লাভ করিয়া) প্রোৎসর্পন্তী (চতুর্দিকে প্রসার লাভ করিতে করিতে) তৎ (সেই) কাননং ([সমগ্র] বনমণ্ডলকে) ব্যানশে (পরিব্যাপ্ত করিয়াছিল)॥ ৩১॥

৩২ [তখন] শ্রীমধুমঙ্গলঃ (মধুমঙ্গল) হৃষ্টঃ (হর্ষযুক্ত হইয়া) তান্ (সভ্যগণকে) অবদৎ (বলিলেন যে) 'মিথোমিলদ্দ্যুতিশবলোজ্জ্বলাঙ্গৌ (পরস্পরের সম্মিলিত কান্তিদ্বারা বিচিত্র ও সমুজ্জ্বল বিগ্রহধারী) রাধামুকুন্দৌ (শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ) স্মরতাপিতৌ (কন্দর্পপীড়ায় পীড়িত হইয়া) তদ্‌বল্লভায়

(তাঁহার বক্ষনের উদ্দেশ্যেই) ইহ (এস্থানে) ঐক্যং প্রয়াতো কিমু ! (ঐক্য প্রাপ্ত হইয়াছেন কি ?) ॥৩২॥

কবীন্দ্র (কাব্যনিপুনা) তুঙ্গবিদ্যা (তুঙ্গবিদ্যা) প্রহসিতমুখী (হাস্যমুখে) উচে (সখীগনকে বলিলেন) স্ফুরৎ সর্বে (তোমরা সকলে) শ্রীরাধার্বর্ণ-দ্যুতিশবলিতৈঃ (শ্রীরাধার কান্তি-সংমিশ্রিত) মুরারেঃ কান্তিপূরৈঃ (শ্রীকৃষ্ণের কান্তি-প্রবাহ দ্বারা) সদ্যঃ (সদ্যই) মরকতময়ীং দীপ্তিং (মরকতমনির দীপ্তি) আসাদ্য (ধারন করিয়া) নু (নিশ্চয়ই) তদ্গুনালঙ্কৃতেঃ (কাব্যগত 'তদ্গুন'-নামক অলঙ্কারের) উদাহরনপদতাং প্রাপ্তাঃ স্থ (উদাহরনরূপে পরিনত হইয়াছ ? [কবিগনের বর্ননবৈচিত্র্যক্রমে কোন বস্তু স্বীয় গুন ত্যাগ করিয়া অন্য উৎকৃষ্ট গুন ধারন করিলে তথায় 'তদ্গুন'-নামক অলঙ্কার হয়]) ॥৩৩॥

অন্য বনপালিকায়াং ([অনন্তর] বৃন্দা) কিঞ্চিৎ বিবক্ষৌ (কিছু বলিতে ইচ্ছা করিয়া) পুরতঃ সরন্ত্যাং (সম্মুখে অগ্রসর হইলে [এবং]) চলৎকরায়াং (তাঁহার হস্ত চঞ্চল হইলে) যদা (যখনই) দৈবাৎ (দৈববশতঃ) বংশী (বংশীটি) সমীরাভিমুখী (বায়ুর অভিমুখী)

আসীৎ (হইল), তদা (তখনই) অস্যাঃ (সেই বংশীর) ধ্বনিঃ উচ্চচার (শব্দ উদ্গত হইতে লাগিল)॥৩৪॥

৩৫ তৎকাকলী-শ্রবণতঃ (বংশীর সেই সুমধুর কলধ্বনি শ্রবণপূর্বক) সর্বাসু (সকলে) চাকিতাসু (চমকিত হইলে) সখীভিঃ (সখীগণের সহিত) কুন্দলতা (কুন্দলতা) সপদি (তৎক্ষণাৎ) তাম্ আসাদ্য (বৃন্দার নিকটে যাইয়া) তৎকরতলাৎ (তাঁহার হস্ত হইতে) মুরলীং (সেই মুরলীটিকে) আদায় (গ্রহণ করিয়া), অথ (পরে) 'ইয়ং চৌরী' ('এই বৃন্দা চৌরী') ইতি (এই বলিয়া) এনাং (তাঁহাকে) হরেঃ সমীপং (শ্রীকৃষ্ণের নিকটে) উপানিনায় (লইয়া গেলেন)॥৩৫॥

৩৬ রাধা ([তখন] শ্রীরাধা) অব্রবীৎ (বলিলেন) — "সখি! (সখি কুন্দলতে!) তে (তোমার) দেবরঃ (দেবর) বৃন্দাপাণৌ (বৃন্দার হস্তে) মুরলিকাং (বংশীটি) বিনিধায় (রাখিয়া দিয়া) অস্মান্ (আমাদিগকে) কদর্থয়তি (লাঞ্ছনা দিতেছেন); যদি ([আর] যদি) তৎ (তাহা) ন মন্যসে (বিশ্বাস না কর, [তবে]) পৃচ্ছ (জিজ্ঞাসা কর) — অনয়া (বৃন্দা) ইয়ং (এই বংশী) কুতঃ প্রাপ্তা (কোথায় পাইলেন)"; চেৎ (যদি)

সত্ত্বং ন বদতি (সত্য কথা না বলেন, [জন্তে]) ইয়ং (এই বৃন্দা) দণ্ড্যা হি (নিশ্চয়ই দণ্ডযোগ্যা হইবেন) ॥ ৩৬ ॥

৩৭। বৃন্দা আহ (বৃন্দা বলিলেন) কক্খটিকয়া (কক্খটীনাম্নী বানরী) শৈব্যাকরাৎ (শৈব্যার হাত হইতে) বলাৎ (বলপূর্বক) বংশীং (এই বংশীটিকে) আচ্ছিদ্য আনীয় (কাড়িয়া আনিয়া) কুঞ্জে (কুঞ্জমধ্যে) নান্দীমুখী-পুরঃ (নান্দীমুখীর সম্মুখেই) মে দত্তা (আমাকে দান করিয়াছে) ॥ ৩৭ ॥

৩৮। অথ (অতঃপর) কুন্দলতা (কুন্দলতা) বংশীং (বংশীটি) কৃষ্ণপাণৌ (শ্রীকৃষ্ণের হস্তে) সমার্পয়ৎ (সমর্পন করিলেন); সঃ অপি (আর শ্রীকৃষ্ণও) চিরাৎ লব্ধাং তাং (দীর্ঘকাল পরে প্রাপ্ত বংশীটিকে) আদায় (গ্রহণ করিয়া) প্রহৃষ্টঃ (হৃষ্টচিত্তে) অবাদয়ৎ ([তাহা] বাজাইতে লাগিলেন) ॥ ৩৮ ॥

৩৯। বেণুনিনদঃ ([তখন] সেই বংশী-ধ্বনি) ত্রিজগদবলানাং (ত্রিভুবনস্থিত নারী-গণের) মনোবংশান্ (চিত্তরূপ বংশ বা বেনুবৃন্দকে) মদনক্লান্তিধূনোৎকীর্ণান্ (কন্দর্পসন্তাপরূপ ঘূন অর্থাৎ কীট-বিশেষদ্বারা ক্ষোদিত [এবং]) কীর্ণান্ কুর্বন্

(জীর্ণ অর্থাৎ অবসাদগ্রস্ত করিয়া), স্থিরচরধর্মান্
(স্থাবর-ও-জঙ্গম পদার্থসমূহের স্বাভাবিক গুণসমূহের)
বিনিময়ন্ (বিনিময় বা পরিবর্তন ঘটাইতে থাকিয়া), ইহ
(বৃন্দাবনে) যুগপৎ (এককালে) ষণ্ণাং ঋতূনাং
(ছয় ঋতুর) সম্পত্তীঃ (সম্পদ্‌রাশির) সমুদয়ন্
(আবির্ভাব সাধিত করিয়া [এবং]) সুধাসারৈঃ
(অমৃতের সারদ্বারা) জগৎ সিঞ্চন্ (জগতের
অভিষেক করিয়া) উদলসৎ (স্বয়ং উল্লাস ধারণ
করিয়াছিল)।। ৩৯।।

৪০। শ্রীকৃষ্ণস্য (শ্রীকৃষ্ণের) অবিকল-মুরলী-ধ্বান-বাণৈঃ
(মুরলীর ধ্বনিরূপ অব্যর্থ শরসমূহের প্রভাবে) যত ধৃতি-
যুজাং (উত্তম ধৈর্যশালিনী) নারীণাং (নারীগণেরও)
বিদূরাৎ যৎ (দূর হইতেই যে) দর্পকোন্মত্ততা
আসীৎ (কন্দর্পোন্মত্ততা প্রকাশ পাইয়াছিল [এবং])
অস্ত্রীলোকঃ অপি (স্ত্রীলোকভিন্ন পুরুষগণও,
অর্থান্তরে অস্ত্রধারী বীরগণও যে) অতনূচ্চণ্ডপীড়া-
বিহ্বলঃ অভবৎ (কন্দর্পের প্রচণ্ড পীড়ায় ব্যাকুল
হইয়াছিল), তৎ (তাহা) আশ্চর্যং ন (আশ্চর্য নহে);
যৎ (যেহেতু) অয়ং (এই শ্রীকৃষ্ণ) অভিতঃ

(সর্বত্র অথবা সর্বতোভাবেই) মারমূর্তিস্বরূপ: (মূর্তিমান্ কন্দর্পস্বরূপ) ॥ ৪০ ॥

৪১। অচকরে (স্থিরস্বভাব) শিখরিবৃন্দে (পর্বতসমূহে) বেণুনাদৈ: (বংশী-নিনাদে) দ্রবতি (বিগলিত হওয়ায়) দিশি দিশি (চতুর্দিকে) বিসরন্তী: নির্ঝরাম্ভ: (নির্ঝরের জলধারা বিসৃত হইতেছে) সমীক্ষ্য (দেখিয়া) তৃষিতখগমৃগালী (তৃষ্ণার্ত পক্ষী ও মৃগগণ) গন্তুম্ উৎকা অপি ([উহার নিকটে] যাইবার নিমিত্ত উৎকণ্ঠিত হইলেও) তৈ: (বংশী-নিনাদে) জড়া (জড়তাপ্রাপ্ত হইল [এবং]) স্বয়ং সবিধাম্ভা: অপি (ঐ জলধারা স্বয়ং নিকটে আসিলেও তাহা) পাতুং (পান করিতে) ন এব সমর্থা (সমর্থ হইলনা) ॥ ৪১ ॥

৪২। বংশীনাদৈ: (বংশীধ্বনিতে) সরাংসি (সরোবরের) পয়াংসি (জলরাশি) গ্রাব-সাম্যং প্রাপিতে (প্রস্তরের ন্যায় কাঠিন্য প্রাপ্ত হইলে) মরালা: (হংসগণ) স্বয়মপি (স্বয়ংও) জড়া: (জড়তা প্রাপ্ত হইয়া [এবং]) বদ্ধপাদা: (পদযুগলে বন্ধন প্রাপ্ত হইয়া) মুগ্ধজাঙ্গী: (মুগ্ধদেহা), সন্দানিতপদযুগা: (শৃঙ্খলিত পদযুগা) রিরংসু: হংসী: (রমণাভিলাষিণী হংসীগণের দিকে)

নন্তুং ন (লমন করিতে), তাভ্যঃ (তাহাদিগকে)
বিসলকলং (মৃণালখণ্ড) দাতুং ন (দান করিতে,
[কিম্বা, স্বয়ংও তাহা]) ভোক্তুং অপি (ভক্ষণ করিতে)
দৈন্যঃ (সমর্থ) ন আসন্ (হইলনা)॥ ৪২॥

৪৩। ততঃ (অনন্তর) বৃন্দা (বৃন্দা) পুরোগতৌ (সম্মুখে যাইয়া) স্বনাথৌ তৌ (স্বীয় ঈশ্বরী ও ঈশ্বর শ্রীরাধা-কৃষ্ণকে) তত্তদৃতুশ্রিয়া (ছয় ঋতুর শোভা-সমাবেশে) স্ফীতাং (সমৃদ্ধি-যুক্তা) বৃন্দাটবীং (বৃন্দাবন ভূমি) দর্শয়ন্তী অভ্যাস্ত প্রদর্শন করাইতে করাইতে বলিতে লাগিলেন।)॥ ৪৩॥

৪৪। ঈশৌ! (হে ঈশ্বরি ও হে ঈশ্বর!) সা ইয়ম্ অটবী (এই সেই বৃন্দাটবী) স্তব্ধৈঃ চরৈঃ (জঙ্গম পদার্থনিচয়ের স্তব্ধতাহেতু) স্ফুরৎস্তম্ভা (স্তব্ধভাবাপন্না), কম্প্রৈঃ স্থিরৈঃ (স্থাবর পদার্থসমূহের কম্পনহেতু) কম্পবলিতা (কম্পনযুক্তা), দ্রবদুপলকৈঃ (প্রস্তরখণ্ডসমূহের বিগলনহেতু) স্বিন্না (স্বেদার্দ্রা), অস্পষ্টৈঃ বিরাবৈঃ (পক্ষিগণের অস্পষ্ট ধ্বনিহেতু) গদ্গদযুতা (গদ্গদ ভাবাপন্না [এবং]) অঙ্কুরচয়ৈঃ (তৃণাদির অঙ্কুররাজির সমাবেশে) পুলক-বলিতাঙ্গী (অঙ্গসমূহে পুলকযুক্তা হইয়া) প্রণয়বিবশা (প্রণয়-বিহ্বলা) সখীশ্রেণী ইব (বয়স্যাবলীর ন্যায়) বিলসতি (শোভা পাইতেছে)॥ ৪৪॥

৪৫। যা এষা অটবী (এই [সেই] বৃন্দাটবী) বাসন্তী-বকুলাদিকৈঃ ([বসন্তকালীন] মাধবী ও বকুল প্রভৃতি), বিচকিলামোদা-শিরীষাদিকৈঃ ([গ্রীষ্মকালীন] মল্লিকা, পারুল ও শিরীষ-প্রভৃতি), যূথী-নীপ-সুকেতকীপ্রভৃতিভিঃ ([বর্ষাকালীন] যূথিকা, কদম্ব ও কেতকী প্রভৃতি), জাত্যব্জবাণাদিভিঃ ([শরৎকালীন] জাতী, পদ্ম ও নীলঝিণ্টী প্রভৃতি), লোধ্রাম্লানমুখৈঃ ([হেমন্তকালীন] লোধ্র ও মহাসহা-প্রভৃতি [এবং শীতকালীন]) বন্ধুক-কুন্দাদিভিঃ (বন্ধুক ও কুন্দপ্রভৃতি) তৈঃ চারুকুসুমৈঃ (বিভিন্ন সুরম্য কুসুমরাজিদ্বারা) কৢপ্তাকল্পবিভূষণার্চিততনুঃ (রচিত বেশ-ভূষণে সর্বাঙ্গ বিভূষিত হইয়া) ভাতি (বিরাজ করিতেছে)॥৪৫॥

৪৬। বকহর! (হে শ্রীকৃষ্ণ!) অত্র (এখানে) ফুল্লাভিঃ মাধবীভিঃ (বিকসিত মাধবীলতারাজির সহিত) ফুল্লাঃ (প্রফুল্ল) রসালাঃ (আম্রতরুসমূহ), ইহ তু (এখানে) সমল্লীভিঃ (সুরম্য মল্লিকারাজির সহিত) শিরীষাঃ (শিরীষ বৃক্ষসমূহ), অত্র চ (এখানে) বরযূথিকা-বীথীভিঃ (উত্তম যূথিকারাজির সহিত) নীপাঃ:

(কদম্বতরুসমূহ), ইহ চ (এস্থানে) জাতীভিঃ (মালতী-
রাজির সহিত) সপ্তপর্ণাঃ (সপ্তপর্ণবৃক্ষসমূহ), অস্মিন্
(এস্থানে) কুসুমিতপুন্নাগপালীভিঃ (পুষ্পিত [illegible]
সহিত) লোধ্রাঃ (লোধ্রতরুসমূহ [এবং]) ইহ (এস্থানে)
কামিনীশ্রেণিভিঃ (প্রিয়ঙ্গুলতাবলির সহিত) তে
কুন্দভেদাঃ (নানাবিধ কুন্দসমূহ) বাং (তোমাদের
উভয়ের) সপর্যাধর্মিণঃ (পরিচর্যায় উৎসুক হইয়া)
বিলসন্তি (শোভা পাইতেছে) ॥৪৬॥

৪৭। অত্র (এই বনমধ্যে) ক্বাপি (কোন স্থানে) ভৃঙ্গৈঃ
(ভ্রমরগণের সহিত) বনপ্রিয়াঃ (কোকিলগণ),
ক্বচিৎ (কোন স্থলে) চাষৈঃ চ (নীলকণ্ঠ পাখিগণের সহিত)
ইমে টিট্টাটিকাঃ (এই ফিঙাপাখিগণ), ততঃ
(ঐ দিকে) দাত্যূহৈঃ (ডাহুক পাখিগণের সহিত)
শিখি-চাতকাঃ (ময়ূর ও চাতকগণ), ইতঃ (এদিকে)
সারসৈঃ (সারসগণের সহিত) হংসাদয়ঃ (হংস-
প্রভৃতি), ক্বাপি (কোন স্থলে) কিশীকুলৈঃ
(শ্যেনচটক পক্ষিগণের সহিত) কীরাঃ (শুক-
পাখিগণ [এবং]) ইহ (এস্থানে) ভরদ্বাজৈঃ
(ভরদ্বাজপক্ষিগণের সহিত) হারীতকাঃ চ (হারীত-

সাক্ষিণঃ) প্রেম্‌ণা (প্রেমভরে) সদা রুবন্তঃ (সর্বদা নিনাদযুক্ত হইয়া), মুদা (প্রীতিভরে) বাং (তোমাদের উভয়ের) গুণযশঃ গায়ন্তি ইব (গুণযশই যেন কীর্তন করিতেছে)॥ ৪৭॥

৪৮ ইহ (এই বৃন্দাবনে) যস্য (যে বৃক্ষসমূহের মধ্যে) একস্য (একটি) [অপি] তরোঃ (বৃক্ষেরই) একা শাখা (একটি শাখা) মুকুলৈঃ (মুকুলরাজি দ্বারা), অন্যা (অন্য একটি শাখা) কিশলয়ৈঃ (পল্লবসমূহ দ্বারা), পরা (অপর একটি শাখা) প্রসূনৈঃ (পুষ্পরাশি দ্বারা), অপরা (অন্য একটি শাখা) হরিদ্ভিঃ (হরিদ্বর্ণ পত্রসমূহ দ্বারা), কাচিৎ (কোন শাখা) পাণ্ডুরৈঃ দলৈঃ (পাণ্ডুরবর্ণ পত্ররাজি দ্বারা), অন্যা অন্যা অপি চ ([এবং] অন্যান্য শাখা যথাক্রমে) আমকৈঃ পাকোন্মুখৈঃ পাক্বৈঃ (অপক্ক, পাকোন্মুখ ও পক্ক) ফলৈঃ যুতা কিল (ফলসমূহ দ্বারা শোভিত রহিয়াছে, [এবং]) ইত্থম্ (এইরূপে) তরুমণ্ডলঃ (সেই বৃক্ষসমূহ) ষড়্‌ঋতুভিঃ (ছয় ঋতু কর্তৃক)

স্বৈঃ স্বৈঃ (নিজ-নিজ-) গুণৈঃ (গুণরাজি দ্বারা)
সেব্যতে (সেবিত হইতেছে) ॥৪৮॥

৪৯। ইয়ং (এই) বৃন্দাটবী (বৃন্দাটবী) অদ্ভুত-ঋতু-লক্ষ্মী-
সহচরী-কুলৈঃ (মূর্তিমূর্ত ঋতুর শোভারূপা
সহচরীগণ কর্তৃক) স্বৈঃ স্বৈঃ তত্তন্মধুরবিভবৈঃ
(পূর্বোক্ত নিজ-নিজ-মধুর বৈভবরাজি দ্বারা)
মণ্ডিততনুঃ (সর্বাঙ্গে অলঙ্কৃতা হইয়া) ভৃতোচ্চৈঃসম্ভারা
(উত্তম উপকরণরাজি ধারণ-পূর্বক) প্রণয়বিবশা
(প্রণয়বিহ্বলা) আলী ইব (সখীর ন্যায়) রভসাৎ
(হর্ষভরে) স্বসম্পদ্ভিঃ (নিজ-সম্পদরাজি দ্বারা)
বাং (তোমাদের উভয়ের) সাক্ষাৎ সেবনসুখং
(সাক্ষাৎ সেবাসুখ) অভিলষতি (ইচ্ছা করিতেছে) ॥৪৯॥

৫০। বৃন্দিকাটবী (এই বৃন্দাটবী) গৃহাগতৌ যুবাং বীক্ষ্য
(তোমাদের উভয়কে নিজ-গৃহে সমাগত দেখিয়া)
আনন্দিতা (আনন্দের আবেশে), ঊর্ধ্ব-প্রসর্পৎসুমনো-
রজঃপটং (ঊর্ধ্বদিকে বিস্তৃত পুষ্পরেণুর ধূলিরূপ
উত্তরীয় বস্ত্রকে) বিধুন্বতী (সঞ্চালন করিতে করিতে)
সমীরলোলাগ-লতাবলিচ্ছলাৎ (বায়ুবেগ-চালিত
বৃক্ষ-ও-লতারাজির ছলে) নৃত্যতি (নৃত্য করিতেছে) ॥৫০॥

(৫১) ইয়ং (এই বৃন্দাটবী) চিত্রাম্বরৈঃ ইব (বিচিত্র বসন-সমূহের ন্যায়) পাতিতৈঃ (ভূপাতিত) নানাবর্ণৈঃ (নানাবর্ণ) পুষ্পৈঃ (পুষ্পরাশি দ্বারা) আনন্দাৎ (হর্ষভরে) বর্ত্মাস্তরণং কুর্বতী (পথের আচ্ছাদন রচনা করিতে করিতে) বাং (আপনাদের উভয়ের) অভ্যেতি (প্রত্যুদ্গমন করিতেছে)॥ ৫১॥

(৫২) [এইরূপ এই বৃন্দাটবী] যুষ্মন্মুখেন্দু-স্রবদিন্দুকান্ত-স্থল-কুট্টিমানাং পয়সা (আপনাদের মুখচন্দ্রের উদয়ে বিগলিত চন্দ্রকান্তমণিময় চত্বরসমূহের জলধারা), তৎসরণীষু জাতৈঃ (বনপথ-জাত) শ্যামাক-দূর্ব্বাক্ষ্যপরাজিতাব্জৈঃ যুতং (শ্যামা ঘাস, দূর্ব্বা, অপরাজিতা ও পদ্ম-পুষ্পসংযুক্ত) পাদ্যং (পাদ্য) অর্পয়ন্তী (সমর্পণ করিতেছে)॥ ৫২॥

(৫৩) [এইরূপ এই বৃন্দাটবী] দূর্ব্বা-সুমনোঽঙ্কুরাদিকৈঃ (দূর্ব্বা, পুষ্প ও অঙ্কুরাদি-বিরচিত) অর্ঘ্যং চ (অর্ঘ্য [ও]) তদম্বুপদ্যান্তিকজাত-নিষ্ঠ্যতলবঙ্গ-জাতীফলকোরকাঢ্যৈঃ (বনভূমিস্থিত নদীসমীপে উৎপন্ন বৃক্ষসমূহ হইতে নিপতিত লবঙ্গ ও জাতিফলের কলিকাযুক্ত) অম্বুভিঃ (জলরাশি-দ্বারা) আচমনীয়ং (আচমনীয়) নিবেদয়ন্তী (নিবেদন করিতেছে)॥ ৫৩॥

৫৪। [এইরূপ এই বৃন্দাটবী] প্রসূনবৃন্দৈঃ (পুষ্পরাজি হইতে ক্ষরিত মধুদ্বারা) মধুপর্কং (মধুপর্ক [ও]) অর্ঘ্যচ্ছায়াচ্ছিদ্রাম্বুকণভারনম্রৈঃ (মেঘের ছিদ্রপথে সুশীতল জলকণার ভারে অবনত), সুগন্ধৈঃ (সুগন্ধযুক্ত), তোয়ানিলৈঃ (জলের ন্যায়) শীতানিলৈঃ (শীতল বায়ুদ্বারা) স্নানীয়ং (স্নানজল) আনীয় (আনয়নপূর্বক) সমর্পয়ন্তী (সমর্পণ করিতেছে)॥ ৫৪॥

৫৫। [এইরূপ এই বৃন্দাটবী] ক্ষিতিমণিমুকুরেষু (মণিময় দর্পণ অপেক্ষাও সুনির্মল), স্বাঙ্গেষু (আপনাদের অঙ্গসমূহে) বিম্বিতাভিঃ (প্রতিবিম্বিত), কিশলয়দল-নানাবর্ণপুষ্পোচ্চয়ানাং (নবীন পল্লব, পত্র ও নানাবর্ণ পুষ্পসমূহের) রুচিভিঃ (কান্তিরাশিদ্বারা) ইহ (এস্থানে [আপনাদের]) অঙ্গযোগ্যানি (অঙ্গের যোগ্য) বিচিত্রাণি (বিচিত্র) অংশুকানি (বসনসমূহ [এবং]) অবয়বচয়যোগ্যালঙ্কৃতীঃ চ (অঙ্গসমূহের উপযোগী অলঙ্কারসমূহ) অর্পয়ন্তী (অর্পণ করিতেছে)॥ ৫৫॥

৫৬। [এইরূপ এই বৃন্দাটবী] চঞ্চৎসমীরাঞ্চলিতৈঃ (চঞ্চল বায়ুপ্রবাহে সমানীত), স্বোৎপন্ন-চন্দনমদাগুরুকুঙ্কুমানাং (নিজের মধ্যে উৎপন্ন চন্দন, মধু, অগুরু ও কুঙ্কুমের)

বরসৌরভ্যৈঃ (উত্তম সৌরভদ্বারা) মুদা (হর্ষভরে) বাং
(আপনাদের) অঙ্গনিচয়েষু (অঙ্গসমূহে) চর্চাং (প্রলেপ
[[illegible]]) নানাপরাগাধিবাসৈঃ (বিবিধ পুষ্পপরাগের
সংমিশ্রণে) পটবাসকান্ চ (পটবাস অর্থাৎ সুগন্ধি
চূর্ণবিশেষ) সমর্পয়ন্তী (সমর্পণ করিতেছে)॥ ৫৬॥

~~[আর এই বৃন্দাটবী~~ (৫৭) অপি (আর এই বৃন্দাটবী) বাং
(আপনাদের উভয়ের) অগ্রে (অগ্রে) মুদা (প্রীতির
সহিত) বকুলৈঃ কৃতান্ (বকুলপুষ্পবিরচিত) গুচ্ছার্ধান্
(গুচ্ছার্ধ), বিচকিলৈঃ (মল্লিকাপুষ্পবিরচিত) একাবলীং
(একাবলী), যূথীভিঃ (যূথিকাপুষ্পবিরচিত) গোস্তনান্
(গোস্তন), নবমালতী-সুকুসুমৈঃ (নবমালতীপুষ্প-
রচিত) শ্রোত্রাবতংসানি অপি (কর্ণভূষণ), অম্লানৈঃ
অপি (মহাসহা-পুষ্পবিরচিত) লম্বকান্ চ (কেশপাশের
মধ্যবর্তী অলঙ্কার) ~~[illegible]~~ কুন্দৈঃ কৃতাং (কুন্দ-
পুষ্পবিরচিত) রসনাং (চন্দ্রহার, [[illegible]]) অন্যৈঃ
সুকুসুমৈঃ (অন্যান্য নানাপুষ্পবিরচিত) অন্য-
বিভূষণানি (অন্যান্য অলঙ্কারসমূহ) অর্পয়ন্তী
(অর্পণ করিতেছে)॥ ৫৭॥

(৫৮) এষা ([এইরূপ] এই বৃন্দাটবী [আপনাদিগকে])

শোৎপল্লালেক সৎপুষ্প-তুলসীদলমঞ্জরী: (নিজসৃষ্ট
উৎপন্ন নানাবিধ উত্তম পুষ্প, তুলসীপত্র, মঞ্জরী),
পল্লবান্ চ (পল্লবরাজি [এবং]) তৈ: কৃতা: (তাহাদের
দ্বারা রচিত) বহুস্রজ: চ (বহুপ্রকার মাল্যসমূহ)
অর্পয়ন্তী (সমর্পন করিতেছে)॥ ৫৮॥ অত্র (এখানে)

(৫৯) [এইরূপ এই বৃন্দাটবী আপনাদিগকে] ঊর্দ্ধপ্রসর্পদ-
বরসৌরভোর্মী লোলালিমালাদমিষত: (ঊর্দ্ধভাগে
বিসৃত উত্তম সৌরভপ্রবাহে আকৃষ্ট ভ্রমরপঙ্ক্তি-
ছলে) ধূপং (ধূপ), চলদগণ্ডফলীচ্ছলেন (চঞ্চল
চম্পকপুষ্পরাজির ছলে) দীপং (দীপ [এবং])
ইষ্টৈ: স্বফলৈ: (স্বীয় মনোহর ফলরাজিরূপে)
নৈবেদ্যং (নৈবেদ্য) দদানা (প্রদান করিতেছে)॥ ৫৯॥

৬০। [এইরূপ] রম্ভাগর্ভজ-কর্পূর-লবঙ্গৈলাদিসংযুতৈ:
(কদলীগর্ভজাত কর্পূর, লবঙ্গ ও এলাচ প্রভৃতির সহিত
সংযুক্ত), স্বপূগনাগবল্লীদলৈ: (স্বীয় গুবাক-ফল ও
তাম্বূলবল্লীর পত্ররচিত) তাম্বূলং (তাম্বূল বীটিকা)
সমর্পয়ন্তী (অর্পন করিতেছে)॥ ৬০॥

৬১। [এইরূপ এই বৃন্দাটবী] সুবস্ত্র-বকুলাদিভি:
(শেফালিকা-বকুল প্রভৃতি), স্বয়ংপতদ্ভি:

(স্বয়ং পতনশীল). পুষ্পৈঃ (পুষ্পরাশিদ্বারা), শারী-
শুক জয়স্বনৈঃ (শুক শারীর জয়ধ্বনির সহিত)
পুষ্পবর্ষং (পুষ্পবৃষ্টি) বিদধতী (করিতেছে) ॥৬১॥

৬২| অদ্য (অদ্য) অটবী (এই বৃন্দাটবী) ~~[illegible]~~ মরুচ্চলচ্ছাখ
শাখিকা দোলদ্দাম-শাস্ত্রকলিকালি-দীপৈঃ (বায়ুচালিত
চঞ্চল শাখারূপ বাহুর [illegible] পত্রসমূহের অগ্রভাগরূপ
হস্ততলে বিন্যস্ত উত্তম পুষ্পকলিকারূপ দীপমালাদ্বারা)
বিরাব-বাদ্যৈঃ (পক্ষিগণের ধ্বনিরূপ বাদ্য [~~এবং~~ ও]) অলি-
নাদগানৈঃ (ভ্রমরগণের গুঞ্জনরূপ গানের সহযোগে)
মুদা (হর্ষভরে) বাং (আপনাদের উভয়ের) নীরাজয়তী
(নীরাজন করিতেছে) ॥৬২॥

৬৩| অসৌ (এই বৃন্দাটবী) মুহুঃ (বারম্বার) সমীরণোল্লাসিত-
পাতিতৈঃ (বায়ুবেগে উল্লাসিত ও পাতিত), নম্রৈঃ
(বিনম্র) শাখাশতৈঃ (শাখাসমূহদ্বারা) মুদা (হর্ষ-
~~সহকারে~~ ভরে) যুবয়োঃ (আপনাদের উভয়ের) পাদাম্বুজাগ্রে
(পাদপদ্মের সমীপে) পল্লবৈঃ (পল্লবরাজির সহিত)
পুষ্পফলানি (পুষ্প-ও-ফল-রাশি [~~এবং~~ ও]) আনীত-
দণ্ডবন্নতিং (~~প্রণত~~ অসংখ্য দণ্ডবৎ প্রণতি) বিতন্বতী
(বিস্তার করিতেছে) ॥৬৩॥

[এইরূপ] মধ্যান্নাং নিনদৈঃ (মক্ষিগণের [illegible]শব্দে) স্তুতিং (স্তুতি), অলিস্বনৈঃ (ভ্রমরগণের গুঞ্জনশব্দে) বাদ্যং (বাদ্য), পিকপঞ্চমৈঃ কলৈঃ (কোকিলগণের পঞ্চম স্বরে) গানং চ (গান), শুকশারিকাদিভিঃ (শুকশারী প্রভৃতিদ্বারা) ত্বদীয়াঃ কথাঃ (আপনাদের চরিত কীর্তন [এবং]) নৃত্যাঢ্যৈর্শিখিভিঃ (নৃত্যপর ময়ূরগণের দ্বারা) নৃত্যং চ (নৃত্য) বিতন্বতী (বিস্তার করিতেছে) ॥৬৪॥

(এই বৃন্দাটবী) উচ্চৈঃ (উচ্চারভাগে) আশু (শীঘ্র) বিতায়মানৈঃ (বিস্তারিত), চক্রানিলোত্থাপিত-পুষ্পধূলীজালৈঃ (ঘূর্ণবাতোত্থাপিত পুষ্পরাগসমূহদ্বারা) মুদা (হর্ষভরে) মাধ্বীক-পীযূষ-কণাস্রবীণি (মধুকণাবর্ষী) আতপত্রাণি চ (ছত্ররাজি) বিভ্রতী (ধারণ করিতেছে) ॥৬৫॥

[এইরূপ এই বৃন্দাটবী] বল্লরিচামরৈঃ (লতারূপ চামরবৃন্দ [দ্বারা]) মরুদ্বিলোল-বহুদল-তাল-বৃন্তকৈঃ (বায়ুবেগে চঞ্চল চালিত, কদলীপত্ররূপ ব্যজন সমূহ দ্বারা) ইতস্ততঃ (ইতস্ততঃ) সংবীজয়ন্তী (বীজন করিতেছে); ইতি (এইরূপে) যুবাং

(অনুষ্ঠিত) মহোৎসবাৎ (মহোৎসবহেতু) অস্মিন্
(নিখিল প্রাণিবর্গের) আনন্দসন্দ্রৈঃ (আনন্দ-ঘনীভূত ধারা)
অতর্পয়ৎ (তৃপ্তি অর্থাৎ তৃপ্ত বিধান করিতেছে)॥ ৬৬॥

৬৭। মুকুন্দ! (হে মুকুন্দ!) মন্দানিল-সংকুবিন্দকঃ (মৃদু বায়ু-রূপী উত্তম তন্তুবায়) বাং (আপনাদের উভয়ের) উষ্ণাবরণায় (গ্রীষ্মসন্তাপ-নিবারণের নিমিত্ত) হংসতোহংস-মধুপাবলী-তুরীং (হংসত: গতিশীল ভ্রমরবৃন্দরূপ তুরী অর্থাৎ মাকু) ক্ষিপন্ (পরিচালনা করিয়া) মধুচ্ছলৎপুষ্পরজোবিতানকং বয়েৎ ইব (যেন ঊর্ধ্ববিস্তৃত পুষ্পপরাগরাশিদ্বারা চন্দ্রাতপ বয়ন করিতেছে)॥ ৬৭॥

৬৮। ঈশ্বরৌ! (হে ঈশ্বরি! হে ঈশ্বর!) যস্মিন্ (যেস্থানে) ঋতূনাম্ অধিপঃ (ঋতুরাজ বসন্ত) মুদা (প্রীতিভরে) বাং (আপনাদের উভয়ের) সেবোৎসুকঃ (সেবায় উৎসুক হইয়া) স্বৈঃ বিভবৈঃ (স্বীয় বৈভবরাশি সহিত) চকাস্তি (বিরাজ করিতেছে, [আপনারা]) আত্মনঃ অগ্রে (নিজেদের সম্মুখভাগে) বসন্তকান্তারম্ (বসন্ত-কান্তারাখ্য) ইযং (তাদৃশ এই) অরণ্যভাগং (বন-বিভাগ) পশ্যতম্ (দর্শন করুন)॥ ৬৮॥

৬৯।। অথ (অনন্তর) তদ্বিলোক-মুদিতেন হরিণা (শ্রীকৃষ্ণ তাদৃশ বনশোভাদর্শনে মুগ্ধ হইয়া) হৃদয়দয়িতাং (প্রাণপ্রিয়া) তাং প্রতি (শ্রীরাধার নিকটে) প্রমদাৎ (অতিশয় প্রীতিসহকারে), মধুরিম-দর্শনোদনতা (নিজ-মাধুর্য-দর্শনে আবিষ্টতা) সা বনদ্যুতিঃ (সেই বনশোভা) অবর্ণি (বর্ণন করিলেন)।।৬৯।।

৭০।। কুন্দদন্তি! (হে কুন্দদন্তি শ্রীরাধে!) পশ্য (ঐ দেখ), কুন্দে ([প্রথমতঃ] কুন্দপুষ্পের) মরন্দাশনতুন্দিলাঃ (মধুপান করিয়া পরিপুষ্ট), তে (ঐ) ইন্দিন্দিরাঃ (ভ্রমরবৃন্দ) সম্প্রতি (সম্প্রতি) মন্দাদরাঃ ([কুন্দের প্রতি] অল্পাদরযুক্ত হইয়া) মরন্দলুব্ধাঃ (মধুলোভে) উচ্চূনশিখং (উন্নতাগ্র) মাকন্দং (আম্রতরুর নিকটে) প্রযান্তি (যাত্রা করিতেছে)।। ৭০।।

৭১।। কলকণ্ঠি! (হে মধুরকণ্ঠি!) পশ্য (ঐ দেখ), অন্যপুষ্টাঃ (কোকিলগণ) মৌনব্রতং (মৌন ব্রত) ত্যক্তুমিব (ত্যাগ করিবার নিমিত্ত যেন) কষায়েণ (কষায় রসের সেবনদ্বারা) কণ্ঠং (কণ্ঠস্বরের) বিশোধয়ন্তঃ (বিশুদ্ধি সম্পাদনে রত থাকিয়া) পিকীভিঃ সার্দ্ধং (কোকিলাগণের সহিত) উদ্যন্মুকুলং (নবজাতমুকুলশোভিত)

বৃক্ষাবলী). স্বর্ণযূথীভাতিভিঃ (স্বর্ণযূথি লতারাজীর সহিত)
তে (সুশোভিত) অশোকাঃ (অশোকবৃক্ষসমূহ),
পাটলীভিঃ (পারুল পুষ্পলতা-বৃক্ষের সহিত) নমৎকিংশুকাঃ
(সুরক্ত পলাশবৃক্ষসমূহ), বাসন্তীভিঃ (মাধবীলতারাজির
সহিত) রসালাঃ (আম্রতরুসমূহ [এবং]) সিত-
শতদালিকা-শ্রেণীভিঃ (শ্বেতবর্ণ গোলাপবৃক্ষ নিচয়ের সহিত)
কেশরাঃ চ (নাগকেশরসমূহ) রুরুচিরে (শোভা পাইতেছে)॥৭৩॥

৭৪ যৎ (যেহেতু) ইদং (এই) বনং (বন) অতিমুক্তৈঃ
(রথনির্মাণে ব্যবহৃত তিনিশ অথবা তিন্দুক বৃক্ষশ্রেণী), অতিমুক্তৈঃ
(মাধবীলতারাজি [এবং]) অতিমুক্তৈঃ চ (নিত্যমুক্ত
পুরুষগণ কর্তৃক) অন্বিতং (যুক্ত রহিয়াছে), তস্মাৎ
(সেইহেতু, [যথাক্রমে]) রথকৃন্মালিক-মোক্ষকাঙ্ক্ষৈঃ
অপি (রথকার অর্থাৎ সূত্রধর, মালাকার ও মোক্ষ-
প্রাপ্ত ব্যক্তিগণও) সেবিতং (ইহার সেবা করিতে-
ছেন)॥৭৪॥

৭৫ ইদং সরকং (এই বৃন্দাবন) রতিপতেঃ (কন্দর্পের)
শরোৎপত্তিস্থানায়তে (শরের জন্মস্থানের ন্যায়
আচরণ করিতেছে) ইহ (এখানে) লতাবৃক্ষব্রাতঃ
(লতা ও বৃক্ষরাজি) কুসুমশরকারায়তে (পুষ্পবাণ-

নির্মানকারীর ন্যায় আচরণ করে, [আর]) প্রতিকুসুমং
(প্রত্যেক পুষ্পে) পতন্ (পতনশীল) ভৃঙ্গঃ (ভ্রমরগণ)
উচ্চৈর্ধ্বানিমিষাৎ (উচ্চ গুঞ্জনরবচ্ছলে) পরীক্ষাকরঃ ইব
(পরীক্ষকের ন্যায়) ভদ্রাভদ্রং দিশন্ পশ্যতি ([এই পুষ্প
মান রচনায়] ইহা উত্তম, আর ইহা নিকৃষ্ট — এইরূপ নির্দেশ-
সহকারে পর্যালোচনা করিতেছে)।। ৭৫।।

৭৬। [ঐ দেখ,] মধুপী (ভ্রমরী) স্বপ্রতিবিম্বাঙ্কি (স্বীয় প্রতিবিম্ব-
যুক্ত) পুষ্পমনু (পুষ্পমধ্যে) বিষ্টং (প্রবিষ্ট) মধুপং
দৃষ্ট্বা (মধুকরকে দর্শন করিয়া) অন্যাং মধুপীং মিলিতাং
(অপর ভ্রমরীর মিলন) মত্বা (মনে করিয়া) ভূষিতা
অপি (ভূষিতা সত্ত্বেও) রোষাৎ (ক্রোধহেতু) নিবৃত্তে
([তাহা হইতে] নিবৃত্ত হইতেছে)।। ৭৬।।

৭৭। কমলমুখি! (হে পদ্মমুখি!) পশ্য (ঐ দেখ) কদল্যঃ
(কদলীতরুরাজি) বনমনু (বনমধ্যে) মিলিতৌ
(সম্মিলিত) নৌ (আমাদের উভয়কে) বীক্ষ্য (দর্শন পূর্বক)
হর্ষাৎ (হর্ষবশতঃ) স্বক-নবফলদন্তান্ (স্বীয় নূতন
ফলরূপ দন্তরাজি [সমূহ]) তচ্ছদৌষ্ঠাধরান্ চ
(উহাদের আবরণরূপ ওষ্ঠ ও অধর) প্রকাশ্য
(বিকাশিত করিয়া), পতদাত্তমধুবাষ্পাঃ: ~~মধুবাষ্পচ্ছলে~~

(শীতল মধুধারাজলে অবগাহন পূর্বক) সঙ্কোচয়ন্ত্যঃ (সঙ্কুচিতভাবে) কম্পিতাঙ্গ্যঃ (কম্পিতকলেবরে) হসন্তি (হাস্য করিতেছে) ।।৭৭।।

৭৮। [পশ্য দেব্য] বল্লীষু (লতারাজির মধ্যে) ভৃঙ্গীভিঃ (ভ্রমরীগণের সহিত) হল্লীসক-কেলিরঙ্গী (হল্লীস-নৃত্যবিলাসী) অসৌ (ঐ) ভৃঙ্গযুবা (তরুণ ভ্রমরটি) অঙ্গীকৃতনৃত্যভঙ্গঃ (নৃত্যনৈপুণ্য প্রকাশ পূর্বক) দয়িতাং (প্রিয়তমা) ভৃঙ্গীং (ভ্রমরীকে) অব্জষণ্ডং (পদ্মসমূহের মধ্যে) প্রবেশ্য (প্রবেশ করাইয়া [স্বয়ংও]) নিগূঢ়ং (প্রচ্ছন্নভাবে) সরতি (দ্রুত অনুসরণ করিতেছে) ।।৭৮।।

৭৯। অথ (অনন্তর) মধুমঙ্গলঃ (মধুমঙ্গল) প্রিয়ৌ (প্রীতিভাজন শ্রীরাধাকৃষ্ণকে) প্রিয়াম্ অটবীং (প্রিয় বনভূমি) দর্শয়ন্ (দর্শন করাইতে করাইতে) অবদৎ (বলিতে লাগিলেন) ।।৭৯।।

৮০। শ্রীব্রজকাননেশৌ! (হে বৃন্দাবনেশ্বরি, হে বৃন্দাবনেশ্বর! [আপনারা]) নিদাঘমঞ্জুং (গ্রীষ্মসমাগমে মনোহর) এতং (এই) বনভাগং (বনবিভাগ) নিচায়তং (দর্শন করুন) যঃ (যে বনবিভাগ)

পুর: (সম্মুখভাগে) ভবন্তৌ (তোমাদের উভয়ের)
স্বাগতো বীক্ষ্য (শুভাগমন লক্ষ্য করিয়া) ~~প্রফুল্লমুখ~~:
[illegible]: বিভবৈ: (নিজ সম্পদ্ রাশিদ্বারা) সেবোৎসুক:
(তোমাদের পরিচর্যায় উৎসুক হইয়া) চকাস্তি (শোভা পাইতেছে)॥ ৮০॥
৮১। স: অয়ং (এই বনবিভাগ) ইহ (এস্থানে) বাং (তোমাদের
উভয়কে) দৃষ্ট্বা (দর্শন করিয়া) মুদা (হর্ষভরে) টিট্টিভ-
দুন্দুভি-ধ্বনিভরৈ: (টিট্টিভ-পক্ষীর রবরূপ দুন্দুভির ধ্বনি),
ধূম্যাট-ভেরী-স্বরৈ: (ফিঙ্গে-পাখীর রবরূপ ভেরীর নিনাদ),
ঝিল্লী-ঝল্লরি-নিস্বনৈ: (ঝিল্লী কীটের শব্দরূপ ঝাঁঝরের রব),
পিক-পিকী-বীণা-নিনাদৈ: (কোকিল-কোকিলার কাকলীরূপ বীণার ধ্বনি), চাষ-ডিন্ডিম-রবৈ: (নীলকণ্ঠ-পাখীর রব নিনাদরূপ ডিন্ডিমের ধ্বনি), শারী-বচ:সংস্তবৈ: (শারীগণের
বাক্যালাপরূপ স্তুতিবাদ [প্রশংসা]) ভৃঙ্গালীধ্বনি-
গীতকৈ: (ভ্রমরগণের গুন্‌গুনরূপ সঙ্গীতের সহিত)
চলৈ: ~~[illegible]~~ লতাগ্রৈ: (চঞ্চল লতারাজির অগ্রভাগের
সহযোগে) নৃত্যং (নৃত্য) বিতনুতে (বিস্তার
করিতেছে)॥ ৮১॥
৮২। অসৌ (এই বনবিভাগ) বাং (তোমাদের উভয়কে)
দাতুম্ উৎসুক: ইব (দান করিবার নিমিত্ত উৎসুক হইয়া)

(উভয়ের) গ্লানিং (গ্লানি) আশঙ্ক্য কিং (আশঙ্কা করিয়াই কি) প্রণয়ঃ তত্তনিকাশৈঃ (প্রীতি পূর্ব মধুর অংশরাশি বিস্তার পূর্বক তদ্দ্বারা) ভবতৌ (তোমাদের উভয়কে) হ্লাদয়ন্তঃ (আহ্লাদিত করিতে করিতে) পল্লবৈঃ (পল্লবরাজি দ্বারা) বীজয়ন্তি (বীজন করিতেছে)॥ ৮৪॥

৮৫। সুতবৎসলা যথা (সন্তুপুত্রবতী নারীর ন্যায়) বহুপ্রজা (অনেকসন্তানযুক্তা) ইয়ং (এই) কদলী (কদলী) তৈঃ নিজাত্মজৈঃ (নিজের সেই সন্তানগণের দ্বারা) পরিতঃ বৃতা (পরিবেষ্টিতা হইয়া) ছদপানিনা (পত্ররূপ হস্তদ্বারা) তান্ লালয়ন্তী (সেই সন্তানগণের লালন পূর্বক) অর্ধাংশকং সুমনঃ স্ফুতস্তনং (অর্ধভাগে বিস্তৃত পুষ্পরূপ আবৃত স্তন অর্থাৎ স্তন-দুগ্ধের ন্যায় আবৃত পুষ্পসমূহ) ধয়তী (পান করাইতে) বভৌ (বিরাজ করিতেছে)॥ ৮৫॥

WEIGHTS AND MEASURES.

INDIAN BAZAAR WEIGHT

4 Sikis	=	1 Tola.
5 Sikis	=	1 Kancha.
4 Kanchas or 5 Tolas	=	1 Chatak.
4 Chataks	=	1 Powah.
4 Powahs	=	1 Seer.
5 Seers	=	1 Pasari.
8 Pasaris or 40 Seers	=	1 Maund.

JEWELLER'S WEIGHT

4 Dhans	=	1 Rati.
6 Ratis	=	1 Anna.
8 Ratis	=	1 Masha.
12 Mashas or 16 Annas	=	1 Tola or Bhari.

INDIAN TIME

60 Anupal	=	1 Vipal.
60 Vipal	=	1 Pal.
60 Pal	=	1 Dundo.
60 Dundo	=	1 Deen.
7 Deen	=	1 Hafta.
30 Deen	=	1 Mahina.
12 Mahina	=	1 Baras.

INDIAN LIQUID MEASURE

4 Chataks	=	1 Powah.
4 Powahs	=	1 Seer.
40 Seers	=	1 Maund.

INDIAN MONEY TABLE

3 Pies	=	1 Pice.
2 Pice	=	1 Half-anna.
6 Pies	=	1 Half-anna.
4 Pice	=	1 Anna.
12 Pies	=	1 Anna.
16 Annas	=	1 Rupee.

INDIAN MONEY TO STERLING

1 Anna	=	1 Penny.
12 Annas	=	1 Shilling.
1 Rupee	=	1 Shilling & 6 Pence.
13 Rupees & 5 Annas	=	1 Pound.

CEYLON MONEY TABLE

100 Cents	=	1 Rupee.

BENGAL BAZAAR WEIGHT

5 Chataks	=	1 Kunka.
2 Kunkas	=	1 Khunchi.
2 Khunchis	=	1 Rek.
2 Reks	=	1 Pali.
2 Palis	=	1 Done.
2 Dones	=	1 Kati.
8 Katis	=	1 Arhi.
20 Arhis	=	1 Bish.
16 Bishes	=	1 Kahan.
16 Palis	=	1 Maund.
8 Dones	=	1 Maund
20 Dones	=	1 Sali.

BENGAL LINEAL MEASURE

3 Jaubs	=	1 Anguli.
4 Angulis	=	1 Musti.
3 Mustis	=	1 Bitasti.
2 Bitastis	=	1 Hat.
2 Hats	=	1 Gaz.
2 Gazes	=	1 Dhanu.
2000 Dhanus	=	1 Kosh.
4 Koshes	=	1 Yojan

BENGAL GRAIN MEASURE

5 Chataks	=	1 Koonkee.
4 Koonkees	=	1 Raik.
32 Raiks	=	1 Maund.

BENGAL PHYSICIAN'S WEIGHT

4 Dhans	=	1 Rati.
10 Ratis	=	1 Masha.
12 Mashas	=	1 Tola.

BENGAL CLOTH MEASURE

3 Angulis	=	1 Girah.
8 Girahs	=	1 Hath.
2 Haths	=	1 Gaz.

BENGAL MEASURE OF LAND SURFACE

20 Square Cubits (or Gandes)	=	1 Chatak.
16 Chataks	=	1 Katha.
20 Kathas	=	1 Bigha.

BOMBAY BAZAAR MEASURE

36 Tanks	=	1 Tipari.
2 Tiparis	=	1 Seer.
4 Seers	=	1 Payli.
16 Paylis	=	1 Phara.
8 Pharas	=	1 Kandi.
25 Pharas	=	1 Muda.

BOMBAY MEASURE OF LAND SURFACE

39¼ Square Cubits	=	1 Kathi.
20 Kathis	=	1 Pand.
20 Pands	=	1 Bigha.
6 Bigahs	=	1 Rukeh.
20 Rukehs	=	1 Chahur.

BOMBAY CLOTH MEASURE

2 Angulis	=	1 Tasu.
24 Tasus	=	1 Gaz.

MADRAS LOCAL WEIGHT

180 Grains	=	1 Tola.
3 Tolas	=	1 Palam.
8 Palams	=	1 Seer.
5 Seers	=	1 Vis.
8 Vis	=	1 Maund.
20 Maunds	=	1 Kandi.

MADRAS BAZAAR MEASURE

8 Ollaks	=	1 Paddi.
8 Paddis	=	1 Markal.
5 Markals	=	1 Phara
80 Pharas	=	1 Garee.

UNITED PROVINCES MEASURE OF LAND

20 Kachvansi	=	1 Bisvansi.
20 Bisvansis	=	1 Bisva.
20 Bisvas	=	1 Bigha.

PUNJAB MEASURE OF LAND

9 Sarsi	=	1 Marla.
20 Marlas	=	1 Kanal.
4 Kanals	=	1 Bigha.
2 Bighas	=	1 Ghuma.

BRITISH AVOIR-DUPOIS WEIGHT

16 Drams	=	1 Ounce.
16 Ounces	=	1 Pound.
14 Pounds	=	1 Stone.
2 Stones	=	1 Quarter.
4 Quarters	=	1 Hundred-weight.
20 Hundred-weights	=	1 Ton.

CAPACITY

4 Gills	=	1 Pint.
2 Pints	=	1 Quart.
4 Quarts	=	1 Gallon.
2 Gallons	=	1 Peck.
4 Pecks	=	1 Bushel.
8 Bushels	=	1 Quarter.

BRITISH LINEAL MEASURE

12 Inches	=	1 Foot.
3 Feet	=	1 Yard.
5½ Yards	=	1 Pole.
40 Poles	=	1 Furlong.
22 Yards	=	1 Chain.
10 Chains	=	1 Furlong.
8 Furlongs	=	1 Mile.
1760 Yards	=	1 Mile.

BRITISH MONEY TABLE

4 Farthings	=	1 Penny.
12 Pence	=	1 Shilling.
20 Shillings	=	1 Pound.
2 Shillings	=	1 Florin.
2 Shillings & 6 Pence	=	1 Half-crown.

BRITISH MEASURE OF LAND

144 Sq. Ins.	=	1 Sq. Foot.
9 Sq. Feet	=	1 Sq. Yd.
1210 Sq. Yds.	=	1 Rood.
4 Roods	=	1 Acre.
640 Acres	=	1 Sq. M.

BRITISH TABLE OF TIME

60 Seconds	=	1 Minute.
60 Minutes	=	1 Hour.
24 Hours	=	1 Day.
7 Days	=	1 Week.
4 Weeks	=	1 Month.
12 Months	=	1 Year.
365 Days	=	1 Year.
366 Days	=	1 Leap Year.
52 Weeks	=	1 Year.